01. একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবী পৃষ্ঠ থেকে 700 km উচ্চতায় বৃত্তাকার পথে ঘুরছে। এর আনুভূমিক বেগ নির্ণয় কর। পৃথিবীর ব্যাসার্ধ = 6300 km এবং পৃথিবী পৃষ্ঠে  $g = 9.8 \text{ m/sec}^2$ ।

**Solve**  $R = 6300 \text{ km} = 63 \times 10^3 \text{ m}$   
 $h = 700 \text{ km} = 7 \times 10^5 \text{ m}$

$$v = \sqrt{\frac{gR^2}{(R+h)}}$$

$$\Rightarrow v = \sqrt{\frac{(9.8) \times (63 \times 10^3)^2}{((63+7) \times 10^5)}}$$

$$\Rightarrow v = 7454 \text{ m/s Ans.}$$

02. ফ্রান্সের আইফেল টাওয়ারের তাপমাত্রা  $0^\circ\text{F}$  এবং উচ্চতা 336 meter. গ্রীষ্মকালে সর্বোচ্চ তাপমাত্রা  $100^\circ\text{F}$  ও শীতকালে সর্বনিম্ন তাপমাত্রা  $0^\circ\text{F}$ . গ্রীষ্মকালে টাওয়ারটি শীতকালের চেয়ে কতটা বড় হয়? টাওয়ারটি লোহার তৈরি ও লোহার দৈর্ঘ্য প্রসারণ গুণক  $\alpha = 12 \times 10^{-6} / ^\circ\text{C}$ ।

**Solve**  $\frac{100}{9} - \frac{C}{5} \Rightarrow C = \frac{500}{9}$


এখানে,  $\Delta L = L_0 \alpha t = 336 \times 12 \times 10^{-6} \times \frac{500}{9}$

$$\therefore \Delta L = 0.224 \text{ m}$$

গ্রীষ্মকালে টাওয়ারটি 0.224m বৃদ্ধি পায়। Ans.

03. কোনো পাইলট জুমির সমান্তরালে প্রেনে করে প্রতি মণ্টার 200 km বেগে যাচ্ছিলেন। পাইলট প্রেন থেকে একটি বন্দুক ফায়ার করলেন এবং মাটি থেকে এর প্রতিফলন 3 seconds পরে শুনলেন। বাতাসে শব্দের বেগ 340 m/sec হলে, জুমি থেকে প্রেনের উচ্চতা নির্ণয় কর।

**Solve**  $x = vt = \frac{200 \times 10^3}{3600} \times 3 = 166.66 \text{ m}$



আবার,

$$h + \sqrt{h^2 + x^2} = 3 \times 340$$

$$\Rightarrow (1020 - h) = \sqrt{h^2 + x^2}$$

$$\Rightarrow (1020)^2 - 2 \times 1020 \times h + h^2 = (h^2 + x^2)$$

$$\Rightarrow (1020)^2 - x^2 = 2040h$$

$$\Rightarrow (1020)^2 - (166.66)^2 = 2040h$$

$$\therefore h = 496 \text{ m Ans.}$$

04. কোনো অপবর্তন প্রেটিংয়ের প্রতি সেন্টিমিটারে 6000 রেখা আছে। এর জিটার দিয়ে  $5896 \text{ \AA}$  তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেললে বিতীয় চরমের জন্য অপবর্তন কোণ বের কর।

**Solve**  $N = 6000 \text{ line/cm} = 6 \times 10^5 \text{ line/m}$   
 $\sin \theta = n\lambda N \Rightarrow \theta = \sin^{-1}(n\lambda N)$   
 $\Rightarrow \theta = \sin^{-1}(2 \times 5896 \times 10^{-10} \times 6 \times 10^5)$   
 $\therefore \theta = 45^\circ \text{ Ans.}$

05.  $4 \times 10^{15} \text{ Hz}$  কম্পাঙ্কের বিকিরণ কোনো ধাতব পৃষ্ঠে আপতিত হলে সর্বোচ্চ  $3.6 \times 10^{-19} \text{ J}$  গতিশক্তি সম্পন্ন ইলেক্ট্রন নির্গত হয়। ঐ ধাতুর সূচন কম্পাঙ্ক কত?

**Solve**  $\frac{1}{2}mv_{\text{max}}^2 = (h\nu - h\nu_0)$

$$\Rightarrow \nu - \nu_0 = \frac{\frac{1}{2}mv_{\text{max}}^2}{h} \Rightarrow \nu_0 = 4 \times 10^{15} - \frac{3.6 \times 10^{-19}}{6.63 \times 10^{-34}}$$

$$\Rightarrow \nu_0 = 3.45 \times 10^{15} \text{ Hz Ans.}$$

06. দেখাও যে, কোনো বস্তুকে ন্যূনতম  $11.2 \text{ km/sec}$  বেগে মহাপৃষ্ঠের দিকে ছুড়ে মারলে বস্তুটি পৃথিবীর অভিকর্ষ বলের আকর্ষণ কাটিয়ে উঠতে পারে। পৃথিবীর ব্যাসার্ধ =  $6.4 \times 10^6 \text{ m}$ ।

**Solve**  $R = 6.4 \times 10^6 \text{ m}$   
 $g = 9.8 \text{ m/s}^2$  (ধরি)

$$\text{মুক্তিবেগ, } v_c = \sqrt{2gR} = \sqrt{2 \times 9.8 \times 6.4 \times 10^6}$$

$$= 11.2 \text{ km/s}$$

অর্থাৎ, কোনো বস্তুকে ন্যূনতম  $11.2 \text{ km/s}$  বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে তা পৃথিবীর আকর্ষণ কাটিয়ে মহাপৃষ্ঠে চলে যাবে। Ans.

07. পরস্পরের সাথে লম্বভাবে ক্রিয়াশীল দুইটি বলের লব্ধি 80 N। যদি লব্ধি একটি বলের সঙ্গে  $60^\circ$  কোণে আনত থাকে, তবে বল দুইটির মান নির্ণয় কর।

**Solve** মনেকরি, P ও Q দুটি বল এবং অন্তর্গত কোণ,  $\theta = 90^\circ$   
লব্ধি,  $R = 80 \text{ N}$

$$\therefore \text{প্রথমত, } \tan 60^\circ = \frac{Q \sin 90^\circ}{P + Q \cos 90^\circ}$$

$$\Rightarrow \sqrt{3} = \frac{Q}{P}$$

$$\therefore Q = \sqrt{3}P \text{ ----- (i)}$$

আবার,

$$(80)^2 = P^2 + (\sqrt{3}P)^2 + 2.P.\sqrt{3}P.\cos 90^\circ$$

$$\Rightarrow 6400 = 4P^2 + 0$$

$$\Rightarrow P^2 = 1600 \therefore P = 40 \text{ N}$$

P এর মান (i) নং এ বসিয়ে পাই-

$$Q = 40\sqrt{3} \text{ N}$$

$\therefore$  নির্ণেয় বল দুটির মান যথাক্রমে 40N এবং  $40\sqrt{3} \text{ N}$ . Ans.

08. একটি পানিবিন্দু কেন্দ্রের বাঁধের উচ্চতা 15m। 5MW বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রতি সেকেন্ডে টারবাইনের ব্রেডলোর উপর কত কেজি পানি পড়তে হবে?

**Solve**  $P = \frac{W}{t} \Rightarrow P = \frac{mgh}{t} \Rightarrow m = \left(\frac{Pt}{gh}\right)$

$$\Rightarrow m = \left(\frac{5 \times 10^6 \times 1}{9.8 \times 15}\right)$$

$$\therefore m = 3.4 \times 10^4 \text{ kg Ans.}$$

09. একটি 120W-60V বাতিতে 100V DC শাইনে লাগানো হলো। পূর্ণ উজ্জ্বলতার জন্য বাতির শ্রেণি সমবায়ের কত রোধ লাগতে হবে?

**Solve**  $R_1 = \frac{V_1^2}{P} = \frac{60^2}{120} = 30\Omega$

$$I = \frac{P}{V_1} = \frac{120}{60} = 2 \text{ A,}$$

$$R' = \frac{V}{I} = \frac{100}{2} = 50\Omega$$

$$\therefore \text{শ্রেণিতে যোগ করতে হবে } R_2 = R' - R_1 = (50\Omega - 30\Omega) = 20\Omega$$

Ans

10. একটি স্টেপআপ ট্রান্সফর্মারে 100V সরবরাহ করে 2A প্রবাহ পাঠানো হলো। যদি মুখ্য ও গৌণ কুণ্ডলীর পাক সংখ্যার অনুপাত 1:2 হয়, তবে গৌণ কুণ্ডলীর প্রান্ত ভোল্টেজ ও ট্রান্সফর্মারের ক্ষমতা নির্ণয় কর।

**Solve**  $\frac{E_p}{E_s} = \frac{N_p}{N_s} \rightarrow \frac{1}{2} = \frac{100}{E_s}$

$$\therefore E_s = 200 \text{ V}$$

আবার,  $P = E_s \times I_s = 200 \times 2 = 400 \text{ W Ans.}$



১ম অধ্যায়  
২য় পত্র

ভৌত জগৎ ও পরিমাপ  
(Physical World & Measurement)

এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ভৌত জগতের অন্তর্গত বিজ্ঞানকে ভৌত বিজ্ঞান বলে।
- পদার্থবিজ্ঞানের প্রধান শাখাগুলো হল বলবিদ্যা, তাপবিদ্যা, শব্দবিজ্ঞান, আলোকবিজ্ঞান, চুম্বক বিজ্ঞান, তড়িৎ বিজ্ঞান, পরমাণবিক পদার্থবিজ্ঞান, ইত্যাদি।
- পদার্থবিজ্ঞানে পদার্থবিজ্ঞানকে দুইভাগে ভাগ করা যায়। যথা:
  - ১. তাত্ত্বিক পদার্থবিজ্ঞান
  - ২. প্রয়োগিক পদার্থবিজ্ঞান
- ধারণা (Concept):**

যে কারণে আমরা বিভিন্ন তথ্যসমূহ বুঝতে পারি এবং সঠিক ও উপযুক্ত সিদ্ধান্ত নিতে পারি তাকে ধারণা বলে।
- সূত্র (Law):**

কোন কোন নির্দিষ্ট নৈসর্গিক ঘটনা সম্পর্কে প্রত্যক্ষ পর্যবেক্ষণ ও পরীক্ষালব্ধ তথ্যসমূহের সংক্ষিপ্ত সাধারণ সিদ্ধান্ত একটি উক্তির সাহায্যে প্রকাশ করা হয় তখন একে সূত্র বলে।
- নীতি (Principle):**

বিভিন্ন স্বাভাবিক ঘটনা বিবৃত করতে যে বিধি অনুসরণ করা হয়ে তাকে নীতি বলে। যেমন-আকর্ষণীয়তার নীতি, তরঙ্গের উপরিপাতন নীতি ইত্যাদি।
- সীকার্য (Postulate):**

কোন ঘটনার কার্যকারণ যে গাণিতিক সাহায্যে প্রকাশ করা হয় এবং এই উক্তি থেকে অন্যান্য উক্তি যুক্তিপূর্ণভাবে প্রতিপাদন করা যায় তাকে সীকার্য বলে। যেমন-গ্যাসের অণুর গতি বিষয়ক মৌলিক সীকার্যসমূহ, আইনস্টাইনের আপেক্ষিকতা তত্ত্বের মৌলিক সীকার্য ইত্যাদি।
- অনুকল্প (Hypothesis):**

যখন কোন অনুমিত ধারণা বা মানসিক কল্পনা অনেকগুলো পরীক্ষালব্ধ তথ্য বা কোন প্রাকৃতিক নিয়মের যুক্তিসঙ্গত ব্যাখ্যা প্রদান করতে বা তাদের মধ্যে সম্পর্ক স্থাপন করতে পারে তখন ঐ ধারণাকে অনুকল্প বলে।
- তত্ত্ব (Theory):**

অনুকল্পের পরীক্ষালব্ধ ফলাফলের সত্যতা যাচাই করে যে সিদ্ধান্ত হয় তাকে তত্ত্ব বলে। যেমন গ্যাসের গতি তত্ত্ব, ইলেকট্রনের ব্যাধ তত্ত্ব ইত্যাদি।
- যে রাশির একক স্বাধীন ও নিরপেক্ষ, অন্য কোনো এককের ওপর নির্ভর করে না এবং অন্য এককগুলো এর উপর নির্ভরশীল তাকে মৌলিক একক বলে।
- যে সকল একক মৌলিক একক থেকে লাভ করা যায় তাদেরকে লব্ধ একক বলে।

- পরিমাপে যে সমস্ত যন্ত্র ব্যবহার করা হয়, সেগুলো সঠিক এবং সুদেবী না হলে কোন ভৌত রাশির পরিমাপে ত্রুটি দেখা দেয়। একে যান্ত্রিক ত্রুটি বলে।
- নাট-জু মীতির ওপর ভিত্তি করে তৈরি যন্ত্র দীর্ঘদিন ব্যবহারের ফলে স্ফু কর হয়ে চিলা হয়ে পড়ে ফলে জুকে উভয় দিকে একই পরিমাপ সরাসরি সারণ সমান হয় না। একে ব্যাকল্যাশ ত্রুটি বা পিছট ত্রুটি বলে।
- নিজি, বিকোপ চৌম্বক মান যন্ত্র ইত্যাদি আনুভূমিক না থাকলে পাঠ ভুল হয়। এ ধরণের ত্রুটিকে লেভেল ত্রুটি বলে।
- পর্যবেক্ষকের পর্যবেক্ষণে ভুল এবং সঠিক মূল্যায়নের অভাবে যে ত্রুটি হয় তাকে পর্যবেক্ষণমূলক ত্রুটি বা ব্যক্তিগত ত্রুটি বলে।
- ত্রুটির বিভিন্ন বিধের উপযুক্ত সাবধানতা অবলম্বন করা সত্ত্বেও কোন একটি রাশির পাঠ বার বার ভিন্ন হতে দেখা যায়। একে অনিয়মিত বা এলোমেলো ত্রুটি বলে।
- ধনাত্মক ত্রুটি ও ঋণাত্মক ত্রুটি: ভার্নিয়ার স্কেলের/বৃত্তাকার স্কেলের শূন্য দাগ, মূল স্কেলের শূন্য দাগের নিচে থাকলে ধনাত্মক ত্রুটি আর, উপরে থাকলে তাকে ঋণাত্মক ত্রুটি বলে।
- লম্বন ত্রুটি: কোন রৈখিক বা বৃত্তাকার স্কেলের পাঠ নেওয়ার সময় দৃষ্টি রেখা স্কেলের তলের সাথে লম্বভাবে হ্রক্ষেপণ করতে হবে। অন্যথায় দৃষ্টির দিক পরিবর্তনের সাথে সাথে লক্ষ্যবস্তুর অবস্থানের আপাত পরিবর্তন ঘটে এবং পাঠ নিতে ভুল হয়। একে লম্বন ত্রুটি বলে।
- সূচক ত্রুটি (index error): সাধারণত আলোকীয় বোকে এই ধরনের ত্রুটি দেখা দেয়। বেক্সের উপর দর্শ্যমান দুইটি স্কেলের নিম্নপ্রান্তের সূচক দাগের মধ্যবর্তী দূরত্ব (d) এবং উপর প্রান্তে রাখা বস্তুর (লেস ও পদা) এর মধ্যবর্তী দূরত্ব (l) প্রকৃত দূরত্বের সমান লাগে হতে পারে। স্ট্যান্ডার্ড বুক থেকে থাকার কারণে এটা হয়। সেক্ষেত্রে সূচক দাগ দেখে পাঠ নিলে যে ভুল হয় তাকে সূচক ত্রুটি বলে।
- পরম ত্রুটি: কোন রাশির প্রকৃত মান ও পরিমাপকৃত মানের পার্থক্য কে পরম ত্রুটি বলে। অতএব, পরম ত্রুটি = প্রকৃত মান - পরিমাপকৃত মান।
- পরম ত্রুটি ও প্রকৃত মানের অনুপাতকে আপেক্ষিক ত্রুটি বলা হয়।
- আপেক্ষিক ত্রুটিকে ১০০ দিয়ে গুণ করে শতকরা ত্রুটি নির্ণয় করা হয়।
- রৈখিক স্কেলের ক্ষুদ্রতম ঘরের মানকে ঘরের পিচ বলে।
- স্থান স্কেলের ক্ষুদ্রতম এক ঘর ও ভার্নিয়ার স্কেলের এক ঘরের নৈর্ঘ্যের পার্থক্যকে ভার্নিয়ার প্রস্থক বলে।

এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ সূত্রাবলি

- লম্বিত পথন =  $\frac{\text{ঘরের পিচ}}{\text{বৃত্তাকার স্কেলের ঘর সংখ্যা}}$
- ত্রুটির শতকরা হার =  $\frac{x - y}{x} \times 100\%$   
এখানে, x = একটি রাশির প্রকৃত মান  
y = রাশিটির পরিমাপ্য মান
- গোলীয় তলের বক্রতার ব্যাসার্ধ  $R = \frac{d^2}{6h} + \frac{h}{2}$   
এখানে, d - স্ফেরোমিটারের যে কোন দুটি পায়ে মধ্যবর্তী গড় দূরত্ব।  
h = বক্রতলের পৃষ্ঠ স্পর্শ করানোর জন্য স্ফেরোমিটারের জুকে যতটুকু উপরে বা নিচে নামাতে হয়।
- স্ফেরোমিটারের সাহায্যে h নির্ণয়ের সূত্র-  $h = (M \times \text{পিচ} + N \times \text{LC})$   
এখানে,  
M = বৃত্তাকার স্কেলের পূর্ণ ঘূর্ণন সংখ্যা।  
N = বৃত্তাকার স্কেলের অতিরিক্ত জাগ সংখ্যা।  
LC = লম্বিত পথন।

মৌলিক রাশি ও তাদের একক			লব্ধ রাশি ও তাদের একক		
রাশি	এস.আই.একক	এককের প্রতীক	রাশি	এস.আই.একক	এককের প্রতীক
দৈর্ঘ্য	মিটার	m	বেগ/ত্রুতি	মিটার/সেকেন্ড	ms <sup>-1</sup>
ভর	কিলোগ্রাম	kg	বল	নিউটন	N
সময়	সেকেন্ড	s	কাজ	জুল	J
তাপমাত্রা	কেলভিন	K	ক্ষমতা	ওয়াট	W
আয়তন	ক্যুবিমিটার	m <sup>3</sup>	শক্তি	জুল	J
আলোক তীব্রতা	ক্যান্ডেলা	cd	ঘনত্ব	কিলোগ্রাম/মিটার	kgm <sup>-3</sup>
পদার্থের পরিমাণ	মোল	mol	চাপ	প্যাসকেল	Pa



- ১০ পিচ: স্কেরোমিটারের বৃত্তাকার স্কেলটি সম্পূর্ণ একবার ঘুরালে এটি রৈখিক স্কেল  
বরাবর যে দূরত্ব অতিক্রম করে তাকে পিচ বলে।

$$\text{লক্ষিত গণন, LC} = \frac{\text{পিচ}}{\text{বৃত্তাকার স্কেলের মোট ভাগসংখ্যা}}$$

- ১১ পোলীয় বক্রতলের উচ্চতা বা নিম্নতা  $T - T_0$   
এখানে,  $T_0$  = সমতল কাচ পাতের পাঠ  
 $T$  = পরীক্ষণীয় বক্রতলে পাঠ
- ১২ প্রকৃত মান = প্রাপ্তমান ( $\pm$  যান্ত্রিক ত্রুটি)
- ১৩ গড় মান  $\bar{x} = \left( \frac{x_1 + x_2 + \dots + x_n}{n} \right)$
- ১৪ বিচ্যুতি  $d_i = (x_i - \bar{x})$
- ১৫ প্রমাণ বিচ্যুতি  $D = \left( \sqrt{\frac{d_1^2 + d_2^2 + \dots + d_n^2}{n}} \right)$
- ১৬ পরিমাপ্য রাশির ত্রুটির মান =  $(\bar{x} \pm D)$
- ১৭ সন্দ্বা তুল  $P = \left( \frac{2D}{3\sqrt{n}} \right)$ ;  $D$  = প্রমাণ বিচ্যুতি/ত্রুটি।

এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে  
নিম্নোক্ত Type-এ শ্রেণীভুক্ত করা যায়।

### Type-01

- Ex-01 A এবং B এর দৈর্ঘ্য যথাক্রমে  $(4.2 \pm 0.1)$  সে.মি. এবং  $(5.5 \pm 0.1)$   
সে.মি.। S এবং D এর শতকরা অনিশ্চয়তা বের কর।

$$(a) S = A + B \quad (b) D = 3A - 2B.$$

$$a) S = A + B = (4.2 + 5.5) = 9.7 \text{ সে.মি.}$$

$$\Delta S = (0.1 + 0.1) = 0.2 \text{ সে.মি.}$$

$$\text{শতকরা অনিশ্চয়তা} = \frac{\Delta S}{S} = \left( \frac{0.2}{9.7} \times 100\% \right) = 2.06\% \text{ Ans.}$$

$$b) D = 1.6 \text{ সে.মি.}$$

$$\Delta D = 3(0.1) + 2(0.1) = 0.5 \text{ সে.মি.}$$

$$\text{শতকরা অনিশ্চয়তা} = \left( \frac{\Delta D}{D} \right) \times 100\% = \frac{0.5}{1.6} \times 100\% = 31.25\% \text{ Ans.}$$

- Ex-02 একটি ব্লকের ঘনত্ব নির্ণয় করতে গিয়ে অনিশ্চয়তা সহকারে নিম্নলিখিত  
পাঠগুলো পাওয়া গেল। এই ফলাফলের অনিশ্চয়তা বের কর।

$$\text{ভর } m = (25.0 \pm 0.1) \text{ gm}$$

$$\text{দৈর্ঘ্য } l = (5.00 \pm 0.01) \text{ cm}$$

$$\text{প্রস্থ } b = (2.00 \pm 0.01) \text{ cm}$$

$$\text{উচ্চতা } h = (1.00 \pm 0.01) \text{ cm}$$

$$\text{এখানে ঘনত্ব } \rho = \left( \frac{m}{v} \right) = \left( \frac{25}{2 \times 5 \times 1} \right) = 2.50 \text{ gm cm}^{-3}$$

$$\therefore \frac{\Delta \rho}{\rho} = \left( \frac{\Delta m}{m} + \frac{\Delta l}{l} + \frac{\Delta b}{b} + \frac{\Delta h}{h} \right)$$

$$\Rightarrow \Delta \rho = 0.0525 = 0.05 \text{ gm cm}^{-3} \text{ Ans.}$$

$$\text{Ex-03 } x_1 = 5.02 \text{ mm}$$

$$x_2 = 4.6 \text{ mm}$$

$$x_3 = 6.3 \text{ mm}$$

গড় ত্রুটি, প্রমাণ ত্রুটি এবং সন্দ্বা ত্রুটি নির্ণয় কর।

$$\text{Solve: গড় মান } \bar{x} = \left( \frac{x_1 + x_2 + x_3}{3} \right) = 5.30 \text{ mm}$$

গড় মান হতে বিচ্যুতি মানসমূহ-

$$d_1 = (x_1 - \bar{x}) = (5.02 - 5.30) = -0.28 \text{ mm}$$

$$d_2 = (x_2 - \bar{x}) = -0.7 \text{ mm}$$

$$d_3 = (x_3 - \bar{x}) = 1 \text{ mm}$$

$$\therefore \text{ গড় ত্রুটি } d = \frac{|d_1| + |d_2| + |d_3|}{3} = 0.66 \text{ mm}$$

$$\therefore \text{ প্রমাণ ত্রুটি } D = \sqrt{\frac{d_1^2 + d_2^2 + d_3^2}{3}}$$

$$= \sqrt{\frac{(-0.28)^2 + (-0.7)^2 + (1)^2}{3}} = 0.723 \text{ mm}$$

$$\text{সন্দ্বা ত্রুটি} = \left( \frac{2D}{3\sqrt{n}} \right) = \left( \frac{2 \times 0.723}{3 \times \sqrt{3}} \right) \text{ mm} = 0.278 \text{ mm Ans.}$$

- Ex-04 একজন ছাত্র পরীক্ষাগারে অভিকর্ষ ত্বরণের মান  $9.8 \text{ ms}^{-2}$  নির্ণয়  
করল। অপরদিকে যখন  $0.01 \text{ kg}$  ভরের কোণে বাটবাড়াকে শিপ্রং নির্ণয়  
করতে গেল তখন দেখলো  $0.0979 \text{ N}$  বল দেখাচ্ছে। তার নির্ণয়  
অভিকর্ষ ত্বরণের শতকরা ত্রুটি নির্ণয় কর। [G.M. Pramanik]

$$\text{Sol}^n: \text{পরিমাপ্য মান, } y = 9.8 \text{ ms}^{-2}$$

$$\text{চাপানো ভর, } m = 0.01 \text{ kg}$$

$$\text{প্রাপ্ত বল, } F = 0.0979 \text{ N}$$

$$\text{আমরা জানি, } F = mg$$

$$\therefore g = \frac{F}{m} = \frac{0.0979}{0.01} = 9.79 \text{ ms}^{-2}$$

$$\therefore \text{ প্রকৃত মান } x = 9.79 \text{ ms}^{-2}$$

$$\text{আমরা জানি, ত্রুটির শতকরা হার} = \frac{x - y}{x} \times 100\%$$

$$= \left[ \frac{9.79 - 9.8}{9.79} \right] \times 100\% = 0.102\% \text{ Ans.}$$

### For practice

01. পরীক্ষায় অভিকর্ষ ত্বরণ  $g = 9.8 \text{ ms}^{-2}$  পাওয়া গেল কিন্তু ট্রি  
অভিকর্ষ ত্বরণের প্রকৃত মান হলো  $9.87 \text{ ms}^{-2}$ । ত্রুটির শতকরা হার এবং  
এর ত্রুটির মান যাচাই কর।  
Ans. ত্রুটি 0.709; যেহেতু ত্রুটির শতকরা হার 5%-এর অধিক কম,  
পরিমাপ রাশিটি অধিকতর শুদ্ধ।
02. কোন একটি পরীক্ষায় বর্তনীতে অডিং প্রবাহের জন্য 7টি স্বতন্ত্র পাঠ নেয়া  
 $I_1 = 5.6 \text{ mA}$ ,  $I_2 = 5.8 \text{ mA}$ ,  $I_3 = 5.2 \text{ mA}$ ,  $I_4 = 5.3 \text{ mA}$ ,  $I_5 = 5.1 \text{ mA}$ ,  
 $I_6 = 5.1 \text{ mA}$ ,  $I_7 = 5.7 \text{ mA}$
- (i) অডিং প্রবাহের গাণিতিক গড়। (i) Ans: 5.457  
(ii) গড় মান হতে বিচ্যুতি। (ii) Ans:  $\delta = \bar{x} - x$   
(iii) গড় বিচ্যুতি। (iii) Ans: 0.198  
(iv) প্রমাণ বিচ্যুতি কর। (iv) Ans: 0.236
03. একটি বস্তুর প্রকৃত ওজন  $70 \text{ N}$ । কিন্তু শিপ্রং নির্ণয়ে তার ওজন পাওয়া  
 $80 \text{ N}$ । বস্তুর ভরের শতকরা ত্রুটি নির্ণয় কর। Ans: 14.28%







## SELF TEST [MCQ]

01. নিচের কোনটি মৌলিক রাশি নয়?  
A. দৈর্ঘ্য  
B. ভর  
C. সরণ  
D. তাপমাত্রা
02. কোনটি স্কালার রাশি নয়?  
A. ক্ষেত্রফল  
B. কাজ  
C. ক্ষমতা  
D. দীপন উৎপত্তা
03. মৌলিক একক কোনটি?  
A. mol  
B. N  
C. J  
D. W
04. নিচের কোনটি স্কালার একক?  
A. cd  
B. Hz  
C. m  
D. kg
05. কোনটিতে শূন্য ক্রটি হয় না?  
A. প্যালকানোমিটার  
B. আর্নিয়ার স্কেল  
C. স্কাইড ক্যালিপার্স  
D. স্ফেরোমিটার
06. কু ক্ষয় হবার ফলে যন্ত্রে কোন ধরণের ক্রটির উদ্ভব হয়?  
A. সমন ক্রটি  
B. অনিয়মিত ক্রটি  
C. ব্যক্তিগত ক্রটি  
D. পিছট ক্রটি
07. একটি কু গজের বৃত্তাকার স্কেলে 80টি ঘর আছে। যন্ত্রের পীচ 0.8 mm হলে লঘিষ্ঠ গণন কত?  
A. 64  
B. 0.01  
C. 0.02  
D. 0
08. একটি বস্তুর প্রকৃত ক্ষমতা 100 W এবং যন্ত্র দ্বারা পরীক্ষাদেয় ক্ষমতা 95 W হলে যন্ত্রটির ক্রটির শতকরা হার কত?  
A. 95%  
B. 10%  
C. 5%  
D. 20%
09. পর্যবেক্ষকের দৃষ্টির দিকের পরিবর্তনের কারণে লক্ষ্যবস্তুর অবস্থানের আপাত পরিবর্তন হয়। এই ধরণের ক্রটিকে বলে-  
A. ব্যক্তিগত ক্রটি  
B. লঘন ক্রটি  
C. এলোমেলো ক্রটি  
D. প্রান্ত নাগ ক্রটি
10. এক টনে কত কিলোগ্রাম (kg)?  
A. 2032 kg  
B. 1610 kg  
C. 1016 kg  
D. 3000 kg
11. যেসব সাধারণ সূত্র বিজ্ঞান বা পদার্থবিজ্ঞানের তিস্তি তাদের বলা হয়-  
A. নীতি  
B. তত্ত্ব  
C. স্বীকার্য  
D. অনুকল্প

## 12. লঘিষ্ঠ গণন-

- A.  $\frac{\text{পিচ}}{\text{বৃত্তাকার স্কেলের মোট ভাগ সংখ্যা}}$   
B.  $\frac{\text{পিচ}}{\text{মূল স্কেলের ভাগ সংখ্যা}}$   
C.  $\frac{d}{\text{বৃত্তাকার স্কেলের মোট ভাগ সংখ্যা}}$   
D.  $\frac{d}{\text{মূল স্কেলের ভাগ সংখ্যা}}$
13. দৃষ্টির দিক পরিবর্তনের সাথে সাথে কোন লক্ষ্যবস্তুর অবস্থানের আ-  
পরিবর্তনের ফলে যে ক্রটি হয় তাকে বলে-  
A. ব্যক্তিগত ক্রটি  
B. প্রান্ত-নাগ ক্রটি  
C. সূচক ক্রটি  
D. লঘন ক্রটি
14. চাপ এর মাত্রা-  
A.  $ML^{-1}T^{-2}$   
B.  $ML^2T^{-2}$   
C.  $ML^{-1}L^{-1}$   
D.  $M^{-1}L^{-1}T^{-2}$
15. প্রস্থ বিচ্যুতি = 0.27 mm এবং  $n = 3$  হলে, সম্ভাব্য ভুল কত?  
A. 0.104  
B. 0.467  
C. 0.31176  
D. 0.93

$$\text{Hint: সম্ভাব্য ভুল } P = \frac{2D}{3\sqrt{n}}$$

16. একটি গোলকের পরিমাপ ব্যাসার্ধ  $R = (5.3 \pm 0.1)$  হলে, আয়ত-  
শতকরা ক্রটি কত হবে?  
A. 2.5%  
B. 5.7%  
C. 8.2%  
D. 10%
17. আলোকবর্ষ কিসের একক?  
A. সময়  
B. দূরত্ব  
C. বেগ  
D. শক্তি
18. পুনরাবৃত্তিক ক্রটি কোনটি?  
A. কু গজের শূন্য ক্রটি  
B. দৃষ্টির ক্রটি  
C. অনিয়মিত ক্রটি  
D. সামগ্রিক ক্রটি
19. একটি রাশির প্রকৃত মান ও পরিমাপ্য মানের পার্থক্যকে বলে-  
A. পরম ক্রটি  
B. সামগ্রিক ক্রটি  
C. আপেক্ষিক ক্রটি  
D. পুনরাবৃত্তিকা ক্রটি
20. আপেক্ষিক ক্রটি ও শতকরা ক্রটির মধ্যে সম্পর্ক-  
A. শতকরা ক্রটি = আপেক্ষিক ক্রটি  $\times$  100%  
B. শতকরা ক্রটি = আপেক্ষিক ক্রটি  $\times$  100%  
C. আপেক্ষিক ক্রটি = শতকরা ক্রটি  $\times$  100%  
D. আপেক্ষিক ক্রটি = শতকরা ক্রটি  $\times$  100%

## OMR

01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)

## Answer

20.B	19.A	18.A	17.B	16.B	15.A	14.A	13.D	12.A	11.A
10.C	09.B	08.C	07.B	06.D	05.A	04.B	03.A	02.D	01.A



২য় অধ্যায়  
প্রথম পত্র


ভেক্টর  
(Vector)

পদার্থবিজ্ঞানের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ মৌলিক বিষয়গুলোর মধ্যে ভেক্টর অন্যতম, ভেক্টর সম্পর্কে ভাল এবং স্বচ্ছ ধারণা থাকলে অনেক বিষয় পরিষ্কার হয়ে যায়, তাই এই অধ্যায়টি গুরুত্ব সহকারে পড়া উচিত।


এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ১. ভেক্টর পদার্থের যেসব ভৌত বৈশিষ্ট্য পরিমাপ করা যায়, তাদের রাশি বলে।
- ২. ভেক্টর রাশিঃ যে সব ভৌত রাশির দিক ও মান উভয়ই আছে তাদেরকে ভেক্টর রাশি বলা হয়।
- ৩. স্কেলার রাশিঃ যে সব ভৌত রাশির মান আছে কিন্তু দিক নেই তাদেরকে স্কেলার রাশি বলা হয়।
- ৪. একক ভেক্টর রাশিঃ যে ভেক্টর রাশির মান এক একক তাকে একক ভেক্টর রাশি বলে।
- ৫. লব্ধি ও অংশক বা উপাংশঃ দুই বা ততোধিক ভেক্টর রাশির যোগফলকে লব্ধি বলে এবং রাশিগুলোকে লব্ধির অংশক বা উপাংশ বলে।
- ৬. অবস্থান ভেক্টরঃ কোনো বিন্দুর সাপেক্ষে অন্য কোনো বিন্দুর অবস্থান যে ভেক্টরের সাহায্যে নির্ণয় করা হয় তাকে অবস্থান ভেক্টর বলে।
- ৭. নাল বা শূন্য ভেক্টরঃ যে ভেক্টর মান শূন্য তাকে নাল বা শূন্য ভেক্টর বলে।
- ৮. পদ ভেক্টরের পাদবিন্দু ও শীর্ষবিন্দু একই।
- ৯. আয়তাকার বা আয়ত একক ভেক্টরঃ ত্রিমাত্রিক স্থানায় X, Y এবং Z অক্ষের দিকের ব্যবহৃত যথাক্রমে  $\hat{i}$ ,  $\hat{j}$  এবং  $\hat{k}$  একক ভেক্টরগুলোকে আয়তাকার বা আয়ত একক ভেক্টর বলে।
- ১০. সম-ভেক্টর বা সমান ভেক্টরঃ একই দিকে ত্রিমাত্রিক একাধিক সমজাতীয় ভেক্টরের মান সমান হলে তাদেরকে সম-ভেক্টর বা সমান ভেক্টর বলে।
- ১১. বিপরীত বা ঋণ ভেক্টরঃ বিপরীত দিকে ত্রিমাত্রিক দুটি সমজাতীয় ভেক্টরের মান সমান হলে তাদেরকে একে অপরের বিপরীত বা ঋণ ভেক্টর বলে।
- ১২. স্বাধীন ভেক্টরঃ কোনো ভেক্টর রাশির পাদবিন্দু কোথায় হবে তা যদি ইচ্ছামত ঠিক করা যায়, তবে ঐ ভেক্টরকে স্বাধীন ভেক্টর বলে।
- ১৩. সীমাবদ্ধ ভেক্টরঃ যদি কোনো নির্দিষ্ট বিন্দুকে ভেক্টরের পাদবিন্দু হিসেবে ঠিক করে রাখা হয়, তবে তাকে সীমাবদ্ধ ভেক্টর বলে।
- ১৪. সঠিক ভেক্টরঃ যে ভেক্টরের মান শূন্য নয় তাকে সঠিক ভেক্টর বলে।
- ১৫. সদৃশ ভেক্টরঃ সমজাতীয় অসম মানের দুটি ভেক্টর যদি একই দিকে ত্রিমাত্রিক করে তবে তাদেরকে সদৃশ ভেক্টর বলে।
- ১৬. বিপরীত ভেক্টরঃ দুটি সমজাতীয় সমান্তরাল ভেক্টরের একটির মান অপরের বিপরীত হলে তাদেরকে বিপরীত ভেক্টর বলে।
- ১৭. সমরেখ ভেক্টরঃ যদি একাধিক ভেক্টর একই রেখায় বা সমান্তরালে ত্রিমাত্রিক করে, তবে তাদেরকে সমরেখ ভেক্টর বলে।
- ১৮. সমতলীয় ভেক্টরঃ দুই বা ততোধিক ভেক্টর একই তলে অবস্থান করলে তাদেরকে সমতলীয় ভেক্টর বলে।
- ১৯. ভেক্টর রাশির বিভাজন বা বিশ্লেষণ ও উপাংশঃ একটি ভেক্টর রাশিকে দুই বা ততোধিক ভেক্টর রাশিতে বিভক্ত করার প্রক্রিয়াকে ভেক্টর রাশির বিভাজন বা বিশ্লেষণ বলে। এই বিভক্ত ভেক্টর রাশিগুলোর প্রত্যেকটিকে মূল ভেক্টর রাশির এক একটি উপাংশ বা অংশক বলে।
- ২০. সাধারণ সূত্রঃ সমজাতীয় দুটি ভেক্টরের প্রথমটির শীর্ষ বা শেষবিন্দু এবং দ্বিতীয়টির আদি বিন্দু একই বিন্দুতে স্থাপন করে প্রথম ভেক্টরের আদি বিন্দু ও দ্বিতীয় ভেক্টরের শীর্ষবিন্দুর মধ্যে সংযোগকারী সরলরেখার দিকে লব্ধি ভেক্টরের দিক এবং ঐ সরলরেখার দৈর্ঘ্য ভেক্টর দুটির লব্ধির মান নির্দেশ করবে।


১. ত্রিভুজ সূত্রঃ দুটি ভেক্টর কোনো ত্রিভুজের সন্নিহিত বাহু হারা একই ক্রমে মানে ও দিকে সূচীত করা হলে ত্রিভুজের তৃতীয় বাহুটি বিপরীত ক্রমে ভেক্টর দুটির লব্ধি নির্দেশ করে।



২. বহুভুজ সূত্রঃ দুই এর অধিক ভেক্টর রাশির ক্ষেত্রে ভেক্টর রাশিগুলোকে একই ক্রমে সাজিয়ে প্রথম ভেক্টর রাশির পাদবিন্দু এবং শেষ ভেক্টর রাশির শীর্ষবিন্দু যোগ করলে যে বহুভুজ পাওয়া যায় এর শেষ বাহুটি বিপরীতক্রমে ভেক্টর রাশিগুলোর লব্ধির মান ও দিক নির্দেশ করে।



৩. ভেক্টর যোগের সামান্তরিক সূত্রঃ কোনো সামান্তরিকের একই বিন্দু হতে অভিন্ন সন্নিহিত বাহু দুটি যদি কোনো কণার উপরে একই সময়ে ত্রিমাত্রিক দুটি ভেক্টর রাশির মান ও দিক নির্দেশ করে তা হলে ঐ বিন্দু হতে অভিন্ন সামান্তরিকের কর্ণই এদের লব্ধির মান ও দিক নির্দেশ করবে। একে ভেক্টর রাশির যোগানের সামান্তরিক সূত্র বলে।



- ১. স্কেলার গুণন বা স্কেলার গুণনঃ দুটি ভেক্টর রাশির স্কেলার গুণফল একটি স্কেলার রাশি হবে যার মান রাশি দুটির মানের গুণফলের সাথে তাদের মধ্যবর্তী কোণের কোসাইনের (cosine) গুণফলের সমান।
- ২. ভেক্টর বা ক্রস গুণনঃ দুটি ভেক্টর রাশির গুণফল যদি একটি ভেক্টর রাশি হয় তবে ঐ গুণফলে ভেক্টর গুণন বা ক্রস গুণন বলে। এ ভেক্টরের গুণফলের মান ভেক্টর রাশি দুটির মান এবং তাদের মধ্যবর্তী কোণের সাইন (sine)-এর গুণফলের সমান। ভেক্টর গুণফলের দিক স্থানহীন কু নিয়মে নির্ণয় করা হয়।
- ৩. অপারেটরঃ যে পার্থক্য চিহ্নের দ্বারা একটি রাশিকে অন্য একটি রাশিতে রূপান্তর করা যায় বা কোনো পরিবর্তনশীল রাশির ব্যাখ্যা দেওয়া যায় তাকে অপারেটর বলে।
- ৪. ভেক্টর ডিফারেনশিয়াল অপারেটরঃ ভেক্টর ডিফারেনশিয়াল অপারেটরটি সার হামিলটন প্রথম আবিষ্কার করেন। দিকস একে 'ডেল' নামকরণ করেন। এর অন্য নাম ন্যাবলা। ভেক্টর ডিফারেনশিয়াল অপারেটর নিম্নোক্তভাবে প্রকাশ করা হয়।

$$\nabla = \frac{\partial}{\partial x} \hat{i} + \frac{\partial}{\partial y} \hat{j} + \frac{\partial}{\partial z} \hat{k}$$

সাধারণ ভেক্টরের মতো এর ভেক্টর ধর্ম রয়েছে। ইহা কোন একটি রাশির উপর ত্রিমাত্রিক করে নতুন একটি রাশির সৃষ্টি করে

$$\nabla \cdot \nabla = \left( \frac{\partial}{\partial x} \hat{i} + \frac{\partial}{\partial y} \hat{j} + \frac{\partial}{\partial z} \hat{k} \right) \cdot \left( \frac{\partial}{\partial x} \hat{i} + \frac{\partial}{\partial y} \hat{j} + \frac{\partial}{\partial z} \hat{k} \right) = \frac{\partial^2}{\partial x^2} + \frac{\partial^2}{\partial y^2} + \frac{\partial^2}{\partial z^2}, \text{ একটি স্কেলার রাশি।}$$



➤ **গ্রেডিয়েন্ট:** ভেক্টর অপারেটর  $\vec{\nabla}$  দ্বারা কোন একটি স্কেলার ফাংশন  $\phi(x, y, z)$ -কে অন্তরীকরণ করলে পাওয়া যায়  $\vec{\nabla}\phi$ ,  $\vec{\nabla}\phi$ -কে  $(x, y, z)$  অবস্থানে  $\phi$ -এর গ্রেডিয়েন্ট বলে।

ধরা যাক,  $\phi(x, y, z)$  একটি ব্যবকলনযোগ্য স্কেলার ফাংশন। তাহলে  $\phi$  এর গ্রেডিয়েন্টকে  $\vec{\nabla}\phi$  দ্বারা প্রকাশ করা হয়।

$$\text{অর্থাৎ, } \text{grad } \phi = \left( \frac{\partial}{\partial x} \hat{i} + \frac{\partial}{\partial y} \hat{j} + \frac{\partial}{\partial z} \hat{k} \right) \phi = \frac{\partial \phi}{\partial x} \hat{i} + \frac{\partial \phi}{\partial y} \hat{j} + \frac{\partial \phi}{\partial z} \hat{k}$$

➤ **গ্রেডিয়েন্ট এর তাৎপর্য:**

- (i) স্কেলার রাশির গ্রেডিয়েন্ট একটি ভেক্টর ফাংশন।
- (ii) স্কেলার রাশির সর্বাধিক বৃদ্ধির হারই হলো উক্ত ভেক্টর ফাংশনের মান।
- (iii) স্কেলার রাশির পরিবর্তন বিন্দুর স্থানান্তর এর পরিবর্তনের দিকের উপর নির্ভরশীল।

➤ **ডাইভারজেন্স (Divergence):** ভেক্টর অপারেটর  $\vec{\nabla}$  এর সাথে কোন একটি ভেক্টর ফাংশনের গুণনকে ঐ ফাংশনের ডাইভারজেন্স বলে। মানে কনি, ত্রিমাত্রিক ব্যবস্থায়  $R$  অঞ্চলে কোনো একটি ভেক্টর ফাংশনের অবস্থান ভেক্টর

$$\vec{V}(x, y, z) = u_1(x, y, z)\hat{i} + u_2(x, y, z)\hat{j} + u_3(x, y, z)\hat{k}, \text{ তাহলে ডেল}$$

$(\vec{\nabla})$  অপারেটরের সাথে  $\vec{V}$  এর স্কেলার গুণফলকে ঐ ভেক্টর ফাংশনের ডাইভারজেন্স বলে। ডাইভারজেন্সকে  $\vec{\nabla} \cdot \vec{V}$  বা  $\text{div. } \vec{V}$  লিখে প্রকাশ করা হয়। পাণ্ডিত্যক্রমে লেখা যায়,

$$\vec{\nabla} \cdot \vec{V} = \left( \hat{i} \frac{\partial}{\partial x} + \hat{j} \frac{\partial}{\partial y} + \hat{k} \frac{\partial}{\partial z} \right) \cdot (u_1 \hat{i} + u_2 \hat{j} + u_3 \hat{k})$$

$$= \frac{\partial u_1}{\partial x} + \frac{\partial u_2}{\partial y} + \frac{\partial u_3}{\partial z} \text{ এটি স্কেলার রাশি।}$$

➤ **ডাইভারজেন্সের ভৌত তাৎপর্য:**

- (i) ডাইভারজেন্স একটি স্কেলার ফাংশন।
- (ii) ডাইভারজেন্স দ্বারা একক আয়তনে কোন দিক রাশির মোট কতটুকু স্রাব কোন বিন্দু অভিমুখী বা অপসারিত হচ্ছে তা প্রকাশ করে।  $\vec{\nabla} \cdot \vec{V}$  বা  $\text{div. } \vec{V}$  দ্বারা একক সময়ে কোন তরল পদার্থের গনত্বের পরিবর্তনের হার বুঝায়।

\* মান ধনাত্মক হলে, তরল পদার্থের আয়তন বৃদ্ধি পায়,

ঘনত্বের হ্রাস ঘটে। অর্থাৎ  $\vec{\nabla} \cdot \vec{V} = '+'$



Positive divergence

\* মান ঋনাত্মক হলে, তরল পদার্থের আয়তন হ্রাস হয়,

ঘনত্বের বৃদ্ধি ঘটে। অর্থাৎ  $\vec{\nabla} \cdot \vec{V} = '-'$



Negative divergence

\* মান শূন্য হলে, স্রাব ও নির্গত স্রাব সমান হয়।  $\vec{\nabla} \cdot \vec{V} = 0$  হলে, ভেক্টর ফাংশনকে সলিনয়েডাল বলে।



Zero divergence

➤ **কার্ল (Curl):** ভেক্টর অপারেটর  $\vec{\nabla}$  এর সাথে কোন একটি ভেক্টর ফাংশনের ক্রস বা ভেক্টর গুণনকে ঐ ভেক্টর ফাংশনের কার্ল বলে।

ধরা যাক, কোনো ত্রিমাত্রিক স্থানে কোনো বিন্দুর যথার্থ ভেক্টর ফাংশন

$$\vec{V}(x, y, z) = u_1 \hat{i} + u_2 \hat{j} + u_3 \hat{k} \text{ তাহলে অপারেটর } \vec{\nabla} \text{ এবং } \vec{V} \text{ এর ক্রস}$$

বা ভেক্টর গুণন দ্বারা তাৎক্ষণিকভাবে ঘূর্ণন অক্ষের দিকে একটি ভেক্টর পাওয়া যায়। ঐ জাতীয় গুণকে কার্ল বলে। সুতরাং  $\vec{\nabla}$  এর কার্ল


$$\text{Curl } \vec{V} = \vec{\nabla} \times \vec{V} = \left( \hat{i} \frac{\partial}{\partial x} + \hat{j} \frac{\partial}{\partial y} + \hat{k} \frac{\partial}{\partial z} \right) \times (u_1 \hat{i} + u_2 \hat{j} + u_3 \hat{k})$$

$$= \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ \frac{\partial}{\partial x} & \frac{\partial}{\partial y} & \frac{\partial}{\partial z} \\ u_1 & u_2 & u_3 \end{vmatrix}$$

- কার্ল এর তাৎপর্য:
- (i) কার্ল একটি ভেক্টর ফাংশন।
- (ii) কোনো ভেক্টর রাশির কার্ল শূন্য হলে,  $\vec{\nabla} \times \vec{F} = 0$  হলে  $\vec{F}$  সংরক্ষণ প্রকার  $\vec{\nabla} \times \vec{F} \neq 0$  হলে  $\vec{F}$  অসংরক্ষণশীল হবে।
- (iii)  $\vec{\nabla} \times \vec{F} = 0$  হলে  $\vec{F}$  অঘূর্ণনশীল এবং সংরক্ষণশীল হবে।
- (iv) কোনো দৃঢ় বস্তু  $\vec{V}$  রৈখিক বেগে গতিশীল হলে  $\text{Curl } \vec{V}$  বস্তুটির বেগের দিকের সমান হবে। অর্থাৎ  $\text{Curl } \vec{V} = 2 \vec{\omega}$  হবে।  $(\vec{V} = \vec{\omega} \times \vec{r})$

**এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ সূত্রাবলি**

➤  $\vec{P}$  ও  $\vec{Q}$  ভেক্টরের  $(P > Q)$  যদি পরস্পরের সাথে  $\alpha$  কোণে ত্রিভুজ করে এবং এদের লব্ধি যদি  $\vec{R}$  হয় তবে, লব্ধির মান



$$R = \sqrt{P^2 + Q^2 + 2PQ \cos \alpha}$$


লব্ধির দিকঃ লব্ধি  $\vec{R}$  যদি বৃহত্তর বল  $\vec{P}$  এর সাথে  $\theta$  কোণ করে তবে,

$$\tan \theta = \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha}$$

$$\theta = \tan^{-1} \left( \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha} \right)$$

$R_x = x$  অক্ষের দিকে লব্ধির উপাংশ  
 $P_x = x$  অক্ষের দিকে  $P$  এর উপাংশ  
 $Q_x = x$  অক্ষের দিকে  $Q$  এর উপাংশ  
 এবং a)  $R_x = P_x + Q_x$   
 $R_y = y$  অক্ষের দিকে লব্ধির উপাংশ  
 $P_y = y$  অক্ষের দিকে  $P$  এর উপাংশ  
 $Q_y = y$  অক্ষের দিকে  $Q$  এর উপাংশ  
 এবং b)  $R_y = P_y + Q_y$

➤ এখানে,  $\vec{R}$  যদি  $\vec{P}$  ও  $\vec{Q}$  ভেক্টরদ্বয়ের লব্ধি হয় এবং এটি  $\vec{P}$  এর সাথে  $\alpha$  এবং  $\vec{Q}$  এর সাথে  $\beta$  কোণ করলে গাইন



সূত্রমতে,  $\frac{P}{\sin \beta} = \frac{Q}{\sin \alpha} = \frac{R}{\sin(\alpha + \beta)}$

➤  $\vec{A}$  ভেক্টরের  $x, y, z$  অক্ষ বরাবর উপাংশ যথাক্রমে  $A_x, A_y$  ও  $A_z$  হলে, ভেক্টরের মান-

$$|\vec{A}| = \sqrt{A_x^2 + A_y^2 + A_z^2} \text{ এবং } \vec{A} = A_x \hat{i} + A_y \hat{j} + A_z \hat{k}$$

➤ একক ভেক্টর = ভেক্টর / ভেক্টরের মান  $\hat{a} = \frac{\vec{A}}{|\vec{A}|}$

➤  $\vec{A}$  এবং  $\vec{B}$  ভেক্টরদ্বয়ের স্কেলার গুণফল,  
 $\vec{A} \cdot \vec{B} = A_x B_x + A_y B_y + A_z B_z = |\vec{A}| |\vec{B}| \cos \theta$   
 $\theta = \angle \vec{A} \text{ এবং } \vec{B}$  ভেক্টরের মধ্যবর্তী কোণ

মনে রাখি


অধুনাকাল/সাম্প্রতিককাল



$\vec{i} \times \vec{j} = \vec{k}$  এবং  $\vec{j} \times \vec{k} = \vec{i}$  এবং  $\vec{k} \times \vec{i} = \vec{j}$

এক ভেক্টরের দিকে  $\vec{B}$  ভেক্টরের লম্ব অভিক্ষেপ

$= B \cos \theta = \frac{\vec{A} \cdot \vec{B}}{|\vec{A}|} = \hat{a} \cdot \vec{B} \therefore \hat{a} = \frac{\vec{A}}{|\vec{A}|}$



$\vec{A}$  এর দিকে  $\vec{B}$  এর উপাংশ  $= \hat{a} \cdot B \cos \theta$

লম্ব অভিক্ষেপ একটি স্কেলার রাশি এবং উপাংশ একটি ভেক্টর রাশি।

ক্রস গুণফল / ভেক্টর গুণফল :  $\vec{A}$  এবং  $\vec{B}$  এর মধ্যবর্তী কোণ  $\theta$  হলে,

$$\vec{A} \times \vec{B} = \hat{n} |\vec{A}| |\vec{B}| \sin \theta = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ A_x & A_y & A_z \\ B_x & B_y & B_z \end{vmatrix}$$

$\vec{i} \times \vec{i} = \vec{j} \times \vec{j} = \vec{k} \times \vec{k} = 0$ ;  $\vec{i} \times \vec{j} = \vec{k}$ ;  $\vec{j} \times \vec{k} = \vec{i}$ ;

$\vec{k} \times \vec{i} = \vec{j}$ ;  $\vec{j} \times \vec{i} = -\vec{k}$ ;  $\vec{k} \times \vec{j} = -\vec{i}$ ;  $\vec{i} \times \vec{k} = -\vec{j}$

ক্ষেত্রফল এবং যদি ভেক্টর সম্পর্কিত :

কোন ভেক্টর যদি কোন জ্যামিতিক ক্ষেত্রে বিশেষ ভাবে অবস্থান করে তবে এদের মাধ্যমে ঐ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করা যায়।

যদি  $\vec{A}$  এবং  $\vec{B}$  দুটি ভেক্টর,

তাহলে এদের অবস্থান এবং ক্ষেত্রের ক্ষেত্রফল দেখা হল-

অবস্থান	ক্ষেত্রফল
সমান্তরালের দুটি সন্নিহিত বাহু বরাবর (মানে ও দিকে)	$ \vec{A} \times \vec{B} $
সমান্তরালের দুটি কর্ণ বরাবর (মানে ও দিকে)	$\frac{1}{2}  \vec{A} \times \vec{B} $
ত্রিভুজের দুটি সন্নিহিত বাহু বরাবর (মানে ও দিকে)	$\frac{1}{2}  \vec{A} \times \vec{B} $


$\vec{A}$  ও  $\vec{B}$  ভেক্টরদ্বয়ের লম্ব দিকে একক ভেক্টর  $\hat{n}$  হলে,  $\hat{n} = \pm \frac{\vec{A} \times \vec{B}}{|\vec{A} \times \vec{B}|}$

$\frac{d}{dt} (\vec{A} \cdot \vec{B}) = \vec{A} \cdot \frac{d\vec{B}}{dt} + \frac{d\vec{A}}{dt} \cdot \vec{B}$

$\frac{d}{dt} (\vec{A} \times \vec{B}) = \vec{A} \times \frac{d\vec{B}}{dt} + \frac{d\vec{A}}{dt} \times \vec{B}$

দুটি ভেক্টর পরস্পর লম্ব হলে এদের স্কেলার গুণফল শূন্য হয় এবং এর পরস্পর সমান্তরাল হলে এদের ভেক্টর গুণফলের মান শূন্য হয়।

কম-বেগের টোলা অপেক্ষা টানা সহজতরঃ



কোয়ালি টোলার ক্ষেত্রে বর্ধিত মোট ওজন  $= (W + F \sin \theta)$

কোয়ালি টোলার ক্ষেত্রে মোট ওজন  $= (W - F \sin \theta)$

আপেক্ষিক বেগ সংক্রান্তঃ

$\vec{V}_a$  এর সাপেক্ষে  $\vec{V}_b$  এর আপেক্ষিক বেগ  $\vec{V}_{ba} = \vec{V}_b - \vec{V}_a$ ,

$V_{ba} = \sqrt{V_b^2 + V_a^2 - 2V_a V_b \cos \alpha}$

$\theta = \tan^{-1} \left( \frac{V_b \sin \alpha}{V_b - V_a \cos \alpha} \right)$

মনে রাখতে হবে,

$\vec{V}_a$  = যার সাপেক্ষে আপেক্ষিক বেগ নির্ণয় করতে হবে তার বেগ।


$\vec{V}_b$  = যার আপেক্ষিক বেগ নির্ণয় করতে হবে তার বেগ।

$\theta = V_b$  এর সাথে আপেক্ষিক বেগের নতি।


$\alpha = V_a$  এবং  $V_b$  এর মধ্যবর্তী কোণ।

$\Delta OAB = \frac{1}{2} OA \times BC$

$= \frac{1}{2} \times A \times B \sin \alpha$



নদী, স্রোত ও সাঁতার / নৌকার বেগ সংক্রান্তঃ



স্রোতের দিকের সাথে  $\alpha$  কোণে কোন নৌকা/ সাঁতার  $u$  আদিবেগে যাত্রা শুরু করলে, স্রোতের বেগ  $v$ , নদীর প্রস্থ  $s$ , নদীপার হতে প্রয়োজনীয় সময়  $t$ ; তাহলে,

নদীর প্রস্থ বরাবর স্রোতের বেগের উপাংশ  $= u \sin \alpha$

নদীর প্রস্থ বরাবর স্রোতের বেগের কোন উপাংশ নেই।

নদীর দৈর্ঘ্য বরাবর স্রোতের বেগের উপাংশ  $= v \cos \alpha$

নদীর দৈর্ঘ্য বরাবর স্রোতের বেগের উপাংশ  $= v$

$\therefore$  নদীর দৈর্ঘ্য বরাবর মোট বেগ  $= v + u \cos \alpha$

$\therefore$  নদীর প্রস্থ বরাবর মোট বেগ  $= u \sin \alpha$

$\therefore$  নদী পারাপারের ক্ষেত্রে সময়  $t = \frac{s}{u \sin \alpha}$

যদি নৌকা/সাঁতার যাত্রা বিপুল বিপরীত বিন্দু হতে  $x$  দূরত্ব অতিক্রম করে উপারে পৌঁছায় তবে,

$x = (v + u \cos \alpha)t = \frac{s}{u \sin \alpha} \times (v + u \cos \alpha) \left[ \because t = \frac{s}{u \sin \alpha} \right]$  এখন,

$t$  এর মান সর্বনিম্ন হবে যখন  $\sin \alpha = 1$  অর্থাৎ নদীর প্রস্থ বরাবর যাত্রা শুরু করলে নদী পার হতে সবচেয়ে কম সময় লাগবে।

$\therefore$  সর্বনিম্ন সময়,  $t = \frac{s}{u} \quad [\alpha = 90^\circ]$

যদি স্রোত থাকে তাহলে সর্বনিম্ন দূরত্ব নদী পারাপারের সময় লম্বভাবে নদী পারাপারের সময় থেকে বেশী হবে।

বেগের স্রোত বরাবর উপাংশ  $= v - u \cos \alpha = R \cos 90^\circ = 0$

$\therefore \cos \alpha = \frac{v}{u} = \frac{\text{স্রোতের বেগ}}{\text{সাঁতারের বেগ}}$

প্রস্থ বরাবর স্রোত বেগ  $R = \sqrt{u^2 + v^2} - 2uv \times \left( \frac{v}{u} \right)$

$= \sqrt{u^2 + v^2} - 2v^2 = \sqrt{u^2 - v^2}$

$\therefore R = \sqrt{u^2 - v^2}$

$\therefore$  প্রয়োজনীয় সময়,  $t = \frac{s}{\sqrt{u^2 - v^2}}$

অবস্থান ভেক্টর  $\vec{r} = x\hat{i} + y\hat{j} + z\hat{k}$

বেগ,  $\vec{v} = \frac{d\vec{r}}{dt} = \frac{d}{dt} (x\hat{i} + y\hat{j} + z\hat{k}) = \frac{d}{dt} x\hat{i} + \frac{d}{dt} y\hat{j} + \frac{d}{dt} z\hat{k}$



সুতরাং,  $\vec{a} = \frac{d}{dt}(\vec{v}) = \frac{d^2\vec{r}}{dt^2}$   
 $= \frac{d^2}{dt^2}(x\hat{i} + y\hat{j} + z\hat{k}) = \frac{d^2}{dt^2}x\hat{i} + \frac{d^2}{dt^2}y\hat{j} + \frac{d^2}{dt^2}z\hat{k}$

• যদি  $\phi(x, y, z)$  স্কেলার ফাংশন বা বস্তুটির যে কোন বিন্দুতে  $(x, y, z)$  এর ব্যবকলনযোগ্য একটি স্কেলার ফাংশন হলে  $\phi(x, y, z)$ -এর গ্রেডিয়েন্ট হবে:

$$\nabla\phi = \hat{i}\frac{\partial\phi}{\partial x} + \hat{j}\frac{\partial\phi}{\partial y} + \hat{k}\frac{\partial\phi}{\partial z}$$

•  $\vec{V}(x, y, z)$  স্কেলার ফাংশন বা বস্তুটির যে কোন বিন্দুতে ব্যবকলনযোগ্য একটি ভেক্টর ক্ষেত্র হলে  $\vec{V}$  এর ডিভিডেন্ডেন্স:

$$\nabla \cdot \vec{V} = \frac{\partial V_x}{\partial x} + \frac{\partial V_y}{\partial y} + \frac{\partial V_z}{\partial z}$$

•  $\vec{V}(x, y, z) = V_x\hat{i} + V_y\hat{j} + V_z\hat{k}$  স্কেলার ফাংশন বা বস্তুটির যে কোন বিন্দুতে  $(x, y, z)$  ব্যবকলনযোগ্য একটি ভেক্টর ক্ষেত্র হলে  $\vec{V}$  এর কার্প:

$$\nabla \times \vec{V} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ \frac{\partial}{\partial x} & \frac{\partial}{\partial y} & \frac{\partial}{\partial z} \\ V_x & V_y & V_z \end{vmatrix}$$

• অন্তরীকরণ ও সমাকলনের প্রয়োজনীয় সূত্রাবলি:

অন্তরীকরণ	সমাকলন
$\lim_{\Delta t \rightarrow 0} \frac{\Delta x}{\Delta t} = \frac{dx}{dt}$	$\sum_{n=0}^{n=x} x_n = \int_0^n dx = [x]_0^n = n - 0 = n$
$\frac{d}{dx}(x^n) = n x^{n-1}$	$\int x^n dx = \frac{x^{n+1}}{n+1} + c; n \neq -1$ c সমাকলন ধ্রুবক
$\frac{d}{dx}(x) = 1$	$\int dx = x + c$
$\frac{d}{dx}(\text{constant}) = 0; \frac{d}{dx}(1) = 0$	$\int 0 dx = c$

**Shortcut**

01.  $\vec{A} = 5\hat{i} + 2\hat{j} - 3\hat{k}$  এবং  $\vec{B} = 15\hat{i} + a\hat{j} - 9\hat{k}$ , a এর মান কত হলে ভেক্টরদ্বয় পরস্পর সমান্তরাল হবে?

Sol.  $\frac{5}{15} = \frac{2}{a} \Rightarrow a = 6$  (Ans.) [দুইটি ভেক্টর পরস্পর সমান্তরাল হলে তাদের সহগগুলোর অনুপাত সমান হবে।]

02.  $\vec{A} = A_x\hat{i} + A_y\hat{j} + A_z\hat{k}$  ভেক্টরটি x, y এবং z অক্ষের সাথে যথাক্রমে

$\cos^{-1} \frac{A_x}{|\vec{A}|}$ ,  $\cos^{-1} \frac{A_y}{|\vec{A}|}$  এবং  $\cos^{-1} \frac{A_z}{|\vec{A}|}$  কোণ উৎপন্ন করে।

$$|\vec{A}| = \sqrt{A_x^2 + A_y^2 + A_z^2}$$

এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত Type-এ শ্রেণীভুক্ত করা যায়।

**Type-01: সন্ধির মান ও দিক সম্পর্কিত সমস্যাবলী**

**Ex-01** দুটি ভেক্টর R ও P-এর প্রত্যেকটির মান 5 একক। তারা একই বিন্দুতে পরস্পর 120° কোণে ক্রিয়াকরে, তাদের সন্ধির মান ও দিক নির্ণয় কর।

Sol<sup>n</sup>: আমরা জানি,  
 $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ \cos \alpha}$  এখানে, P=Q=5 একক  
 কোণ, 120°  
 $= \sqrt{5^2 + 5^2 + 2 \times 5 \times 5 \times \cos 120^\circ}$  সন্ধি R=?  
 $= \sqrt{25} = 5$  একক  
 $\therefore$  সন্ধির মান = 5 একক

যদি সন্ধি R, P এর সাথে  $\theta$  কোণ উৎপন্ন করে তবে,


আমরা জানি,  $\tan \theta = \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha} = \frac{5 \sin 120^\circ}{5 + 5 \cos 120^\circ}$   
 $\Rightarrow \tan \theta = 1.732 \therefore \theta = \tan^{-1}(1.732) = 60^\circ$

Ans: সন্ধির মান 5 একক, ইহা P এর সাথে 60° কোণ উৎপন্ন করে।

**Technique:** দুটি বল যদি সমমানের হয় তবে এদের সন্ধি এদের মধ্য কোণের সমন্বিতক হবে।


**Ex-02** 20N মানের একটি বল অনুভূমিকের সাথে 60° কোণ করে কোন বিন্দুতে ক্রিয়াশীল। অপর একটি 25N মানের বল ঐ একই বিন্দুতে উলফের সাথে বিপরীত দিকে 30° কোণ করে ক্রিয়াশীল, অনুভূমিকের সাথে এদের সন্ধির নতি কত?

Sol<sup>n</sup>: চিত্র হতে,  
 $\tan \theta = \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha}$  | P=20N  
 Q=25N  
 $\alpha=60^\circ$   
 $= \frac{25 \sin 60^\circ}{20 + 25 \cos 60^\circ}; \theta = 33.67^\circ$   
 $\therefore$  অনুভূমিকের সাথে নতি =  $33.67^\circ + 60^\circ = 93.67^\circ$  (Ans.)



**Ex-03** একটি জাহাজ পূর্ব উত্তর দিকে 60° কোণে 130km দূরত্ব অতিক্রম করে, জাহাজটি যাত্রাবিন্দু হতে কতদূর উত্তর ও কতদূর পূর্ব দিকে গেল?

Sol<sup>n</sup>: পূর্ব দিকে সরণ =  $130 \cos 60^\circ = 65$  km  
 উত্তর দিকে সরণ =  $130 \sin 60^\circ$   
 or,  $130 \sin 60^\circ = 112.6$  km =  $A_N$   
 Ans:  $A_e = 65$  km ও  $A_N = 112.6$  km




**Ex-04** একই বিন্দুতে ক্রিয়াশীল দুইটি সমান মানের ভেক্টরের মধ্যবর্তী কোণ হলে এদের সন্ধির মান যে কোন একটি ভেক্টরের মানের সমান হবে। [তপন]

Sol<sup>n</sup>:  
 $P^2 = P^2 + P^2 + 2.P.P \cos \alpha$   
 $\Rightarrow 1 = 2 + 2 \cos \alpha$   
 $\Rightarrow \alpha = \cos^{-1}(-\frac{1}{2})$   
 $\Rightarrow \alpha = 120^\circ$   
 ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ 120° (Ans)



নিচের চিত্রটি লক্ষ কর-



চিত্রে প্রদর্শিত ভেক্টর তিনটির সন্ধির মান ও দিক নির্ণয় কর।

সি. লব্ধি  $F$   $X$  অক্ষের সাথে  $\theta$  কোণে উৎপন্ন করে।

খ. অক্ষ বরাবর বলগুলোর উপাংশ নিয়ে পাই,

$$\cos\theta = (5 \cos 30^\circ + 3 + 0) = 7.33 \text{ -----(i)}$$

গ. অক্ষ বরাবর বলগুলোর উপাংশ নিয়ে পাই,


$$\sin\theta = (5 \sin 30^\circ + 0 + 2)$$

$$\Rightarrow F \sin\theta = 4.5 \text{ -----(ii)}$$

কি ও (ii) নাং হতে পাই,

$$F = \sqrt{(4.5)^2 + (7.33)^2} = 8.6\text{N (Ans)}$$

$$\theta = \tan^{-1}\left(\frac{4.5}{7.33}\right) = 31.55^\circ \text{ (Ans)}$$




ABCD একটি ছবির ফ্রেম দুইটি সূতার সাহায্যে ঝুলানো আছে A এবং B বিন্দুতে সূতা সমান বলের ক্রিয়া অনুভব করে। ছবিটির ওজন নির্ণয় কর।

ছবিটি মুক্তভাবে ঝুলন্ত থাকলে বলদ্বয়ের অনুভূমিক উপাংশদ্বয় পরস্পরকে নিষ্ক্রিয় করে এবং উল্লম্ব উপাংশ দ্বয়ের সমষ্টি ওজনকে নিষ্ক্রিয় করে।

সুতরাং চিত্র হতে,

$$\begin{aligned} F_1 + F_2 &= W \\ \Rightarrow 5 \sin 37^\circ + 5 \sin 37^\circ &= W \\ \Rightarrow 3\text{N} + 3\text{N} &= W \\ \Rightarrow W &= 6\text{N (Ans)} \end{aligned}$$



**For practice**

একটি উড়োজাহাজকে বিমান বন্দর থেকে 20km দূরে  $30^\circ$  উত্তর পূর্ব দিকে উড়তে দেখা যায়। সেই সময় উড়োজাহাজটি বিমানবন্দর হতে কত দূর উত্তর ও কতদূর পূর্বদিকে ছিল? Ans: পূর্বদিকে 10km, উত্তর দিকে 17.3 km

দুটি দিক রাশির প্রত্যেকটির মান 8 একক, তারা একই বিন্দুতে  $120^\circ$  কোণে ক্রিয়াশীল, লব্ধির মান ও দিক নির্ণয় কর। Ans: 8 একক,  $60^\circ$

একটি বস্তুকে 50N বল দ্বারা পূর্ব দিকে এবং 20N বল দ্বারা পূর্ব দিকের সাথে  $60^\circ$  কোণ করে উত্তর দিকে টানা হলো। লব্ধি বলের মান ও দিক নির্ণয় কর। Ans: বলঃ 62.45N, দিকঃ পূর্বদিকের সাথে  $16.1^\circ$  কোণে উত্তর দিকে।

বায়ু লব্ধি পূর্ব দিকের মাঝামাঝি কোন দিক থেকে ঘন্টার 10 km বেগে প্রবাহিত হচ্ছে। বেগটির পশ্চিম দিক অভিমুখী অংশের মান ঘন্টার 8 km হলে উত্তর দিক অভিমুখী অংশের মান কত? বায়ু কোন দিক থেকে প্রবাহিত হচ্ছে? Ans: পূর্ব দিকের সাথে  $36^\circ 12'$  কোণে। উত্তর দিকের বেগ 6 kmh<sup>-1</sup>

05. দুটি ভেক্টর রাশি  $F_1$  ও  $F_2$  একটি বিন্দুতে মিলিত হল।  $F_1$  এর মান 20 N এবং এটি অনুভূমিকের সাথে  $60^\circ$  কোণ করে উপরের দিকে ক্রিয়াশীল।  $F_2$  এর মান 25 N এবং এটি ঝাড়া ওপরের দিকে কাজ করছে। এদের লব্ধির অনুভূমিক এবং উল্লম্ব উপাংশ নির্ণয় কর। Ans: 10 N এবং 42.32 N

06. বায়ু উত্তর ও পূর্ব দিকের মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে। বেগের উত্তর দিকের অংশক ঘন্টার 5 km এবং পূর্ব দিকের অংশক ঘন্টার 12 km। লব্ধি বেগের মান ও দিক নির্ণয় কর। Ans: 13 km/h,  $67^\circ 30'$

07. দুটি কণা যথাক্রমে  $12 \text{ ms}^{-1}$  ও  $20 \text{ ms}^{-1}$  বেগে  $120^\circ$  কোণে ক্রিয়া করে কোন একটি বিন্দুকে অভিক্রম করে। 4s পরে এদের মধ্যকার দূরত্ব কত হবে? Ans: 112 m

**Type-02**

**Ex-01**  $\vec{A} = 3\hat{i} - 2\hat{j} + 6\hat{k}$  ভেক্টর রাশিটির মান এবং  $\vec{A}$  এর দিকে একক ভেক্টর নির্ণয় কর।

$$\text{Sol}^n: |\vec{A}| = \sqrt{(3)^2 + (-2)^2 + (6)^2} = \sqrt{49} = 7$$

$$\vec{A} \text{ এর দিকে একক ভেক্টর } \hat{a} \text{ হলে, } \hat{a} = \frac{\vec{A}}{|\vec{A}|} = \frac{3\hat{i} - 2\hat{j} + 6\hat{k}}{7}$$

$$= \frac{3}{7}\hat{i} - \frac{2}{7}\hat{j} + \frac{6}{7}\hat{k} \quad \text{Ans: } 7 \text{ এবং } \frac{3}{7}\hat{i} - \frac{2}{7}\hat{j} + \frac{6}{7}\hat{k}$$

এই একক ভেক্টরটি ভেক্টর  $\vec{A}$  এর সমান্তরাল দিকে অবস্থিত।

**Ex-02**  $|\vec{A} + \vec{B}| = |\vec{A} - \vec{B}|$  হলে  $\vec{A}$  ও  $\vec{B}$  এর মধ্যবর্তী কোণ নির্ণয় করে দেখাও যে, ভেক্টরদ্বয় পরস্পর লম্ব।

**Sol**<sup>n</sup>: মনে করি  $\theta$  এর মধ্যবর্তী কোণ  $\theta$

$$\begin{aligned} \therefore |\vec{A} + \vec{B}| &= |\vec{A} - \vec{B}| \Rightarrow |\vec{A} + \vec{B}|^2 = |\vec{A} - \vec{B}|^2 \\ \Rightarrow (\vec{A} + \vec{B})(\vec{A} + \vec{B}) &= (\vec{A} - \vec{B})(\vec{A} - \vec{B}) \\ \Rightarrow \vec{A}\vec{A} + \vec{B}\vec{A} + \vec{A}\vec{B} + \vec{B}\vec{B} &= \vec{A}\vec{A} - \vec{B}\vec{A} - \vec{A}\vec{B} + \vec{B}\vec{B} \\ \Rightarrow 2(\vec{A}\vec{B}) &= -2(\vec{A}\vec{B}) \quad (\because \vec{A}\vec{B} = \vec{B}\vec{A}) \\ \Rightarrow 4(\vec{A}\vec{B}) &= 0 \Rightarrow AB \cos\theta = 0 \therefore \theta = 90^\circ \quad (A \neq 0, B \neq 0) \end{aligned}$$

**For practice**

01.  $\vec{A} = 4\hat{i} - \hat{j} + 3\hat{k}$  ও  $\vec{B} = -2\hat{i} + 2\hat{j} - \hat{k}$  ভেক্টর রাশিদের লব্ধি ভেক্টরের সমান্তরাল একটি একক ভেক্টর রাশি নির্ণয় কর। Ans:  $\frac{2}{3}\hat{i} + \frac{1}{3}\hat{j} + \frac{2}{3}\hat{k}$

**Hints** প্রথমে  $\vec{A}$  ও  $\vec{B}$  এর লব্ধি ভেক্টর  $\vec{C}$  নির্ণয় কর।  $\vec{C} = \vec{A} + \vec{B}$  এই অংকে  $\vec{C} = 2\hat{i} + \hat{j} + 2\hat{k}$  হবে। এর পর  $\hat{c} = \frac{\vec{C}}{|\vec{C}|}$  সূত্র প্রয়োগ কর।

**Note:**  $\vec{A}$  ও  $\vec{B}$  এর অভিলম্বের দিকে একক ভেক্টর বললে  $\vec{C} = \vec{A} \times \vec{B}$  ও লব্ধির সমান্তরাল ভেক্টর বললে  $\vec{C} = \vec{A} + \vec{B}$

02.  $\vec{A} = 2\hat{i} - \hat{j} + 2\hat{k}$  ভেক্টরটির সমান্তরাল একটি একক ভেক্টর রাশি নির্ণয় কর। Ans:  $\frac{2}{3}\hat{i} - \frac{1}{3}\hat{j} + \frac{2}{3}\hat{k}$

03. একটি ঘূর্ণনরত কণার ব্যাসার্ধ ভেক্টর  $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - \hat{k})\text{m}$  এবং প্রযুক্ত বল  $\vec{F} = (6\hat{i} - 3\hat{j} - 3\hat{k})\text{N}$  হলে টর্কের মান ও দিক নির্ণয় কর।

$$\text{Hints } \vec{\tau} = \vec{r} \times \vec{F} \quad \text{Ans: } -(3\hat{i} + 6\hat{k})\text{N} - \text{m}, \sqrt{45}$$



**Ex-03**  $\vec{A} = \hat{i} - \hat{k}$  এবং  $\vec{B} = \hat{i} + \hat{j}$  ভেক্টরদ্বয়ের অভিলম্ব দিকে একক ভেক্টর নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** ধরি, ভেক্টরদ্বয়ের অভিলম্ব দিকে একক ভেক্টর  $\hat{n}$

$$\text{আমরা জানি, } \hat{n} = \frac{\vec{A} \times \vec{B}}{|\vec{A} \times \vec{B}|} \quad \text{--- (i)}$$

$$(i) \vec{A} \times \vec{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 1 & 0 & -1 \\ 1 & 1 & 0 \end{vmatrix} = (0+1)\hat{i} + (-1-0)\hat{j} + (1-0)\hat{k} - \hat{i} - \hat{j} + \hat{k}$$

$$\therefore |\vec{A} \times \vec{B}| = \sqrt{(1)^2 + (-1)^2 + (1)^2} = \sqrt{3}$$

$$\therefore (i) \text{ নং হতে পাই, } \hat{n} = \frac{\vec{A} \times \vec{B}}{|\vec{A} \times \vec{B}|} = \pm \frac{\hat{i} - \hat{j} + \hat{k}}{\sqrt{3}}$$

$$= \pm \left( \frac{1}{\sqrt{3}}\hat{i} - \frac{1}{\sqrt{3}}\hat{j} + \frac{1}{\sqrt{3}}\hat{k} \right)$$

### For practice

01.  $\vec{A} = 2\hat{i} + 2\hat{j} - \hat{k}$  ও  $\vec{B} = 3\hat{j} + 6\hat{i} - 2\hat{k}$  ভেক্টরদ্বয়ের লম্ব অভিমুখে একটি একক ভেক্টর নির্ণয় কর।

$$\text{Ans: } \pm \frac{2\hat{i} + \hat{j} + 6\hat{k}}{\sqrt{41}}$$

02. দুটি ভেক্টর  $\vec{A} = 4\hat{i} + 3\hat{j} + \hat{k}$  এবং  $\vec{B} = 2\hat{i} - \hat{j} + 2\hat{k}$  দ্বারা গঠিত  $\vec{A}$  এবং  $\vec{B}$  সমতলের ওপর লম্ব একক ভেক্টর নির্ণয় কর।

$$\text{Ans: } \pm \left( \frac{7}{\sqrt{185}}\hat{i} - \frac{6}{\sqrt{185}}\hat{j} - \frac{10}{\sqrt{185}}\hat{k} \right)$$

### Type-03

**Ex-01**  $\vec{A} = 4\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$  এবং  $\vec{B} = 2\hat{i} + \hat{j} + 3\hat{k}$  হলে  $\vec{A}$  এবং  $\vec{B}$  এর মধ্যবর্তী কোণ নির্ণয় কর।

$$\text{Sol<sup>n</sup>: } |\vec{A}| = \sqrt{4^2 + 3^2 + (-5)^2} = \sqrt{50} = 5\sqrt{2}$$

$$|\vec{B}| = \sqrt{2^2 + 1^2 + 3^2} = \sqrt{14}$$

$$\vec{A} \cdot \vec{B} = (4\hat{i} + 3\hat{j} - 5\hat{k}) \cdot (2\hat{i} + \hat{j} + 3\hat{k})$$

$$= (4 \times 2) + (3 \times 1) + (-5 \times 3) = 8 + 3 - 15 = -4$$

$$\text{আমরা জানি, } \vec{A} \cdot \vec{B} = |\vec{A}||\vec{B}| \cos\theta$$

$$\text{বা, } \theta = \cos^{-1} \left( \frac{-4}{5\sqrt{2} \times \sqrt{14}} \right) = \cos^{-1}(-0.15119) = 98.69^\circ \text{ (Ans.)}$$

**Ex-02** ভেক্টর  $\vec{P} = 2\hat{i} - 3\hat{j} + \hat{k}$  এর উপর  $\vec{Q} = 4\hat{j} + 5\hat{k}$  এর লম্ব অভিক্ষেপের মান নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:**  $\vec{P}$  ও  $\vec{Q}$  এর মধ্যবর্তী কোণ  $\theta$  হলে  $\vec{P}$  এর উপর  $\vec{Q}$  এর লম্ব অভিক্ষেপ  $= Q \cos\theta$

$$\text{আমরা জানি, } \vec{P} \cdot \vec{Q} = PQ \cos\theta$$

$$\therefore Q \cos\theta = \frac{\vec{P} \cdot \vec{Q}}{|\vec{P}|} = \frac{(2\hat{i} - 3\hat{j} + \hat{k}) \cdot (4\hat{j} + 5\hat{k})}{\sqrt{(2)^2 + (-3)^2 + 1^2}}$$

$$= \frac{2 \cdot 0 + (-3) \cdot 4 + 1 \cdot 5}{\sqrt{14}} = \frac{-7}{\sqrt{14}} \quad \text{Ans: } -\frac{7}{\sqrt{14}}$$

**Ex-03** দুটি ভেক্টর এর কোনার গুণফল 18 একক, এদের ভেক্টর গুণফলের মান  $6\sqrt{3}$  একক, ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?

$$\text{Sol<sup>n</sup>: } |\vec{P} \cdot \vec{Q}| = PQ \cos\theta, \quad |\vec{P} \times \vec{Q}| = PQ \sin\theta$$

$$\text{এখন, } \frac{|\vec{P} \times \vec{Q}|}{|\vec{P} \cdot \vec{Q}|} = \frac{PQ \sin\theta}{PQ \cos\theta} = \frac{6\sqrt{3}}{18} \Rightarrow \tan\theta = \frac{1}{\sqrt{3}} \Rightarrow \theta = 30^\circ \text{ Ans}$$

$$\text{Shortcut: } \tan\theta = \frac{\text{ভেক্টর গুণফলের মান}}{\text{কোনার গুণফলের মান}}$$

### For practice

01.  $\vec{A} = 9\hat{i} + \hat{j} - 6\hat{k}$  এবং  $\vec{B} = 4\hat{i} - 6\hat{j} - 5\hat{k}$  হলে  $\vec{A}$  এর উপর  $\vec{B}$  এবং  $\vec{B}$  উপর  $\vec{A}$  এর লম্ব অভিক্ষেপ নির্ণয় কর।

Ans: 0

### For practice

01.  $\vec{A} = \hat{i} - \hat{j} + \hat{k}$  এবং  $\vec{B} = 2\hat{i} - 3\hat{j} + 6\hat{k}$  ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ নির্ণয় কর।

Ans: 24.8°

02. দুটি সমমানের ভেক্টর একটি বিন্দুতে ত্রিভুজ গঠায়। এদের লম্বের মান যে কোন এক ভেক্টর মানের সমান। ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?

Ans: 120°

03. একটি ভেক্টর  $\vec{A}$  এর উপাংশ দুটি হল  $A_x = 5$  এবং  $A_y = -3$ । ভেক্টরটির মাত্রা কত? X অক্ষের সাথে ভেক্টরটি কত কোণে অবস্থিত? Y অক্ষ ও ভেক্টরটির মধ্যবর্তী কোণ কত?

Ans: 5.8 units,  $\theta_x = 31^\circ$ ,  $\theta_y = -120^\circ$

04.  $\vec{A} = 2\hat{i} + \hat{k}$  এবং  $\vec{B} = -\hat{i} + \hat{j} + 2\hat{k}$  হলে  $\vec{A}$  ও  $\vec{B}$  এর মধ্যবর্তী কোণের সাইনের মান নির্ণয় কর।

Ans:  $\sin\alpha = \sin\theta$

05. দুটি সমজাতীয় সমমানের ভেক্টর রশ্মি একই বিন্দুতে কত কোণে ত্রিভুজ গঠায়? লম্বের মান (i) শূন্য (ii) ভেক্টর রশ্মির মানের সমান এবং (iii) ভেক্টর রশ্মির বিপরীত হবে?

Ans: (i) 180° (ii) 120° (iii) 0°

06.  $\vec{A} = 2\hat{i} + 2\hat{j} + 2\hat{k}$ ,  $\vec{B} = 4\hat{i} + 4\hat{j} + 4\hat{k}$  হলে  $\vec{A}$  এবং  $\vec{B}$  এর মধ্যবর্তী কোণ হলে  $\sin\theta$  ও  $\cos\theta$  এর মান নির্ণয় কর।

Ans: 0

### Type-04

**Ex-01** একটি ত্রিভুজের শীর্ষবিন্দুত্রয়ের স্থানাঙ্ক, P(1,3,2), Q(2,-1,1), R(1,2,3) ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

$$\text{Sol<sup>n</sup>: } \vec{PQ} = (2-1)\hat{i} + (-1-3)\hat{j} + (1-2)\hat{k}$$

$$= \hat{i} - 4\hat{j} - \hat{k}$$

$$\vec{PR} = (-1-1)\hat{i} + (2-3)\hat{j} + (3-2)\hat{k}$$

$$= -2\hat{i} - \hat{j} + \hat{k}$$


$$\text{ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{1}{2} |\vec{PQ} \times \vec{PR}| \quad \text{--- (i)}$$

$$\text{এখন, } \vec{PQ} \times \vec{PR} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 1 & -4 & -1 \\ -2 & -1 & 1 \end{vmatrix}$$

$$= (-4-1)\hat{i} + (-2-1)\hat{j} + (-1-8)\hat{k} = -5\hat{i} - 3\hat{j} - 9\hat{k}$$

$$\therefore |\vec{PQ} \times \vec{PR}| = \sqrt{(-5)^2 + (-3)^2 + (-9)^2} = \sqrt{107}$$

$$\therefore (i) \text{ নং হতে, } \frac{1}{2} |\vec{PQ} \times \vec{PR}| = \frac{1}{2} \sqrt{107} \quad \text{Ans: } \frac{1}{2} \sqrt{107}$$





**For practice**

$\vec{P} = 4\hat{i} - 4\hat{j} + \hat{k}$  এবং  $\vec{Q} = 2\hat{i} - 2\hat{j} - \hat{k}$  ভেক্টরদ্বয় একটি সামান্তরিকের দুটি সন্নিহিত বাহু নির্দেশ করলে এর ক্ষেত্রফল কত?

**Ans:** (vii)  $8\sqrt{2}$  বর্গ মত। **Ans:** 8.49 একক।

$\triangle ABC$  একটি সামান্তরিক। এর সন্নিহিত বাহুদ্বয়  $OA$  এবং  $OC$ , কর্ণ  $OB$  এর সাথে যথাক্রমে  $30^\circ$  ও  $40^\circ$  কোণ উৎপন্ন করে। কর্ণের দৈর্ঘ্য 20 cm হলে  $OA$  এবং  $OC$  এর দৈর্ঘ্য কত? **Ans:**  $OA = 13.68$  cm,  $OC = 10.64$  cm

**Type-05**

একটি বিন্দু বস্তুর অবস্থান ভেক্টর  $\vec{r} = 5\sin 2t\hat{i} + 3\cos 3t\hat{j} - 2t\hat{k}$  হলে  $t = 0$  সময়ে (ক) বস্তুর বেগ ও (খ) বস্তুর ত্বরণ নির্ণয় কর।

**Sol:** (ক)  $\vec{v} = \frac{d\vec{r}}{dt} = \frac{d}{dt}(5\sin 2t\hat{i} + 3\cos 3t\hat{j} - 2t\hat{k})$   
 $= 10\cos 2t\hat{i} - 9\sin 3t\hat{j} + 2\hat{k}$

$t = 0$  হলে,  $\vec{v} = 10\cos 2t\hat{i} - 9\sin 3t\hat{j} + 2\hat{k} = 10\hat{i} + 2\hat{k}$

(খ)  $\vec{a} = \frac{d\vec{v}}{dt} = -20\sin 2t\hat{i} - 27\cos 3t\hat{j}$

$t = 0$  হলে,  $\vec{a} = -20\sin 0\hat{i} - 27\cos 0\hat{j} = -27\hat{j}$

**Ans:** (ক)  $10\hat{i} + 2\hat{k}$  (খ)  $-27\hat{j}$

**For practice**

সরণ  $x\hat{i} + y\hat{j} + z\hat{k}$  হলে বস্তুর বেগ ও ত্বরণ নির্ণয় কর।

**Ans:** বেগ  $= \frac{dx}{dt}\hat{i} + \frac{dy}{dt}\hat{j} + \frac{dz}{dt}\hat{k}$

ত্বরণ  $= \frac{d^2x}{dt^2}\hat{i} + \frac{d^2y}{dt^2}\hat{j} + \frac{d^2z}{dt^2}\hat{k}$

দুটি ভেক্টর  $\vec{P} = t\hat{i} - \hat{j} + \hat{k}(2t+1)$  এবং  $\vec{Q} = t\hat{i} + \hat{j} - \hat{k}t^2$  হলে

$\frac{d}{dt}(\vec{P} \cdot \vec{Q})$  এবং  $\frac{d}{dt}(\vec{P} \times \vec{Q})$  নির্ণয় কর।

**Ans:**  $-8t^3 + 12t^2 - 2t$ ;  $\hat{i}(4t^3 - 4t - 1) + \hat{j}(5t^4 + 20t + 5) + \hat{k}(3t^2 + 10)$


একটি কণার উপর  $\vec{F} = (\hat{i} - 3\hat{j} + 2\hat{k})N$  বল কাজ করার ফলে কণাটির  $\vec{D} = (2\hat{i} + dy\hat{j} - \hat{k})m$  সরণ হয়।  $dy$  এর মান কত হলে সম্পাদিত কাজের পরিমাণ শূন্য হবে? **Ans:** 0

**Type-06**

একটি  $4ms^{-1}$  বেগে নৌদে আসার সময় একজন লোক  $6ms^{-1}$  বেগে লক্ষ্যভাবে প্রতিকূল বৃষ্টির সম্মুখীন হল। বৃষ্টি হতে রক্ষা পেতে হলে তাকে কত কোণে ছাতা ধরতে হবে?

**Sol:** ধরি, বৃষ্টির বেগ উত্তর দিকের সাথে  $\theta$  কোণ উৎপন্ন করে।

$\therefore \tan \theta = \frac{4ms^{-1}}{6ms^{-1}} = 0.666$   
 $\tan \theta = \tan 33.7^\circ$   
 $\therefore \theta = 33.7^\circ$




$\therefore$  উত্তর দিকের সাথে  $33.7^\circ$  কোণে ছাতা ধরতে হবে।

**Shortcut:**  $\theta = \tan^{-1} \frac{\text{লোকের বেগ}}{\text{বৃষ্টির বেগ}}$

**Ex-02** ঘন্টার 40 কি.মি. বেগে পশ্চিম দিকে চলমান একটি গাড়ির চালক একটি

ট্রাকের ঘন্টার  $40\sqrt{3}$  কি.মি. বেগে উত্তর দিকে চলতে দেখল, ট্রাকের প্রকৃতপক্ষে বেগ কত?

**Sol:**



$$\text{কিন্তু, } v = v^0 + at \Rightarrow t = \left(\frac{v - v_0}{a}\right) = \left(\frac{-300}{-10^6}\right) = 3 \times 10^{-4} \text{ s}$$

**For Practice**

১৭ ৫ kg এর একটি বল 2kg ভরের একটি স্থির বস্তুর উপর ক্রিয়া করে। যদি 4s পর বস্তুর ক্রিয়া বন্ধ হয়ে যায়। তবে প্রথমে 8s এ বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে? **Ans.** 120m

$$S = \left(\frac{1}{2} at_1^2 + vt_2\right); v = u + at_1$$

১৮ ২kg ভরের একটি ঠেলাগাড়িকে মনুষ্য মেয়ের উপর স্থির অবস্থা থেকে 2.0s সময়ে 0.5 ms<sup>-1</sup> বেগে ত্বরান্বিত করতে কত বলের প্রয়োজন হবে? **Ans.** 5 N  
এই বস্তুর উপর 7N বল প্রয়োগ করা হলে তা 3ms<sup>-2</sup> ত্বরণ প্রাপ্ত হয়। (i) বস্তুটির কত কত? (ii) বস্তুটির উপর 5N মানের অপর একটি বল 7N এর সাথে 60° কোণে প্রয়োগ করলে বস্তুটির ত্বরণ কত হবে? **Ans.** 7/3 kg; 4.07 ms<sup>-2</sup>

১৯ ৩ টনের একটি ট্রাক ঘন্টার 36 km বেগে চলাছে। এটি 4m দূরত্ব থামাতে কত বলের প্রয়োজন? [1 টন=1000 kg] **Ans.** 6.25x10<sup>4</sup> N

$$\text{Hints } F = ma = m \left[ \frac{v_0^2 - v^2}{2s} \right]$$

২০ ৫ kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করলে 1 মিনিটে এর বেগ ১৫ km বৃদ্ধি পাবে? **Ans.** 2.5 N

$$\text{Hints } F = m \frac{\Delta v}{\Delta t} \text{ সূত্রে } \Delta v = 15 \text{ kmh}^{-1}$$

২১ ২ kg ভরের একটি স্থির বস্তুর উপর 8N বল 10s ক্রিয়া করল। বস্তুটির ত্বরণ ও প্রান্তবেগ নির্ণয় কর। **Ans.** 4ms<sup>-2</sup>, 40ms<sup>-1</sup>

২২ ২ kg ভরের একটি স্থির বস্তুর উপর 1N বল 10s ক্রিয়া করলে সরণ কত হবে? **Ans.** 50 m

$$\text{Hints } s = \frac{1}{2} at^2$$

২৩ ৫ dyne এর একটি বল 5g ভরের বস্তুর উপর 8s ক্রিয়া করলো। বস্তুটির বেগের পরিবর্তন নির্ণয় কর। **Ans.** 64ms<sup>-2</sup>

$$\text{Hints } F = \left(m \frac{\Delta v}{\Delta t}\right)$$

২৪ ১০০ kg ভরের একটি গাড়ী সমতল সড়ক দিয়ে 30ms<sup>-1</sup> বেগে এগিয়ে চলেছে। একে 30 m দূরত্বে থামাতে হলে কত মানের মন্দনকারী বল প্রয়োগ করতে হবে? **Ans.** 13500N

$$\text{Hints } F = mv$$

১০. একটি আনত তল আনুভূমিকের সাথে 30° কোণ সৃষ্টি করে। 15 kg ভরের একটি বস্তুকে (i) তল বরাবর উর্ধ্বদিকে 1.2 ms<sup>-2</sup> ত্বরণে এবং (ii) তল বরাবর নিম্নদিকে 1.2 ms<sup>-2</sup> ত্বরণে গতিশীল করতে প্রয়োজনীয় বল নির্ণয় কর। [খর্ব বল উপেক্ষা কর] **Ans.** (i) 88.2N (ii) 55.5N

১১. পরস্পর 120° কোণে 8 N ও 12 N মানের দুইটি বল একটি 4 kg ভরের স্থির বস্তুর উপর 4 s ক্রিয়া করে যেমত পেল। এরপর বস্তুটির সমবেগে চললে প্রথম 8 s এ বস্তুটি কত দূর যাবে?

**Type-02: ভরবেগ সম্পর্কিত সমস্যাবলি**

**Ex-01** গাছে বসা 1.975 kg ভরের একটি পখিকে 0.025 kg ভরের একটি বুলেট 400 ms<sup>-1</sup> আনুভূমিক বেগে আঘাত করে পখিটির ভেতরেই রয়ে গেল, পখির আনুভূমিক বেগ নির্ণয় কর। ভালটি মাটি হতে 313.6 m উপরে হলে পখিটি কত দূর সামনে গিয়ে মাটিতে পড়বে?

$$\text{Sol}^n: Mv_1 + mv_2 = (M+m)v$$

$$\Rightarrow v = \frac{mv_2 + Mv_1}{M+m} = \frac{(0.025 \times 400) + 0}{1.975 + 0.025} = 5 \text{ ms}^{-1}$$

$$h = ut + \frac{1}{2} gt^2 \quad 313.6 = 0 + \frac{1}{2} \times 9.8 \times t^2 \therefore t = 8 \text{ s}$$

$$\therefore s = vt = 5 \times 8 = 40 \text{ m} \quad \text{Ans. } 5 \text{ ms}^{-1} \text{ ও } 40 \text{ m}$$

**Ex-02** একটি স্থির কণা হঠাৎ বিক্ষোভিত হয়ে m<sub>1</sub> = 1kg, m<sub>2</sub> = 1kg ও m<sub>3</sub> = 3kg ভরের তিনটি অংশে বিভক্ত হয়ে পেল। সমান ভর দুটির উভয়ের বেগের মান 24 ms<sup>-1</sup> হলে এবং তারা পরস্পর সমকোণে চলতে থাকলে ত্রীভুজের বেগের মান ও গতি অভিক্ষেপ নির্ণয় কর।

**Sol**<sup>n</sup>: m<sub>1</sub> ও m<sub>2</sub> ভরের বস্তুদ্বয়ের লব্ধির ভরবেগ,

$$R_1 = \sqrt{(24 \times 1)^2 + (24 \times 1)^2} + 2 \times (24 \times 1) \times (24 \times 1) \cos 90^\circ$$

$$= \sqrt{2 \times 24^2} = 24\sqrt{2} \text{ kgms}^{-1}$$

যেহেতু ভরবেগের সমান এবং 90° কোণে ক্রিয়াশীল, লব্ধিটি এদের যেকোনটির সাথে 45° কোণে থাকবে। সাম্যাবস্থা সৃষ্টির জন্য m<sub>3</sub> ভরের বস্তুটি লব্ধির সমভরবেগ নিয়ে এর বিপরীত দিকে চলবে।


$$\text{এখন, } 3 \text{য় বস্তুটির ভরবেগ, } m_3 u_3 \text{ হলে, } m_3 u_3 = 24\sqrt{2}$$

$$\therefore 3 \times u_3 = 24\sqrt{2} \Rightarrow u_3 = 8\sqrt{2} \text{ ms}^{-1}$$

$$\text{Ans. } 8\sqrt{2} \text{ ms}^{-1} \text{ ও } m_1 \text{ ও } m_2 \text{ এর লব্ধির বিপরীত দিকে}$$

**Ex-03** 5 kg ভরের একটি বস্তু 2ms<sup>-1</sup> বেগে x অক্ষ বরাবর এসে 3 kg ভরের আরেকটি স্থির বস্তুকে ধাক্কা মারে। ধাক্কার পর 5kg ভরের বস্তুটি x অক্ষের সাথে 30° কোণে 1ms<sup>-1</sup> বেগে চলতে থাকে। 3 kg বস্তুটির বেগের মান ও দিক কত হবে?

**Sol**<sup>n</sup>: [Note: সবসময় মনে রাখতে হবে যে, ভরবেগের সংরক্ষণ সূত্রটি সব মতো (একমাত্রিক, দ্বিমাত্রিক, ত্রিমাত্রিক) ক্ষেত্রেই প্রযোজ্য। তাই দ্বিমাত্রিক গতির ক্ষেত্রে ধাক্কার পূর্বে x অক্ষ বরাবর সকল বেগের উপাংশের সমষ্টি ধাক্কার পরেও x অক্ষ বরাবর উপাংশ চলার সমষ্টির সমান। y বা z অক্ষের ক্ষেত্রেও এটি প্রযোজ্য। ধরি, 5kg ভরের বস্তুটি A এবং 3 kg ভরের বস্তুটি B, B এর x অক্ষের সাথে উৎপন্ন কোণ  $\phi$  এবং A এর x অক্ষের সাথে উৎপন্ন কোণ  $\theta$ ; সাম্যাবস্থার জন্য  $\theta$  ও  $\phi$  কোণ দুটি পরস্পর x অক্ষের বিপরীত দিকে থাকবে।





x অক্ষ বরাবর ভরবেগের সংরক্ষণ সূত্র প্রয়োগ করে পাই,

$$m_A v_{Ax} + m_B v_{Bx} = m_A v'_{Ax} + m_B v'_{Bx}$$

$$\Rightarrow (5 \times 2) + (3 \times 0) = 5 \times 1 \cos 30^\circ + 3 \times v'_{Bx} \therefore v'_{Bx} = 1.89 \text{ ms}^{-1}$$

y অক্ষ বরাবর ভরবেগের সংরক্ষণ সূত্র প্রয়োগ করে পাই,

$$m_A v_{Ay} + m_B v_{By} = m_A v'_{Ay} + m_B v'_{By}$$

$$\Rightarrow (5 \times 0) + (3 \times 0) = m_A v_{Ay} \sin 30^\circ + m_B v'_{By}$$

$$\Rightarrow 0 = 5 \times 1 \times 0.5 + 3 v'_{By}$$

$$\Rightarrow v'_{By} = -\frac{2.5}{3} = -0.833 \text{ ms}^{-1} \text{ [নিচের দিকে]}$$

$$\therefore v_B = \sqrt{(v'_{Bx})^2 + (v'_{By})^2} = \sqrt{(1.89)^2 + (-0.83)^2} = 2.06 \text{ ms}^{-1}$$

$$\tan \phi = \frac{v'_{By}}{v'_{Bx}} = \frac{-0.83}{1.89} = -0.441 \therefore \phi = -23.797^\circ$$

\(\therefore\) 3kg ভরের বস্তুটি 5kg ভরের বস্তুটির সাপেক্ষে x অক্ষের বিপরীত দিকে 23.797° কোণ উৎপন্ন করে 2.06 ms<sup>-1</sup> বেগে চলতে থাকবে। **Ans.**

**Ex-04** 300 kg ভরের কোন লৌহার দুই গলুই থেকে 20 kg ও 25 kg ভরের দুইটি বালক যথাক্রমে 3.25 ms<sup>-1</sup> ও 2 ms<sup>-1</sup> বেগে দুই দিকে লাফ দেয়। লৌহটি কোন দিকে কত বেগে চলবে?

**Sol<sup>n</sup>:** ধরি, দ্বিতীয় বালক যদিও লাফ দেয়, সেদিকে বেগ ধনাত্মক।

$$m_1 u_1 + m_2 u_2 + m_3 u_3 = m_1 v_1 + m_2 v_2 + m_3 v_3$$

$$\Rightarrow 300 \times 0 + 20 \times 0 - 25 \times 0 = 20 \times (-3.25) + 25 \times 2 + 300 v_3$$

$$\Rightarrow v_3 = +0.05 \text{ ms}^{-1} \text{ (-ve),}$$

$v_3$  এর দিক হল, দ্বিতীয় বালক যদিও লাফ দেয় সেই দিকে।

#### For Practice:

- 5kg ভরের একটি বস্তু 4ms<sup>-1</sup> বেগে উত্তর দিকে চলছে। 3kg ভরের অপর একটি বস্তু 2ms<sup>-1</sup> বেগে দক্ষিণ দিকে চলছে। কোন এক সময় বস্তু দুটির মধ্যে সংঘর্ষের ফলে এরা মিলে এক হয়ে গেলে। মিলিত বস্তুটি কত বেগে, কোন দিকে চলবে? **Ans.** 1.75 ms<sup>-1</sup> প্রথম বস্তুর দিকে।
- কোন একটি গ্যাসের একটি গ্যাস অণু 300 ms<sup>-1</sup> বেগে চলে অন্য একটি স্থিরগ্যাস অণুতে স্থিতিস্থাপক ধাক্কা দিল। সংঘর্ষের পর 1ম অণুটি উহার গতি অভিমুখের সাথে 30° কোণে চলে গেল। উহাদের শেখবেগ এবং ২য় অণুটির গতি অভিমুখ নির্ণয় কর। **Ans.** 260 এবং 150 ms<sup>-1</sup>; ১মটির সাথে সমকোণে।
- একটি বস্তুর উপর 5N বল 10s ক্রিয়া করল। বস্তুটির ভরবেগের পরিবর্তন নির্ণয় কর। **Ans.** 50kgms<sup>-1</sup>  
**Hints**  $m(v - v_0) = J = F \times \Delta t$
- 0.03 kg ভরের রাইফেলের গুলি 30ms<sup>-1</sup> বেগে ছোঁড়া হল। রাইফেলের পশ্চাদ্বেগ 0.6 ms<sup>-1</sup> হলে রাইফেলের ভর কত? **Ans.** 1.5kg  
**Hints**  $MV = mv$  সূত্র।
- একটি 20kg ভরের গোলা 3.5 ms<sup>-1</sup> বেগে ঘাবার সমগ্র আঁজন ধরে ফেটে গেল এবং দুই অংশে বিভক্ত হল, এক অংশের ভর 12kg এবং অন্য অংশের ভর 8kg যদি আঁজন ধরার জন্য প্রথম অংশ থেকে যায় তবে দ্বিতীয় অংশের বেগ নির্ণয় কর। **Ans.** 8.75 ms<sup>-1</sup>
- 0.4 kg ভর এবং 3 ms<sup>-1</sup> ত্ব্রতিবিশিষ্ট একটি বস্তু 0.6 kg ভর বিশিষ্ট অপর একটি স্থির বস্তুর সঙ্গে মুখোমুখি ও সম্পূর্ণ স্থিতিস্থাপক সংঘর্ষ ঘটায়। সংঘর্ষের পরে উভয় বস্তুর বেগ নির্ণয় কর। **Ans.** 2.4ms<sup>-1</sup>, 0.6ms<sup>-1</sup>
- 10g ভরের একটি বুলেট 4 kg ভরের একটি বন্দুক থেকে 200 ms<sup>-1</sup> বেগে নির্গত হল। বন্দুকটির পশ্চাদ্বেগ কত হবে? **Ans.** 0.5 ms<sup>-1</sup>

#### Type-03: লিফট সম্পর্কিত সমস্যাগুলি

**Ex-01** কোন লিফট উপরের দিকে 1.2 ms<sup>-2</sup> ত্বরণে উঠছে, লিফটের ভেতর কোন একটি 2kg ভরের বল ধরে রাখলে বলের আপ্যত ওজন কত? যদি বলটি 1.5m উচ্চতা হতে 1.5m উপর হতে ছেড়ে দেয়া হয় তবে বলটি পড়তে কত সময় লাগবে?

**Sol<sup>n</sup>:**  $a = g + f = 9.8 + 1.2 = 11 \text{ ms}^{-2}$  এবং

$$W = ma = 2 \times 11 = 22 \text{ N}$$

$$h = \frac{1}{2} (g+f)t^2 \Rightarrow t = \sqrt{\frac{2h}{g+f}} = \sqrt{\frac{15 \times 2}{9.8 \times 1.2}}$$

$$= 0.522 \text{ s} \quad \text{Ans. } 22 \text{ N ও } 0.522 \text{ s}$$

**Ex-02** 10 kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করলে বস্তুটি খাত উপরের দিকে 1.2 ms<sup>-2</sup> (ii) নিচের দিকে 2.8 ms<sup>-2</sup> ত্বরণে গতিশীল হবে?

**Sol<sup>n</sup>:** (i)  $F = m(g+a) = 10(9.8+1.2) = 110 \text{ N}$

(ii)  $T = m(g-a) = 10(9.8-2.8) = 70 \text{ N (Ans.)}$

**Ex-03** একটি লিফট 2m/s<sup>2</sup> ত্বরণে নীচে নামছে। লিফটের মেঝের 1m থেকে একটি বালকে স্থির অবস্থা থেকে ছেড়ে দেওয়া হল।  $g = 10 \text{ m/s}^2$  হলে লিফটের মেঝে স্পর্শ করতে বস্তুটির কত সময় লাগবে?

**Sol<sup>n</sup>:**  $h = ut + \frac{1}{2}(g-a)t^2 \Rightarrow h = 0 + \frac{1}{2}(g-a)t^2$

$$\Rightarrow t = \sqrt{\frac{2h}{g-a}} = \sqrt{\frac{2 \times 1}{10-2}} = 0.5 \text{ sec}$$

#### For Practice

- 50 kg ওজনের একজন লোক একটি লিফটের মেঝেতে রাখা ওজন মেসার্স দিয়ে নিচের দিকে চলছে। লিফটটি প্রথমে শূন্য গতিতে এবং তারপর 2m/s<sup>2</sup> ত্বরণে এসে থাকে।  
(i) যখন লিফট এসে থাকে তখন ওজন মেসার্সে তার ওজন কত দেখাবে?  
(ii) একইভাবে উপরে উঠলে পাঠ কি হবে?

**Hints**  $w = 50 \times (9.8 + 2) = 590$ ,  $w = 50 \times (9.8 - 2) = 390$

**Ans.** (i) 60.2kg (ii) 39.8kg

- 1000 kg ভরের একটি লিফট 3 ms<sup>-2</sup> ত্বরণে উপরের দিকে চললে লিফটের উপর কত বল প্রয়োগ করা হবে?  
(i) লিফটের বশির টান কত হবে? (ii) যদি 3ms<sup>-2</sup> ত্বরণে নিচের দিকে নামে তাহলে টান কত হবে? **Ans.** (i) 12800 N (ii) 6800 N

- 4ft/sec<sup>2</sup> ত্বরণে চলমান একটি লিফটের উপর 163 lb ওজনের একটি বস্তু উঠে ঝাঁপালো। যখন লিফটটি 8ft/sec<sup>2</sup> সমত্বরণে উপরে উঠতে থাকে তখন বস্তুটির প্রতিভিন্দা কত হবে বের কর। **Ans.** 652lb

**Hints**  $R = m(g+f)$

- একটি লিফট 3m/s<sup>2</sup> ত্বরণে উপরে উঠছে। লিফটের মেঝের 2m উপরে থেকে একটি বালকে স্থির অবস্থা থেকে ছেড়ে দেয়া হল।  $g = 9.81 \text{ m/s}^2$  হলে লিফটের মেঝে স্পর্শ করতে বস্তুটির কত সময় লাগবে? **Ans.** 0.558s

**Hints**  $t = \sqrt{\frac{2h}{g+a}}$

#### Type-04: ঘাত সম্পর্কিত সমস্যাগুলি

**Ex-01** 100 lb ভরের একটি বস্তু স্থিতিবস্থা থেকে মুক্তভাবে পড়ে 100 ft নিচে পড়তে আসতে পারে। 4ft কানার চুকে সুস্থিত হলে, বস্তুটির উপর কানার ঘাত কত?

**Sol<sup>n</sup>:** কানার ঘাত F হলে,

$$Fx = m(h+x) \times g$$

$$\Rightarrow F = \frac{100 \times (100+4) \times 32}{4}$$

$$\Rightarrow = 83200 \text{ lb. ft/s}^2$$



২০০০ kg ভরের একটি লৌহ ৫ ms<sup>-1</sup> বেগে একটি গোলকে লম্বভাবে ধাক্কা খেয়ে ৩ ms<sup>-1</sup> বেগে বিপরীত দিকে ফিরে গেল। গোলকটির ভর কত? গোলকটি দেওয়ালের সংস্পর্শে ০.০১ s থাকলে দেওয়াল কত বল কত?

সমাধান: দেওয়ালের দিকে যাওয়ার অভিমুখ ধনাত্মক।

$$v_0 = 5 \text{ ms}^{-1}$$


$$v = -3 \text{ ms}^{-1}$$

$$F = m(v - v_0)$$

$$= 2(-3 - 5) = -16 \text{ Ns}$$

$$F = -16 \text{ N}$$

$$F = \frac{dp}{dt} = \frac{-16}{0.01} = -1600 \text{ N}$$



**For Practice**

২০০০ kg ভরের একটি লৌহ গোলক ৫ ms<sup>-1</sup> বেগে একটি দেওয়ালে লম্বভাবে ধাক্কা খেয়ে ৩ ms<sup>-1</sup> বেগে বিপরীত দিকে ফিরে গেল। গোলকটির ভর কত? **Ans. 16 kgms<sup>-1</sup>**

২০০০ kg ভরের একটি বস্তু ০.২ ms<sup>-1</sup> বেগে একটি খাড়া দেওয়ালে আঘাত নিয়ে ০.০১ s পর বিপরীত দিকে ফিরে গেল। বস্তুটির ভর কত? **Ans. 0.0105 kgms<sup>-1</sup>**

২০০০ kg ভরের একটি ট্রাক একটি ভারী দেওয়ালে আঘাত করে। দেওয়ালে আঘাত খেয়ে ট্রাকটি পিছন দিকে ১.৩ ms<sup>-1</sup> বেগে ফিরে আসে। আঘাতের সময়কাল ০.১৫ s হলে ঘাত কত? ট্রাকটির উপর প্রযুক্ত বল কত? **Ans. 42600; -2.84 × 10<sup>4</sup> N**

২০০০ kg ভরের একটি বল ৪ s জিয়া করে। বস্তুটির বেগের পরিবর্তন দেওয়াল ঘাত নির্ণয় কর।

**Ans:** বস্তুটির ঘাত  $J = F\Delta t = (mv - mv_0)$

**Type-05: রকেট সম্পর্কিত সমস্যাবলী**

৩০০০ kg জ্বালানিসহ একটি রকেটের ভর হল ২০,০০০ kg। রকেটের উপর ৩০০০ ms<sup>-1</sup> দ্রুতিতে জ্বালানি ২০০ kgs<sup>-1</sup> হারে পুড়ে। রকেটটি যদি উপরে দিকে নিক্ষেপ হয়ে থাকে তবে, রকেটের উপরের দিকে ধাক্কা।

১) রকেটের উপরের সময় রকেটের উপর প্রযুক্ত লব্ধিবল।

২) জ্বালানি শেষ হবার সময় প্রযুক্ত লব্ধি বল।

৩) জ্বালানি শেষ হওয়ার মুহুর্তে রকেটের বেগ নির্ণয় কর।

১) রকেটের উর্ধ্বমুখী ধাক্কা  $= v_r \frac{dm}{dt} = 3000 \times 200 = 6 \times 10^5 \text{ N}$

২) রকেটের উপরের সময় রকেটের উপর প্রযুক্ত লব্ধিবল = উর্ধ্বমুখী ধাক্কা - রকেটের ওজন

$$= v_r \frac{dm}{dt} - mg = 6 \times 10^5 - (20000 \times 9.8) = 4.04 \times 10^5 \text{ N Ans.}$$

৩) জ্বালানি শেষ হওয়ার মুহুর্তে লব্ধিবল,  $m \frac{dv}{dt} = v_r \frac{dm}{dt} - m'g$

৪) রকেটের মেট ভর - জ্বালানির ভর = ২০,০০০ - ১৫,০০০ = ৫০০০ kg

$$5000 - 6 \times 10^5 - (5000 \times 9.8) = 5.51 \times 10^5 \text{ N Ans.}$$

৫) সর্বমুখী পুড়তে সময় লাগে,  $t = \frac{15000}{200} = 75 \text{ s}$

৬) উর্ধ্বমুখী,  $v_0 = 0$  তখন সমীকরণ হতে,

$$v = v_0 + \int_0^t \left( \frac{m_0}{m} - g \right) dt$$

$$= 0 + \int_0^{75} \left( \frac{20000}{5000} - (9.8 \times 75) \right) dt = 3.424 \text{ kms}^{-1} \text{ Ans.}$$

৭) রকেট সম্পর্কিত সমস্যাগুলো জেমন কঠিন হয় না, শুধুমাত্র সূত্র কয়েকটিই হয়। তাই সূত্রগুলো স্মরণ করি অংশ থেকে দেখে নিজে বেশী ভাবনা করলেই হয়।

**Ex-02** একটি রকেট তার উত্থানের প্রথম সেকেন্ডে তার ভরের  $\frac{1}{60}$  ভাগ ভর ২৪০০ms<sup>-1</sup> বেগে বের করে দেয় রকেটটির ত্বরণ কত?

**Sol<sup>n</sup>:**  $a = \frac{v_r}{m} \times \left( \frac{dm}{dt} \right) - g \Rightarrow a = \frac{v_r}{m} \times \frac{m}{60} - g$

$$\Rightarrow a = \frac{v_r}{60} - g \Rightarrow a = \left( \frac{2400}{60} - g \right) \text{ms}^{-2}$$

$$\Rightarrow a = 30.2 \text{ms}^{-2} \text{ (Ans)}$$

**For Practice**

০১. আপেলো ও স্বাই লাভ মিশনের মহাকাশ উৎক্ষেপনের জন্য ব্যবহৃত স্যাটিন ৫ রকেটের জ্বালানীর নির্মাণ বেগ  $3.1 \times 10^3 \text{ ms}^{-1}$ । মহাকাশযান সহ রকেটের মোট ভর  $2.45 \times 10^6 \text{ kg}$  যা  $1.7 \times 10^6 \text{ kg}$  জ্বালানি ভর। (ক) মধ্য হতে উৎক্ষেপনের জন্য প্রয়োজনীয় ধাক্কা কত? (খ) এই ধাক্কা অর্জনের জন্য জ্বালানি ব্যয়ের হার কত?

**Ans.** (ক)  $2.4 \times 10^7$  (F = mg) (খ)  $7.74 \times 10^3 \text{ kgs}^{-1} \left( \frac{dm}{dt} = \frac{F}{v_r} \right)$

০২. একটি রকেট ০.০৭ kgs<sup>-1</sup> হারে জ্বালানি বর্জ্য করে। নির্গত গ্যাসের বেগ ১০০ kms<sup>-1</sup> হলে রকেটের উপর ত্রিসাশীল বল কত? **Ans.  $7 \times 10^3 \text{ N} \left( F = v_r \frac{dm}{dt} \right)$**

০৩.  $2.8 \times 10^6 \text{ kg}$  ভরের একটি রকেটের উপর  $3.3 \times 10^7 \text{ N}$  এর একটি প্রায়োগিক ধাক্কা প্রয়োগ করা হল। উত্থানের মুহুর্তে রকেটের ত্বরণ কত? ( $g = 9.8 \text{ms}^{-2}$ ) **Ans.  $1.99 \text{ms}^{-2}$**

**Hints** উর্ধ্বমুখী বল = T - mg এবং F = ma

$ma = T - mg \therefore a = \frac{T - mg}{m} = \frac{3.3 \times 10^7}{2.8 \times 10^6} - 9.8$

০৪. মহাকাশে অবস্থিত একটি শটল মহাকাশযানের ভর  $3 \times 10^4 \text{ kg}$  এবং জ্বালানির ভর ৫০kg। জ্বালানি  $5 \text{ kgs}^{-1}$  হারে ব্যবহৃত হলে এবং  $150 \text{ms}^{-1}$  দ্রুতিতে নির্গত হলে শটল যানের উপর ধাক্কা নির্ণয় কর **Ans. 750N**

০৫. উৎক্ষেপনের পূর্বে একটি রকেট ও তার জ্বালানির ভর  $1.9 \times 10^4 \text{ kg}$ । রকেটের সাপেক্ষে জ্বালানি  $2.5 \times 10^3 \text{ ms}^{-1}$  বেগে নির্গত হলে এবং জ্বালানি  $7.4 \text{ kgs}^{-1}$  হারে ব্যয়িত হলে রকেটের উপর ধাক্কা নির্ণয় কর। **Ans.  $1.85 \times 10^4 \text{ N}$**

**Type-06: ঘর্ষণ সম্পর্কিত সমস্যাবলী**

**Ex-01** ২৫০ m ব্যাসার্ধ বিশিষ্ট একটি বাস্তব মোড় অতিক্রমকালে পিছলিয়ে নিচে না পড়ে একটি মোটরগাড়ি  $24.5 \text{ ms}^{-1}$  সমদ্রুতিতে চলে গেল। গাড়ির টায়ার ও বাস্তব মধ্যকার ঘর্ষণ গুণক এর সর্বনিম্ন মান নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** ধরি, গাড়ির ভর = m kg ও  $u = 24.5 \text{ ms}^{-1}$  সমদ্রুতিতে মোড় নেবার জন্য গাড়ির উপর প্রয়োজনীয় কেন্দ্রমুখী বল  $= \frac{mv^2}{r} = \frac{m \times (24.5)^2}{250} \text{ N}$

এই বল ঘর্ষণ বল F দ্বারা প্রতিহত হওয়া প্রয়োজন। কাজেই,  $F = \frac{m \times (24.5)^2}{250}$

আবার,  $F = \mu R$  এখানে  $R = mg =$  অভিলম্ব প্রতিক্রিয়া

$$\therefore \mu \times mg = \frac{m \times (24.5)^2}{250}$$

$$\Rightarrow \mu = \frac{(24.5)^2}{250 \times 9.8} = 0.245 \text{ Ans.}$$

**Shortcut:**  $\mu = \tan \theta = \frac{v^2}{rg} = 0.245$



**Ex-02** ঘণ্টায় 72 km বেগে গতিশীল 150 kg ভরের একটি গাড়িতে ব্রেক চেপে 50m দূরে থামানো হল। ব্রেক জনিত বল ছাড়া গাড়ীর উপর ক্রিয়াশীল বল ছিল রাস্তার সাথে চাকার ঘর্ষণ বল ও বাতাসের বাধা, বাতাসের বাধা জনিত বল 23N এবং ব্রেকজনিত বল 430N হলে রাস্তার সাথে চাকার ঘর্ষণ বল কত ছিল? চল ঘর্ষণ গুণাঙ্কের মান কত ছিল?

**Sol<sup>n</sup>:** ধরি, গাড়িটি x অক্ষ বরাবর গতিশীল,  
 $\therefore v_x^2 = v_{x_0}^2 + 2a(x-x_0)$  হতে,  
 $0 = v_x^2 + 2a(x-x_0)$   
 $a = \frac{-v_x^2}{2(x-x_0)} = \frac{-(20)^2}{2 \times 50} = -4 \text{ ms}^{-2}$   
 গাড়ি থামাতে মোট বল,  $F = ma$   
 $= 150 \times (-4) = -600 \text{ N}$   
 $F = F_b + F_w + F_k$  [ $F_k =$  ঘর্ষণ বল]  
 $\Rightarrow F_k = F - F_b - F_w$   
 $= -600 - (-430) - (-23) = -147 \text{ N}$


গাড়ির ভর,  $M = 150 \text{ kg}$   
 আদিবেগ,  $v_{x_0} = 72 \text{ kmh}^{-1}$   
 $= 72 \times \frac{5}{18} \text{ ms}^{-1} = 20 \text{ ms}^{-1}$   
 শেষবেগ  $v_x = 0$   
 $x - x_0 = 50 \text{ m}$   
 ব্রেকজনিত বল,  $F_b = 430 \text{ N}$   
 বাতাসের বাধা  $F_w = 23 \text{ N}$   
 $F_b, F_w$  ঘর্ষণবল গাড়ির বিপরীত দিক ক্রিয়া করে বলে এরা ঋণাত্মক

এখন,  $F_k = \mu_k R \therefore \mu_k = \frac{F_k}{R} = \frac{F_k}{mg} = \frac{147}{150 \times 9.8} = 0.01$

[এখানে কেবলমাত্র  $F_k$  এর মান বিবেচনা করতে হবে, দিক নয়। তাই  $F_k(+)$ ve হয়েছে।] **Ans.** -147 N এবং 0.01

**Ex-03** 10 kg ভরের একটি বস্তুকে একটি মেঝের উপর নিয়ে অনুভূমিকের সাথে  $30^\circ$  কোণে একটি ঝশির সাহায্যে সমবেগে টেনে নেয়া হচ্ছে, মেঝের সাথে বস্তুর ঘর্ষণ বল 8N হলে (i) ঝশির টান কত? (ii) বস্তুর উপর মেঝের প্রতিক্রিয়া বল কত?

**Sol<sup>n</sup>:** ধরি,  
 গতিক্রিয়ামূল =  $F_N$   
 ঝশির টান =  $T$   
 বস্তু ওজন =  $W$   
 ঘর্ষণ বল =  $F_s$



এখন, x অক্ষ বরাবর প্রাপ্ত মোট বল,  $F_x = T \cos 30^\circ - F_s$  ..... (i)  
 এবং, y অক্ষ বরাবর প্রাপ্ত মোট বল,  $F_y = F_N - mg + T \sin 30^\circ$  ..... (ii)  
 বস্তুটি সমবেগে চলছে।  $\therefore$  ত্বরণ শূন্য হবে,  $\therefore F_x = 0$

$\therefore$  (i) নং হতে,  $T \cos 30^\circ - F_s \Rightarrow T = \frac{F_s}{\cos 30^\circ} = \frac{8}{\cos 30^\circ} = 9.24 \text{ N}$

উল্লম্ব দিকে ত্বরণ শূন্য  $\therefore F_y = 0$

$\therefore$  (ii) নং হতে,

$$F_N = mg - \frac{T}{2} = (10 \times 9.8) - \frac{9.24}{2} = 93.98 \text{ N}$$

**Ans.** 9.24 N এবং 93.98 N

**Ex-04** একজন লোক পায়ে স্কেট পরে  $30^\circ$  ঢালু তলে নি: স্র দিকে রওনা হল, তলের সাথে স্কেট এর ঘর্ষণ সহগ বা গুণক 0.1 হলে তার ত্বরণ কত? 5sec পরে তার দ্রুতি কত?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $a = \frac{g(\sin \alpha - \mu_k \cos \alpha)}{(\cos \theta - \mu_s \sin \theta)}$  | এখানে,  $\alpha = 30^\circ$   
 $\theta = 0^\circ$

$$a = \frac{9.8(\sin 30^\circ - 0.1 \cos 30^\circ)}{1 - 0} = 4.05 \text{ ms}^{-2}$$

$$5 \text{ s পরে দ্রুতি, } v = u + at = 0 + 4.05 \times 5 = 20.25 \text{ ms}^{-1}$$

**Ans.**  $4.05 \text{ ms}^{-2}$  ও  $20.25 \text{ ms}^{-1}$

**Ex-05** 40,000 kg বিস্ফোরকসহ একটি ট্রাক  $35 \text{ ms}^{-1}$  বেগে চলছে। সুপার খবর পেয়ে রাস্তার উপর এসে ট্রাকটিকে তৎক্ষণাত্ পামিয়ে দিল। সুপার খবর 100 kg এবং তার প্রযুক্তি বল পায়ের জুতার ও মার্টির মধ্যে দাঁড়ানো সমান এবং ঘর্ষণ সহগ  $\mu_k = \mu_s = 1$  হলে এই ঘটনা কি পদার্থবিজ্ঞান নীতির সাথে সংগতিপূর্ণ?

**Sol<sup>n</sup>:** সুপারখবরের প্রযুক্তি সর্বোচ্চ বল F হলে,

$$F = \mu_s F_N = \mu_s mg = 1 \times 100 \times 9.8 = 980 \text{ N}$$

$$\text{গাড়ির ত্বরণ, } a = \frac{F}{M} = \frac{980}{40,000} = 0.0245 \text{ ms}^{-2}$$

$$\text{গাড়ির অভিক্রান্ত দূরত্ব s হলে, } v^2 = v_0^2 - 2as \quad \text{এখানে, } v = 0$$

$$\therefore s = \frac{v_0^2}{2a} = \frac{(35)^2}{2 \times 0.0245} = 25,000 \text{ m}$$

অর্থাৎ গাড়িটি তৎক্ষণাত্ থামবে না,

$\therefore$  এই ঘটনা পদার্থবিজ্ঞানের নীতির সাথে সংগতিপূর্ণ নয়।

**Ex-06** 10 kg ভরের আয়তাকার একটি কাঠের ব্লকটিকে একটি টেবিলের ওপরে আনুভূমিকের দিকে বল প্রয়োগ করলে দেখা যায় যে, বল যখন তখন ব্লকটি চলতে শুরু করে এবং অভ্যন্তর 4N বলের সাহায্যে নির্দিষ্ট দ্রুতিতে গতিশীল রাখা যায়, স্থিতি ঘর্ষণ ও চল ঘর্ষণ সহগ কত হবে?


**Sol<sup>n</sup>:** চলার পূর্ব মুহূর্তে, x অক্ষের দিকে ক্রিয়াশীল বল গুলো হল

$$F \text{ ও } F_s$$

$\therefore F$  ও  $F_s$  বিপরীতমুখী এবং বহুটি স্থির।

$$\therefore F = F_s \text{ হবে}$$

$$\therefore F_s = 8 \text{ N}$$



y অক্ষের দিকে ক্রিয়াশীল বল গুলো হল প্রতিক্রিয়া  $F_N$  ও ওজন  $w$ ।

$\therefore$  y অক্ষ বরাবর কোন গতি নেই  $\therefore F_N = w$

$$\Rightarrow F_N = 98 \text{ N} \text{ এবং } F_s = \mu_k F_N \therefore \mu_k = \frac{F_s}{F_N} = \frac{8}{98} = 0.082$$

এখন, চলা শুরু করবে পরে,

x অক্ষ বরাবর ক্রিয়াশীল মোট বল,  $F_x = F - F_k$

কিন্তু ত্বরণ = 0 হলে,  $F_x = 0$  হবে।

$$\therefore F - F_k = 0 \quad | F = 4 \text{ N}$$

$$\Rightarrow F_k = 4 \text{ N}$$

y অক্ষ বরাবর ক্রিয়াশীল মোটবল,  $F_y = F_N - w$

$$\therefore F_N = w \Rightarrow F_N = 98 \text{ N} \therefore F_k = \mu_k F_N \text{ হতে,}$$

$$\mu_k = \frac{F_k}{F_N} = \frac{4}{98} = 0.041$$

**Ans.** 0.082 ও 0.041

**Ex-07** একটি নতুন আনুভূমিকের সাথে  $45^\circ$  ও অপর একটি  $30^\circ$  কোণে করে। এই অবস্থায় তল দুটি উপরের দিকে কঙ্কার সাহায্যে অসি কঙ্কার সাথে একটি পুসি খাটানো হল। পুসির উপর দিয়ে এক গোলা দুই প্রান্ত A ও B ব্রকধয় বেঁধে নেয়া হল। যদি ব্রক দুটির প্রত্যেকটির kg হয় এবং নতুনতলের সাথে উভয় ব্রকের ঘর্ষণ গুণক 0.1 হয় তবে (ক) ব্রক দুটির সাধারণ ত্বরণ (খ) সূত্রের টান কত হবে?

**Sol<sup>n</sup>:** A ব্রকটির ক্ষেত্রে,  $mg \sin 45^\circ - T - \mu_k R_A = mf$   
 $\Rightarrow mg \sin 45^\circ - T - \mu_k mg \cos 45^\circ = mf$  ..... (i)

B ব্রকটির ক্ষেত্রে,  $T - mg \sin 30^\circ - \mu_k R_B = mf$

$$\Rightarrow T - mg \sin 30^\circ - \mu_k mg \cos 30^\circ = mf$$
 ..... (ii)

(i) + (ii) করে,

$$mg(\sin 45^\circ - \sin 30^\circ) - \mu_k(\cos 45^\circ + \cos 30^\circ) = 2mf$$

$$\Rightarrow 9.8 \left( \frac{1}{\sqrt{2}} - \frac{\sqrt{3}}{2} \right) - 0.1 \times 9.8 \left( \frac{1}{\sqrt{2}} + \frac{\sqrt{3}}{2} \right) = 2f$$

$$\therefore f = 1.5495 \text{ ms}^{-2} \text{ (i) নং এ f এর মান বসিয়ে পাই, } T = 7.786 \text{ N}$$

**Ans.** (ক)  $1.5495 \text{ ms}^{-2}$  (খ) 7.786 N



২.৩ kg ভরের একটি বস্তু 30° কোণে আনত একটি তলের উপর স্থির রাখার আছে। তলের সাথে 60° কোণে কত বল প্রয়োগ করলে বস্তুটি তলের দিকে চলার উপক্রম হবে? (ঘর্ষণ গুণক 0.5)


সমাধান জানি, উপরের দিকে চলার

উপক্রম হলে,

$$\frac{m(g \cos \alpha + \sin \alpha)}{\cos \theta + \mu_s \sin \theta}$$

$$= \frac{2.5 \times 9.8(0.5 \cos 30^\circ + \sin 30^\circ)}{(\cos 60^\circ + 0.5 \sin 60^\circ)}$$

= 24.5 N Ans.



২.৪ এককের সাথে 37° কোণে 30kg এর ঘড় ব্লককে 200N বল দ্বারা টানা হচ্ছে। ব্লক তলের ও ব্লকের মধ্যে গতিীয় ঘর্ষণ গুণক 0.3 হলে, ব্লকের ত্বরণ নির্ণয় কর।

সমাধান জানি, বস্তুটির ত্বরণ a হলে,

$F_1 = F_2$  হলে


$F_1 = 200 \cos 37^\circ$

$F_2 = \mu R = \mu (mg - 200 \sin 37^\circ)$

$200 \cos 37^\circ = 0.3 (30 \times 9.8 - 200 \sin 37^\circ)$

$30 \times a = 107.636$

$a = 3.58 \text{ ms}^{-2}$  Ans.



২.৫ 1000kg ভরের একটি গাড়ির চাকা ও রাস্তার সাথে স্থিতি ঘর্ষণের সহন বা সীমা  $\mu_s = 0.8$  হলে, গাড়িটি সর্বোচ্চ কত ঢালু রাস্তার পিছিয়ে না পড়ে চলতে পারবে?

সমাধান জানি,  $\theta = \tan^{-1}(\mu_s) = \tan^{-1}(0.8) = 38.66^\circ$  Ans.

২.৬ একটি মালবাহী ট্রেনের কিছু অংশে সংযোগের জটিল কারণে হঠাৎ বিচ্ছিন্ন হয়ে পেল। ট্রেনের বেগ  $54 \text{ kmh}^{-1}$  এবং বিচ্ছিন্ন অংশের ভর  $6 \times 10^4 \text{ kg}$ । যদি অংশটি 2 মিনিট বামে ছিঁড়াবছাড় আসে, তাহলে ঘর্ষণজনিত হ্রাসের মান কত? এই সময়ে অংশটি কতটুকু পথ অতিক্রম করবে?

সমাধান এখানে গতি বাধাদানকারী বলই হচ্ছে ঘর্ষণজনিত বল।

ত্বরণ a হলে, আমরা জানি,

$$F = ma = m \frac{v - v_0}{t}$$

$$= 6 \times 10^4 \times \frac{(0 - 15)}{120}$$

$$= -7500 \text{ N}$$

অত্যাধিক চিহ্ন বাধাদানকারী বল নির্দেশ করে। এবং

$$s = \left( \frac{v_0 + v}{2} \right) t = \frac{(15 + 0)}{2} \times 120 = 900 \text{ m}$$

Ans. বল 7500 N, দূরত্ব 900 m.

এখানে,

$$\text{অদিবেগ, } v_0 = 54 \text{ kmh}^{-1} = 15 \text{ ms}^{-1}$$

শেষবেগ  $v = 0$

সময়,  $t = 2 \text{ min} = 120 \text{ s}$

বল,  $F = ?$

দূরত্ব  $S = ?$

### For Practice

২.৭ ৫kg ভরের বস্তুকে  $10 \text{ ms}^{-2}$  ত্বরণে গতিশীল করতে কত বল প্রয়োগ করতে হবে? ঘর্ষণ বল =  $2.5 \text{ Nkg}^{-1}$ , Ans. 50N


Hints  $F' = ma$ ;  $F'' =$  সন্ধি বল।

২.৮ দুই তলের মধ্যকার স্থির ঘর্ষণ গুণক  $\frac{1}{\sqrt{3}}$  হলে ঘর্ষণ কোন কত? Ans.  $30^\circ$

Hints  $\tan \theta = \frac{1}{\sqrt{3}}$

৩. দুটি ব্লকের প্রত্যেকটির ভর 1kg। এদের একটি সুতা দিয়ে বেঁধে পুলির সাহায্যে এমনভাবে রাখা হল যে, B ব্লকটি আনত তলের উপর থাকে এবং A ব্লকটি পুলি হতে খাড়া নিচের দিকে ঝুলতে থাকে। নত খসড়া অনুভূমিকের সাথে  $30^\circ$  কোণে উপক্রম করলে এবং B ব্লক ও আনত তলের মধ্যে ঘর্ষণ গুণক 0.3 হলে (ক) ব্লকদ্বয়ের ত্বরণ কত? (খ) সুতার টান কত? Ans. (ক)  $1.177 \text{ ms}^{-2}$  (খ)  $8.03 \text{ N}$


Hints



$$F_1 = (\text{ঘর্ষণবল} + mg \sin 30^\circ)$$

৩.৪ একটি গাড়িকে জমির সাথে  $5^\circ$  নতি কোণের তলে নিচের দিকে চলতে দেয়া হল। গাড়ির চাকার সাথে তলের ঘর্ষণ গুণক  $\mu_s = 0.08$  হলে গাড়িটির ত্বরণ কত হবে? Ans.  $0.07 \text{ ms}^{-2}$

Hints



এখন, গাড়ীর ত্বরণ a হলে,

$$a = \frac{mg \sin 5^\circ - mg \mu_s}{m} \Rightarrow a = (g \sin 5^\circ - g \mu_s)$$

৩.৫ মেকের উপর রাখা 100 kg ভরের একটি কাঠের বাস্তুকে একটি রশ্মি সাহায্যে গতিশীল করতে চেষ্টা করা যাচ্ছে, রশ্মিটিকে অনুভূমিকের সাথে  $30^\circ$  কোণে টানলে এবং বাস্তুর ও মেকের মধ্যে স্থির ঘর্ষণ গুণক 0.4 হলে রশ্মিতে কত টান দিলে বাস্তুটি গতিশীল হবে? Ans. 367.7 N

৩.৬ একটি অনুভূমিক টেবিলের উপর 1kg ভরের একটি কাঠের খড় রয়েছে, কাঠ খড়ের উপর কত বেশী ভরের একটি বাটখারা রেখে খড়টিকে 4.9 N এর একটি অনুভূমিক বলে টানলে উহা গতিশীল হবে? হঠাৎ বাটখারা সরিয়ে ফেললে কত ত্বরণে গতিশীল হবে।

$$\mu_s = 0.4 \text{ ও } \mu_k = 0.3$$

Ans.  $0.25 \text{ kg}; 1.96 \text{ ms}^{-2}$

Hints  $F = \mu_s \times (m+1) \times g$  ধরে m এর মান বের কর,  $F = 4.9 \text{ N}$

পরে,  $ma = F - F_1$  হতে  $F_1 = mg \times \mu_k$  ধর  $m = 1 \text{ kg}$

এর পরে a এর মান বের কর।

৩.৭ 1kg ভরের একটি ব্লককে অনুভূমিক অক্ষের উপর দিয়ে 4N বল দ্বারা টানা হচ্ছে। স্থির অবস্থা থেকে চলতে শুরু করলে 3m দূরত্ব অতিক্রম করতে ব্লকটির কত সময় লাগবে?  $\mu_k = 0.3$  Ans. 2.379 sec

Hints  $ma = F - F_1$  হতে a বের কর। এরপর,  $s = \frac{1}{2} at^2$  হতে t বের কর।

৩.৮ 1200kg গুজনের একটি পুলিশের গাড়ি দুইটনার স্থান থেকে 30m দূরে গিয়ে যেতে পেল যদি রাস্তার সাথে গাড়ির চাকার গতিীয় ঘর্ষণ গুণক 0.8 হয় তবে দুইটনার স্থানে পুলিশের গাড়ির বেগ কত ছিল? Ans.  $21.63 \text{ ms}^{-1}$


৩.৯ অনুভূমিক তলে স্থাপিত 5kg ভরের একটি বস্তুকে অনুভূমিকের সাথে  $60^\circ$  কোণে 5N বলে টানলে বস্তুটির ত্বরণ কত হবে? বস্তুটির উপর তলের অভিলম্ব প্রতিরোধ কত হবে? ব্লক ও তলের মধ্যকার ঘর্ষণ গুণক কত? Ans.  $0.5 \text{ ms}^{-2}; 44.67 \text{ N}; 0.055$



10. 1000kg ভরের একটি গাড়ির চাকা ও রাস্তার সাথে স্থিতি ঘর্ষণের সহগ বা গুণাঙ্ক  $\mu_s = 0.8$  হলে গাড়িটি সর্বোচ্চ কত চালু রাস্তায় গিছলিয়ে না পড়ে থেমে থাকতে পারে ?

Ans. 38.66°

11. 10 kg ভরের একটি বাজ্ঞ একজন লোক আনুভূমিকের সাথে 30° কোণে 40N বল প্রয়োগে টানছে।



এ চিত্রে প্রদর্শিত

(i) মোকের ঘর্ষণ নগণ্য ধরে বাজ্ঞটির ত্বরণ

(ii) মোকে কর্তৃক বাজ্ঞটির উপর উর্ধ্বমুখী বল  $F_N$  নির্ণয় কর।

Ans. (i)  $3.5 \text{ms}^{-1}$ , (ii) 78N

12. একটি ঘোড়া যাত্রীসহ 150 kg ভরের একটি গাড়িকে রশির সাহায্যে সমতল রাস্তা দিয়ে ধ্রুব গতিতে টেনে নিয়ে যাচ্ছে। রশির উপর ঘোড়ার টান আনুভূমিকের সাথে 30° কোণে হলে এবং চাকার সাথে রাস্তার ঘর্ষণ গুণাঙ্ক  $\mu_k = 0.20$  হলে

(i) রশিতে টান T এর পরিমাণ কত ?

(ii) গাড়ির উপর রাস্তার প্রতিরোধী বল কত ?

Ans. (i) T = 303.34 N, (ii) N = 1317.85 N;

13. মন্দির 72 km বেগে গতিশীল 150 kg ভরের একটি গাড়িতে ব্রেক চেপে 50 m দূরে থামানো হল। ব্রেকজনিত বল ছাড়া গাড়ীর উপর ত্রিসংশীল বল ছিল রাস্তার সাথে চাকার ঘর্ষণ বল ও বাতাসের বাধা। বাতাসের বাধা জনিত বল 23N এবং ব্রেক জনিত বল 430 N হলে রাস্তার সাথে চাকার ঘর্ষণ বল কত ছিল ? এবং চল ঘর্ষণ গুণাঙ্কের মান কত ছিল ?

Ans. - 147 N, 0.01

**Hint:**  $v^2 - v_0^2 + 2as$  সূত্র থেকে a এর মান বের কর।

then,  $ma = (23 + 430 - F_k)$

$$\mu_k = \frac{F_k}{R}$$

$$R = mg$$

**Type-07**

**জড়তার ভ্রামক ও চক্রগতির ব্যাসার্ধ সংক্রান্ত সমস্যাবলি**

**Ex-01** একটি বৃত্তাকার পাতের ব্যাসার্ধ 0.3m এবং প্রতি বর্গমিটার ক্ষেত্রের ভর 0.1kg। এর কেন্দ্র দিয়ে এবং তলের অভিলম্বভাবে অভিক্রান্ত অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক নির্ণয় কর।

**Sol:** একটি বৃত্তাকার পাতের কেন্দ্র দিয়ে এবং পৃষ্ঠের অভিলম্বভাবে অভিক্রান্ত

অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক  $I = \frac{1}{2} Mr^2$

আমরা জানি,  $I = \frac{1}{2} Mr^2$

$$= \frac{1}{2} \times 3.14 \times (0.3)^2 \times 0.1 \times (0.3)^2$$

$$= 12.717 \times 10^{-4} \text{kgm}^2$$

এখানে,  
 $r = 0.3\text{m}$   
 $M = \text{ক্ষেত্রফল} \times \text{প্রতি বর্গমিটারে ভর} = \pi r^2 \times 0.1$   
 $= 3.14 \times (0.3)^2 \times 0.1$   
 Ans.  $12.717 \times 10^{-4} \text{kgm}^2$

**Ex-02** একটি ট্রাই ছইলের কৌণিক বেগ  $2\pi \text{rads}^{-1}$  হতে  $6\pi \text{rads}^{-1}$  এ উন্নীত করতে 100 J কাজ সম্পন্ন হয়। ছইলটির জড়তার ভ্রামক কত?

**Sol:** এখানে,  $\omega^2 = \omega_0^2 + 2\alpha\theta$

$$\Rightarrow 2\alpha\theta = (6\pi)^2 - (2\pi)^2 \Rightarrow \alpha\theta = 157.7536$$

$$\therefore \text{কৃতকাজ } W = \tau\theta \Rightarrow W = I\alpha\theta \Rightarrow I = \frac{W}{\alpha\theta} \Rightarrow I = \frac{100}{157.7536}$$

$\therefore I = 0.633 \text{kgm}^2$  (Ans.)

**Ex-03** 3, 4 ও 5 একক ভরের তিনটি কণার স্থানাঙ্ক যথাক্রমে (4, 0, -1), (3, 0) ও (2, 1, 4)। Z অক্ষের সাপেক্ষে তাদের জড়তার ভ্রামক ও চক্রগতির ব্যাসার্ধ নির্ণয় কর।

**Sol:** আমরা জানি,  $I_z = \sum m_i x_i^2 + \sum m_i y_i^2 = \sum m_i (x_i^2 + y_i^2)$

$$\text{প্রদানসারে, } I_z = 3(4^2 + 0^2) + 4(3^2 + (-2)^2) + 5(2^2 + 1^2)$$

$$= 48 + 52 + 25 = 125 \text{ একক}$$


$\therefore$  চক্রগতির ব্যাসার্ধ K হলে,  $I = \sum m_i K^2$

$$\Rightarrow (3 + 4 + 5) K^2 = 125 \therefore K = 3.227 \text{ একক (Ans.)}$$

**Ex-04** একটি 2m দৈর্ঘ্যের দণ্ডের দুই প্রান্তে 1.5 kg ভরের দুইটি গোলক কণা দণ্ডটির মধ্যবিন্দুতে, দণ্ডের দৈর্ঘ্যের লম্ব বরাবর অক্ষের চারদিকে কণা ভ্রামক নির্ণয় কর।

**Sol:**  $I = \sum m_0 r_0^2 = mr^2 + mr^2$   
 $= 2mr^2 = 2 \times 1.5 \times (2)^2 = 12 \text{kgm}^2$

**Ex-05**



সিস্টেমটির জড়তার ভ্রামক বের কর। যখন-

(i) ঘূর্ণন অক্ষ কর্ণ BD-র মধ্যবিন্দু নিয়ে তলের লম্ব বরাবর যায়।

(ii) AB বাহু সাপেক্ষে ঘোরে।

(iii) কর্ণ BD সাপেক্ষে ঘোরে।

(i)  $AC = \sqrt{1^2 + 1^2} = \sqrt{2}$

$$\therefore OC = OB = OA = OD = \frac{\sqrt{2}}{2} = \frac{1}{\sqrt{2}} \text{m}$$

$$I_0 = m_1 r_1^2 + m_2 r_2^2 + m_3 r_3^2 + m_4 r_4^2$$

$$= 4 \times \left(\frac{1}{\sqrt{2}}\right)^2 + 2 \times \left(\frac{1}{\sqrt{2}}\right)^2 + 3 \times \left(\frac{1}{\sqrt{2}}\right)^2 + 5 \times \left(\frac{1}{\sqrt{2}}\right)^2$$

$$= 7 \text{kgm}^2$$

(ii)  $I_{AB} = I_{AD} + I_{BC}$   
 $= M_{DX} AD^2 + M_C \times AD^2$   
 $= 5 \times 1^2 + 3 \times 1^2 = (5 + 3) = 8 \text{kgm}^2$  (Ans)

(iii)  $I_{BD} = M_C \times (OC)^2 + M_A \times (OA)^2$   
 $= 3 \times \left(\frac{1}{\sqrt{2}}\right)^2 + 4 \times \left(\frac{1}{\sqrt{2}}\right)^2 = (1.5 + 2) = 3.5 \text{kgm}^2$  (Ans)

**For practice**

01. 0.05 kg ভরের একটি লোহার বলকে 2m দীর্ঘ একটি সুতার একপ্রান্তে বিন্দু বৃত্তপথে ঘুরানো হচ্ছে। ঘূর্ণন অক্ষ সাপেক্ষে এর জড়তার ভ্রামক কত? চক্রগতির ব্যাসার্ধ কত? Ans.  $0.2 \text{kgm}^2$ ; 2m

02. কোন অক্ষ সাপেক্ষে একটি বৃত্তের জড়তার ভ্রামক  $200 \text{kgm}^2$ । উক্ত অক্ষ সাপেক্ষে বৃত্তটির চক্রগতির ব্যাসার্ধ কত? [বৃত্তটির ওজন 19.6N] Ans. 10cm

03. একটি চাকার ভর 10 kg এবং চক্রগতির ব্যাসার্ধ 0.5m। এর জড়তার ভ্রামক কত? Ans.  $2.5 \text{kgm}^2$

**Hints**  $I = mK^2$

04. 40 kg এবং 0.20m ব্যাসার্ধের একটি বেলনাকার বস্তু  $2 \text{ms}^{-1}$  বেগে আনুভূমিক তলে গতিতে থাকে অক্ষের সাপেক্ষে বস্তুটির জড়তার ভ্রামক কত? Ans.  $0.8 \text{kgm}^2$

**Hints**  $I = \frac{1}{2} mr^2$



১ kg ভরের দুটি বলকে একটি ভরবিহীন দণ্ডের সাহায্যে 4m দূরত্বে রাখা হয়।  
যদি দুটি ভরের মাঝখানে স্থানে রেখে একটি অক্ষের চারদিকে ঘূর্ণায়মান  
বলকে জড়তার ভ্রামক কত হবে?

২. একটি 5 kg ভরের বামদিকে 0.5 m দূরত্বে অবস্থিত অক্ষের চারদিকে  
ঘূর্ণনমান হয়, তখন ভ্রামক কত? Ans. (i) 48 kgm<sup>2</sup> (ii) 143 kgm<sup>2</sup>

৩. ১০ সে.মি. ব্যাসবৃত্ত একটি দণ্ডের দুই প্রান্তে 1 kg ও ৩ kg  
১০ সে.মি. ব্যাসবৃত্তের দুইটি পাড়লা গোল চাকতি লাগানো আছে। দণ্ডের  
চারদিকে ঘুরে ও এটির সৈর্যের অভিলম্বভাবে অতিক্রান্ত অক্ষের সাপেক্ষে সমগ্র  
চাকতির জড়তার ভ্রামক নির্ণয় কর। [দণ্ডের উপাদানের ঘনত্ব : 9 gm/cc]



৪.  $\tau = AB$  অক্ষের সাপেক্ষে প্রত্যেক চাকতির জড়তার ভ্রামক) + AB  
অক্ষ জড়তার ভ্রামক।

$$\tau = (I \times r + I_{AB})$$

$$\tau = I_G + Mr^2 \Rightarrow I = \frac{1}{4} Mr^2 + M \left(\frac{r}{2}\right)^2$$

$$I_{AB} = \left(\frac{1}{12} ml^2\right)$$

### Type 08: টর্ক সম্পর্কিত সমস্যাবলী

১. একটি চাকতি কোন মূলতলে ঘূর্ণনক্ষম। ঘূর্ণন অক্ষ চাকতির কেন্দ্রগামী  
১০ cm ব্যাসের। অক্ষ সাপেক্ষে এর জড়তার ভ্রামক 2kgm<sup>2</sup>। একটি টর্ক  
প্রয়োগ করায় চাকতিটি 5 সেকেন্ডে স্থির অবস্থা হতে সমকৌণিক ত্বরণে ঘুরে  
10 rad/sec কৌণিক বেগসম্পন্ন হয়। টর্কের পরিমাণ কত?

২. আমরা জানি,  $\omega_2 = \omega_1 + \alpha t \Rightarrow \alpha = \frac{10\pi}{5} [\because \omega_1 = 0]$

$$\alpha = 6.284 \text{ rad/sec}$$

$$\text{আমরা, } \tau = I\alpha = 2 \times 6.284 = 12.568 \text{ J (Ans.)}$$

৩. একটি কণার কোন মুহূর্তের কৌণিক ভরবেগ  $\vec{L} = 8\hat{i}t^2 - 5\hat{j}t + (11t^2 - 5t)\hat{k}$ ।  
এখন ১ সেকেন্ডে এবং  $L$ , kgm<sup>2</sup>s<sup>-1</sup> এ প্রকাশিত।  $t = 1$ s পর কণটির উপর ক্রিয়ারত  
টর্ক নির্ণয় কর।

$$\text{আমরা জানি, } \tau = \frac{dL}{dt} \Rightarrow \tau = \frac{d}{dt} [8\hat{i}t^2 - 5\hat{j}t + (11t^2 - 5t)\hat{k}]$$

$$\tau = 16t\hat{i} - 5\hat{j} + (22t - 5)\hat{k}$$

$$1\text{s পর } \therefore \tau = (16\hat{i} - 5\hat{j} + 17\hat{k}) \text{ Nm Ans.}$$

৪. 33cm ব্যাসার্ধ এবং 4kg ভরের একটি চাকার পাশ্বে জড়ানো একটি দণ্ডটির  
উপর 15N বল প্রয়োগ করা হল। চক্রগতির ব্যাসার্ধ 30cm এবং চক্রকেন্দ্রে টর্ক  
10 Nm হলে চাকার কৌণিক ত্বরণ কত?

$$\text{জড়তার ভ্রামক } I = MK^2 = 4 \times (0.3)^2 = 0.36 \text{ Kg m}^2$$

৫. চাকটির উপর দুটি টর্ক ক্রিয়াশীল, একটি হল 15N বলের কারণে

$$\text{কর মান } \tau_1 = F \times d = 15 \times 33 \times 10^{-2} = 4.95 \text{ m.}$$

$$\text{অপরটি } \tau_2 = 1.1 \text{ Nm. } \therefore \tau_1 = I\alpha \text{ হতে কৌণিক ত্বরণ } \alpha = \frac{\tau_1 - \tau_2}{I}$$

$$= \frac{4.95 - 1.1}{0.36} = 10.7 \text{ rads}^{-2} \text{ Ans.}$$

### For practice

01. একটি চাকার ভর 8 kg এবং চক্রগতির ব্যাসার্ধ 25 cm। চাকতিতে 3 rads<sup>-2</sup>  
কৌণিক ত্বরণ সৃষ্টি করতে কত টর্ক প্রয়োগ করতে হবে? Ans. 1.5 Nm

$$\text{Hints } \tau = I\alpha \Rightarrow \tau = (Mk^2\alpha)$$

02. কেন্দ্রগামী গল বরাবর অক্ষের সাপেক্ষে একটি চাকতি ঘুরছে। এই অক্ষের  
সাপেক্ষে চাকতির জড়তার ভ্রামক 1.5 kgm<sup>2</sup>। টর্ক প্রয়োগের ফলে চাকতিটি  
স্থির অবস্থান হতে সমকৌণিক ত্বরণে ঘুরে 6 সেকেন্ড পরে 6π rads<sup>-1</sup> কৌণিক  
বেগ প্রাপ্ত হল। টর্কের মান নির্ণয় কর। Ans. 4.71 Nm.

$$\text{Hints } \omega = \omega_0 + \alpha t \text{ সূত্র থেকে কৌণিক ত্বরণ } \alpha \text{ এর মান বের কর।}$$

03. 50 kg ভর ও 40 cm চক্রগতির ব্যাসার্ধবিশিষ্ট একটি ট্রাইইঙ্কলে 10s এ  
300 revs<sup>-1</sup> কৌণিক দ্রুতি দিতে কত মানের হ্রব টর্ক প্রয়োগ করতে হবে নির্ণয়  
কর। Ans. 1507.9 Nm

04. 500g ভর ও 0.015 kgm<sup>2</sup> জড়তার ভ্রামক বিশিষ্ট একটি চাকা প্রাথমিকভাবে  
30 revs<sup>-1</sup> বেগে ঘুরছিলো। 163 rev পর এটি থেমে যায়। একে ধার্মতে কত  
মানের টর্ক প্রয়োগ করতে হবে? Ans. 0.26 Nm

05. 8 kg ভরবিশিষ্ট একটি চাকার চক্রগতির ব্যাসার্ধ 25 cm। এর জড়তার ভ্রামক  
কত? একে 3 rads<sup>-2</sup> কৌণিক ত্বরণ দিতে কত মানের টর্ক প্রয়োগ করতে  
হবে? Ans. 0.5 kgm<sup>2</sup> ও 1.5 Nm

### Type-09 কৌণিক ভরবেগ সংক্রান্ত সমস্যাবলী

Ex-01 একটি কণার অবস্থান  $\vec{r} = x\hat{i} + y\hat{j}$  এবং ভরবেগ  $\vec{p} = p_x\hat{i} + p_y\hat{j}$ ।  
দেখাও যে, তার কৌণিক ভরবেগ,  $\vec{L} = \hat{k}(xp_y - yp_x)$

Sol<sup>n</sup>: আমরা জানি,  $\vec{L} = \vec{r} \times \vec{p}$

$$\Rightarrow \vec{L} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ x & y & 0 \\ p_x & p_y & 0 \end{vmatrix} = \hat{k}(xp_y - yp_x)$$

$$\therefore \vec{L} = \hat{k}(xp_y - yp_x) \text{ [Showed]}$$

Ex-02 একটি তম্বর গোলকের ভর 0.05 kg। একে 2m দীর্ঘ একটি সূত্রের এক প্রান্তে  
বৈধে প্রতি সেকেন্ডে 5 বার ঘুরানো হচ্ছে। গোলকের কৌণিক ভরবেগ কত?

Sol<sup>n</sup>: কৌণিক ভরবেগ,  $L = I\omega$  ----- (i)

$$\therefore I = Mr^2 = 0.05 \times 2^2 = 0.2 \text{ kg m}^2$$

$$\therefore \omega = (2\pi \times 5) \text{ rad/sec} = 31.42 \text{ rad/sec}$$

$$(ii) \text{ নতুন হতে, } L = I\omega = (0.2 \times 31.42) \text{ kg m}^2/\text{sec} = 6.284 \text{ kg m}^2/\text{sec (Ans.)}$$

### For practice

01. 40 kg ভরবিশিষ্ট একটি বালক নাগরনোলার প্রান্তভাগে ৮০০ 25m ব্যাসবিশিষ্ট  
বৃত্তাকার পথে 5 rpm কৌণিক বেগে পাক খাচ্ছে। বালকের কৌণিক ভরবেগ  
নির্ণয় কর। Ans. 3273 kgm<sup>2</sup>s<sup>-1</sup>

$$\text{Hints } L = I\omega = (Mr^2\omega)$$

02. হাইড্রোজেন নিউক্লিয়াসকে কেন্দ্র করে ইলেকট্রন  $5.3 \times 10^{-11}$  m ব্যাসার্ধের  
বৃত্তাকার পথে ৮লে  $1.51 \times 10^{16}$  s এ একবার ঘুরে আসে। কৌণিক ভরবেগ  
নির্ণয় কর। Ans.  $1.07 \times 10^{-34}$  kgm<sup>2</sup>s<sup>-1</sup>

$$\text{Hints } L = I\omega = \left(1 \frac{2\pi}{T}\right)$$

03. ঘূর্ণন অক্ষ সাপেক্ষে একটি দুই বছর জড়তার ভ্রামক 100 kgm<sup>2</sup> ঘূর্ণনরত অবস্থায়  
বহুতর পর্যায়ক্রমে 0.5 sec হলে কৌণিক ভরবেগ কত? Ans. 1256.8 kgm<sup>2</sup>s<sup>-1</sup>

04. একটি চাকার ব্যাস 2m এবং ভর 20kg। 1800 rpm কৌণিক দ্রুতিতে চাকটি  
কৌণিক ভরবেগ কত হবে? Ans. 1884.96 kgm<sup>2</sup>s<sup>-1</sup>

05. একটি দাতব গোলকের ভর 6g। এটিকে 3m দীর্ঘ একটি সূত্রের এক প্রান্তে  
বৈধে প্রতি সেকেন্ডে 4 বার ঘুরানো হচ্ছে। এর কৌণিক ভরবেগ কত?  
Ans. 1.36 kgm<sup>2</sup>s<sup>-1</sup>



**Type- 10: কৌণিক গতিশক্তি বিষয়ক সমস্যাবলি**

**Ex-01** পৃথিবীর নিজ অক্ষের চতুর্দিকে 24 ঘণ্টার একবার ঘুরে আসে। পৃথিবীকে  $6.37 \times 10^6 \text{ m}$  ব্যাসার্ধের  $5.98 \times 10^{24} \text{ kg}$  ভরের একটি সুষম গোলক বিবেচনা করা হলে পৃথিবীর কৌণিক গতিশক্তি কত?

**Sol<sup>n</sup>:** এখানে,  $\omega = \frac{2\pi}{T} = \frac{2 \times 3.14}{24 \times 60 \times 60} = 7.3 \times 10^{-5} \text{ rads}^{-1}$

$\therefore$  জড়তার ভ্রামক  $I = \frac{2}{5} Mr^2$


$= \frac{2}{5} \times 5.98 \times 10^{24} \times (6.37 \times 10^6)^2 = 9.7 \times 10^{37} \text{ kgm}^2$

$\therefore$  কৌণিক গতিশক্তি

$E_k = \frac{1}{2} I \omega^2 = \frac{1}{2} \times 9.7 \times 10^{37} \times (7.3 \times 10^{-5})^2 = 2.6 \times 10^{25} \text{ J (Ans.)}$

**Ex-02** H উচ্চতায় অবস্থিত M ভরের r ব্যাসার্ধের একটি নিরেট গোলক ঘুরতে ঘুরতে একটি নত তল নিয়ে যখন ভূমিতে নেমে আসে তখন গোলকটির গতি কত?

**Sol<sup>n</sup>:** প্রাথমিক অবস্থায় =  $MgH$ .



যখন পড়িয়ে পড়ে তখন কৌণিক গতিশক্তি ও রৈখিক গতিশক্তি লাভ করে

$\therefore$  রৈখিক গতিশক্তি  $E_1 = \frac{1}{2} Mv^2$

$\therefore$  কৌণিক গতিশক্তি  $E_2 = \frac{1}{2} I \omega^2 = \frac{1}{2} \times \frac{2}{5} Mr^2 \omega^2 = \frac{1}{5} Mv^2$

$\therefore$  চূড়ান্ত অবস্থান  $E = \frac{1}{2} Mv^2 + \frac{1}{5} Mv^2 = \frac{7}{10} Mv^2$

শক্তির সংরক্ষণশীলতা নীতি অনুসারে,  $MgH = \frac{7}{10} Mv^2 \therefore v = \sqrt{\frac{10}{7} gH}$  Ans.

**Ex-03** একটি লৌহ বল্লভ একটি অনুভূমিক মসৃণ তলে  $\omega$  সমকৌণিক বেগে পড়িয়ে চলছে। এর ভর M এবং ব্যাসার্ধ r। বল্লভটির মোট গতিশক্তি নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** জড়তার ভ্রামক  $I = Mr^2$

$\therefore$  ঘূর্ণন গতিশক্তি  $= \frac{1}{2} I \omega^2 = \frac{1}{2} Mr^2 \omega^2$

$\therefore$  রৈখিক গতিশক্তি  $= \frac{1}{2} Mv^2 = \frac{1}{2} M \omega^2 r^2$  [ $\therefore v = \omega r$ ]

$\therefore$  মোট গতিশক্তি = রৈখিক গতিশক্তি + ঘূর্ণন গতিশক্তি

$= \frac{1}{2} Mr^2 \omega^2 + \frac{1}{2} M \omega^2 r^2 = Mr^2 \omega^2$  Ans.

**Ex-04** খাড়া অবস্থায় রাখা 1 মিটার দণ্ডটি কাঁচ হয়ে পড়ে যায়। দণ্ডটি কি পরিমাণ কৌণিক বেগে ভূমিতে আঘাত করবে?

**Sol<sup>n</sup>:**

প্রাথমিক অবস্থায়,

$E_1 = Mgh = \frac{1}{2} Mg$



কাঁচ হয়ে পড়ে যাওয়ার কৌণিক গতিশক্তি অর্জন করে,  $E_2 = \frac{1}{2} I \omega^2$

$\Rightarrow E_2 = \frac{1}{2} \times \frac{Ml^3}{3} \times \omega^2 = \frac{1}{6} Ml^2 \omega^2$

শক্তির সংরক্ষণশীলতা নীতি অনুসারে,  $\frac{1}{2} Mg = \frac{1}{6} Ml^2 \omega^2$

$\Rightarrow 3g = \omega^2$  [ $l = 1\text{m}$ ]

$\Rightarrow \omega = \sqrt{3g} \text{ rad s}^{-1}$  Ans.

**For practice**

01. একটি সিলিন্ডারের ভর 50 kg এবং ব্যাসার্ধ 0.2m। সিলিন্ডারটির অক্ষের জড়তার ভ্রামক  $1 \text{ kgm}^2$ । সিলিন্ডারটি যখন  $2\text{ms}^{-1}$  বেগে আনুভূমিকভাবে থাকে তখন তার মোট গতিশক্তি কত? **Ans.** 15 J

**Hints** মোট গতিশক্তি  $E = E_k + E_o$

$= \frac{1}{2} Mv^2 + \frac{1}{2} I \omega^2$

$= \frac{1}{2} mv^2 + \frac{1}{2} I \left(\frac{v}{r}\right)^2$

02. 5 kg ভর ও 0.5m চক্রগতির ব্যাসার্ধবিশিষ্ট একটি চাকা প্রতি মিনিটে 3000 ঘুরছে। চাকার মোট গতিশক্তি নির্ণয় কর। **Ans.** 6 J

03. নির্দিষ্ট অক্ষের উপর ঘূর্ণায়মান একটি চুরি ধার দেওয়া পাথর স্থির থেকে  $0.40 \text{ rads}^{-1}$  গ্রন্থে ঘুরতে গতিশীল হয়

(i) 10s এ পাথরটির কৌণিক সরণ কত?

(ii) কতবার আবর্তিত হয়?

(iii) এই 10s সময়ে পাথরটির কৌণিক বেগ কত?

**Ans.** (i) 20 rad বা  $1145.9^\circ$ , (ii) 3.18, (iii)  $4 \text{ rads}^{-1}$

04. 400 kg ভর ও 1m ব্যাসার্ধের একটি নিরেট গোলক  $2\text{ms}^{-1}$  বেগে চলেছে। এর মোট গতিশক্তি কত? **Ans.** 1600 J

**Hints**  $I = \frac{2}{5} mr^2$  এবং  $K = \frac{1}{2} mv^2 + \frac{1}{2} I \omega^2$

05. একটি ত্রিভুজাকার অক্সিজেন অণু বিবেচনা কর। এ অণুটি তার কেন্দ্রে সেন্টার সাথে লম্বভাবে অতিক্রমকারী z অক্ষের সাপেক্ষে XY সমতলীয় ঘূর্ণনশীল। দুটি অক্সিজেন পরমাণুর পৃষ্ঠ দূরত্ব  $1.21 \times 10^{-10} \text{ m}$  এবং এর পরমাণুর ভর  $2.77 \times 10^{-26} \text{ kg}$  হলে z অক্ষের সাপেক্ষে অণুটির জড়তার ভ্রামক নির্ণয় কর। z অক্ষের সাপেক্ষে কৌণিক বেগ  $2.0 \times 10^{12} \text{ rads}^{-1}$  অণুটির গতিশক্তি কত? **Ans.**  $2.03 \times 10^{-38} \text{ kgm}^2$ ;  $4.06 \times 10^{-16} \text{ J}$

**Type- 11: কেন্দ্রঘূর্ণী বল সংক্রান্ত সমস্যাবলী**

**Ex-01** একটি সূতা  $16\pi^2 \times 10^4 \text{ dyne}$  অপেক্ষা বল বেশী হলে সহ্য করবে না। 50 gm ভরবিশিষ্ট একটি বস্তুর বেগে তিলাটিকে 50 cm ব্যাসের আনুভূমিক বৃত্তাকার পথে ঘুরানো হল। তিলাটি সেকেন্ডে সর্বোচ্চ কত আবর্তন করলে সূতাটি ছিঁড়বেনা?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $F = M\omega^2 r$

$\Rightarrow 16\pi^2 \times 10^4 = 50 \times \omega^2 \times 50$

$\therefore \omega = 8\pi$

যদি, প্রতি সেকেন্ডে n সংখ্যক বার আবর্তন করানো যাবে।

$\therefore n = \frac{\omega}{2\pi} = \frac{8\pi}{2\pi} = 4$  বার (Ans.)


**Ex-02** এক কিলোগ্রাম ভরবিশিষ্ট একটি পাথরকে 500 cm/sec বেগে উল্লম্ব 50 cm ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তপথে ঘুরানো হচ্ছে। পাথরটির সর্বোচ্চ কত সূতার টান কত?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,

$\frac{mv^2}{r} = T + mg \Rightarrow T = m \left( \frac{v^2}{r} - g \right)$

$\Rightarrow T = 10^3 \left( \frac{500 \times 500}{50} - 980 \right)$

$\therefore T = 4.02 \times 10^6 \text{ dyne Ans.}$





১২. ব্যাসার্ধের বৃত্তীয় পথে সুস্থ গতিতে ঘূর্ণায়মান একটি বস্তুর কেন্দ্র থেকে প্রতি  $1.6 \text{ ms}^{-1}$  এবং কৌণিক ত্বরণ  $16 \text{ rads}^{-2}$  হলে (i) বস্তুর তৈরিকাল (ii) ত্বরণ ভেক্টর পরিভ্রমণ পথের সাথে কত ডিগ্রী কোণ উৎপন্ন করে?

সমাধান:  $a_r = ar$ ;  $a_c = \frac{v^2}{r}$   
 $a = 0.5 \times 16 = 8 \text{ ms}^{-2}$   $\therefore a_c = \frac{(1.6)^2}{0.5} = 5.12 \text{ ms}^{-2}$   
 $a = \sqrt{a_r^2 + a_c^2} = \sqrt{8^2 + (5.12)^2} = 9.50 \text{ ms}^{-2}$   
 $\tan \theta = \frac{a_c}{a_r} = \frac{5.12}{8} = 0.64 \therefore \theta = 32.6^\circ \text{ Ans.}$

১৩. একটি সুতার একপ্রান্তে  $1 \text{ kg}$  ভরের একটি পাথর বেধে আনুভূমিকভাবে ঘোরানো হচ্ছে। সুতার দৈর্ঘ্য  $1 \text{ m}$  এবং সুতটি যদি  $100 \text{ N}$  এর টান সহ্য করতে না পারে তবে সুতা না ছিঁড়ে পাথরটিকে সর্বোচ্চ কত ঘূর্ণন ঘোরানো যেতে পারে এবং প্রতি মিনিটে সর্বোচ্চ কতবার ঘুরবে?

সমাধান:  $F = \frac{mv^2}{r} \Rightarrow v^2 = \frac{100 \times 1}{1} \Rightarrow v = 10 \text{ ms}^{-1}$   
 $v = r\omega \Rightarrow 10 = \omega \times 1 \therefore \omega = 10 \text{ rad/s}$   
 প্রতি মিনিটে ঘূর্ণন সংখ্যা =  $\frac{60 \times 10}{2 \times \pi} = 95.49 \text{ rad (Ans.)}$

**For practice**

১৪. ঘোর একটি পাথরকে  $0.6 \text{ m}$  দীর্ঘ একটি সুতার সাহায্যে বেধে অপর প্রান্তে ঘোরানো আনুভূমিক বৃত্তাকার পথে প্রতি মিনিটে  $150$  বার ঘুরানো হয়। সুতার টান নির্ণয় কর।

Ans.  $29.6 \text{ N}$

১৫. অর্ধবিশিষ্ট একটি পাথরকে  $10 \text{ ms}^{-1}$  বেগে উলচতলে  $10 \text{ m}$  দীর্ঘ অর্ধবিশিষ্ট বৃত্তাকার পথে হালকা সুতার সাহায্যে বেধে ঘুরানো হচ্ছে। সর্বোচ্চ ও সর্বনিম্ন অবস্থানে সুতার টান নির্ণয় কর। [যেখানে সর্বোচ্চ ও সর্বনিম্ন বিন্দুতে সুতার বেগ অসমান]

Ans.  $20 \text{ N}$  এবং  $1980 \text{ N}$

১৬. অর্ধবিশিষ্ট একটি পাথরকে একটি সুতার সাহায্যে বেধে পাথরটি উলচতলে ঘোরানোর বৃত্তপথে  $5 \text{ ms}^{-1}$  বেগে ঘোরানো হচ্ছে, পাথরটি যখন (i) বৃত্তের সর্বোচ্চ, (ii) বৃত্তের কেন্দ্রের সাথে এক সোজায়ে, (iii) বৃত্তের সর্বনিম্ন বিন্দুতে তখন কত সুতার টান কত হবে? Ans. (i)  $40.2$ , (ii)  $50 \text{ N}$  (iii)  $59.8 \text{ ms}^{-1}$

১৭. একটি আমর গোলকের ভর  $0.05 \text{ kg}$ । একে  $2 \text{ m}$  দীর্ঘ একটি সুতার এক প্রান্তে বেধে প্রতি সেকেন্ডে  $5$  বার ঘোরানো হয়। গোলকটির কৌণিক ত্বরণ বেগ কত? কেন্দ্রস্থলী বল কত? Ans.  $6.28 \text{ kgm}^{-2}\text{s}^{-2}$ ;  $98.6 \text{ N}$

১৮. ঘোর একটি পাথরকে  $12 \text{ m}$  দীর্ঘ একটি সুতার সাহায্যে বেধে আনুভূমিক তলে ঘোরানো হচ্ছে। সুতটি সর্বোচ্চ  $19.6 \text{ N}$  টান সহ্য করতে পারে। সুতা না ছিঁড়ে পাথরটিকে সর্বোচ্চ কত সঞ্জনিত ঘুরানো যেতে পারে? Ans.  $10.84 \text{ ms}^{-1}$

$F_c = \frac{mv^2}{r}$

**Type- 12: রাস্তার ব্যাংকিং সংক্রান্ত সমস্যাবলী**

১৯.  $80 \text{ m}$  ব্যাসার্ধের আনুভূমিক রাস্তায় সর্বোচ্চ কত সঞ্জনিত মোড় নেওয়া সম্ভব যদি  $\mu_s = 0.49$  হয়।

সমাধান:  $\mu_s = \tan \theta = \frac{F_c}{R}$   
 অতএব,  $\tan \theta = \frac{v^2}{rg} \Rightarrow \mu_s = \frac{v^2}{rg}$   
 $v = \sqrt{\mu_s \times r \times g} \Rightarrow v = \sqrt{0.49 \times 80 \times 9.8} \therefore v = 19.6 \text{ ms}^{-1} \text{ Ans.}$

Ex-02.  $100 \text{ m}$  ব্যাসের বৃত্তাকার পথে পথে কোন মোটির সাইকেল আরোহী কত বেগে ঘুরলে তিনি আনুভূমিকের সাথে  $60^\circ$  কোণে আনত থাকবেন?

Sol: আমরা জানি,  $\tan \theta = \frac{v^2}{rg}$   
 $\Rightarrow v = \sqrt{\tan 30^\circ \times 9.8 \times 50}$   
 $\therefore v = 16.82 \text{ ms}^{-1} \text{ Ans. } 16.82 \text{ ms}^{-1}$

Ex-03. রেললাইনের একটি বাঁকের ব্যাসার্ধ  $98 \text{ m}$  এবং সাইনের দুই পাতেব মধ্যবর্তী দূরত্ব  $1.525 \text{ m}$ । ভিতরের পাত অপেক্ষা বাইরের পাত কতখানি উঁচু হলে বাইরের পাতে কোনরূপ চাপ প্রয়োগ না করে একটি ট্রেন  $9.8 \text{ ms}^{-1}$  দ্রুতিতে বাঁক নিতে পারবে?

Sol: আমরা জানি,  $\tan \theta = \frac{v^2}{rg} \Rightarrow \tan \theta = \frac{(9.8)^2}{98 \times 9.8} = 0.1 \therefore \tan \theta = 0.1$   
 $\theta$  এর মান খুঁজ বলে  $\tan \theta = \sin \theta = \frac{h}{x}$  লেখা যায়-  
 $\sin \theta = 0.1 = \frac{h}{x} \Rightarrow h = 0.1 \times 1.525 \therefore h = 0.1525 \text{ m Ans.}$

**For practice**

01. একটি রাস্তা  $60 \text{ m}$  ব্যাসার্ধে বাঁক নিয়েছে, ঐ স্থানে রাস্তাটি  $6 \text{ m}$  চওড়া এর ভিতরের কিনারা হতে বাইরের কিনারা  $0.6 \text{ m}$  উঁচু। সর্বোচ্চ কত বেগে ঐ স্থানে নিরাপদে বাঁক নেয়া সম্ভব? Ans.  $7.67 \text{ ms}^{-1}$

Hints  $\tan \theta = \frac{v^2}{rg} = \sin \theta$

02. একটি রেললাইনের বাঁকের ব্যাসার্ধ  $200 \text{ m}$  এবং রেললাইনের পাতভয়ের মধ্যবর্তী দূরত্ব  $1 \text{ m}$ ; যতীয়  $50.4 \text{ km}$  বেগে চলত গাড়ীকে ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যাংকিং এর জন্য বাইরের সাইনের পাতকে ভিতরের সাইনের পাত অপেক্ষা কতটুকু উঁচু করতে হবে? Ans.  $0.1 \text{ m}$

Hints  $\tan \theta = \frac{v^2}{rg} = \sin \theta = \frac{h}{x} \Rightarrow \frac{v^2}{rg} = \frac{h}{x}$

03. ট্রেন যে স্থানে যতীয়  $25 \text{ km}$  বেগে চলে সে স্থানে রেললাইনের বাঁকের ব্যাসার্ধ  $400 \text{ m}$ । রেল দুটির মধ্যবর্তী দূরত্ব  $1.5 \text{ m}$  হলে যথোপযুক্ত ব্যাংকিং এর জন্য বাইরের রেল ভেতরের রেল হতে কতখানি উঁচু থাকবে? Ans.  $1.84 \text{ cm}$

**Type- 13: বিবিধ সমস্যাবলী**

01. একটি মোটির  $80 \text{ Nm}$  মানের টর্ক উৎপন্ন করে প্রতি সেকেন্ডে  $10$  বার ঘুরছে এর ক্ষমতা নির্ণয় কর।

Sol: আমরা জানি,  $P = \tau \omega \Rightarrow P = 80 \times \frac{2 \times 3.14 \times 10}{1}$   
 $\therefore P = 5026.55 \text{ W Ans.}$

02.  $m$  ভরের একটি বস্তুর একটি সুতার অগ্রভাগে বাঁধা অবস্থায় একটি ঘর্ষণবিহীন টেবিলের উপর  $0.60 \text{ m}$  ব্যাসার্ধের বৃত্তাকার পথে  $2.4 \text{ ms}^{-1}$  বেগে ঘূর্ণায়মান সুতার অপর প্রান্তে টেবিলের মধ্যে একটি ছিদ্র দিয়ে নিচে নামানো আছে এখন সুতাটিকে নিচের দিকে টেনে বস্তুর বৃত্তাকার পথের ব্যাসার্ধ  $0.4 \text{ m}$  করা হলে বস্তুর বেগ কত হবে?

Sol:  $I_1 \omega_1 = I_2 \omega_2 \Rightarrow m_1 r_1^2 \omega_1 = m_2 r_2^2 \omega_2$   
 $\Rightarrow r_1^2 \omega_1 = r_2^2 \omega_2$   
 $\Rightarrow v_1 r_1 = v_2 r_2 \quad [v = \omega r] \quad [m_1 = m_2 = m]$   
 $\Rightarrow v_2 = \frac{v_1 \times r_1}{r_2}$   
 $\Rightarrow v_2 = \frac{2.4 \times 0.6}{0.4} \therefore v_2 = 3.6 \text{ ms}^{-1} \text{ Ans.}$



# BUET, KUET, CUET & RUET

## [বিগত প্রশ্ন ও সমাধান]

### Written Part

#### BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি 8 kg ভরের চাকার চক্রগতির ব্যাসার্ধ 25 cm হলে এর জড়তার সামক কত হবে? চাকাটিতে 3 rad/s<sup>2</sup> কৌণিক ত্বরণ সৃষ্টি করতে কত মানের টর্ক প্রয়োগ করতে হবে? [17-18]

**Solve** জড়তার সামক,  $I = MK^2$

$$= 8 \times (0.25)^2$$

$$= 0.5 \text{ kgm}^2$$

$$\text{টর্ক } \tau = I\alpha = 0.5 \times 3 = 1.5 \text{ Nm}$$

Ans.

02. 3kg ভরের বস্তুর উপর একটি বল ত্রিমাত্রিক আছে। বস্তুর অবস্থান সমীকরণ  $x = 3t - 4t^2 + t^3$ , যেখানে x এর মান মিটারে এবং t এর মান সেকেন্ডে।  $t = 0$  হতে  $t = 4$  সেকেন্ড সময়ে বলটি দিয়ে বস্তুর উপর কৃতকার্যের পরিমাণ নির্ণয় কর। [16-17]

**Solve** We know,  $F = ma = m \frac{d^2x}{dt^2}$

$$= m \frac{d^2}{dt^2} (3t - 4t^2 + t^3)$$

$$= m \frac{d}{dt} (3 - 8t + 3t^2)$$

$$= m(-8 + 6t)$$

Now,

$$W = \int_{x_1}^{x_2} F \cdot dx \quad \left| \begin{array}{l} x = 3t - 4t^2 + t^3 \\ \therefore dx = (3 - 8t + 3t^2) dt \end{array} \right.$$


$$= \int_0^4 F(3 - 8t + 3t^2) dt = m \int_0^4 (-8 + 6t)(3 - 8t + 3t^2) dt$$

$$= m \int_0^4 (18t^3 - 72t^2 + 82t - 24) dt$$

$$= 3 \left[ \frac{18t^4}{4} - \frac{72t^3}{3} + \frac{82t^2}{2} - 24t \right]_0^4$$

$$= 3 [176 - 0] = \boxed{528 \text{ J}} \text{ Ans.}$$

03. [15-16]



$$T_1 = ?$$

$$T_2 = ?$$


**Solve** আমরা পাই,

$$\frac{F}{\sin 75^\circ} = \frac{T_2}{\sin 135^\circ} = \frac{T_1}{\sin 150^\circ}$$

$$\therefore T_1 = \left( \frac{50 \times 9.8}{\sin 75^\circ} \times \sin 135^\circ \right) \text{ N}$$

$$\Rightarrow T_2 = 358.70 \text{ N}$$

$$\therefore T_1 = \left( \frac{50 \times 9.8}{\sin 75^\circ} \times \sin 150^\circ \right) = 253.64 \text{ N}$$



04. 4, 5 এবং 6 একক ভরের তিনটি কণার স্থানাঙ্ক যথাক্রমে (4, 0, -2, 3) এবং (2, 1, 4) হলে x অক্ষের সাপেক্ষে তাদের জড়তার চক্রগতির ব্যাসার্ধ নির্ণয় কর। [14-15]

**Solve**

$$1\text{ম কণার জন্য } I_1 = mr_1^2 = 4 \times \{\sqrt{4^2 + 0^2}\}^2 = 64 \text{ একক}$$

$$2\text{য় কণার জন্য } I_2 = m_2 r_2^2 = 5 \times \sqrt{(3)^2 + (-2)^2} = 65 \text{ একক}$$

$$3\text{য় কণার জন্য } I_3 = m_3 r_3^2 = 6 \times \sqrt{(2)^2 + (1)^2} = 30 \text{ একক}$$

$$\text{মোট ক্রমক, } I = \sum I = 159 \text{ একক}$$

$$\text{চক্রগতির ব্যাস, } K = \sqrt{\frac{I}{m}} = \sqrt{\frac{159}{15}} = 3.2558 \text{ একক Ans.}$$

05. একটি বস্তুর ঘটার 36 km বেগে ভূমির উপর দিয়ে পিছলে যেতে অবশেষে স্থির অবস্থায় আসলো। বস্তু ও ভূমির মধ্যে ঘর্ষণ গুণক 0.2 বস্তুর স্থির অবস্থায় আসার পূর্বে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। [09-10]

**Solve**

$$\text{সুস্থমতে, } F_f = \mu_k R = \mu_k mg$$

$$\therefore \text{মন্দন, } a = \frac{F_f}{m} = \frac{\mu_k mg}{m} = \mu_k g$$

$$\therefore v^2 - u^2 = 2as$$

$$\Rightarrow s = \frac{v^2 - u^2}{2a} = \frac{0^2 - 10^2}{2 \times 0.2 \times 9.8}$$

$$\therefore s = 25.51 \text{ m}$$

কর্মদক্ষতা,  $\eta = \frac{\text{কার্যকর শক্তি}}{\text{প্রদত্ত মোট শক্তি}} = \left( \frac{E_2}{E_1} \right) \times 100\%$

কোন যন্ত্রের কর্মদক্ষতা 80% বলতে বোঝায়, 100 একক শক্তি সরবরাহ করলে তার মাত্র 80 একক শক্তি কাজে লাগবে এবং 20 একক শক্তির অপচয় হবে।

বল দু'প্রকার। সংরক্ষণশীল বল এবং অসংরক্ষণশীল বল। যে বল কোন বস্তুর উপর ক্রিয়া করলে তাকে যে কোন পথে ঘুরিয়ে পুনরায় প্রাথমিক অবস্থানে আনলে বল কর্তৃক কৃতকাজ শূন্য হয়, তাকে সংরক্ষণশীল বল বলে।

অপরদিকে কোন বলের ক্রিয়া অভিমুখ যদি বস্তুর গতি অভিমুখের উপর নির্ভর না করে, তবে তা অসংরক্ষণশীল।

কোন উৎসের কাজ করার হারকে ক্ষমতা বলে। ক্ষমতা  $P = W/t$

ক্ষমতার একক ওয়াট (W)

এক অর্ধক্ষমতা = 746 জুল/সেকেন্ড = 746 ওয়াট

ক্ষমতার মাত্রা সমীকরণ  $[ML^2T^{-3}]$

$1 \text{ kWh} = 3.6 \times 10^6 J$

কাজ,  $W = \vec{F} \cdot \vec{S} = FS \cos \theta$

অতিকর্ষ কাজ = অতিকর্ষজ বিভব শক্তি =  $mgh$  আনত তল বরাবর হলে,  $mgh(\sin \alpha)$

গতিশক্তি  $E_k = \frac{1}{2}mv^2 = \frac{P^2}{2m}$  [P = ভরবেগ]

কাজ শক্তি উপপাদ্য,  $\Delta W = E_2 - E_1 = \frac{1}{2}m(v_2^2 - v_1^2)$

ঘূর্ণনের ক্ষেত্রে কৃত কাজ  $W = \tau(\theta_2 - \theta_1)$

ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তি  $k = \frac{1}{2}I\omega^2$

চলন ঘূর্ণন গতিসম্পন্ন বস্তুর গতিশক্তি  $k = \frac{1}{2}MV^2 + \frac{1}{2}I\omega^2$

অতিকর্ষের টানে মুক্তভাবে পড়ন্ত বস্তুর t-তম সেকেন্ডে হারানো স্থিতিশক্তি বা অর্জিত গতিশক্তির পরিমাণ  $= \frac{1}{2}mg^2(2t-1)$

ভারকেন্দ্রের সরণ জনিত কৃতকাজ = অতিকর্ষ বল × ভারকেন্দ্রের সরণ

স্প্রিং এর স্থিতিশক্তি,  $F_p = \frac{1}{2}kx^2$

গতিশক্তি,  $E_k = \frac{1}{2}k(A^2 - x^2)$  মোট শক্তি,  $E = E_p + E_k = \frac{1}{2}kA^2$

বস্তু উপর থেকে নিচে ফেলা হলে কাজ =  $mgh$

বস্তুকে নিচের থেকে উপরে উঠানো হলে কাজ =  $-mgh$

স্প্রিং বল দ্বারা কৃতকাজ,  $W = -\frac{1}{2}kx^2$

স্প্রিং বলের বিপরীতে কৃতকাজ,  $W = \frac{1}{2}k(x_2^2 - x_1^2)$



- শিশু এর বিভব শক্তি,  $U = \frac{1}{2} mgL$   $\frac{1}{2} KL^2 \approx \frac{1}{2} \frac{mgL^2}{L}$
- মহাকর্ষ বল দ্বারা কৃতকাজ,  $W = GMm \left( \frac{1}{r_2} - \frac{1}{r_1} \right) \approx \frac{1}{2} mgL$
- সম-দ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান বস্তুর উপর প্রযুক্ত কেন্দ্রমুখী বল দ্বারা কৃতকাজ :  $W = FS \cos 90^\circ = 0$
- গ্যাসের আয়তন পরিবর্তনকারী বলের জন্য কৃতকাজ :  $W = P\Delta V$
- ক্ষমতা,  $P = \frac{W}{t} = \frac{FS \cos \theta}{t} = Fv \cos \theta = \vec{F} \cdot \vec{v}$
- কার্যদক্ষতা,  $\eta = \frac{P_{output}}{P_{input}}$
- সরলদোলকের ক্ষেত্রে সুতার দৈর্ঘ্য  $l$  এবং কোণিক বিস্তার  $\alpha$  হলে, সাম্যাবস্থান অতিক্রমকালে বেগ,  $V_{max} = 2\sqrt{gl} \sin \frac{\alpha}{2} / mgL(1 - \cos \theta)$   
রৈখিক বিস্তার  $d$  হলে,  
 $V_{max}^2 = 2gh = 2g(l - \sqrt{l^2 - d^2})$   $[h = l - \sqrt{l^2 - d^2}]$

হাতুড়ি পেরেক সংক্রান্ত সমস্যা:

$F_x = \Delta mv$

$m$  ভরের একটি হাতুড়ি দ্বারা নগন্য ভরের কোন দেয়ালের উপর বসিত একটি পেরেককে  $V$  বেগে আঘাত করায় পেরেকটি দেয়ালে  $x$  দূরত্ব গভীরে প্রবেশ করবে। দেয়ালের বাধা  $F$  হলে,  
(i)  $Fx = \frac{1}{2} mv^2 + mgx$  [যখন দেয়াল অনুভূমিক] (ii)  $Fx = \frac{1}{2} mv^2$  [যখন দেয়াল উল্লম্ব]

পাথর স্তম্ভ তৈরিতে কৃতকাজ:  
 $n$  সংখ্যক পাথরখণ্ড যাদের প্রত্যেকের ভর  $m$  এবং উচ্চতা  $h$ , পরস্পর সাজিয়ে উঁচু স্তম্ভ সাজানো হল।  
কৃতকাজ,  $W = 0 + mgh + mg \cdot 2h + mg \cdot 3h + \dots + mg(n-1)h$   
 $= mg[h + 2h + 3h + \dots + (n-1)h]$   
 $= mg \cdot \frac{(n-1)n}{2} h = (n-1)mg \frac{nh}{2}$

পানি মেঘে পরিণত করতে কৃতকাজ:  
 $W = mgh = V\rho gh = A\rho gh$   
 $\therefore W = \text{ক্ষেত্রফল} \times \text{পুরুত্ব} \times \text{ঘনত্ব} \times g \times \text{উচ্চতা}$

গুলি-তক্তা সংক্রান্ত সমস্যা:  
 $m$  ভরের কোন গুলি  $V$  বেগ নিয়ে কোন দেয়ালে বা কাঠের তক্তার ভিতর  $s$  দূরত্ব ভেদ করে যেমে গেলে,  $\frac{1}{2} mv^2 = Fx$   
অতিকর্ষের প্রভাবে  $h$  উচ্চতা হতে মুক্তভাবে পতনশীল বস্ত্র ভূমিতে পড়ার পর কাঁদার ভিতর  $s$  দূরত্ব পর্যন্ত পৌঁছালে, কাঁদার প্রযুক্ত গড় বল—  
 $F = \frac{mg(h+s)}{s}$

পরিবর্তনশীল বল দ্বারা কৃতকাজ,  $W = \int_{x_1}^{x_2} F(x) dx$

- জানা থাকে ভালো:
- বলের ঘাত ও কাজ কিভাবে সম্পর্কিত:  
বলের ঘাত এবং কাজ উভয়ই বস্তুর উপর বলের জিয়ার ফলাফল। ঘাত ও ভরবেগের পরিবর্তন ঘটায় কিন্তু কাজ বস্তুর গতিশক্তির পরিবর্তন ঘটায়। ঘাত ও কাজ পরস্পর সমানুপাতে বস্তুর মধ্যে জিয়া করে না। যদি দু'দু'ই সমানুপাতিক হতো, তবে ঘাত ও কাজ পরস্পর সমানুপাতিক হতো।
- গতিশক্তি কি ঋণাত্মক হতে পারে?  
বস্তুর ভর কখনও ঋণাত্মক হয় না কিন্তু বেগ ঋণাত্মক বা ঋণাত্মক হতে পারে। গতিশক্তিতে বেগের বর্গ ব্যবহৃত হয় ( $E = \frac{1}{2} mv^2$ ), বা সর্বদাই ধনাত্মক দেয়। তাই গতিশক্তি, কখনও ঋণাত্মক হতে পারে না।
- বিভবশক্তি কি ঋণাত্মক হতে পারে?

ধরি, PQ ভূমি অবস্থা যেখানে  $h$  এর মান শূন্য। ভূপৃষ্ঠের নিচে  $h$  দূরত্বে কোনো বস্তুর বিভবশক্তি নির্ণয়ে  $-h$  ব্যবহার করতে হবে। সেক্ষেত্রে বিভবশক্তি  $-mgh$  অর্থাৎ বিভবশক্তি ঋণাত্মক হতে পারে।  
স্থিতিশক্তির মান কী পথের উপর নির্ভর করে? নিচের চিত্রটি লক্ষ্য করো,

$W = mg \sin \theta \times AB$   
 $\sin \theta = \frac{BC}{AB}$ ;  $w = mg \times \frac{BC}{AB} \times AB = mgBC = mgh$   
সুতরাং, স্থিতিশক্তির মান পথের প্রকৃতির উপর নির্ভর করে না। যে পথে বস্তুরকে স্থানান্তর করা হোক, স্থিতিশক্তি উচ্চতার ( $h$ ) উপর নির্ভর করে।  
অসমান ভরের দুটি বস্তুর ভরবেগ সমান হলে হালকা বস্তুর গতিশক্তি ভারী বস্তুর গতিশক্তির চেয়ে বেশি হয়।

**Shortcut**

- $v_2 = \sqrt{\frac{E_2}{E_1}} \times v_1$
- $300 \text{ Nm}^{-1}$  বল ধ্রুবক সম্পন্ন একটি শিশুকে কতটুকু সংকুচিত করতে কাজ করা হবে?  
Sol.  $x = \sqrt{\frac{2W}{k}} = \sqrt{\frac{2 \times 1.5}{300}} = 0.1 \text{ m}$
- একটি ইটের দৈর্ঘ্য  $0.24 \text{ m}$ , প্রস্থ  $0.12 \text{ m}$  এবং উচ্চতা  $0.06 \text{ m}$ । এর ভর  $2 \text{ kg}$ । ইটের দৈর্ঘ্যকে আনুভূমিক অবস্থান হতে উল্লম্ব অবস্থানে কৃতকাজ নির্ণয় কর।  
Sol.  $w = \frac{mg(h_2 - h_1)}{2} = \frac{2 \times 9.8(0.24 - 0.06)}{2} = 1.764 \text{ J}$
- একটি রাইফেলের গুলি নির্দিষ্ট পুরুত্বের 1টি তক্তা ভেদ করতে পারে। 16টি তক্তা ভেদ করতে হলে বেগ কতগুণ করতে হবে।  
Sol. বেগের মান  $= \sqrt{\text{ভেদকৃত তক্তার সংখ্যা}} = \sqrt{16} = 4$  গুণ
- $60 \text{ m}$  উচ্চতা থেকে একটি বস্তুরকে বিনা বাধায় পড়তে দিলে ভূমি থেকে উচ্চতায় উহার গতিশক্তি বিভব শক্তির দ্বিগুণ হবে।  
Sol.  $x = \frac{h}{n+1} = \frac{60}{2+1} = 20 \text{ m}$




এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে  
নিম্নোক্ত Type-এ শ্রেণীভুক্ত করা যায়।

**Type-01 : কাজ সংক্রান্ত সমস্যা**

5m দীর্ঘ একটি আনত তলের শীর্ষ বিন্দু থেকে ভূমির দূরত্ব 3m। 10Kg ভরের একটি বস্তুকে তলের পাদদেশ থেকে শীর্ষ বিন্দুতে সমবেগে টেনে তুলতে তলের সমান্তরালে কত কাজ করতে হবে? তলটি ঘর্ষণহীন এবং  $g = 9.8 \text{ ms}^{-2}$

সমাধান,

(i)  $W = Fx$  ——— (i)  
কাজ তলের সমান্তরালে  
কাজের হিসাব করতে হবে,  
যদি তল বস্তুকে বস্তু এবং  
কাজ তলের সৈধ্য হিসাব করব।



$F = mg \sin \theta = mg \times \frac{3}{5}$  [∵  $\sin \theta = \frac{3}{5}$ ]

∴  $W$  হতে

$W = Fx = mg \times \frac{3}{5} \times x = 10 \times 9.8 \times \frac{3}{5} \times 5 = 294 \text{ J Ans.}$

একটি বালক 10kg ভরের একটি বস্তুকে আনুভূমিক তলের সাথে  $45^\circ$  কোণে বহর টেনে নিয়ে যাচ্ছে। তল বরাবর সমবেগে টেনে 10m সরতে বস্তুটির কত কাজ করতে হবে? (তলের গতিয় ঘর্ষণ গুণক 0.2 এবং  $g = 9.8 \text{ ms}^{-2}$ )

সমাধান,


$W = Fx \cos \theta$  ——— (i)

সরল,  $f = \mu_k R$  ——— (ii)

কোন  $F$  বলের যে উপাংশ দ্বারা কাজ হবে তার পরিমাণ  $F \cos \theta$  এবং ঘর্ষণ বল  $F$  এর সমান,

∴  $f = F \cos \theta$

এক অভিলম্বিত প্রতিবন্ধকতা  $R = mg - F \sin \theta$



(ii)  $f$  এর  $F$  ও  $R$  এর মান বসাই,

$F \cos \theta = \mu_k (mg - F \sin \theta)$

∴  $F = \frac{mg \mu_k}{\cos \theta + \mu_k \sin \theta}$


$W$  এর  $F$  এর মান বসাই,  $W = \frac{mg \mu_k}{\cos \theta + \mu_k \sin \theta} \cdot x \cos \theta$

$\frac{10 \times 9.8 \times 0.2}{\cos 45^\circ + 0.2 \sin 45^\circ} \cdot 10 \times \cos 45^\circ = 163.3 \text{ J (Ans.)}$

144 kg ভরের এক ব্যক্তি 65 kg ভরের একটি বোকা নিয়ে 2 m দীর্ঘ একটি সিঁড়ি বেয়ে 2 min এ উপরে ওঠে। যদি সিঁড়িটু আনুভূমিকের সাথে  $30^\circ$  কোণে আনত থাকে, তাহলে সম্পন্ন কাজের পরিমাণ নির্ণয় কর।

সমাধান:  $w = mgh$

$= mg x \sin \theta$   
 $= (144 + 65) \times 9.8 \times 2 \times \sin 30^\circ$   
 $= 2048.2 \text{ J}$



**Ex-04**  $7 - 2x - 3x^2 \text{ N}$  মানের একটি বল 2 kg ভরের একটি ছুঁত বস্তুর উপর ক্রিয়া করছে এবং বস্তুটিকে বলের দিকে  $x = 0$  অবস্থান হতে  $x = 5$  অবস্থানে নিয়ে যায়। বলের দ্বারা কৃতকাজের পরিমাণ কত? (গিয়াস উদ্দিন)

Sol<sup>n</sup>: কৃত কাজের পরিমাণ:

$w = \int_0^5 F \cdot dx = \int_0^5 (7 - 2x + 3x^2) dx$   
 $= \left[ 7x - \frac{2x^2}{2} + \frac{3x^3}{3} \right]_0^5 = [7x - x^2 + x^3]_0^5$   
 $= 135 - 0 = 135 \text{ J (Ans.)}$

**Ex-05** 2kg ভরের একটি বস্তুর উপর  $(3\hat{i} + \hat{j}) \text{ N}$  সুস্থম বল ক্রিয়া করছে। বল প্রয়োগের ফলে বস্তুটির  $(2\hat{i} + \hat{k}) \text{ m}$  অবস্থান হতে  $(4\hat{i} + 3\hat{j} - \hat{k})$  অবস্থানে সরণ ঘটলো। কাজের পরিমাণ নির্ণয় কর।

Sol<sup>n</sup>: কাজ,  $W = \vec{F} \cdot \vec{S}$

সরণ,  $\vec{S} = \vec{r}_2 - \vec{r}_1 = (4\hat{i} + 3\hat{j} - \hat{k}) - (2\hat{i} + \hat{k}) = (2\hat{i} + 3\hat{j} - 2\hat{k}) \text{ m}$   
∴  $W = \vec{F} \cdot \vec{S} = (3\hat{i} + \hat{j}) \cdot (2\hat{i} + 3\hat{j} - 2\hat{k})$   
 $= 3 \times 2 + 1 \times 3 + 0 \times (-2) = 6 + 3 + 0 = 9 \text{ J (Ans.)}$

**For practice**

- 70kg ভরের এক ব্যক্তি 20kg ভরের একটি বোকা নিয়ে 6m দীর্ঘ একটি সিঁড়ি বেয়ে উপরে উঠলো। সিঁড়িটি আনুভূমিক তলের সাথে  $30^\circ$  কোণ উৎপন্ন করলে ঐ ব্যক্তি কত কাজ করলো নির্ণয় কর। **Ans. 2646J**
- একজন লোক একটি টেবিলের পাশে 600N এর একটি বল প্রয়োগ করে। ফলে টেবিলটি 2m দূরত্ব সরে যায়। কৃতকাজ কত হবে, যদি স্তল ও বল (i) একই দিকে হয়, (ii) একটি অপরটির লম্ব অভিমুখে হয়, (iii) বিপরীত দিকে হয়? **Ans. (i) 1200J, (ii) 0, (iii) - 1200J**
- দালানের ছাদের সাথে লাগানো 10m দীর্ঘ একটি মই আনুভূমিকের সাথে  $30^\circ$  কোণে আছে। 80 kg ভরের এক ব্যক্তি একটি 10 kg ভরের বোবাসহ মই বেয়ে 10s সময়ে ছাদে উঠে। লোকটির কাজ ও ক্ষমতা নির্ণয় কর। **Ans.  $4.41 \times 10^3 \text{ J}$ ;  $4.41 \times 10^2 \text{ W}$**
- 5m দৈর্ঘ্যের একটি মই AB এর ভর 25 kg এবং অরকল্প B প্রান্ত হতে A এর দিকে 3m দূরে অবস্থিত। A প্রান্তে 5 kg ভরের বস্তু যুক্ত করে B প্রান্তকে মটিতে রেখে আনুভূমিক অবস্থান হতে মইটি খাড়া করতে কত কাজ সম্পন্ন হবে। **Ans. 980 J**
- একটি কণার উপর  $\vec{F} = (6\hat{i} - 3\hat{j} + 2\hat{k}) \text{ N}$  বল প্রয়োগে কণাটির  $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - \hat{k}) \text{ m}$  সরণ হয়। বল কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ নির্ণয় কর। **Ans. 4 J**

**Type-02**  
গতিশক্তি ও স্থিতিশক্তি সংক্রান্ত সমস্যা

**Ex-01** h মিটার উঁচু একটি স্থান হতে একটি বস্তু পড়ে গেলে, কোথায় এর গতিশক্তি স্থিতিশক্তির অর্ধেক হবে?

Sol<sup>n</sup>: ধরি, ভূমি হতে x মিটার উচ্চতায় বস্তুর গতিশক্তি স্থিতিশক্তির অর্ধেক হবে। যদি বস্তুর ভর m হয় তবে x উচ্চতায় বস্তুর স্থিতিশক্তি =  $mgx$

উক্ত স্থানে বস্তুর গতিশক্তি =  $\frac{1}{2} mv^2$

∴  $\frac{1}{2} mv^2 = \frac{1}{2} m(v_0^2 + 2g(h-x)) = \frac{1}{2} m \times 2g(h-x)$  ∴  $v_0 = 0$   
 $= mg(h-x)$

প্রথমতে,  $mg(h-x) = \frac{1}{2} mgx$

∴  $h-x = \frac{1}{2} x$  বা,  $2h-2x-x$  বা,  $x = \frac{2}{3} h$

∴ ভূপৃষ্ঠ হতে  $\frac{2}{3} h$  মিটার উচ্চতায় গতিশক্তি স্থিতিশক্তির অর্ধেক হবে।



**Ex-02** কোন গাছের ডালে একটি আম তুলছিল। একজন লোক আমটি লাফা করে খাড়া উপরের দিকে একটি পাথর ছুড়লেন। আমটিকে আঘাত করার সময় পাথরটির বেগ  $9.8 \text{ ms}^{-1}$ । যদি ঐ লোক আগের তুলনায় অর্ধেক শক্তি ব্যয় করেন তবে পাথরটি কেবল আমটির উচ্চতায় পৌঁছতে পারে, আমটির উচ্চতা কত?

**Sol**<sup>n</sup>: দেওয়া আছে,

অন্যবেগ =  $v_0$  এবং আমটিকে আঘাত করার সময় বেগ  $V$  হলে

$$\frac{1}{2} m (v_0^2 - v^2) = mgh \text{ ----- (i)}$$

২য় ক্ষেত্রে,

$$\frac{1}{2} m v_0^2 \times \frac{1}{2} = mgh \text{ ----- (ii)}$$

$$\therefore v_0^2 = 4gh \text{ এখন (i) হতে, } v^2 = 2gh$$

$$\therefore h = 4.9 \text{ m} \quad [\because v = 9.8 \text{ ms}^{-1}]$$

**Ex-03** 6 kg ভরবিশিষ্ট একটি বস্তু স্থির অবস্থায় ছিল 30N বল প্রয়োগ করার 10s সময় পরে বস্তুটির গতিশক্তি কত হবে?

$$\text{Sol}^n: \text{ আমরা জানি, } a = \frac{F}{m} = \frac{30}{6} = 5 \text{ ms}^{-2}$$

$$\therefore v = v_0 + at = 0 + 5 \times 10 = 50 \text{ ms}^{-1}$$

$$\therefore \text{ গতিশক্তি} = \frac{1}{2} mv^2 = \frac{1}{2} \times 6 \times (50)^2 = 7500 \text{ J Ans.}$$

**Ex-04** 2 kg ভরের একটি বস্তু ভূ-পৃষ্ঠ হতে 15m উপরে আছে। নিচে ফেলে দিয়ে এটি ভূ-পৃষ্ঠকে  $13 \text{ ms}^{-1}$  বেগে আঘাত করে। বস্তুর উপর ত্রিভাঙ্গিত ঘর্ষণ বল কত?

**Sol**<sup>n</sup>: বস্তুতে সঞ্চিত স্থিতিশক্তির কিছু অংশ ঘর্ষণজনিত বাধা অতিক্রম করতে ব্যয় হবে; বাকী অংশ গতিশক্তিতে রূপান্তরিত হবে।

$$\therefore mgh = Fh + \frac{1}{2} mv^2 \quad \left| \begin{array}{l} F = \text{ঘর্ষণ বল} \end{array} \right.$$

$$\Rightarrow Fh = mgh - \frac{1}{2} mv^2 = 2 \times 9.8 \times 15 - \frac{1}{2} \times 2 \times (13)^2 = 125$$

$$\Rightarrow F = \frac{125}{15} = 8.33 \text{ N Ans.}$$

**Ex-05** 20m উঁচু একটি দালানের ছাদ থেকে m ভরের একটি টেনিস বল পড়িয়ে মাটিতে পড়ে। বলটি যখন ভূমি স্পর্শ করে তখন এর বেগ  $25 \text{ ms}^{-1}$ । বলটি ছাদ ত্যাগ করার মুহূর্তে কত বেগে পড়ছিল?

**Sol**<sup>n</sup>: ছাদ থেকে পড়ার সময় বলটির গতিশক্তি এবং স্থিতিশক্তি উভয়ই ছিল। কিন্তু ভূমিতে পড়ার আগ মুহূর্তে তার সম্পূর্ণ শক্তিই ছিল গতিশক্তি।

$$\therefore \frac{1}{2} mv_1^2 + mgh = \frac{1}{2} mv_2^2 \Rightarrow \frac{1}{2} v_1^2 + gh = \frac{1}{2} v_2^2$$

$$\Rightarrow v_1^2 = v_2^2 - 2gh = (25)^2 - 2 \times 9.8 \times 20 = 233$$

$$\Rightarrow v_1 = 15.26 \text{ ms}^{-1} \text{ Ans.}$$

**Ex-06** 8m উঁচু থেকে একটি ত্রিকোণ বলকে মাটিতে ড্রপ করা হল। প্রতিটি ড্রপে যদি বলটি 50% শক্তি হারায়, তবে দ্বিতীয়বার ড্রপের পর বলটি কত উচ্চতায় উঠবে?

**Sol**<sup>n</sup>: এখানে,  $E_p = mgh$ ,  $m$  এবং  $g$  ধ্রুবক  $\therefore E_p \propto h$

অর্থাৎ শক্তি যদি 50% কমে বা শক্তি হ্রাস পেয়ে যদি  $\frac{E_p}{2}$  হয়, তাহলে উচ্চতা কমে  $\frac{h}{2}$  হবে।

$$\therefore \text{ প্রথম ড্রপের পর বলটি} = \frac{8}{2} = 4 \text{ m উচ্চতায় উঠবে।}$$

$$\therefore \text{ দ্বিতীয় ড্রপের পর বলটি} = \frac{4}{2} = 2 \text{ m উচ্চতায় উঠবে। (Ans.)}$$

**Ex-07** 40 kg ভরের একটি ট্রলি 180 J গতিশক্তিসহ একটি মসৃণ অনুভ্রমণ রাস্তায় চলাকালে এর মধ্যে 20 kg ভরের একটি বস্তু খাড়াভাবে নামিয়ে দেওয়া হল। গতিশক্তি কত হবে?

**Sol**<sup>n</sup>: ধরি, ১ম ক্ষেত্রে বেগ =  $v_1$

আমরা পাই,

$$\frac{1}{2} m_1 v_1^2 = 180 \text{ J} \Rightarrow \frac{1}{2} \times 40 \times v_1^2 = 180 \Rightarrow v_1 = 3 \text{ ms}^{-1}$$

আমরা জানি, গতিশীল বস্তুর ভরের পরিবর্তন করা হলে এর ভরবেগের পরিবর্তন হয় না।


$$\therefore m_1 v_1 = m_2 v_2$$

$$\Rightarrow v_2 = \frac{m_1 v_1}{m_2} = \frac{40 \times 3}{60} = 2 \text{ ms}^{-1}$$

$\therefore$  ২য় ক্ষেত্রে গতিশক্তি,

$$\frac{1}{2} m_2 v_2^2 = \frac{1}{2} \times 60 \times (2)^2 = 120 \text{ J (Ans.)}$$

**Ex-08** একটি বস্তুকে একটি পরিবর্তী বলের দ্বারা A বিন্দু থেকে B বিন্দুতে সরিয়ে নেওয়া হলো। চিত্রে বল সরণ লেখ দেখানো হলো। এককের ক্ষেত্রে SI একক ব্যবহার করে বল দ্বারা কাজের পরিমাণ নির্ণয় করুন।



**Sol**<sup>n</sup>: AB অংশের জন্য কৃতকাজ = আকর্ষণ ক্ষেত্রফলের সমান = AKCD ক্ষেত্রফল + LKCN অংশের ক্ষেত্রফল (ট্র্যাপিজিয়াম) + LNM ক্ষেত্রফল - MBP ত্রিভুজের ক্ষেত্রফল

$$= 10 \times 1 + \frac{1}{2} \times 1 \times (10 + 15) + \frac{1}{2} \times 1 \times 15 - \frac{1}{2} \times 1 \times 15 = 22.5 \text{ Nm} = 22.5 \text{ J (Ans.)}$$

#### For practice

- একটি বস্তুকে নির্দিষ্ট উচ্চতা থেকে ফেলে দেয়া হলো। ভূমি হতে উচ্চতায় গতিশক্তি বিভবশক্তির বিপুল হলে কত উচ্চতা থেকে বস্তুটি ছেঁড়া হয়েছিল? **Ans.** 4.9m
- 30m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোথায় গতিশক্তি বিভবশক্তির বিস্তর হবে? **Ans.** 30m
- স্থিরাবস্থা থেকে 40 kg ভরবিশিষ্ট কোন বস্তুর উপর নির্দিষ্ট বল ত্রিভাঙ্গিত করে 15ms<sup>-1</sup> বেগ অর্জন করে। এর উপর কী পরিমাণ বল কাজ করেছে এবং এর গতিশক্তি কত হবে? **Ans.** 300 N; 1125 J
- খটায় 36 km দ্রুতিতে গতিশীল একটি গাড়ির গতিবেগ কি পরিমাণে কমানো করলে এটা দ্বিগুণ গতিশক্তি প্রাপ্ত হয়? **Ans.** 4.32 km
- একজন বালক ও একজন লোক একত্রে দৌড়াচ্ছেন। বালকটির ভর 40 kg ভরের অর্ধেক এবং লোকটির গতিশক্তি বালকটির গতিশক্তির অর্ধেক। লোকটির বেগ 1ms<sup>-1</sup> বৃদ্ধি করেন তবে তার গতিশক্তি বালকটির গতিশক্তির সমান হয়। এদের অনিবেশ নির্ণয় কর। **Ans.** 2.41ms<sup>-1</sup> ও 4.82ms<sup>-1</sup>

**Hint**  $E_{k_2} = \frac{1}{2} E_{k_1}$  ধরে,  $v_1$  ও  $v_2$  এর মধ্যে সম্পর্ক বের কর।

এরপর,  $\frac{1}{2} m (v_2 + 1)^2 = \frac{1}{2} \times \frac{m}{2} v_1^2$  সমীকরণ হতে  $v_1$  বা  $v_2$  বের কর।

- 50 kg ভরের একটি বোমা ভূ-পৃষ্ঠ থেকে 1 km উঁচুতে অবস্থিত একটি বিন্দু থেকে ফেলে দেয়া হল। ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে এর গতিশক্তি নির্ণয় কর। **Ans.** 49000 J

**Hint**  $E_k =$  বিভব শক্তি =  $mgh$



১৯৯৬. ৩৬ বিশিষ্ট একটি বস্তুকে 100m উঁচু একটি দালানের উপর থেকে ছেড়ে দেয়া হল। বস্তুটিকে ছেড়ে দেয়ার 1s পর এটি যখন দালানের তলদেশে পৌঁছে তখন এর গতিশক্তি কত হবে?

Ans. 4.802J; 98J

১৯৯৭. ৩৬ ভরের একটি বস্তুকে ভূমি হতে খাঁড়া উর্ধ্বে নিক্ষেপ করা হল এবং বস্তুটি ৩s পর পুনরায় ভূমিতে ফিরে এল। নিক্ষেপের মুহূর্তে এবং নিক্ষেপের 2s পর বস্তুটির বিভবশক্তি এবং গতিশক্তি কত?

Ans. 0; 1536.6J; 1152.4J; 384.1J

১৯৯৮. ৩৬ ভরের একটি বস্তুর ভরবেগ 200 kg ms<sup>-1</sup> হলে এর গতিশক্তি বের

Ans. 200 J

**Type-03**  
**স্প্রিং সংক্রান্ত**

১৯৯৯. একটি স্প্রিংয়ের এক প্রান্তে একটি কাঠামোর সাথে বেঁধে অপর মুক্ত প্রান্তে ৩৬ ভরের একটি বস্তু তুলিয়ে নিলে স্প্রিংটি 1cm প্রসারিত হয়।

স্প্রিংটির স্প্রিং ধ্রুবক কত?

স্প্রিংটিকে 1.5cm প্রসারিত করলে বস্তুটির উপর স্প্রিং কী পরিমাণ বল প্রয়োগ করবে?

স্প্রিংটির 1.5cm প্রসারণের ফলে বস্তুটির উপর স্প্রিং এর কৃতকাজ কত হবে।

স্প্রিংটিকে 1.5cm প্রসারিত অবস্থান থেকে স্বাভাবিক অবস্থান নিয়ে এসে আবার 1.2cm সংকুচিত করলে মোট কৃতকাজ কত হবে?

কাজ,  $F_s = -kx$

$$k = -\frac{F}{x} = \frac{-9.8}{10^{-2}} = -9.8 \times 10^2 \text{ Nm}^{-1}$$

ধ্রুবক =  $9.8 \times 10^2 \text{ Nm}^{-1}$  Ans.

এক্ষেত্রে,  $x = 1.5 \text{ cm} = 1.5 \times 10^{-2} \text{ m}$

কাজ  $F_s = -kx$

$$= (9.8 \times 10^2 \times 1.5 \times 10^{-2}) = -14.7 \text{ N Ans.}$$

$$\text{কৃতকাজ, } W_s = -\frac{1}{2}kx^2 = -\frac{1}{2}(9.8 \times 10^2)(1.5 \times 10^{-2})^2$$

$$= -11.025 \times 10^{-2} \text{ J Ans.}$$

এখানে,  $x_1 = 1.5 \text{ cm} = 1.5 \times 10^{-2} \text{ m}$

$x_2 = -1.2 \text{ cm} = -1.2 \times 10^{-2} \text{ m}$

$$\text{মোট কৃতকাজ, } w = \frac{1}{2}k(x_1^2 - x_2^2)$$

$$= \frac{1}{2}(9.8 \times 10^2) \left\{ (1.5 \times 10^{-2})^2 - (1.2 \times 10^{-2})^2 \right\} = 3.97 \times 10^{-2} \text{ J Ans.}$$

২০০০. একটি খেলা বস্তুকে স্প্রিংকে  $6 \times 10^{-3} \text{ m}$  সংকুচিত করে  $8 \times 10^{-3} \text{ kg}$  ভরের একটি পথের স্প্রিং এর সংস্পর্শে রেখে স্প্রিংটি ছুঁড়ে দেয়া হল। স্প্রিংটি যখন সামান্যতম পৌঁছাবে তখন পাথরটির বেগ কত হবে? স্প্রিং ধ্রুবক  $320 \text{ Nm}^{-1}$ ।

স্প্রিংটি সংকোচিত করার ফলে এটি যে পরিমাণ শক্তি লাভ করবে পাথরটি তাই পরিমাণ গতিশক্তি লাভ করবে।

এর প্রাপ্ত শক্তি  $-\frac{1}{2}kx^2$ ; পাথরটির প্রাপ্ত গতিশক্তি  $= \frac{1}{2}mv^2$

$$\frac{1}{2}mv^2 = \frac{1}{2}k(x_1^2 - x_2^2) \quad \begin{cases} x_1 = -6 \times 10^{-2} \text{ m} \\ x_2 = 0 \end{cases}$$

$$\Rightarrow \frac{1}{2}mv^2 = \frac{1}{2}kx_1^2$$

$$v = \sqrt{\frac{k}{m} \cdot x_1^2} = \sqrt{\frac{320 \times (-6 \times 10^{-2})^2}{8 \times 10^{-3}}} = 12 \text{ ms}^{-1} \text{ Ans.}$$

**Ex-03** একটি ঘর্ষনহীন মসূন টেবিলের এক প্রান্তে একটি আদর্শ স্প্রিং এর এক

প্রান্তে আটকানো আছে। 2 kg ভরের একটি বস্তু  $4 \text{ ms}^{-1}$  বেগে টেবিলের উপর দিয়ে অনুভূমিকভাবে চলে স্প্রিং এর অপর প্রান্তে ধাক্কা দিয়ে স্প্রিংকে কতটুকু সংকুচিত করে ছিন্ন অবস্থান আসবে? [স্প্রিং ধ্রুবক  $= 4 \text{ Nm}^{-1}$ ]

**Sol<sup>n</sup>**: কাজ শক্তি উপপাদ্য অনুসারে,

স্প্রিং বল দ্বারা কৃত কাজ = শেষ গতিশক্তি - আদি গতিশক্তি

$$= 0 - \frac{1}{2}mv^2 = -\frac{1}{2}mv^2$$

আবার, স্প্রিং এর বলের কৃতকাজের সমীকরণ অনুসারে,

$$w = \frac{1}{2}k(x_2^2 - x_1^2)$$

$$\therefore \frac{1}{2}k(x_2^2 - x_1^2) = -\frac{1}{2}mv^2 \Rightarrow 4(0^2 - (x_1)^2) = -2 \times 4^2$$

$$\Rightarrow x_1^2 - 8 \Rightarrow x_1 = -2.828 \text{ m}$$

যেহেতু স্প্রিংটি সংকুচিত হয়েছে তাই  $x_1$  এর ঋণাত্মক মান নিতে হবে।

**Ex-04** 1.5 kg ভরের একটি বস্তু ছিন্ন অবস্থান থেকে 0.7m নিচে অবস্থিত একটি খাঁড়া স্প্রিং-এর উপর এসে পড়ে স্প্রিংটিকে সংকুচিত করে। স্প্রিং ধ্রুবক  $60 \text{ Nm}^{-1}$  হলে স্প্রিংটির সর্বোচ্চ সংকোচন কত?

**Sol<sup>n</sup>**: স্প্রিংটির উচ্চ বিন্দু হতে বস্তুর দূরত্ব h এবং বস্তু স্প্রিং-এর উপর পড়ায় এটি y পরিমাণ সংকুচিত হলো,

∴ বস্তুটির মোট অতিক্রান্ত দূরত্ব  $h + y$

∴ বস্তুটির স্থিতিশক্তি হ্রাস  $\Delta U_1 = mg(h + y)$

এবং স্প্রিংটির y পরিমাণ সংকোচনের ফলে স্প্রিং-এর স্থিতিশক্তি বৃদ্ধি হল:

$$\Delta U_2 = \frac{1}{2}ky^2 \therefore \Delta U_1 = \Delta U_2$$

$$mg(h+y) = \frac{1}{2}ky^2 \Rightarrow \frac{1}{2}ky^2 - mgy - mgh = 0$$

$$y = \frac{mg + \sqrt{m^2g^2 + 2mghk}}{k}$$

$$= \frac{1.5 \times 9.8 + \sqrt{(1.5)^2 \times (9.8)^2 + 2 \times 1.5 \times 9.8 \times 0.7 \times 60}}{60}$$

$$= 0.88 \text{ m বা } -39 \text{ m}$$

∴ স্প্রিংয়ের সর্বোচ্চ সংকোচন হল .88m | Ans.

**For practice**

01. একটি বন্দুকের স্প্রিংকে 4cm সংকুচিত করে 10 gm ভরের একটি গুলি ছোঁড়া হলো। স্প্রিংটি যখন সামান্যতম পৌঁছাবে তখন সদ্যমুক্ত গুলির বেগ কত? স্প্রিং ধ্রুবক  $200 \text{ Nm}^{-1}$

Ans.  $5.657 \text{ ms}^{-1}$

02. 1.6 kg ভরের একটি ব্লককে  $10^3 \text{ Nm}^{-1}$  বল ধ্রুবকের একটি স্প্রিং-এর সাথে আটকানো হল। স্প্রিংটিকে 2cm সংকুচিত করে ব্লকটিকে ছিন্ন অবস্থান থেকে ছেড়ে দেয়া হল।

ক. তলটি যদি ঘর্ষণবিহীন হয়, তাহলে  $x = 0$  অবস্থান অতিক্রম করার সময়ে ব্লকটির বেগ হিসাব কর।

খ. যদি 4.0N মানের একটি ধ্রুব ঘর্ষণ বল গতিকে বাধা দান করে তাহলে ব্লকটি যখন সামান্যতম অতিক্রম করে তখনকার বেগ কত?

Ans. ক.  $0.5 \text{ ms}^{-1}$  খ.  $0.4123 \text{ ms}^{-1}$

03. একটি স্প্রিংকে স্বাভাবিক অবস্থা থেকে 10cm প্রসারিত করতে 30N বলের প্রয়োজন হয় স্প্রিংটিকে 8cm প্রসারিত করতে কৃত কাজের পরিমাণ কত হবে?

**Hints**  $F = kx$  ও  $w = \frac{1}{2}kx^2$  Ans. 0.96J

04. 2 kg ভরের একটি বস্তু ছিন্ন অবস্থান থেকে 1m নিচে অবস্থিত একটি খাঁড়া স্প্রিং এর উপর পড়ে স্প্রিংটিকে সংকুচিত করে। স্প্রিং ধ্রুবক  $80 \text{ Nm}^{-1}$  হলে স্প্রিংটির সর্বোচ্চ সংকোচন কত?

Ans. 0.98 m





## Type-04

একাত্মিক প্রদত্ত ভর সংক্রান্ত

**Ex-01** 8m দৈর্ঘ্যের একটি মই AB। এর ভর 20kg এবং ভারকেন্দ্র B প্রান্ত হতে A-এর দিকে 4m দূরে অবস্থিত। A প্রান্তে 5kg ভরের বস্ত্র যুক্ত করে B প্রান্তকে মাটিতে রেখে আনুভূমিক অবস্থান হতে মইটি খাড়া করতে কত কাজ সম্পন্ন হবে? [অধ্যাপক য. হালিম]

**Solve** মইয়ের জন্য কৃতকাজ,

$$W_1 = m_1gh_1$$

$$= 20\text{kg} \times 9.8\text{ms}^{-2} \times 4\text{m} = 784\text{J}$$

5kg ভরের জন্য কৃতকাজ,

$$W_2 = m_2gh_2 = 5\text{kg} \times 9.8\text{ms}^{-2} \times 8\text{m} = 392\text{J}$$

$$\text{অতএব, মোট কাজ, } W = W_1 + W_2 = 784 + 392 = 1176\text{J}$$

যেখানে,

$$m_1 = \text{মইয়ের ভর} = 20\text{kg}$$

$$h_1 = 4\text{m}$$

$$g = 9.8\text{ms}^{-2}$$

যেখানে,

$$m_2 = \text{সংযুক্ত ভর} = 5\text{kg}$$

$$h_2 = 8\text{m}$$

## For practice

01. একটি কুপের উপর আনুভূমিক দিক হতে বুলবুল একটি চেইনের নীচের প্রান্তে একটি বালতি সংযুক্ত রয়েছে। কুপের পানির গভীরতা 10m হলে বালতি ভর্তি পানি তুলতে কি পরিমাণ কাজ করতে হবে? (চেইনের প্রতি মিটারের ভর 2kg ও পানি ভর্তি বালতির ভর 20kg) **Ans.** 2.94 kJ
02. 4m দৈর্ঘ্যের একটি মই AB এর ভর 28kg এবং ভারকেন্দ্র B প্রান্ত হতে A এর দিকে 2.5m দূরে অবস্থিত। 5kg ভরের একটি বস্ত্র সাথে করে 65kg ভরের কোন ব্যক্তি মইকে ঝাড়া করে শীর্ষ A তে আরোহণ করল। কৃত কাজ কত? **Ans.** 3430J

## Type-05

**Ex-01** একটি পানিপূর্ণ কুয়ার গভীরতা 10m এবং ব্যাস 4m। একটি পাম্প 20 মিনিটে কুয়ারটিকে অর্ধেক পানিশূন্য করতে পারে। পাম্পের অর্ধক্ষমতা নির্ণয় কর।

$$\text{Sol}^n: \text{কুয়ার আয়তন} = \pi r^2 l = 3.1416 \times (2)^2 \times 10 = 125.6\text{m}^3$$

$$\text{উত্তোলিত পানির ভর} = 125.6 \times 10^3\text{kg}$$

পানির ভারকেন্দ্রের সরণ

$$\begin{aligned} & 0 + \frac{h}{2} - \frac{h}{4} \\ &= \frac{h}{4} \\ &= \frac{10}{4}\text{m} \end{aligned}$$

$$\text{সময়} = 20\text{min} = 20 \times 60\text{s}$$

$$= \frac{125.6 \times 10^3 \times 9.8 \times \frac{10}{4}}{20 \times 60} = 2564.317\text{Js}^{-1}$$

$$\Rightarrow P = \frac{2564.317}{746}\text{HP} = 3.437\text{HP (Ans.)}$$



**Ex-02**

একটি কুরা থেকে ইঞ্জিনের সাহায্যে প্রতি মিনিটে 1000 kg পানি 10m গড় উচ্চতায় উঠানো হয়। যদি ইঞ্জিনটির ক্ষমতা 40% নষ্ট হয়, তাহলে এর অর্ধক্ষমতা নির্ণয় কর।

**Sol}^n:**

$$\text{আমরা জানি, কার্যকর ক্ষমতা, } P' = \frac{P \times 60}{100}$$

$$\therefore P = \frac{P' \times 100}{60}$$

এ ক্ষেত্রে ইঞ্জিনটির ক্ষমতা 40% নষ্ট হওয়াতে

এখানে,

$$P' = \frac{mgh}{t}$$

$$m = 1000\text{kg}$$

$$g = 9.8\text{ms}^{-2}$$

$$\text{কার্যকর ক্ষমতা} = (100 - 40)\% = 60\%$$

$$\therefore P = \frac{mgh \times 100}{60 \times t}$$

$$\Rightarrow P = \frac{1000 \times 9.8 \times 10 \times 100}{60 \times 60}$$

$$\Rightarrow P = 2.7222 \times 10^3\text{ watt}$$

$$\Rightarrow P = \frac{2.7222 \times 10^3}{746}\text{H.P.} = 3.65\text{ H.P.}$$

$$\therefore P = 3.65\text{ H.P.}$$

$$h = 10\text{m}$$

$$t = 60\text{s}$$

**Ex-03** 80% দক্ষতা সম্পন্ন একটি মটর একটি ক্রেন নিয়ন্ত্রণ করে যার ক্ষমতা 50%। মটরটি 3.73 kw ক্ষমতা প্রয়োগ করলে ক্রেনে 746 N ওজনকে এক বস্তুর উর্ধ্বমুখী গড়বেগ কত?

$$\text{Sol}^n: P = Fv \Rightarrow v = \frac{P}{F} = \frac{3.73 \times 1000 \times \frac{80}{100} \times \frac{50}{100}}{746\text{N}} = 2\text{ms}^{-1}\text{ Ans.}$$

## For practice

01. 250 kg ভরের একটি বোঝা একটি ক্রেনের সাহায্যে  $0.1\text{ms}^{-1}$  বেগে উঠানো হলো। ক্রেনের কত ক্ষমতা ব্যয় হয়। **Ans.** 245 W
- Hints**  $P = Fv$
02. একটি পাম্প খণ্ডায়  $25 \times 10^6\text{kg}$  পানি 50m উর্চতে তুলতে পারে। পাম্পের ক্ষমতার 70% কার্যকর হলে প্রকৃত ক্ষমতা নির্ণয় কর। **Ans.**  $4.86 \times 10^6\text{W}$
03. 60kg ভর সম্পন্ন এক ব্যক্তি 20kg ভর হাতে নিয়ে সিঁড়ি বেয়ে উপরে উঠতে সিঁড়িতে মোট 20টি ধাপ থাকলে এবং প্রতি ধাপের উচ্চতা 0.2m হলে এক ব্যক্তি মোট 10s সময় নিলে, ঐ ব্যক্তির ক্ষমতা কত? **Ans.** 0.42 HP
04. দালানের ছাদের সাথে 3.4m দূর্য একটি মই দালানের সাথে  $30^\circ$  কোণে রাখা আছে, 50kg ভরের একজন শ্রমিক 20kg ভরের বোঝাসহ 3.5s এ ঐ মই বেয়ে উঠে। শ্রমিকটির ক্ষমতা কত? **Ans.** 57 W

$$\text{Hints } P = \frac{W}{t} = \frac{mgh \cos 30^\circ}{t}$$

05. একটি বিজ্ঞাপনে দাবি করা হল যে, একটি 1200kg ভরের গাড়ি স্থির অবস্থার থেকে 8s এ  $25\text{ms}^{-1}$  বেগ অর্জন করতে পারে। এই ত্বরণ প্রদানের জন্য গাড়িটির ইঞ্জিনকে গড়ে কত ক্ষমতা প্রয়োগ করতে হবে? (মর্ষণহীন ধরে উপেক্ষা কর।) **Ans.** 468 W

$$\text{Hints } P = \frac{W}{t} = \frac{\frac{1}{2}mv^2}{t}$$

## Type-06

**Ex-01** একটি মগ ভূমিতে আনুভূমিকভাবে শোয়ানো আছে। মগটির পুরুত্ব  $t = 0.12\text{m}$  এবং দৈর্ঘ্য 5m। মগটির এক প্রান্তে 5kg ভরের বস্ত্র বেয়ে অন্য প্রান্তকে মাটিতে রেখে একে ঝাড়া করতে কত কাজ করতে হবে? মগের ভর 25kg

$$\text{Sol}^n: \text{মগের পূর্বের অবস্থায় ভারকেন্দ্র} = \frac{0.12}{2} = 0.06\text{m উর্চতে ছিল}$$

$$\text{এবং পরের অবস্থায় ভারকেন্দ্র} = \frac{5}{2} = 2.5\text{m উর্চতে ছিল।}$$

$$\therefore \text{ভারকেন্দ্রের সরণ } h_1 = 2.5 - 0.06\text{m} = 2.44\text{m}$$

$$\therefore \text{মগের জন্য } W_1 = mgh_1 = 25 \times 9.8 \times 2.44 = 597.8\text{J}$$

$$\text{বস্ত্রর ভারকেন্দ্রের সরণ} = h_2 = 5\text{m}$$

$$\therefore \text{বস্ত্রর জন্য } W_2 = mgh_2 = 5 \times 9.8 \times 5 = 245\text{J}$$

$$\text{নির্ণয় কাজ, } W = W_1 + W_2 = (597.8 + 245)\text{J} = 842.8\text{J Ans.}$$



**For practice**

একটি ইটের দৈর্ঘ্য 0.24m, প্রস্থ 0.12m ও উচ্চতা 0.06m। এর ভর 2kg। ইটের দৈর্ঘ্যকে অনুভূমিক অবস্থানে হাতে উল্লম্ব অবস্থানে রাখতে তি পরিমাণ কাজ করতে হবে?

Ans. 1.764 J

ভূমির সাথে  $\theta$  কোণে আনত একটি মসৃণ তলের শীর্ষদেশ হতে m ভরের একটি বস্তু অভিকর্ষের টানে তল ঘরাবর চলে t-sec এ ভূমিতে আসে।

কৃতকাজ বের কর।

Ans.  $\frac{1}{2} mg^2 t^2 \sin^2 \theta$

**Type-07**

25 গ্রাম ভরের একটি বুলেট প্রতি সেকেন্ডে 500 মিটার বেগে চলে একটি লক্ষ্যবস্তুকে ভেদ করে চলে গেল এবং প্রতি সেকেন্ডে 100 মিটার বেগ প্রাপ্ত হল। বুলেট ভেদ করে যাবার সময় বুলেটের কত শক্তি ব্যয়িত হয়েছিল।

সমাধান,  $W = E_{K_1} - E_{K_2}$   $m = 25 \text{ gm} = 0.025 \text{ kg}$

$$= \frac{1}{2} mv_1^2 - \frac{1}{2} mv_2^2$$

$$= \frac{1}{2} m(v_1^2 - v_2^2)$$

$$= \frac{1}{2} \times 0.025 \{ (500)^2 - (100)^2 \} = 3000 \text{ J (Ans.)}$$

**For practice**

২৫ ভরের একটি রাইফেলের গুলি  $3.6 \text{ ms}^{-1}$  বেগে 0.21m পুরু একটি কাঠের পর্দা কেবল ভেদ করে। বাধাদানকারী বলের মান কত? Ans. 0.432N

সমাধান  $W = Fs = \frac{1}{2} mv_0^2 - \frac{1}{2} mv^2$  সূত্র হতে F এর মান বের কর।

**Type-08**

একটি দোলকের ববের কেন্দ্র থেকে এর স্ক্রল বিন্দুর দূরত্ব 1m। বসটির ক্রম রেখার সাথে  $30^\circ$  কোণে একদিকে টেনে ছেড়ে দেয়া হল। সর্বনিম্ন বিন্দু অতিক্রম করার সময় এর বেগ কত?

সমাধান,  $OC = OA = OB = 1\text{m}$

$$OB' = 1 \cos 30^\circ = 0.866$$

$$\therefore AB' = OA - OB' = 1 - 0.866 = 0.134\text{m}$$

B বিন্দুতে স্থিতিশক্তি,

$$W_{pot} = 0.134mg$$

A বিন্দুতে গতিশক্তি = B বিন্দুতে স্থিতিশক্তি

$$\frac{1}{2} mv^2 = 0.134mg \Rightarrow v^2 = 2 \times 0.134 \times 9.8$$

$$\Rightarrow v = \sqrt{2.6264} = 1.621 \text{ ms}^{-1} \text{ Ans.}$$

$$v = 2\sqrt{gl} \sin(\alpha/2)$$

একটি ধাতব ববকে সূতা দিয়ে বেঁধে সরল দোলক তৈরি করা হল। দোলকটি অস্বাভাবিক থেকে উল্লম্বিক  $60^\circ$  কোণ করে দুলছে। চরম অবস্থান থেকে মধ্যবিন্দু পর্যন্ত এর কেন্দ্রের সর্ষিক অবতরণ 5mm। দোলকের শেষ প্রান্তে ও মধ্যবিন্দুয় কত ক্রমের বেগ ও ত্বরণ নির্ণয় কর।

Sol<sup>n</sup>: শেষ প্রান্তে দোলকের কার্যকরী বল  $mg \sin \theta$

$$\therefore B \text{ বিন্দুতে ত্বরণ} = g \sin \theta$$

$$= 9.8 \times \sin 60^\circ$$

$$= 8.48 \text{ ms}^{-2}$$

A বিন্দুতে গতিশক্তি ও

B বিন্দুতে স্থিতিশক্তি সমান

$$\therefore \frac{1}{2} mv^2 = mgh$$


$$v^2 = 2gh$$

$$= 2 \times 9.8 \times 5 \times 10^{-3}$$

$$\therefore v = \sqrt{0.98} = 0.313 \text{ ms}^{-1}$$

$\therefore B$  বিন্দুতে, ত্বরণ =  $8.48 \text{ ms}^{-2}$  ও বেগ = 0


A বিন্দুতে ত্বরণ = 0 ও বেগ =  $0.313 \text{ ms}^{-1}$



**For practice**

01. 30 cm লম্বা একটি সুতার 10 gm ভরের একটি বব নিয়ে একটি দোলক একটি অর্ধবৃত্তাকার পথে দুলছে। বৃত্তাকার পথের নিম্নতম বিন্দু অতিক্রম করার সময় এর বেগ ও গতিশক্তি কত হবে? Ans.  $2.425 \text{ ms}^{-1}$  ও  $0.0294 \text{ J}$

Hints: চিত্র অনুসারে কর।



02. একটি সরল দোলকের ববের ভর 0.5 kg ও কার্যকর দৈর্ঘ্য 1.5 m। উল্লম্ব রেখা হতে 0.5m দূরে টেনে ছেড়ে দিলে গতিপথের সর্বনিম্ন বিন্দু অতিক্রমকালে ববের গতিশক্তি ও বেগ নির্ণয় কর। Ans.  $0.4214 \text{ J}$  ও  $1.3 \text{ ms}^{-1}$

03. একটি সরল দোলকের পিণ্ডের ভর 2.5kg ও কার্যকরী দৈর্ঘ্য 1.3m। উল্লম্ব রেখা হতে 0.5m দূরে টেনে ছেড়ে দিলে গতিপথের সর্বনিম্ন বিন্দু অতিক্রমকালে পিণ্ডের বেগ নির্ণয় কর। Ans.  $1.4 \text{ ms}^{-1}$

04.  $30^\circ$  কোণিক বিস্তারে দোলমান একটি সরল দোলকের কার্যকরী দৈর্ঘ্য 1m সাম্যাবস্থান অতিক্রমকালে ববের বেগ কত? Ans.  $1.62 \text{ ms}^{-1}$

**Type-09**

Ex-01 অনুভূমিক কাঠের উপর একটি পেরেক উল্লম্বভাবে রাখা হল। 0.5 kg ভরের একটি হাতুড়ি ঘরা পেরেকটিকে খাড়া নিচের দিকে  $2 \text{ ms}^{-1}$  বেগে আঘাত করলে পেরেকটি কাঠের মত 0.03m চুকে যায়, গড় বাধাদানকারী বল নির্ণয় কর।

$$\text{Sol}^n: Fs = \frac{1}{2} mv^2 + mgs \Rightarrow F \times 0.03 = \frac{1}{2} \times 0.5 \times (2)^2 + 0.5 \times 9.8 \times 0.03$$

$$\Rightarrow F = \frac{1}{0.03} + 0.5 \times 9.8 = 33.33\text{N} + 4\text{N} = 38.23\text{N (Ans.)}$$

Ex-02 5 kg ভরের একটি বস্তু 5m উঁচু থেকে একটি পেরেকের উপর পড়লে পেরেকটি মাটির ভিতরে 10 cm চুকে যায়, মাটির গড় প্রতিরোধ বল নির্ণয় কর।

$$\text{Sol}^n: \text{সি, } Fs = mg(h+s)$$

$$\Rightarrow F = \frac{mg}{s} (h+s) = \frac{5 \times 9.8}{0.1} (5+0.1) = 2499 \text{ N (Ans.)}$$

Ex-03 2 kg ভরের একটি হাতুড়ি দেয়ালের সাথে অভিলম্বভাবে রাখিত একটি পেরেককে কত বেগে অনুভূমিকভাবে আঘাত করলে পেরেকটি 640 N বল প্রতিরোধ করে দেয়ালের ভিতর 0.025 মিটার চুকে যাবে?

Sol<sup>n</sup>: প্রতিরোধ বলের বিপরীতে পেরেককে ভেতরে ঢোকাতে কৃতকাজ হচ্ছে হাতুড়ির গতিশক্তির সমান।

$$\therefore K.E = W \therefore \frac{1}{2} mv^2 = Fx \Rightarrow v = \sqrt{\frac{2Fx}{m}}$$

$$= \sqrt{\frac{2 \times 640 \times 0.025}{2}} = 4 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$



**For practice**

01. 10 kg ভরের একটি বস্তুকে 5m উঁচু থেকে ফেলে দেয়া হল এবং বস্তুটি একটি পেরেকের উপর গিয়ে পড়ল। পেরেকটির তীক্ষ্ণ প্রান্ত মাটির সাথে স্পর্শযুক্ত ছিল। মাটির গড় প্রতিরোধ বল 49490N হলে পেরেকটি মাটির ভেতর কতখানি প্রবেশ করবে? **Ans.  $9.22 \times 10^{-3} \text{m}$**
02. 1kg ভরের একটি হাতুড়ি অনুভূমিক কাঠের উপর উলমভাবে স্থিতি একটি পেরেককে খাড়া নিচের দিকে  $0.8 \text{ms}^{-1}$  বেগে আঘাত করায় পেরেকটি কাঠে 0.02m চুকে যায়, কাঠের গড় বাধা বল নির্ণয় কর। **Ans. 25.8 N**

**Hint:**  $Fx = \frac{1}{2}mv^2 + mgx$  সূত্র ব্যবহার কর।

03. 20kg ভর বিশিষ্ট একটি বন্দুক থেকে গুলি ছুঁড়লে গুলি  $10 \text{ms}^{-1}$  বেগে নির্গত হয়। গুলির ভর 100g এবং গুলিটি একটি কাঠের তক্তায় 20cm দূরত্ব প্রবেশ করে যেখানে গুলিটির উপর প্রযুক্ত বাধাজনিত বল নির্ণয় কর। **Ans. 25.98 N**

**Type-10**

- Ex-01** 5 টি ঘনকাকৃতির পাথর খণ্ডের প্রতিটির আয়তন  $0.216 \text{m}^3$  এবং ভর 300 kg। এদের একটিকে অপরাটর উপর রেখে একটি স্তম্ভ তৈরি করতে কৃতকাজের পরিমাণ বের কর।

**Sol<sup>n</sup>:** ঘনকের আয়তন,  $l^3 = 0.216 \text{m}^3 \therefore l = 0.6 \text{m}$

সুতরাং,  $W = (n-1)mg \frac{nh}{2} = (5-1) \times 300 \times 9.8 \times \frac{5 \times 0.6}{2}$   
 $= 17640 \text{ J (Ans.)}$

- Ex-02** এটি ঘনকাকৃতির পাথর খণ্ডের প্রতিটির আয়তন  $0.125 \text{m}^3$  ও ভর 250 kg এদের একটি অপরাটর উপর রেখে স্তম্ভ প্রস্তুত করতে কৃত কাজের পরিমাণ নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:**  $W = \sum mgh = mg(0 + h_1 + h_2 + h_3)$   
 $= 250 \times 9.8 \times (0 + 0.5 + 1 + 1.5) = 7350 \text{ J Ans.}$

**Shortcut:**  $W = mgh \frac{n(n-1)}{2}$

$\therefore W = 250 \times 9.8 \times 5 \times \frac{4(4-1)}{2} = 7350 \text{ J Ans.}$

**For practice**

01. 6টি ইট একটির উপর আরেকটি স্থাপন করে স্তম্ভ তৈরি করতে কি পরিমাণ কাজ হবে যদি প্রতিটি ইটের আয়তন  $(20 \times 10 \times 6) \text{cm}^3$  হয় এবং ইটের ঘনত্ব  $30 \text{gm/cm}^3$  হয়। **Ans. 562.35 J**
02. 10 টি মার্বেল খণ্ডের প্রতিটির উচ্চতা 1m এবং ভর 100kg একটির উপর একটি রেখে মোট 10m উঁচু স্তম্ভ সাজাতে কৃত কাজ কত? **Ans. 44100 J**

**Type-11**

- Ex-01** একটি রাইফেলের গুলি নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারে। গুলির বেগ চারগুণ করা হলে অনুরূপ কয়টি তক্তা ভেদ করতে পারবে?

**Sol<sup>n</sup>:** গতিশক্তি  $\frac{1}{2}mv^2$  হলে তক্তা ভেদ করে 1টি

গতিশক্তি 1 হলে তক্তা ভেদ করে  $\frac{1}{2}mv^2$  টি

গতিশক্তি  $\frac{1}{2}m(4v)^2 = 16 \times \frac{1}{2}mv^2$  হলে,

তক্তা ভেদ করে  $\frac{16 \times \frac{1}{2}mv^2}{\frac{1}{2}mv^2}$  টি = 16 টি (Ans)

**Ex-02**

- একটি রাইফেলের গুলি নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারে। এইজন্য 16টি তক্তা ভেদ করতে বেগ কতগুণ করতে হবে?

**Sol<sup>n</sup>:** ধরি, 1ম ক্ষেত্রে বেগ u, 2য় ক্ষেত্রে বেগ v

1টি তক্তা ভেদ করতে প্রয়োজনীয় শক্তি  $\frac{1}{2}mu^2$

$\therefore 16$  টি তক্তা ভেদ করতে প্রয়োজনীয় শক্তি  $= 16 \times \frac{1}{2}mu^2$

আবার, 16টি তক্তা ভেদ করতে প্রয়োজনীয় শক্তি  $= \frac{1}{2}mv^2$

$\therefore \frac{1}{2}mv^2 = 16 \times \frac{1}{2}mu^2 \therefore v^2 = 16u^2 \therefore v = 4u$

$\therefore$  চারগুণ করতে হবে। **Ans.**

**For practice**

01. একটি রাইফেলের গুলি একটি তক্তা ভেদ করতে পারে, বেগ 3 গুণ করলে কয়টি তক্তা ভেদ করবে? **Ans. 9**
02. রাইফেলের গুলির অভিক্রান্ত দূরত্ব পূর্বের তুলনায় 25 গুণ বাড়তে হলে কতগুণ বাড়তে হবে? **Ans. 5**

**Type-12**

- Ex-01** একটি বস্তুতে 8 N-m মানের টর্ক প্রয়োগ করলে বস্তুটি নির্দিষ্ট অক্ষ সাপেক্ষে  $2\pi$  কোণে ঘুরে যায়। এতে কৃতকাজ নির্ণয় কর।

**Solve**  $W = \tau(\theta - \theta_0)$   
 $= 8 \times 2\pi = 50.3 \text{ J}$

এখানে,  
 টর্ক  $\tau = 8 \text{ N-m}$   
 কোণিক সরণ,  $\theta - \theta_0 = 2\pi$   
 কৃতকাজ  $W = ?$

- Ex-02** একটি চাকার ভর 20 kg এবং ব্যাসার্ধ 0.5 m। চাকাটি 15 m বেগে গড়িয়ে চলেছে। এর গতি শক্তি নির্ণয় কর। (প্রমাণিক)

**Sol<sup>n</sup>:** গতিশক্তি  $K = \frac{1}{2}Mv^2 + \frac{1}{2}I\omega^2$

$= \frac{1}{2}Mv^2 + \frac{1}{2} \frac{Mr^2}{2} \cdot \frac{v^2}{r^2}$   
 $= \frac{1}{2} \times 20 \times (15)^2 + \frac{1}{4} \times (20) \times (15)^2$   
 $= 3375 \text{ J Ans.}$

এখানে,  
 $\omega = \frac{v}{r} \therefore I = \frac{Mr^2}{2}$

**For practice**

01. একটি বস্তুকে নির্দিষ্ট অক্ষের সাপেক্ষে  $2\pi$  কোণে ঘুরানো হলো। কৃতকাজ 50J হলে প্রযুক্ত টর্কের মান নির্ণয় কর। (প্রমাণিক)

**Ans. 7.959 N-m**

**Type-13**

- Ex-01** সূর্যের চারদিকে পৃথিবীর কক্ষপথ উপবৃত্তাকার। সূর্য হতে পৃথিবীর নিকটতম দূরত্ব  $1.47 \times 10^{11} \text{ m}$  এবং দূরতম দূরত্ব  $1.52 \times 10^{11} \text{ m}$ । পৃথিবীকে সূর্যের নিকটতম দূরত্ব হতে দূরতম দূরত্বে সরাসরি সূর্যের আকর্ষণ বলের বিরুদ্ধে কত কাজ করতে হবে? (এ.টি. এম শামসুর রহমান)

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $W = GM_e M_p \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$   
 $= 6.673 \times 10^{-11} \times 6 \times 10^{24} \times 2 \times 10^{30} \left( \frac{1}{1.47} - \frac{1}{1.52} \right) \times \frac{1}{10^{14}}$   
 $= 1.6 \times 10^{20} \text{ J (Ans.)}$



**For practice**

১১. সোভিয়েত রাশিয়া 2000kg ভরের একটি রকেট ভূপৃষ্ঠ হতে 200 km উচ্চতায় পাঠানো যোগাযোগ উপগ্রহ হিসেবে কাজ করানোর জন্য রকেটটি পাঠাতে কৃতকাজ নির্ণয় কর। পৃথিবীর ভর  $6 \times 10^{24}$  kg এবং ব্যাসার্ধ  $6.4 \times 10^6$  m ধরে নাও।

Ans.  $3.79 \times 10^9$  J

**Type-14**

১২. ১) ভূমি থেকে 1 km উচ্চতায় উন্নীত মেঘ বৃষ্টিপাত ঘটায়। বৃষ্টির পানি  $1 \times 10^7$  m পুরু হয়ে 1 km<sup>2</sup> জায়গা জিজ্ঞাসে মেঘের উচ্চতায় এই পানি তুলতে কি পরিমাণ কাজ সম্পাদন করলে হয়েছিল?

২) পানির আয়তন,  $V = Ad$

$= (10^6 \times 10^{-2}) \text{m}^3 = 10^4 \text{m}^3$

$= (10^4 \times 10^3) \text{dm}^3 = 10^7 \text{dm}^3$

1 dm<sup>3</sup> পানির ভর = 1 kg

$\therefore 10^7 \text{dm}^3$  পানির ভর,  $m = 10^7 \text{kg}$

এখন, 1000m উচ্চতায় পানি তুলতে সম্পাদিত কাজ হচ্ছে 1000m উচ্চতায় পানির বিস্তার শক্তির সমান।

$\therefore W = mgh = 10^7 \times 9.8 \times 1000$

$= 9.8 \times 10^{10}$  J (Ans.)

১৩. 80 kg ভরের একজন ক্রীড়ার (জুবার-পথচারী) একটি উর্ট স্থানের A বিন্দুতে দাঁড়ান। তিনি এক লাফে A থেকে B বিন্দুতে এসে লোকটির 75% বিভবশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয়। কত বেগে লোকটি B বিন্দুতে পৌঁছেছিল?



A হতে B বিন্দুতে উচ্চতার পরিবর্তন,  $h = (80 - 20) \text{m} = 60\text{m}$

বিভবশক্তির পরিবর্তন,  $E_p = mgh$

$= 80 \times 9.8 \times 60$

$= 47040$  J

B বিন্দুতে গতিশক্তি,  $E_k = E_p \times 75\%$

$= 47040 \times 0.75$

$= 35280$  J

B বিন্দুতে বেগ V হলে,


$\frac{1}{2}mv^2 = 35280$

$\Rightarrow v = \sqrt{\frac{2 \times 35280}{80}} = 28.7 \text{ms}^{-1}$  (Ans.)

১৪. একটি বেলনাকৃতি White Board Marker এর দৈর্ঘ্য 12 cm এবং ব্যাস 1 cm। Marker-টিকে শায়িত অবস্থা হতে ঝড়ো অবস্থায় নিলে কৃতকাজ নির্ণয় কর। (ভর 250 gm)

শায়িত অবস্থায় ভূমি থেকে ভরকেন্দ্রের উচ্চতা,  $r = 0.005$  m

শায়িত অবস্থায় বিভবশক্তি,  $W = mgr$



আবার, ঝড়ো অবস্থায় ভূমি থেকে ভরকেন্দ্রের উচ্চতা,  $\frac{l}{2} = 0.06$  m


ঝড়ো অবস্থায় বিভব শক্তি,  $W' = mg\frac{l}{2}$

শায়িত অবস্থা থেকে ঝড়ো অবস্থায় নিলে কৃতকাজ =  $W' - W$

$= mg \left( \frac{l}{2} - r \right) = 0.250 \times 9.8 \times (0.06 - 0.005)$

$= 0.13475$  J (Ans.)

**Ex-04**



উপর্যের চিত্র পর্যবেক্ষণ কর। ABCDE পথে একটি গোলককে A বিন্দু থেকে ছেড়ে দেওয়া হলো। A, B, C, D এবং E বিন্দুতে গোলকের শক্তির পরিবর্তন ব্যাখ্যা কর।

Sol: প্রদত্ত চিত্রে A, C, E বিন্দুতে বস্তুটি তার গতিপথের সর্বোচ্চ বিন্দুতে অবস্থান করে।

আমরা জানি, সর্বোচ্চ উচ্চতায় গতি শূন্য।

অতএব, A, C, E বিন্দুতে বস্তুর সব শক্তিই বিভবশক্তি। অন্যদিকে B ও D বিন্দুতে বস্তুটি ভূমিতে অন্যদিকে B ও D বিন্দুতে বস্তুটি ভূমিতে অবস্থান করে অর্থাৎ  $h = 0$ ।

অতএব, B ও D বিন্দুতে বস্তুর সব গতিশক্তি বিভবশক্তিতে পরিবর্তিত হয়।

**BUET, KUET, CUET & RUET**  
[বিগত প্রশ্ন ও সমাধান]

**Written Part**

**BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. ১টি ত্রেন প্রতিটি 50 kg ওজনের 12টি সিমেন্টের ব্যাগ সহজরতিতে 160 m উঁচু একটি নির্মাণাধীন ভবনের ছাদে ওঠাতে 1 min 10 sec সময় নেয়। ত্রেনটির ক্ষমতা অধশক্তিতে বের কর। [17-18]

Sol: মোট ভর,  $m = 50 \times 12 = 600$  kg

উচ্চতা,  $h = 160$  m

সময়,  $t = 1 \text{ min } 10 \text{ sec} = 70 \text{ sec}$

$P = \frac{mgh}{t \times 746}$  H.P

$= \frac{600 \times 9.8 \times 160}{70 \times 746}$  H.P

$= 18.016$  H.P

Ans.

02. পুত্রের ভর পিতার ভরের অর্ধেক। পিতার গতিশক্তি পুত্রের গতিশক্তির অর্ধেক। পিতার বেগ  $1 \text{ms}^{-1}$  বাড়ালে তার গতিশক্তি পুত্রের গতিশক্তি সমান হয়। উভয়ের বেগ নির্ণয় কর। [15-16]

Solve পুত্রের ভর =  $m_1$ ; পিতার ভর,  $m_2 = 2m_1$

পিতার বেগ =  $v_1$ ; পুত্রের বেগ =  $v_2$

$K.E_1 = 2 K.E_2 \Rightarrow \frac{1}{2} m_1 v_1^2 = 2 \times \frac{1}{2} m_2 v_2^2$

$\Rightarrow m_1 v_1^2 = 2 \cdot 2m_1 v_2^2 \Rightarrow v_1^2 = 4 v_2^2 \dots \dots \dots (i)$

আবার,  $\frac{1}{2} m_1 v_1^2 = \frac{1}{2} m_2 (v_2 + 1)^2$

$\Rightarrow m_1 v_1^2 = 2 m_1 (v_2 + 1)^2$

$\Rightarrow v_1^2 = 2 (v_2 + 1)^2$

$\Rightarrow 4 v_2^2 = 2 (v_2^2 + 2v_2 + 1)$

$\Rightarrow v_2^2 - 2v_2 - 1 = 0$

$\therefore v_2 = 1 \pm \sqrt{2}$

বেগ ধনাত্মক বলে,  $v_2 = 2.41 \text{ms}^{-1}$

(i) হতে,  $v_1^2 = 4 v_2^2 \Rightarrow v_1 = 4.82 \text{ms}^{-1}$

Ans:  $4.82 \text{ms}^{-1}$ ,  $2.41 \text{ms}^{-1}$



03. একটি ইঞ্জিন 200 m গভীর কূপ থেকে প্রতি মিনিটে 500 kg পানি উত্তোলন করে। যদি 20% ক্ষমতার অপচয় হয়, তাহলে ইঞ্জিনটির প্রকৃত ক্ষমতা কত? [12-13]

**Solve** ধরি প্রকৃত ক্ষমতা = P

$$P' = \frac{mgh}{t} = \frac{500 \times 9.8 \times 200}{60} = 16.33 \text{ kW}$$

$$\text{Now, } h = \frac{P'}{P} \Rightarrow 0.8 = \frac{16.33}{P} \therefore P = 20.416 \text{ kW Ans.}$$

04. একটি রাইফেলের গুলি প্রতিটি 5 cm পুরুত্বের দুইটি কাঠের তক্তাকে ভেদ করতে পারে এবং পৃথকভাবে কোন একটি দেয়ালের মধ্যে 20 cm ভেদ করতে পারে। গুলিটি দেয়ালের মধ্যে কতটুকু ভেদ করতে পারবে যদি উল্লিখিত তক্তার একটি তক্তা দেয়ালের সামনে সংযুক্ত করা থাকে। [11-12]

**Solve** একটি তক্তা ভেদের পর গুলির গতিশক্তি অর্ধেক হয়। যদি গুলির পূর্ব বেগ v ও একটি তক্তা ভেদের পরবেগ v' হয়,  $\frac{1}{2}mv^2 = \frac{1}{2}mv'^2$

$$\therefore v'^2 = \frac{v^2}{2} \therefore v' = \frac{v}{\sqrt{2}}$$

এখন গুলিটি 20cm তক্তার সময় বেগ v ও ত্বরণ a হলে,

$$0^2 = v^2 + 2 \times a \times 20 \Rightarrow a = \frac{-v^2}{40}$$

এখন দেয়ালের সামনে একটি তক্তা রাখলে  $0^2 - v'^2 = 2 \times a \times s$

$$\Rightarrow \frac{v^2}{2} = -2 \times \frac{-v^2}{40} \times s \Rightarrow \frac{1}{2} = \frac{s}{20} \therefore s = 10 \text{ cm Ans.}$$

বিকল্প নিয়ম:

$$\text{গুলির গতিশক্তি} = \frac{1}{2}mv^2$$

$$1 \text{ টি তক্তা ভেদের পর গতিশক্তি} = \frac{1}{2} \times \frac{1}{2}mv^2$$

$$\frac{1}{2}mv^2 \text{ গতিশক্তি দিয়ে প্রবেশ করে } 20 \text{ cm}$$

$$\therefore \frac{1}{4}mv^2 = \frac{20 \times \frac{1}{4}mv^2}{\frac{1}{2}mv^2} = 10 \text{ cm Ans.}$$

05. 1200 kg ভরের একটি গাড়ীর ইঞ্জিনের ক্ষমতা 134.05 HP ও কর্মদক্ষতা 90%। গাড়ীটিকে স্থিরাবস্থা থেকে  $30 \text{ ms}^{-1}$  বেগে আনতে ন্যূনতম কত সময় লাগবে? (1 HP = 0.746 kW) [10-11]

$$\text{Solve } W = Pt = \frac{1}{2}mv^2 \Rightarrow 134.05 \times 746 \times 90\% \times t = \frac{1}{2} \times 1200 \times (30)^2$$

$$t = 5.99995 \approx 6 \text{ sec Ans.}$$

06. একটি জলবিদ্যুৎ কেন্দ্রে বাঁধের উচ্চতা 10 m. 1 MW বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রতি সেকেন্ডে টারবাইনটির ব্লেডগুলোর উপর কত কিলোগ্রাম পানি পড়তে হবে? [10-11]

$$\text{Solve } W = mgh \Rightarrow P \times t = mgh \Rightarrow m = \frac{1 \times 10^6 \times 1}{9.8 \times 10}$$

$$\therefore m = 10204.08 \text{ kg Ans}$$

07. 30 kg ভরের একটি বস্তুর উচ্চতা হতে ভূমিতে পতিত হয়ে কাদার মধ্যে প্রবেশ করল। কাদার প্রতিরোধ বল ধ্রুবক 1030 কিলোগ্রাম-ওজন হলে, বস্তুটি কাদার মধ্যে কত দূর প্রবিষ্ট হবে? [09-10]

**Solve**

$$mg(h+x) = 1030gx$$

$$\Rightarrow m(h+x) = 1030x$$

$$\Rightarrow 30(21.8+x) = 1030x$$

$$\text{এখানে, } h = 21.8$$

$$x = ?$$

$$\Rightarrow x = 0.654 \text{ m}$$

08. একটি বানর 20 মিটার উঁচু নারিকেল গাছ থেকে নারিকেল ফল প্রত্যেকটি নারিকেলের ভর 2 kg এবং বানরটি প্রতি সেকেন্ডে নারিকেল ফেলছে। নারিকেলের সমস্ত স্থিতিশক্তি বিদ্যুৎশক্তিতে রূপান্তর হলে, উক্ত বিদ্যুৎশক্তির সাহায্যে কতটি 60 ওয়াট বৈদ্যুতিক বাতি প্রজ্জ্বল করা যাবে? [09-10]

$$\text{Solve } P = \frac{mgh}{t} = \frac{2 \times 2 \times 9.8 \times 20}{1} = 784 \text{ W}$$

$$\text{এখন, } P = np' \therefore n = \frac{P}{p'} = \frac{784}{60} = 13.067$$

$$\therefore n = 13.067 \approx 13 \text{ টি বতি জ্বালানো যাবে।}$$

09. 2 mm ব্যাসার্ধের একটি বৃষ্টির ফোঁটা 250 m উচ্চতা থেকে মাটির পড়ছে। বৃষ্টির ফোঁটার উপর অভিকর্ষীয় বল কতটা কাজ করবে? [07-08]

**Solve** বৃষ্টির ফোঁটার আয়তন, ওজন যথাক্রমে V ও W এবং পানির ঘনত্ব

$$\rho = 10^3 \text{ kgm}^{-3} \text{ হলে, } V = \frac{4}{3} \pi \times (2 \times 10^{-3})^3$$

$$W = m \times g = \rho \times V \times g$$

$$= \frac{4}{3} \times \pi \times (2 \times 10^{-3})^3 \times 10^3 \times 9.8$$

$$= 3.28 \times 10^{-4} \text{ N}$$

$$\therefore \text{বৃষ্টির ফোঁটার ওজন} = \text{অভিকর্ষীয় বল (R)} = 3.28 \times 10^{-4} \text{ N}$$

$$\therefore \text{কাজ} = Fh = 3.28 \times 10^{-4} \times 250 = 0.082 \text{ J Ans}$$

10. একটি ওজন মাপার স্প্রিং নিক্সির উপর মাড়ানোর পর ভূমি লক্ষ্য করলে সাম্যাবস্থায় আসার পূর্বে নিক্সির কাঁটাটি সাম্যাবস্থার দৃশ্যে কয়েক দোল খায়। দোলনকাল 0.8 সেকেন্ড হলে, এবং ভোমার ভর 64 kg হলে নিক্সির স্প্রিং ধ্রুবক কত? [01-02]

$$\text{Solve } \text{We know, } k = m\omega^2 = m \left( \frac{2\pi}{T} \right)^2$$

$$= 64 \times \left( \frac{2 \times 3.14}{0.8} \right)^2 = 3943.84 \text{ Nm}^{-1} \text{ Ans.}$$

11. একটি ইঞ্জিন  $10^6 \text{ kg}$  ভরের একটি ট্রেনকে ভূমির সাথে  $1.17^\circ$  কোণে  $10 \text{ km/hr}$  হারে টেনে নিচ্ছে। যদি ঘর্ষণ জনিতবাধা প্রতি  $10^4 \text{ kg}$  ভরকে  $1 \text{ N}$  হারে টেনে নিচ্ছে, তাহলে ইঞ্জিনের ক্ষমতা নির্ণয় কর। ( $g=9.8 \text{ ms}^{-2}$ ) [99-00]

**Solve**

$$\text{এখানে, } f_s = \left( \frac{10}{10^4} \times 10^6 \right) \text{ N} = 1000 \text{ N}$$

$$F = (f_s + W \sin \theta) = 0$$

$$\Rightarrow F = f_s + W \sin \theta$$

$$= 1000 + 10^6 \times 9.8 \times \sin 1.17$$

$$\Rightarrow F = 2.01 \times 10^5 \text{ N.}$$

$$\therefore P = Fv = 2.01 \times 10^5 \times \frac{36000}{3600}$$

$$= 2.01 \times 10^6 \text{ W Ans.}$$


12. 70 kg ভরের একব্যক্তি 20kg ভরের একটি বোঝা নিয়ে 6 মিটার একটি সিঁড়ি বেয়ে উপরে উঠলো। সিঁড়িটি আনুভূমিক তলের সাথে  $30^\circ$  কোণ করে থাকলে ঐ ব্যক্তি কত কাজ করলো নির্ণয় কর। [96-97]

$$\text{Solve } W = \vec{F} \cdot \vec{h} = Fh \cos \theta$$


$$= mgh \cos \theta$$

$$= (70 + 20) \times 9.8 \times 6 \cos 60$$

$$= 2646 \text{ J Ans.}$$



[বোহেড় হ্রব বেগে নিরোমাজে]





**CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

একটি পানি পূর্ণ কুয়ার দৈর্ঘ্য 10 m, প্রস্থ 6 m এবং গভীরতা 10 m। ৯৯% কর্মক্ষমতা বিশিষ্ট একটি পাম্প 30 মিনিটে কুয়াটিকে পানি শূন্য করতে পারে। পাম্পটির অক্ষক্ষমতা নির্ণয় কর। [09-10]

**Solve** কার্যকর ক্ষমতা  $P'$  হলে,  $P' = 0.8P$

$$\text{Now, } P' = \frac{mgh}{t} = \frac{\rho V \times g \times h}{t}$$

$$10^3 \times 10 \times 6 \times 10 \times 9.8 \times \frac{10}{2}$$


$$30 \times 60$$

$$= 16333.33 \text{ W}$$

$$P = \frac{P'}{0.8} = 20416.67 \text{ W} = 27.36 \text{ HP Ans.}$$

একটি দালানের ছাদের সাথে লাগানো 5 m লম্বা একটি মই অনুভূমিকের সাথে  $30^\circ$  কোণ করে আছে। 60 kg ভরের এক ব্যক্তি 20 kg ভরের সোঁকা নিয়ে 10 sec এ ছাদে ওঠেন। তার অক্ষক্ষমতা বের কর। [08-09]

**Solve**  $W = Fx \cos \theta$   
 $= mgx \cos 60$   
 $= (60 + 20) \times 9.8 \times \frac{1}{2} \times 5 = 1960$



$$P = \frac{W}{t} = \frac{1960}{10} = 196 \text{ W Ans.}$$

একটি মার্বেল পাথর বস্তুর উচ্চতা 4 ফুট এবং ভর 500 পাউন্ড। 22,500 ফুট পাউন্ড কাজ করতে কতটি মার্বেল পাথর খন্ড একটির উপর একটি ট্রেনে মোট কত ফুট উঁচু একটি স্তম্ভ সাজাতে পারবে? [05-06]

**Solve**  $W = mgh \frac{n(n-1)}{2}$   
 $\Rightarrow 22500 = 500 \times 32 \times \frac{4 \times (n^2 - n)}{2} \quad \therefore n = 1.5$

সহ. পাথরের সংখ্যা 10 এবং উচ্চতা 30 ft

একটি পানিপূর্ণ কুয়ার দৈর্ঘ্য 3 m, প্রস্থ 2 m ও গভীরতা 20 m। 70% কর্মক্ষমতা বিশিষ্ট একটি পাম্প 20 মিনিটে কুয়াটিকে পানি শূন্য করতে পারে। পাম্পটির অক্ষক্ষমতা নির্ণয় কর। [04-05]

**Solve**  $P_{out} = P_m \frac{70}{100} = 0.7 P_m$

$$P_{out} = \frac{w}{t} = \frac{mgh}{t} = \frac{\rho Vgh}{t}$$

$$= 0.7 P_m = \frac{1000 \times 120 \times 9.8 \times \frac{0+20}{2}}{20 \times 60}$$

$$\Rightarrow P_m = 14000 \text{ W}$$

$$\Rightarrow P_m = 18.76 \text{ HP Ans.}$$

কিছু উচ্চতা হতে একটি বস্তুকে পতিত হতে দেয়া হল। কোণীয় গতিশক্তি স্থিতি শক্তির অর্ধেক হবে। [04-05]

**Solve** ধরি, ভূমি হতে x উচ্চতায়

We know,  
 $\frac{h}{(n+1)} = \frac{h}{2+1} = \frac{2}{3}h$   
 $= 90 \times \frac{2}{3} = 60 \text{ ft Ans.}$

গতিশক্তি  
 $n = \frac{\text{বিভব শক্তি}}{\text{বিভব শক্তি}} = \frac{1}{2}$   
 $h = 90 \text{ ft}$

06. 30 m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোণীয় উহার গতিশক্তি বিভব শক্তির বিত্তপ হবে? [03-04]

**Solve** গতিশক্তি,  $E_k = \frac{1}{2}mv^2$   
 $= \frac{1}{2}m \cdot 2g(30-h) \quad [\therefore v^2 = 2g(30-h)]$   
 $= 30mg - mgh$



বিভব শক্তি,  $E_p = 2E_k$ ; এখন শর্তমতে,  $E_k = 2E_p$   
 $30mg - mgh = 2mgh \Rightarrow 30g = 3gh \Rightarrow h = 10 \text{ m Ans.}$

07. 25 gm ভরের একটি গুলি  $0.5 \text{ kms}^{-1}$  বেগে ঢুকে  $100 \text{ ms}^{-1}$  বেগে বের হয়ে গেল। লক্ষ বস্তুর ভিতরে চলতে গুলিটির কত শক্তি ব্যয় হবে? [03-04]


**Solve** দেওয়া আছে,  
 ভর,  $m = 25 \text{ gm} = 0.025 \text{ kg}$ ,  
 আদিবেগ,  $u = 0.5 \text{ kms}^{-1} = 500 \text{ ms}^{-1}$   
 শেষবেগ  $v = 100 \text{ ms}^{-1}$

কাজ শক্তির উপপাদ্য হতে পাই,  $w = \frac{1}{2}m(u^2 - v^2)$   
 $= \frac{1}{2} \times 0.025 \times (500^2 - 100^2) = 3000 \text{ J Ans.}$

**RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. একটি দালানের ছাদের সাথে লাগানো 5m লম্বা একটি মই অনুভূমিকের সাথে  $30^\circ$  কোণ করে আছে। 60kg ভরের এক ব্যক্তি 20kg ভরের ইট সহ 10 sec-এ ছাদে উঠলে, তার অক্ষক্ষমতা বের কর। [11-12]

**Solve** আমরা জানি,  
 $P = \frac{w}{t} = \frac{F_x \cos \theta}{t} = \frac{mgx \cos \theta}{t}$



এখানে  $\theta =$  বল ও সরঞ্জামের অন্তর্ভুক্ত কোণ  $= 60^\circ$

$$\therefore P = \frac{1960}{10} = 196 \text{ W} = \frac{196}{746} \text{ HP} = 0.26273 \text{ HP}$$

02. 100 m মিটার উচ্চতা থেকে 5 kg ভর মুক্তভাবে অভিকর্ষের টানে পড়তে থাকলে, 4 sec পরে ভরটির গতিশক্তি ও স্থিতিশক্তি কত হবে? [10-11]

**Solve**  $v = u + gt = 0 + 9.8 \times 4 = 39.2 \text{ ms}^{-1}$   
 $\therefore$  গতিশক্তি  $= \frac{1}{2} \times m \times v^2$   
 $= \frac{1}{2} \times 5 \times (39.2)^2 = 3841.6 \text{ J Ans.}$

4s-এ অতিক্রান্ত দূরত্ব h হলে,  $h = \frac{1}{2} \times gt^2 = \frac{1}{2} \times 9.8 \times 4^2 = 78.4 \text{ m}$

ভূমি হতে উচ্চতা  $h = 100 - h = 21.6 \text{ m}$   
 স্থিতি শক্তি  $= mgh = 5 \times 9.8 \times 21.6 = 1058.6 \text{ J Ans.}$

03. কোন কুয়া থেকে 20 m উপরে পানি তোলায় জন্য 60 kW একটি পাম্প ব্যবহার করা হচ্ছে। পাম্পের দক্ষতা 82.2% হলে প্রতি মিনিটে কত লিটার পানি তোলা যাবে? [08-09]

**Solve**  $P' = \eta P = \frac{82.2}{100} \times 60 \times 10^3 \text{ w} = 49320 \text{ w}$   
 again,  $P = \frac{w}{t} = \frac{mgh}{t}$   
 $\therefore m = \frac{Pt}{gh} = \frac{49320 \times 60}{9.8 \times 20} = 15097.96 \text{ kg} = 15097.96 \text{ L Ans.}$



04. 60 kg ভর বিশিষ্ট একটি বস্তু স্থির অবস্থায় ছিল। 30 N বল প্রয়োগ করার বস্তুটি গতিপ্রাপ্ত হলো। 10 s পরে বস্তুটির গতিশক্তি নির্ণয় কর। [07-08]

**Solve** We know,  $F = ma$

$$\Rightarrow a = \frac{F}{m} = \frac{30}{60} = 0.5 \text{ ms}^{-2}$$

$$\therefore E_k = \frac{1}{2}mv^2 = \frac{1}{2}m(v_0 + at)^2 = \frac{1}{2} \times 60 \times (0 + 0.5 \times 10)^2$$

$$= 750 \text{ J Ans.}$$

05. একটি পাম্প মিনিটে 1200 gallon পরিমাণ পানি 6 ft উঁচুতে 32 ft/sec (9.8 ms<sup>-1</sup>) গতিবেগে নিক্ষেপ করতে পারে। 1 gallon পানির ভর 10 lb হলে ইঞ্জিনের অর্থক্ষমতা নির্ণয় কর। [06-07]

**Solve**  $m = 1200 \times 10 \times 0.4536 = 5443 \text{ kg}$

$$h = 6/t = \frac{6 \times 9.8}{32} = 1.84 \text{ m}$$

$$\therefore P = \frac{W}{t} = \frac{mgh + \frac{1}{2}mv^2}{t}$$

$$= \frac{5443 \times 9.8 \times 1.84 + \frac{1}{2} \times 5443 \times (9.8)^2}{60}$$

$$= 5992 \text{ W} = 8 \text{ HP Ans.}$$

06. আনুভূমিক কাঠের উপর একটি পেরেক উলম্বভাবে রাখা আছে। 1 kg ভরের একটি হাতুড়ি দ্বারা পেরেকটিকে ষাড়া নিচের দিকে 4 ms<sup>-1</sup> বেগে আঘাত করা হলো। পেরেকটি কাঠের মধ্যে 0.015 m ঢুকে গেলে গড় বাধাদানকারী বল নির্ণয় কর। [05-06]

**Solve**  $F_s = \frac{1}{2}mv^2$

$$\Rightarrow F = \frac{mv^2}{2s} = \frac{1 \times 4^2}{2 \times 0.015}$$

$$\therefore F = 533.33 \text{ N}$$

$$\therefore \text{বাধা দানকারী বল, } R = mg + F$$

$$= (1 \times 9.8 + 533.33) \text{ N}$$

$$= 543.13 \text{ N Ans.}$$

07. একটি পাম্প প্রতি মিনিটে 1200 গ্যালন পরিমাণ পানি 16 ft উঁচুতে তুলে 32 ft/sec গতিবেগে নিক্ষেপ করতে পারে। 1 গ্যালন পানির ভর 10 lb হলে ইঞ্জিনের অর্থক্ষমতা নির্ণয় কর। [05-06]

**Solve**  $m = 10 \times 0.453 \times 1200 = 5436 \text{ kg}$

$$h = 6 \times \frac{9.8}{32} = 1.8375 \text{ m}$$

$$\text{We know, } P = \frac{W}{t} = \frac{mgh + \frac{1}{2}mv^2}{t}$$

$$= \frac{5436 \times 9.8 \times 1.8375 + \frac{1}{2} \times 5436 \times (9.8)^2}{60}$$

$$= 5982 \text{ W} = 8 \text{ HP Ans.}$$


08. 70 kg ভরের এক ব্যক্তি 20 kg ভরের এক বোঝা নিয়ে 6 m দীর্ঘ একটি সিঁড়ি বেয়ে উপরে উঠলো। সিঁড়িটি আনুভূমিক তলের সাথে 30° কোণ করে থাকলে ঐ ব্যক্তি কত কাজ করল নির্ণয় কর। [04-05]

**Solve**

$$W = Fx \cos \theta \text{ (সরণ ও বলের অন্তর্ভুক্ত কোণ = } \theta \text{)}$$

$$= (70+20) \times 9.8 \times 6 \cos 60^\circ$$

$$\text{Ans. : } 2646 \text{ Joule}$$



09. বিখ্যাত টাইটানিক জাহাজের ওজন 46000 tons (প্রায়)। যাত্রার জাহাজটির সোট আয়তনের এক তৃতীয়াংশ পানির নীচে ছিল। পানির ঘনত্ব 1.025 gm/cc হলে জাহাজটির আয়তন কত? বরফপেতে লাগার পর যদি প্রতি সেকেন্ডে 3 million cc পানি জাহাজটিতে প্রবেশ তাহলে প্রতি ঘন্টায় জাহাজটির কত অংশ ভুবেতে থাকবে? [04-05]

**Solve** ধরি, জাহাজের আয়তন =  $V \text{ m}^3$

$$\text{শর্তমতে, } \frac{V}{3} \times 1.025 \times 10^3 = 46000 \times 1016$$

$$\therefore V = 1.368 \times 10^{11} \text{ cc}$$

1 ঘন্টায় প্রবেশকৃত পানির আয়তন

$$= 3 \times 10^6 \times 3600 \text{ cc} = 1.08 \times 10^{10} \text{ cc}$$

$$\therefore V' = \frac{1.08 \times 10^{10}}{13.68 \times 10^{10}} = \frac{3}{38} \text{ hr Ans.}$$

10. একটি বস্তুকে স্থিৎকে 4 cm সংকুচিত করে 10 gm ভরের একটি স্প্রিং হেঁচা হলো। স্প্রিং বেগ নির্ণয় কর যখন স্প্রিংটি পূর্বাৱস্থায় ফিঙ্গে স্প্রিং ধ্রুবক 200 Nm<sup>-1</sup>। [04-05]

**Solve**

$$\frac{1}{2}mv^2 = \frac{1}{2}kx^2$$

$$v = \sqrt{\frac{kx^2}{m}} = 5.66 \text{ ms}^{-1} \text{ Ans.}$$

$$m = 10 \text{ gm} = 10 \times 10^{-3} \text{ kg}$$

$$x = 4 \text{ cm} = 4 \times 10^{-2} \text{ m}$$

$$v = ?$$

## MCQ Part

BUET এর বিগত প্রশ্নাবলি | শর্ট টেকনিকের সাহায্যে সমাধান

01. 10 N বল প্রয়োগে একটি গাড়ীকে 100 m সারিতে কত কাজ করতে হবে? বল ও সরনের মধ্যবর্তী কোণ 60°। [13-14]

A. 100 joule

B. 1000 joule

C. 500 joule

D. 50 joule

**Ans C | Solve**  $W = FScos\theta = 10 \times 100 \times \cos 60^\circ = 500 \text{ J}$

02. 10 kg ভরের একটি বস্তুকে স্থিৎ থেকে তুলানো হল যার স্থিৎ ধ্রুব 200 N/m। স্থিৎ এর দৈর্ঘ্য বৃদ্ধি (স্থিৎ এর এক প্রান্ত অটিকানো আছে) হবে- [13-14]

A. 0.05 m

B. 20.0 m

C. 2.4 m

D. 0.49 m

**Ans D | Solve**  $kx = mg \Rightarrow x = \frac{mg}{k} = \frac{10 \times 9.8}{200} = 0.49 \text{ m}$

03. নিম্নের বস্তুসমূহের মধ্যে কোনটির গতিশক্তি বেশি? [12-13]

A. ভর 3M এবং বেগ V

B. ভর 3M এবং বেগ 2V

C. ভর 2M এবং বেগ 3V

D. ভর M এবং বেগ 4V

**Ans C | Solve**  $E \propto MV^2$  ∴ 2M ভর ও বেগ 3V হলে, E সর্বোচ্চ হবে।

04. 80 m উচ্চতা থেকে যদি একটি বল মেঝেতে পড়ে এবং বলটির গতিশক্তি মেঝের সাথে প্রতিখাতে হ্রাস পায়, তবে বলটি মেঝেতে বাঁচতে যে উচ্চতায় উঠবে। [11-12]

A. 60 m

B. 64 m

C. 68 m

D. 72 m

**Ans B | Solve** ধরি, x উচ্চতায় পর্যন্ত উঠবে।

$$\therefore 0.8 \times m \times g \times 80 = m \times g \times x \Rightarrow x = 0.8 \times 80 = 64 \text{ m}$$

05. 40 N ওজনের বস্তুকে মেঝে থেকে 3 m উঁচুতে 2 সেকেন্ড ধরে তুললে কাজের পরিমাণ হবে- [10-11]

A. 0 J

B. 40 J

C. 120 J

D. 240 J

**Ans A | Solve** যেহেতু, সরণ নেই তাই কাজের পরিমাণ শূন্য।



১০. উপর থেকে 10 kg ভরের একটি মুক্তভাবে পড়ন্ত বস্তুর মাটি থেকে ১ m উপরে মোট শক্তি হবে- [10-11]

- A. 490 J      B. 100 J      C. 735 J      D. 980 J

**Ans D Solve** কোনো বিন্দুতে মোট শক্তি =  $m \times g \times$  আদি উচ্চতা(h)  
 $= 10 \times 10 \times 9.8 = 980 \text{ J}$

১১. ওয়াটের একটি মোটর 10 সেকেন্ড কি পরিমাণ কাজ করে? [09-10]

- A.  $5.0 \times 10^1$  Joule      B.  $6.0 \times 10^3$  Joule  
 C.  $6.0 \times 10^2$  Joule      D.  $6.0 \times 10^4$  Joule

**Ans D Solve**  $P = \frac{W}{t} \Rightarrow Pt = 6000 \times 10 = 6 \times 10^4 \text{ J}$

১২. দুই থেকে ৩.০ মিটার উচ্চতা বিশিষ্ট একটি স্থান থেকে ২.০ কিলোগ্রাম ভর বিশিষ্ট একটি কার্টের টুকরা ঢালু পথ বেয়ে ৫০ জুল শক্তি নিয়ে মাটিতে পড়ছে। বেয়ে পড়ার জন্য ঘর্ষণ কর্তৃক কার্টের টুকরাটির উপর কাজের পরিমাণ প্রায়: [09-10]

- A. 9 Joule      B. 6 Joule  
 C. 44 Joule      D. 18 Joule

**Ans A Solve**  $W =$  ঘর্ষণজনিত কাজ + অবশিষ্ট শক্তি

ঘর্ষণজনিত কাজ =  $W -$  অবশিষ্ট শক্তি =  $mgh - 50$   
 $= 2 \times 9.8 \times 3 - 50 = 8.8 \approx 9 \text{ J}$

১৩. কাজের মাত্রা যথাক্রমে: [09-10]

- A.  $LT^2$  and  $MLT^{-2}$       B.  $MLT^{-2}$  and  $ML^2T^{-2}$   
 C.  $LT^{-2}$  and  $ML^2T^{-2}$       D.  $MLT^{-2}$  and  $ML^{-2}T^{-1}$

**Ans B Solve** বল  $\times$  সরণ =  $MLT^{-2}$ ;

শক্তি = কাজ = বল  $\times$  সরণ =  $MLT^{-2} \times L = ML^2T^{-2}$

১৪. জন বস্তুর গতিশক্তি 300% বৃদ্ধি করা হলে, উক্ত বস্তুর ভরবেগ বাড়বে- [08-09]

- A. 100%      B. 150%  
 C. 200%      D. 400%

**Ans A Solve**  $E = \frac{p^2}{2m}$

$$E \propto p^2 \Rightarrow \frac{E_1}{E_2} = \frac{p_1^2}{p_2^2}$$

$$\frac{E}{(E + E \text{ এর } 300\%)} = \frac{p_1^2}{p_2^2} = \frac{\sqrt{1}}{\sqrt{4}} \therefore \frac{p_2}{p_1} = 2$$

$p_2 = 2p_1 = p_1 + p_1 \therefore 100\%$  বাড়বে।

১৫. একটি মটর একটি 120 m গভীর কূপ থেকে 5 minutes এ 400 kg পানি উত্তোলন করতে সক্ষম। মটরটির অধক্ষমতা কত? [07-08]

- A. 3.0 H.P      B. 2.8 H.P  
 C. 2.5 H.P      D. 2.1 H.P

**Ans D Solve**  $p = \frac{mgh}{t} = \frac{400 \times 9.8 \times 120}{5 \times 60} = 1568 \text{ w} = \frac{1568}{746} = 2.1 \text{ hp}$

১৬. একটি স্যাটেলাইট পৃথিবীর চারদিকে বৃত্তাকার কক্ষপথে মোট  $E_0$  (পতি শক্তি + স্থিতি শক্তি) শক্তিতে ঘুরছে। এর স্থিতি শক্তি কত? [06-07]

- A.  $-E_0$       B.  $1.5 E_0$   
 C.  $2 E_0$       D.  $E_0$

**Ans C Solve** বিভবশক্তি =  $\frac{GMm}{R+h}$ ; গতিশক্তি =  $\frac{1}{2}mv^2$

$$E_0 = \frac{1}{2} \frac{GMm}{R+h} + \frac{1}{2}mv^2 \therefore \text{স্থিতিশক্তি } 2E_0$$

**KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. একটি বন্দুকের গুলি কোনো দেয়ালের মধ্যে 0.05m প্রবেশ করার পর অর্ধেক বেগ হারায়। গুলিটি দেয়ালের মধ্যে আর কত দূর প্রবেশ করতে পারবে? [17-18]

- A. 1.67 cm      B. 0.02m      C. 1.33cm  
 D. 0.022m      E. 1.52cm

**Ans A Solve**  $d = \frac{0.05}{3} = 0.0167 \text{ m} = 1.67 \text{ cm}$

02. একটি কুয়া থেকে ইঞ্জিনের সাহায্যে প্রতি ঘণ্টায়  $25 \times 10^6 \text{ kg}$  পানি 50m উচ্চতায় উঠানো হয়। 70% ক্ষমতা ক্ষয় হলে এর অধক্ষমতা নির্ণয় করো। [17-18]

- A.  $4.8 \times 10^6$  H.P.      B. 6516 H.P.      C.  $5.7 \times 10^3$  H.P.  
 D. 3649 H.P.      E. 6251 H.P.

**Ans B Solve**  $P = \frac{W}{t} = \frac{25 \times 10^6 \times 50 \times 9.8}{3600 \times 746} = 4561 \text{ H.P}$   
 $\therefore P' = \frac{P}{0.7} = 6516 \text{ H.P}$

03. 20,000 kg ভরের একটি গাড়ীর ইঞ্জিনের ক্ষমতা 560 H.P ও কর্মদক্ষতা 80%। গাড়িটিকে স্থির অবস্থা থেকে 25 m/s বেগে আনতে ন্যূনতম কত সময় লাগবে? (1 HP = 0.746 KW) [16-17]

- A. 3.74 sec.      B. 6 sec.      C. 18 sec.  
 D. 37.4 sec.      E. 374 sec.

**Ans C Solve**  $E_k = \frac{1}{2}m(v^2 - v_0^2)$   
 $= \frac{1}{2} \times 20000 \times 25^2 = 6250000 \text{ J}$

$$W - E_k - Pt \Rightarrow t = \frac{E_k}{P} = \frac{6250000}{0.8 \times 560 \times 746} = 18.7 \text{ s} \approx 18 \text{ s}$$

04. পৃথিবী পৃষ্ঠ হতে 5km উপরে কিছু মেঘ ভেসে আছে। ঐ মেঘ বৃষ্টিরপে নেমে এসে ভূপৃষ্ঠে 100 km<sup>2</sup> স্থানে 1 mm গভীরতাব পানি সৃষ্টি করতে পারে। উক্ত পানিকে আবার মেঘে পরিণত করতে কত কাজের প্রয়োজন? [15-16]

- A.  $49 \times 10^{11} \text{ J}$       B.  $49 \times 10^8 \text{ J}$       C.  $4.9 \times 10^{11} \text{ ergs}$   
 D.  $9.8 \times 10^{11} \text{ N}$       E.  $10^8 \text{ J}$

**Ans A Solve**  $w = mgh = \rho pgh = Ad\rho pgh$   
 $= (100 \times 10^6 \times 0.001 \times 1000 \times 9.8 \times 5 \times 10^3) \text{ J}$   
 $= 49 \times 10^{11} \text{ J}$

05. একটি পাম্প ঘণ্টায়  $25 \times 10^6 \text{ kg}$  পানি 50m গভীর কুয়া থেকে তুলতে পারে। পাম্পের ক্ষমতা 70% কার্যকর হলে প্রকৃত ক্ষমতা কত? [14-15]

- A. 4.06 MW      B. 4.86 MW      C. 2.38 MW  
 D. 420 MW      E. 238 MW

**Ans B Solve**  $P = \frac{mgh}{t} = \frac{25 \times 10^6 \times 9.8 \times 50}{3600} = 3402777.778$   
 $\therefore$  প্রকৃত ক্ষমতা =  $\frac{3402777.778 \times 100}{70} = 4.86 \text{ MW}$

06. পৃথিবী পৃষ্ঠের 20m নিচ থেকে মোটর পাম্পের সাহায্যে পানি টেনে উঠানো হয় এবং প্রতি মিনিটে 600 kg পানি নির্গত হয়। যদি পানি বাইরে আসার বেগ 5 ms<sup>-1</sup> হয়, মোটর পাম্পের ক্ষমতা কত? [12-13]

- A. 1.96 kW      B. 2 kW      C. 2.085 kW      D. 125 kW      E. 2.085 W

**Ans C Solve**  $W = mgh + \frac{1}{2}mv^2$   
 $= 600 (9.8 \times 20 + \frac{1}{2} \times 5^2) = 125100 \text{ J}$

$$P = \frac{w}{t} = \frac{125100}{60} \text{ watt} = 2085 \text{ watt} = 2.085 \text{ kW}$$



07. একটি কূপ থেকে 20 m উপরে পানি তোলার জন্য 3 KW এর একটি পাম্প ব্যবহার করা হয়। পাম্পের দক্ষতা 87.7% হলে প্রতি মিনিটে কত লিটার পানি তোলা যাবে? [09-10]

- A. 1610 L                      B. 805 L                      C. 402 L  
D. 201 L                      E. 100 L

**Ans B Solve**  $\eta p = \frac{mgh}{t} = \frac{V\rho gh}{t}$

$\Rightarrow V = \frac{\eta pt}{\rho gh} = \frac{0.877 \times 3 \times 10^3 \times 60}{10^3 \times 9.8 \times 20} = 0.805 \text{ m}^3 = 0.805 \times 10^3 \text{ L} = 805 \text{ L}$

08. একটি বস্তুকে ঝড়ো উপরের দিকে 100 m/sec বেগে নিক্ষেপ করা হলো। বস্তুটি যখন 298 m উঁচুতে উঠবে তখন এর বেগ কত হবে? [09-10]

- A. 64.6 m/sec                      B. 64.3 m/sec                      C. 64.5 m/sec  
D. 64.2 m/sec                      E. 64.8 m/sec

**Ans C Solve**  $\frac{1}{2} mv^2 + mgh = \frac{1}{2} mv_0^2$

$\Rightarrow v^2 = v_0^2 - 2gh = 100^2 - 2 \times 9.8 \times 298$   
 $\therefore v = 64.49 \approx 64.5 \text{ ms}^{-1}$

09. 200 gm ভরের একটি বস্তু 10 m উচ্চতা থেকে নিচে পড়ছে। ভূ-পৃষ্ঠকে স্পর্শ করার পূর্ব মুহূর্তে এর গতিশক্তি কত হবে? [08-09]

- A. 196 J                      B. 19.6 J                      C.  $19.6 \times 10^3 \text{ J}$   
D.  $19.6 \times 10^{-3} \text{ J}$                       E.  $19.6 \times 10^{-4} \text{ J}$

**Ans B Solve**  $E = mgh = 200 \times 10^{-3} \times 9.8 \times 10 = 19.6 \text{ J}$

10. একটি জল বিদ্যুৎ কেন্দ্রের বাধের গভীরতা 20 m। প্রতি সেকেন্ডে কত কেজি পানি অবশ্যই টারবাইনের ব্লেডের উপর পড়তে হবে যাতে এটি 0.5 MW বিদ্যুৎ উৎপন্ন করতে পারে? [08-09]

- A.  $25 \times 10^4 \text{ kg}$                       B.  $25 \times 10^2 \text{ kg}$                       C.  $25 \times 10^3 \text{ kg}$   
D.  $25 \times 10^4 \text{ kg}$                       E.  $25 \times 10^5 \text{ kg}$

**Ans B Solve**  $P = \frac{mgh}{t}$

$\Rightarrow 0.5 \times 10^6 = \frac{m \times 9.8 \times 20}{1}$

$\therefore m = 25 \times 10^2 \text{ kg}$

11. 30 H.P ক্ষমতা বিশিষ্ট একটি ইঞ্জিনের দক্ষতা 50%। 330 ft ভরের একটি বস্তুকে ভূমি থেকে 750 ft উচ্চতায় তুলতে এই ইঞ্জিনের কত সময় লাগবে? [08-09]

- A. 20 sec                      B. 30 sec                      C. 29 sec  
D. 31 sec                      E. 28 sec

**Ans B Solve**  $\eta \times P = \frac{mgh}{t}$

$\Rightarrow t = \frac{mgh}{\eta P} = \frac{330 \times 32.2 \times 750}{0.5 \times 30 \times 17737} = 30 \text{ sec}$

[ $\therefore 1 \text{ H.P} = 746 \text{ watt} = 17737 \text{ poundal-ft/s}$ ]

12. 100 m গভীর একটি কূপ থেকে ইঞ্জিনের সাহায্যে প্রতি মিনিটে 1000 kg পানি উঠানো হয়। যদি ইঞ্জিনটির ক্ষমতার 20% নষ্ট হয়, তবে এর অক্ষক্ষমতা কত? [07-08]

- A. 2.73 H.P.                      B. 27.37 H.P.                      C. 273 H.P.  
D. 27 H.P.                      E. 273.68 H.P.

**Ans B Solve** We know,

$p = \frac{mgh}{t} = \frac{1000 \times 9.8 \times 100}{60} = 16333.33 \text{ wt}$

Again,  $p = p'$  এর 80% = 0.8  $p'$

$\Rightarrow p' = \frac{p}{0.8} = \frac{16333.33}{0.8 \times 746} \text{ H.P} = 27.37 \text{ H.P}$

13. কাজের পরিমাণ সবচেয়ে বেশী হবে যখন প্রযুক্ত বল ও সরণের কোণের মান থাকে- [06-07]

- A.  $30^\circ$                       B.  $45^\circ$                       C.  $90^\circ$   
D.  $0^\circ$                       E.  $180^\circ$

**Ans D Solve**  $W = Fx \cos\theta = Fx$

**CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. একটি পানি পূর্ণ কুয়ার দৈর্ঘ্য 5m, প্রস্থ 3m, গভীরতা 10m। এর কর্মদক্ষতা বিশিষ্ট একটি পাম্প 20 মিনিটে কুয়াটিকে পানিশূন্য করতে পারে। পাম্পটির অক্ষক্ষমতা কত? [15-16]

- A. None of them                      B. 6.6 HP  
C. 8.21 Hp                      D. 10.26 HP

**Ans D Solve**  $P = \frac{mgh}{t} \Rightarrow m = v \times \rho = l \times w \times d \times \rho$

$= 5 \times 3 \times 10 \times 1000 = 150000 \text{ kg}$

$\therefore P = \frac{mgh}{t} = \frac{150000 \times 9.8 \times 5}{1200 \text{ s}} \quad \left| \quad h = \frac{0+10}{2} \right.$   
 $= 6125 \text{ W}$

$p' = \frac{100}{80} \times P = 7656.25 \text{ W} = 10.26 \text{ HP}$

02. একটি পানিপূর্ণ কূপের গভীরতা ও ব্যাস যথাক্রমে 10m ও 4m। পাম্প 20 মিনিট কূপটিকে পানি শূন্য করতে পারে। পাম্প এর অক্ষক্ষমতা নির্ণয় কর। [14-15]

- A. 5.1 hp                      B. 51.28 hp  
C. 6.87 hp                      D. None

**Ans C Solve**

$\Rightarrow P = \frac{mgh}{t} = \frac{v\rho gh}{t} = \frac{\pi r^2 l \rho gh}{t}$

$= \frac{3.14 \times (2\text{m})^2 \times 10 \times 10^3 \text{ kgm}^{-3} \times 9.8 \text{ ms}^{-2} \times 5\text{m}}{1200 \text{ s}}$

$= 5128.67 \text{ w} = 6.87 \text{ HP}$

গভীরতা,  $l = 10\text{m}$   
 $h = \frac{0-10}{2} = 5\text{m}$   
ব্যাস,  $d = 4\text{m}$   
ব্যাসার্ধ,  $r = 2\text{m}$   
সময়,  $t = 20 \text{ min}$   
 $= 2 \times 60 = 1200 \text{ s}$   
ক্ষমতা,  $p = ?$

03. 50 kg ভরের এক ব্যক্তি 5 sec এ কোন সিঁড়ি বেয়ে 20 ধাপ উপরে উঠে। প্রতি ধাপের উচ্চতা 10 cm লোকটি কত ক্ষমতা ব্যবহার করল? [14-15]

- A.  $1.9 \times 10^4 \text{ watt}$                       B. 490 watt  
C. 196 watt                      D. None of them

**Ans C Solve**  $P = \frac{mgh}{t} = \frac{50 \times 9.8 \times (20 \times 0.1)}{5} = 196 \text{ watt}$

04. 25 N বল কোন স্প্রিংকে টেনে 10 cm বৃদ্ধি করে। স্প্রিংকে প্রসারিত করলে কত কাজ সম্পন্ন হয়? [13-14]

- A. 0.8 J                      B. 0.8 N-m  
C. Both A & B                      D. None

**Ans C Solve**  $F = kx \therefore k = \frac{F}{x} = \frac{25}{0.10} = 250 \text{ Nm}^{-1}$

$W = \frac{1}{2} kx^2 = \frac{1}{2} \times 250 \times 0.08^2 = 0.8 \text{ J} = 0.8 \text{ Nm}$

05. 30 m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোন উহার গতিশক্তি বিভব শক্তির ষিগুণ হবে? [10-11]

- A. 10m                      B. 25m  
C. 28m                      D. None

**Ans A Solve**  $x = \frac{h}{n+1}$  যখন,  $n = 2$  হলে  $x = \frac{1}{3} \times 30 = 10\text{m}$



**BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

**SELF TEST [WRITTEN]**

১১. ৩৫ kg ভরের একজন লোক প্রতিটি 15 cm উঁচু 50 টি সিঁড়ি 20 sec এ উঠতে পারে। লোকটির অর্থক্ষমতা কত? [14-15]

- A. 0.396 HP      B. 0.496 HP      C. 0.596 HP  
D. 0.296 HP      E. None

**Ans D Solve**  $P = \frac{mgh}{t} = \frac{4410}{20 \times 746} = 0.296 \text{ HP}$

১২. ৯০ m উচ্চতা থেকে যদি একটি বল মেঝেতে পড়ে এবং বলটির 20% শক্তি মেঝের সাথে প্রতিঘাতে হ্রাস পায়, তবে বলটি মেঝেতে বাড়ি খেয়ে কত উচ্চতায় উঠবে? [13-14]

- A. 50 m      B. 56 m      C. 61 m      D. 64 m      E. None

**Ans D Solve**  $mgh' = .8 mg \times 80 \Rightarrow h' = 64m$

১৩. পৃথিবীতে একটি আপেল পৃথিবীকে f বলে আকর্ষণ করছে। পৃথিবী আপেলকে f বলে আকর্ষণ করছে। সূত্রসহ- [13-14]

- A.  $F \gg f$       B.  $F > f$       C.  $F = f$       D.  $F < f$       E. None

**Ans C Solve** দুটি বস্তুর আকর্ষণ বল সমান।

১৪. একটি লিফট 1 m/sec<sup>2</sup> ত্বরণে নিচে নামছে। লিফটের মধ্যে দাঁড়ানো একজন ব্যক্তির ভর 65 kg হলে, তিনি কত বল অনুভব করবেন? [13-14]

- A. 475 N      B. 572 N      C. 590 N      D. 350 N      E. None

**Ans B Solve**  $F = m(g - a) = 65(9.8 - 1) = 572 \text{ N}$

১৫. পৃথিবীর ব্যাসার্ধ  $R = 6.4 \times 10^6 \text{ m}$  এবং অভিকর্ষজ ত্বরণ  $9.8 \text{ ms}^{-2}$  হলে পৃথিবীর পৃষ্ঠ হতে কোন বস্তুর মুক্তি বেগ কত হবে? [13-14]

- A.  $1.12 \times 10^4 \text{ m/s}$       B.  $11.2 \times 10^4 \text{ m/s}$       C.  $2.11 \times 10^4 \text{ m/s}$   
D.  $21.12 \times 10^4 \text{ m/s}$       E. None

**Ans A Solve** মুক্তিব্যেগ  $= \sqrt{2gR} = \sqrt{2 \times 9.8 \times 6.4 \times 10^6} = 1.12 \times 10^4 \text{ ms}^{-1}$

১৬. সূর্যের ভরের সঠিক সমীকরণ কোনটি? [12-13]

- A.  $M = \frac{4\pi^3}{GT^2}$       B.  $M = \frac{4\pi r^2}{GT^2}$       C.  $M = \frac{4\pi^3 r^2}{GT^2}$

- D.  $M = \frac{4\pi^3 r^3}{GT^3}$       E.  $M = \frac{4\pi^3 r^3}{GT^2}$

**Ans. E**

১৭. মুক্তি বেগের সমীকরণ কোনটি? [12-13]

- A.  $V_E = \sqrt{2gR}$       B.  $V_E = 2gR$       C.  $V_E = \sqrt{2} gR$

- D.  $V_E = \frac{\sqrt{2}}{gR}$       E. None

**Ans A Solve**  $V_E = \sqrt{2gR}$

১৮. কোনটি পৃথিবীর ভরের সঠিক সূত্র? [11-12]

- A.  $M = \frac{gR^2}{G^3}$       B.  $M = \frac{GR^2}{g}$       C.  $M = \frac{gR^2}{G}$

- D.  $M = \frac{g^2R}{G}$       E.  $M = \frac{GR}{g^2}$

**Ans. E**

১৯. 35 kg ভরের কোন বস্তুকে 40m উঁচুতে ঝাঁড়া ভাবে তুললে বস্তুটির স্থিতি শক্তি কত হবে? [10-11]

- A. 98.10 J      B. 98.10 ergs      C. 9810 egrs  
D. 13734 J      E. 9810 eV

**Ans D Solve** স্থিতিশক্তি  $= mgh = 35 \times 9.8 \times 40 = 13734 \text{ J}$

২০. ৯০° সরণের মধ্যবর্তী কোণের মান কত হলে, কাজের মান শূন্য হবে? [10-11]

- A. 0      B. 90°      C. 180°      D. 360°      E. 60°

**Ans B Solve** জানি,  $W = Fx \cos\theta$ ,  $\theta = 90^\circ$  হলে  $w = 0$

01. 200kg ভরের একটি গাড়ি ভূমির সাথে 30° কোণে আনত একটি রাস্তা ধরে 16ms<sup>-1</sup> বেগে নিচের নামার সময় গাড়ির চালক ব্রেক প্রয়োগ করায় গাড়িটি 40m দূরত্ব অতিক্রম করার পর থেমে যায়। কি পরিমাণ গতি প্রতিরোধী বলক্রিয়া করে?

**[Sol. Type-1 Ans. 16200N]**

02. 60 kg ভরের জনৈক ব্যক্তি 20মিনিটে 180m উচ্চ একটি চূড়ায় আরোহণ করেন। কৃতকাজ ও প্রযুক্ত ক্ষমতা নির্ণয় কর।

**[Sol. Type-2 Ans. 10.584 × 10<sup>4</sup> J, 88.2W]**

03. 10 kg একটি বন্দুক থেকে গুলি ছুঁড়লে গুলিটি 80cms<sup>-1</sup> বেগে নির্গত হয় গুলির ভর 40gm হলে গুলি ও বন্দুকের গতিশক্তি নির্ণয় কর।

**[Sol. Type-3 Ans. 0.0128J, 51 × 10<sup>-9</sup> J.]**

**Hints**  $m \times v = M \times V$

04. 6kg ভরবিশিষ্ট একটি বস্তু স্থির অবস্থায় ছিল। 30N বল প্রয়োগ করায় 10s পর বস্তুর গতিশক্তি কত হবে?

**[Sol. Type-2 Ans. 7500J]**

05. 5 × 10<sup>-3</sup> kg ভরের ইম্পাতের বল 1m উপর হতে একটি ইম্পাতখন্ডের উপর অভিকর্ষের টানে পড়ে 0.8m ব্যাফিয়ে উপরে উঠে। ব্যাফার পূর্বে ও পরে বলটির গতিশক্তি কত?

**[Sol. Type-2 Ans. 0.049J, 0.0392J]**

06. পরিপূর্ণ একটি কুয়ার গভীরতা 12m এবং ব্যাস 1.8m. একটি পাম্প 24 মিনিটে কুয়াটিকে পানিশূন্য করতে পারে। পাম্পটির অর্থক্ষমতা কত? [Sol. Type-5 Ans. 1.67H.P]

07. 3430 W ক্ষমতাসম্পন্ন একটি হটচালিত পাম্প দ্বারা একটি কূপ হতে পড়ে 7.20m উচ্চতায় পানি উঠানো হয়। হটরের দক্ষতা 90% হলে প্রতি মিনিটে কত কিলোগ্রাম পানি ওঠে?

**[Sol. Type-5 Ans. 2625kg.]**

08. একটি মটর মিনিটে 5.5 × 10<sup>3</sup> kg পানি 100m উপরে তুলতে পারে। মটরটির দক্ষতা 70% হলে এর ক্ষমতা কত?

**[Sol. Type-5 Ans. 17203 H. P.]**

09. একটি সরল দোলকের বকের ভর 0.2kg ও কার্যকরী দৈর্ঘ্য 1.2m. উল্লম্বরেখা হতে 0.2m দূরে টেনে ছেড়ে দিলে গতিপথের সর্বনিম্ন বিন্দু অভিকর্ষের সময় হবার গতিশক্তি এবং বেগ নির্ণয় কর।

**[Sol. Type-8 Ans. 0.0392J, 0.626ms<sup>-1</sup>]**

10. 2kg ভরের একটি হাতুড়ি দেয়ালের সাথে অভিলম্বভাবে ধাক্কা দিলে গেরেককে কত বেগে অনুভূমিকভাবে আঘাত করলে গেরেকটি 640N বল প্রতিরোধ করে দেয়ালের ভিতর 0.025m চুকে যাবে?

**[Sol. Type-9 Ans. 4ms<sup>-1</sup>]**

**Hints**  $\frac{1}{2}mv^2 = Fx$

11. একটি রাইফেলের গুলি নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারে। বেগ বিগুণ হলে অনুরূপ কতটি তক্তা ভেদ করতে পারবে?

**[Sol. Type-11 Ans. 4টি]**

12. 70 m উচ্চতায় ডাব গাছে ডাব আছে প্রতিটি ডাবের ভর 10 kg পাছ থেকে ডাব ভূমিতে পড়লে যে শক্তি ব্যয়িত হয় তা সম্পূর্ণরূপে ভড়িৎ শক্তিতে রূপান্তরিত হলে গাছ থেকে কতটি ডাব পড়লে তা দিয়ে 10 kg পানির তাপমাত্রা 4.9°C বৃদ্ধি করা যাবে? [এককরে ভড়িৎ শক্তি চালনা করে পানির তাপমাত্রা বৃদ্ধি করা হচ্ছে]

**Hints**  $n \times$  ডাবের বিভব শক্তি = তাপমাত্রা বৃদ্ধিতে কৃত কাজ

$\Rightarrow n \times mgh = Ms \Delta\theta$

$n =$  ডাবের সংখ্যা      **Ans. 30টি**



## SELF TEST-01 [MCQ]

01. 25 gm ভরের একটি বুলেট 500 m/s বেগে একটি লক্ষ্য বস্তুকে আঘাত করে 100 m/s বেগে বের হয়ে গেল। বস্তুটির ভিতর দিয়ে যাওয়ার ফলে কি পরিমাণ শক্তি ব্যয়িত হল-

A. 3000 Joule B. 2000 Joule C. 1000 Joule D. 500 Joule

$$\text{Hints } E_k = \frac{1}{2} m (v_1^2 - v_2^2)$$

02. 5 kg ভরের কোন বস্তুকে কত উঁচু হতে ফেললে এর গতিশক্তি 27 kmh<sup>-1</sup> বেগে চলমান 2000 kg লরীর গতিশক্তির সমান হবে?

A. 573.98 m B. 2295.92 m C. 1147.96 m D. None

$$\text{Hints } m_1gh = \frac{1}{2} mv^2$$

03. 1J গতিশক্তির একটি বস্তুর গতির বিপরীতে 1N বল প্রয়োগে বস্তুটি কতদূর অগ্রসর হয়ে থেমে যাবে?

A. 0.5m B. 0.7m C. 2m D. 1m

$$\text{Hints } \frac{1}{2} mv^2 = Fx$$

04. দাশানের ছাদের সাথে লাগানো 7.46m লম্বা একটি মই দেয়ালের সাথে 60° কোণে আছে। 60 kg ভরের একটি ব্যক্তি 15kg ভরের একটি বোবাসহ 30 s-এ মইবেয়ে ওঠে। প্রযুক্ত ক্ষমতা-

A. 91.385W B. 92.385W C. 93.385W D. 90.385W

$$\text{Hints } P = \frac{W}{t} = \frac{mgx \cos\theta}{t}$$

05. একটি কণার উপর  $\vec{F} = (5\hat{j} + 3\hat{j} - \hat{k})N$  বল প্রয়োগে কণাটির  $\vec{r} = (3\hat{j} - 2\hat{j} + \hat{k})m$  সরণ হয়। বল দ্বারা সম্পাদিত কাজ-

A. 6J B. 5J C. 8J D. 9J

$$\text{Hints } W = \vec{F} \cdot \vec{r}$$

06. 150kg ভরের এক ব্যক্তি 20kg ভরের একটি বোবা নিয়ে 4m দীর্ঘ সিঁড়ি বেয়ে নিচে নামল। যদি সিঁড়িটি দেয়ালের সাথে 60° কোণে থাকে, তবে সে কত কাজ করল?

A. 3900J B. 3910J C. 3332J D. 3930J

07. একটি নিউট্রনের ভর  $1.67 \times 10^{-27}$  kg এবং এটি  $4 \times 10^4$  ms<sup>-1</sup> বেগে গতিশীল। এর গতিশক্তি-

A.  $1.18 \times 10^{-18}$  J B.  $1.28 \times 10^{-18}$  J C.  $1.30 \times 10^{-18}$  J D.  $1.33 \times 10^{-18}$  J

$$\text{Hints } E_k = \frac{1}{2} mv^2$$

08. 0.5 kg ভরের একটি বস্তু ভূমি হতে 11km উঁচুতে অবস্থিত একটি বিমান থেকে ফেল দেয়া হল। ভূমি স্পর্শ করার পূর্বন্বহুতে এ গতিশক্তি-

A. 4600J B. 4700J C. 4800J D. 4900J

$$\text{Hints } W = mgh$$

09. 270kg ভরের একটি বোমা একটি ক্রেন এর সাহায্যে  $0.1ms^{-1}$  দ্রুত বেগে উঠানো হলো। ক্রেনের ক্ষমতা-

A. 260W B. 260.6W C. 264.6W D. 264W

$$\text{Hints } P = Fv$$

10. 60 kg ভরের একপোক প্রতিটি 15cm উঁচু 40 টি সিঁড়ি 20s-এ উঠতে পারে। পোকটির অধক্ষমতা-

A. 0.236H.P B. 0.336H.P C. 0.436H.P D. 0.536H.P

$$\text{Hints } P = \frac{W}{t}$$

11. একটি পাম্প ঘণ্টায়  $25 \times 10^4$  kg পানি 50m উঁচুতে তুলতে পারে। পাম্পের ক্ষমতা 70% কার্যকর হলে প্রকৃত ক্ষমতা কত?

A. 4.86MW B. 5.86MW C. 6.86MW D. 3.86MW

$$\text{Hints } P = \frac{W}{t}$$

12. গুলির বেগ দ্বিগুণ হলে গুলি কর্তৃক ভেদকৃত তক্তার সংখ্যা হবে

A. বিগুণ B. চারগুণ C. তিনগুণ D. পাঁচগুণ

$$\text{Hints } v \propto n^2$$

13. 2 N বল কোন নির্দিষ্ট ভরের বস্তুর উপর ক্রিয়া করার বস্তুটি বলের দিক সাথে 60° কোণ উৎপন্ন করে 5m দূরে সরে গেল। কাজের পরিমাণ কত?

A. 10 J B. 30 J C. 5 J D. 15 J

$$\text{Hints } W = FS \cos\theta$$

14. একটি বস্তুর ওপর 10 N বল প্রয়োগ করায় বলের লম্ব বরাবর 6 m সরে গেল। কৃতকাজের পরিমাণ কত?

A. 60 N B. 30 N C. 1.67 N D. 0 N

15. একটি বস্তুকে নির্দিষ্ট অক্ষের সাপেক্ষে  $2\pi$  কোণে ঘুরানো হল। কৃতকাজ 50 J হলে প্রযুক্ত টর্কের মান কত?

A. 7.96 Nm B. 314.16 N.m  
C. 100 N.m D. None

$$\text{Hints } \text{কৃতকাজ } w = \tau (\theta - \theta_0)$$

16. একটি শিথল-এর বল ধ্রুবক  $60 \text{ Nm}^{-1}$ । শিথলটিকে  $x_1 = 0.5m$  থেকে  $x_2 = 7.5m$  প্রসারিত করতে কৃতকাজ হবে-

A. 210 J B. 1680 J  
C. 1470 J D. 3360 J

$$\text{Hints } W = \frac{1}{2} k(x_2^2 - x_1^2)$$

17. একটি 5 kg বস্তুর উপর বল প্রয়োগ করায়  $30 \text{ ms}^{-1}$  বেগ প্রাপ্ত হয়। 1500 J গতিশক্তি ব্যয়িত হলে বস্তুটির আদিবেগ কত?

A. 0 B.  $27.39 \text{ ms}^{-1}$   
C.  $17.32 \text{ ms}^{-1}$  D.  $300 \text{ ms}^{-1}$

$$\text{Hints } E_k = \frac{1}{2} m (v_f^2 - v_i^2)$$

18. 6 kg ভরবিশিষ্ট একটি বস্তু স্থির অবস্থায় ছিল। 130 N বল প্রয়োগ করায় বস্তুটির উপর বস্তুটির গতিশক্তি কত হবে?

A. 50 J B. 5000 J  
C. 7500 J D. 1500 J

19. 2 kg ভরের একটি বস্তু  $5 \text{ ms}^{-1}$  বেগে চলছিল। বস্তুটির ওপর 11 J কাজ করা হলে বেগ কত হবে?

A.  $36 \text{ ms}^{-1}$  B.  $25 \text{ ms}^{-1}$   
C.  $5 \text{ ms}^{-1}$  D.  $\sqrt{14} \text{ ms}^{-1}$

$$\text{Hints } W = \frac{1}{2} m v_f^2 - \frac{1}{2} m v_i^2$$

20. একটি শিথলকে কোন দৃঢ় অবলম্বন থেকে ঝুলিয়ে এর শেষ প্রান্তে 100 g ভর লাগালে এটি 5m প্রসারিত হয়। শিথল-এর বিভব শক্তি কত?

A. 490 J B. 245 J C. 125 J D. 250 J

$$\text{Hints } U = \frac{1}{2} mgl$$

## OMR

01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)

## Answer

20.B	19.D	18.C	17.C	16.B	15.A	14.D	13.C	12.B	11.D
10.A	09.C	08.D	07.D	06.C	05.C	04.A	03.D	02.C	01.A



**SELF TEST-02 [MCQ]**

একটি শিশুরকে কোনো দৃঢ় অবলম্বন থেকে ঝুলিয়ে অপর প্রান্তে 20 N বল প্রয়োগ করার এর দৈর্ঘ্য 80 cm বৃদ্ধি পেল। শিশুর-এর বিভব শক্তি কত?  
 A. 8 N B. 10 N C. 16 N D. 32 N

**Hints**  $U = \frac{1}{2} Fl$

30 m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোথায় এর গতিশক্তি বিভব শক্তির যিগুন হবে?

- A. 20 m B. 15 m C. 30 m D. 5 m

একটি 5 kg ভরের বস্তুকে 400 J গতিশক্তি প্রয়োগ করে খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে কত উচ্চতায় এর গতিশক্তি শূন্য হবে?

- A. 80 m B. 102.04 m C. 16.33 m D. 8.16 m

**Hints** সর্বোচ্চ উচ্চতায় গতিশক্তি শূন্য।

প্রাথমিক গতিশক্তি = সর্বোচ্চ উচ্চতায় বিভবশক্তি

$400 = mgh \Rightarrow h = \frac{400}{5 \times 9.8} = 8.16 \text{ m}$

ক্ষমতার মাত্রা কোনটি

- A.  $ML^2T^{-2}$  B.  $ML^2T^{-3}$  C.  $MLT^{-2}$  D.  $MLT^{-1}$

30 m উঁচু স্থান থেকে 100 gm ভর বিশিষ্ট একটি বলকে ফেলে দিলে যদি কত পুনরায় 8 m উঁচু পর্যন্ত ওঠে তবে কি পরিমাণ শক্তি ক্ষয় হবে-

- A. 1000 J B. 98 J C. 1 J D. 1.96 J

**Hints**  $F_p = mg(h_1 - h_2) = 0.1 \times 9.8 \times (10 - 8) = 1.96 \text{ Joule}$

30 kg ভরের বস্তুর ভরবেগ 100 kg ms<sup>-1</sup> হলে বস্তুটির গতিশক্তি কত?

- A. 250 J B. 1000 J C. 2000 J D. 500 J

**Hints**  $E_k = \frac{p^2}{2m}$

5 kg ভরের একটি বস্তুকে 9.8 ms<sup>-1</sup> বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হল। এক সেকেন্ড পর গতিশক্তি কত?

- A. 1 J B. 2 J C. 3 J D. 0 J

30 kg ভরের একটি কণার বেগ  $7\hat{i} - 6\hat{j} + 5\hat{k}$  ms<sup>-1</sup> হলে এর গতিশক্তি কত হবে?

- A. 550 J B. 560 J C. 540 J D. 500 J

একটি নিউট্রন  $1.8 \times 10^{-4}$  সেকেন্ডে সমবেগে 6 মিটার দূরত্ব অতিক্রম করল। যদি নিউট্রনের ভর  $1.675 \times 10^{-27}$  kg হয় তবে নিউট্রনের গতিশক্তি নির্ণয় কর।

- A.  $9.3 \times 10^{18}$  J B.  $9.3 \times 10^{-20}$  J C.  $9.3 \times 10^{-19}$  J D.  $9.3 \times 10^{19}$  J

**Hints**  $v = \frac{s}{t}$   $E_k = \frac{1}{2} mv^2$

3.6 kg ভরের একটি বস্তুকে 365 J গতিশক্তি উৎপন্ন করে 0.05 kg ভরের একটি বুলেট কত বেগে নিক্ষেপ হবে?

- A. 120.83 ms<sup>-1</sup> B. 125.83 ms<sup>-1</sup> C. 110.5 ms<sup>-1</sup> D. 115.5 ms<sup>-1</sup>

**Hints**  $\frac{1}{2} MV_b^2 = 365$ ,  $\frac{1}{2} MV_b^2 = \frac{1}{2} mv^2$

এক বরাবর চলতে সক্ষম একটি বস্তুর উপর  $\vec{F} = (15\hat{i} - 2\hat{j} + 6\hat{k})$  N মানের বল প্রয়োগ করে x অক্ষ বরাবর 10im সরণ ঘটালে এর উপর কৃত কাজ কত হবে?

- A. 190 J B. 160 J C. 150 J D. 20 J


30 m উঁচু দেওয়াল হতে 2 kg ও 4 kg ভরের দুটি বল একত্রে পড়ল। প্রত্যেক বলের মাটির দিকে 10 m পতিত হওয়ার পর তাদের গতিশক্তির অনুপাত কত?

- A. 1 : 2 B. 1 : 4 C. 1 :  $\sqrt{2}$  D.  $\sqrt{2}$  : 1

কি একটি বস্তুর ভরবেগ বৃদ্ধির হার 100% হয়, তাহলে গতিশক্তি বৃদ্ধির হার কত?

- A. 150% B. 300% C. 225% D. 200%

14. লেখচিত্রে একটি বস্তুর দূরত্বের (x) সাথে নির্ভরশীল এর উপর ত্রিমাত্রিক বলকে (F) দেখান হয়েছে। বলের একক N এবং দূরত্বের একক m। x = 0 হতে x = 6 m দূরত্বের মধ্যে বস্তুর উপর কৃতকাজের মান কত?



- A. 4.5 J B. 13.5 J C. 9 J D. 18 J

15.  $F_1$  ও  $F_2$  বলদ্বয় দ্বারা  $25 \text{ Nm}^{-1}$  ও  $16 \text{ Nm}^{-1}$  শিঞ্জ প্রবলক বিশিষ্ট দুটি শিঞ্জকে সম্প্রসারিত করা হল। যদি শিঞ্জ এর সম্প্রসাণে কৃতকাজের পরিমাণ সমান হলে  $\frac{F_1}{F_2}$  এর মান কত হবে?

- A. 16/25 B. 4/5 C. 5/4 D. 25/16

16.  $250 \text{ ms}^{-1}$  বেগে ধাবমান 20 g ভরের একটা বুলেটকে কত প্রতিরোধী বল প্রয়োগ করলে তা একটা কাঠের টুকরায় 12 cm প্রবেশ করে থেমে যাবে?

- A.  $2.2 \times 10^3$  N B.  $3.2 \times 10^3$  N C.  $4.2 \times 10^3$  N D.  $5.2 \times 10^3$  N

**Hints**  $\frac{1}{2} mv^2 = Fx$

17. একটি নির্দিষ্ট শিঞ্জকে d দূরত্ব সরালে কৃতকাজ হয় 20 J। আরো 2d পরিমাণ দূরত্ব সরালে কৃতকাজ হবে-

- A. 160 J B. 120 J C. 140 J D. 200 J

**Hints**  $E_1 = \frac{1}{2} kd^2 = 20$

$E_2 = \frac{1}{2} k(3d)^2 = 9 \times 20 = 180$   $\Delta E = E_2 - E_1 = 180 - 20 = 160$

18. 40 kg ভরের এক বালককে একটা ঝুটি 21 kJ শক্তি প্রদান করে। যদি তার কর্মদক্ষতা 28% হয় তবে সে কত উঁচুতে আরোহন করতে পারবে?

- A. 5 m B. 10 m C. 15 m D. 20 m

**Hints** W এর 28% = mgh

19. যদি একটি গাড়ির গতি  $2 \text{ ms}^{-1}$  বৃদ্ধি পায় এবং গতিশক্তি যিগুন হয়, তবে গাড়ির প্রকৃতবেগ কত?

- A.  $(\sqrt{2} + 1) \text{ ms}^{-1}$  B.  $2(\sqrt{2} - 1) \text{ ms}^{-1}$

**Hints**  $E_1 = \frac{1}{2} mv^2$   $E_2 = \frac{1}{2} m(v+2)^2$

$2E_1 = E_2 \Rightarrow 2 \cdot \frac{1}{2} mv^2 = \frac{1}{2} m(v+2)^2$

20. অভিকর্ষের টানে মুক্তভাবে পড়ন্ত বস্তু 100g ভরের বস্তুটি 4 তম সেকেন্ডে হারান স্থিতিশীল বা অর্জিত গতিশক্তি হবে-

- A. 33.61 J B. 7.22 J C. 79.25 J D. 672.28 J

**Hints** 4 তম সেকেন্ডে হারান স্থিতিশীল বা অর্জিত গতিশক্তি

$E_p = \frac{1}{2} mg^2(2t - 1)$

**OMR**

01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)

**Answer**

20.A	19.C	18.C	17.A	16.D	15.C	14.B	13.B	12.A	11.C
10.A	09.C	08.A	07.D	06.D	05.D	04.B	03.D	02.C	01.A




৬ষ্ঠ অধ্যায়  
প্রথম পত্র

## মহাকর্ষ ও অভিকর্ষ (Gravitation and Gravity)


এই অধ্যায় হতে প্রায় প্রতিবছর ভর্তি পরীক্ষায় প্রশ্ন আসে। তাই এই অধ্যায়টি গুরুত্ব সহকারে পড়তে হবে।

### এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- নভোমণ্ডলে অবস্থিত দুটি বস্তু বা বস্তুকণার মধ্যকার পারস্পরিক আকর্ষণ বলকে মহাকর্ষ বলে।
  - পৃথিবী এবং অন্য একটি বস্তু বা বস্তুকণার মধ্যকার আকর্ষণ বলকে অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ বলে।
  - মহাকর্ষ বলের বৈশিষ্ট্য:
    - মহাকর্ষ বল অতি দুর্বল
    - চুম্বক ও বৈদ্যুতিক সূত্রের অনুরূপ দূরত্বের পরিবর্তনে দূরত্বের বর্গাকার ভাগফলে কমলেও চুম্বকক্ষেত্র বা বৈদ্যুতিক ক্ষেত্র কোনো প্রভাব বিস্তার করে না।
    - দুটি বস্তুর মধ্যে আকর্ষণ বল পারস্পরিক ক্রিয়া - প্রতিক্রিয়ার বল রূপেই দেখা যায়।
    - মাধ্যমের পরিবর্তন বা অন্য কোনো বস্তুর নিকট নির্ভর করে মহাকর্ষ বলের সমীকরণ অস্তিত্ব থাকে।
  - নিউটনের মহাকর্ষ সূত্র: "মহাবিশ্বের যে কোন দুটি বস্তুকণা পারস্পরিক আকর্ষণ করে। এই আকর্ষণ বল বস্তু দুটির ভরের গুণফলের সমানুপাতিক, তাদের দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক এবং বস্তু দুটির সংযোগকারী সরলরেখা বরাবর ক্রিয়াশীল।
- $$\text{বল, } F = G \frac{m_1 m_2}{d^2}$$
- 
- এখানে, G একটি সমানুপাতিক ধ্রুবক।
- মহাকর্ষীয় ধ্রুবক: একক ভরবিশিষ্ট দুটি বস্তুকণা একক দূরত্বে থেকে যে পরিমাণ বল দ্বারা পারস্পরিক আকর্ষণ করে তার সংযোগকৃত মানকে মহাকর্ষীয় ধ্রুবক বলে। মহাকর্ষীয় ধ্রুবক,  $G = 6.67 \times 10^{-11} \text{ Nm}^2 \text{ kg}^{-2}$  মাত্রা সমীকরণ  $[L^2 M^{-1} T^{-2}]$
  - অভিকর্ষজ ত্বরণ: কোন স্থানে অভিকর্ষের টানে মুক্তভাবে পড়ন্ত বস্তুর বেগ যে হারে বৃদ্ধি পায়, তাকে ঐ স্থানের অভিকর্ষজ বা অভিকর্ষীয় ত্বরণ বলে। এর মাত্রা সমীকরণ  $[L T^{-2}]$  অভিকর্ষজ ত্বরণ,  $g = \frac{GM}{R^2}$
  - অভিকর্ষজ ত্বরণ-এর ভারত্ম্য হয় (i) উচ্চতার ক্রিয়া, (ii) অক্ষাংশ ক্রিয়া এবং (iii) পৃথিবীর চূর্ণন ক্রিয়ার ফলে।
  - ভূ-পৃষ্ঠের উপরে গেলে 'g' এর মান কমে, আবার পৃথিবীর অভ্যন্তরে গেলে 'g' এর মান কমে। পৃথিবীর কেন্দ্রে কোন আকর্ষণ নেই। সূত্রাং পৃথিবীর কেন্দ্রে 'g' এর মান শূন্য এবং ভূ-পৃষ্ঠেই g-এর মান সর্বাপেক্ষা বেশি।
  - বিশুবরেখা হতে ক্রমাগত মেরু অঞ্চলের দিকে অগ্রসর হলে 'g' এর মান বাড়ে থাকবে এবং মেরুতে এর মান সর্বাপেক্ষা বেশি হবে। g এর মান



- পৃথিবীর বাইরে অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর কেন্দ্র থেকে দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক। পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূন্য লেখচিত্রে দেখানো হল:



- অভিকর্ষ কেন্দ্র: বস্তুকে যেভাবেই রাখা হোক না কেন, তার ওজন যে বিন্দু বিन्दুর মধ্য দিয়ে বস্তুর উপর সর্বদা ক্রিয়া করে ঐ বিন্দুকে বস্তুর অভিকর্ষ কেন্দ্র বলে।
- ভরকেন্দ্র: বস্তুর কণাগুলোর সমস্ত ভরকে একটি মাত্র বিন্দুতে কেন্দ্রীভূত মনে করে বিন্দু মধ্য দিয়েই সমস্ত কণার উপর ক্রিয়ারত সমান্তরাল কলসমূহের লব্ধি ক্রিয়া বলে বিবেচিত হয়। ঐ বিন্দুকে বস্তুর ভরকেন্দ্র বলে।
- মহাকর্ষীয় ক্ষেত্র: কোন বস্তুর চারদিকে যে স্থান জুড়ে তার আকর্ষণ বল অনুভূত হয়, সে স্থানকে উক্ত বস্তুর মহাকর্ষীয় ক্ষেত্র বলে।
- মহাকর্ষীয় বিভব: অসীম দূর হতে একক ভরের কোন বস্তুকে মহাকর্ষ কেন্দ্রে কোন বিন্দুতে আনতে যে পরিমাণ কাজ সাধিত হয়, তাকে ঐ বিন্দুর মহাকর্ষীয় বিভব বলে। এটি ক্ষেপার রাশি।
- মহাকর্ষীয় বিভব,  $V = -\frac{GM}{r}$
- দূরত্বের সাপেক্ষে বিভবের পরিবর্তনের হারকে প্রাবল্য বলে।  
প্রাবল্য,  $E = -\frac{dV}{dr} = \frac{GM}{r^2}$
- ক্ষেপার এর সূত্র:
  - উপবৃত্ত সূত্র: প্রতিটি গ্রহ সূর্যকে উপবৃত্তের নাভিতে বা ফোকাসে রেখে একটি উপবৃত্তাকার পথে প্রদক্ষিণ করছে।
  - ক্ষেত্রফল সূত্র: গ্রহ এবং সূর্যের সংযোগকারী ব্যাসার্ধরেখা সমান সমান ক্ষেত্রফল অতিক্রম করে।
  - সময়ের সূত্র: প্রতিটি গ্রহের পর্যায়কালের বর্গ সূর্য হতে তার গড় দূরত্বের ঘনত্বের সমানুপাতিক।
- পড়ন্ত বস্তুর ক্ষেত্রে গ্যালিলিওর সূত্রগুলো নিম্নে দেওয়া হলো:
  - ১ম সূত্র: বায়ুশূন্য স্থানে বা বাধাহীন পথে সকল বস্তুই নিশ্চল অবস্থা হতে যাত্রা শুরু করে। সমান দ্রুততায় নিশ্চল নামে অর্থাৎ সমান সময়ে সমান দূরত্ব অতিক্রম করে।
  - ২য় সূত্র: বাধাহীন পথে পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে প্রাপ্ত বেগ ঐ সময়ে সমানুপাতিক। কোনো পড়ন্ত বস্তু t সময়ে v বেগ প্রাপ্ত হলে, গাণিতিকভাবে লেখা যায়,  $v \propto t$ ।
  - ৩য় সূত্র: বাধাহীন পথে পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে অতিক্রান্ত দূরত্ব ঐ সময়ে বর্গের সমানুপাতিক। কোনো পড়ন্ত বস্তু t সময়ে h দূরত্ব অতিক্রম করে গাণিতিক নিয়মে লেখা যায়,  $h \propto t^2$ ।
- মুক্তিবেগ: কোন বস্তুকে ন্যূনতম যে বেগে উপরে নিক্ষেপ করলে তা আর পৃষ্ঠে ফিরে আসেনা, তাকে মুক্তিবেগ, বা পলায়ন বেগ বা নিক্রমণ বেগ বলে। একে  $v_E$  দ্বারা সূচীত করা হয়। মুক্তিবেগ,  $v_E = \sqrt{2gR}$
- পৃথিবীর মুক্তি বেগ,  $v_E = 11.2 \text{ kms}^{-1}$   
 $= 25000 \text{ mile/hour}$   
পৃথিবী পৃষ্ঠ থেকে কোন বস্তুকে v বেগে উপর দিকে নিক্ষেপ করলে পৃষ্ঠের আকর্ষণ বল দ্বারা বস্তুটির বিভিন্ন পরিণতি হতে পারে যথা:
  - যদি  $v^2 < \frac{v_E^2}{2}$  হয়, অর্থাৎ উৎক্ষেপন বেগ  $7.88 \text{ kms}^{-1}$  অপেক্ষা কম হলে তা উপবৃত্তাকার পথে পৃথিবী প্রদক্ষিণ করবে এবং অধিকতর পৃথিবীতে ফিরে আসবে।



- ১) যদি  $v^2 = \frac{v_e^2}{2}$  হয় অর্থাৎ উৎক্ষেপণ বেগ  $7.88 \text{ kms}^{-1}$  হয়, তবে বস্তুটি বৃত্তাকার পথে পৃথিবীকে প্রদক্ষিণ করবে এবং চাঁদের মতো উপগ্রহে পরিণত হবে।
- ২) যদি  $v^2 > \frac{v_e^2}{2}$  কিন্তু  $< v_e^2$  হয় অর্থাৎ উৎক্ষেপণ বেগ  $7.88 \text{ kms}^{-1}$  হতে  $11.2 \text{ kms}^{-1}$  এর মধ্যে থাকে, তবে পৃথিবীকে একটি ফোকাসে বেধে তা উপবৃত্তাকার পথে পৃথিবী প্রদক্ষিণ করতে থাকবে।
- ৩)  $v = v_e$  হয় অর্থাৎ উৎক্ষেপণ বেগ  $11.2 \text{ kms}^{-1}$  অর্থাৎ মুক্তি বেগের সমান হয়, তবে বস্তুটি একটি অবিবৃত্ত পথে পৃথিবী পৃষ্ঠ ছেড়ে যায় এবং তা পৃথিবীর আকর্ষণ ক্ষেত্র অতিক্রম করে বাইরে চলে যাবে।
- ৪) যদি  $v > v_e$  হয় অর্থাৎ উৎক্ষেপণ বেগ মুক্তি বেগ অপেক্ষা বেশ হয়, তবে বস্তু পরাবৃত্ত পথে পৃথিবী-পৃষ্ঠ ছেড়ে যাবে এবং তা আর পৃথিবীতে ফিরে আসবে না।

৫) কয়েকটি গ্রহ/ উপগ্রহের মুক্তিবেগের মান:

পৃথিবী	$11.2 \text{ Kms}^{-1}$
মঙ্গল	$5.1 \text{ Kms}^{-1}$
চাঁদ	$2.4 \text{ Kms}^{-1}$
বৃহস্পতি	$59.5 \text{ Kms}^{-1}$
শুক্র	$4.3 \text{ Kms}^{-1}$
শত্রু	$10.3 \text{ Kms}^{-1}$

৬) জু-ছির উপগ্রহ: কোন কৃত্রিম উপগ্রহের আবর্তনকাল নিজ অক্ষের চারদিকে স্থায়ীমান পৃথিবীর আবর্তনকালের সমান হলে পৃথিবী সাপেক্ষে এটি স্থির থাকবে। এ ধরনের উপগ্রহকে জু-ছির উপগ্রহ বলে। জু-ছির উপগ্রহের কক্ষপথকে পার্কিং কক্ষপথ বলে।

- ৭) সুখম ঘনত্বের কতিপয় বস্তুর মধ্যে অভিকর্ষ কেন্দ্রের অবস্থানঃ
- সুখম আকৃতি ও ঘনত্বের এককত তার বা বাঁমের অভিকর্ষ কেন্দ্র তার অক্ষরেখার মধ্য বিন্দুতে হয়ে থাকে।
  - সুখম আকৃতির গোলকের ভারকেন্দ্র এর কেন্দ্রে অবস্থিত।
  - বৃত্তাকার আণ্ডি বৃত্তাকার পথে বা ফাঁপা গোলাকার ভরকেন্দ্রে এদের জ্যামিতিক বৃত্তের কেন্দ্রে অবস্থিত।
  - সুখম আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র বা সামান্তরিক আকৃতির বস্তুর ভারকেন্দ্র জ্যামিতিক আকারের কর্ণের ছেদবিন্দুতে অবস্থিত থাকে।
  - ত্রিভুজাকৃতি বস্তুর ভারকেন্দ্র তার জ্যামিতিক ত্রিভুজের মধ্যমা গুলোর ছেদ বিন্দুতে অবস্থিত।

$$F = G \frac{m_1 m_2}{d^2} \quad \Rightarrow \quad g = \frac{GM}{R^2} = \frac{4}{3} \pi GR \rho$$

$$\text{জুঁই হতে উচ্চস্থানে, } g' = \frac{GM}{(R+h)^2} = g \left( \frac{R}{R+h} \right)^2 = g \left( 1 - \frac{2h}{R} \right)$$

$$\text{জুঁই হতে নিচু স্থানে } g' = \frac{4}{3} \pi G(R-h)\rho = g \left( 1 - \frac{h}{R} \right)$$

$$\text{ভূত্বিবেগ } v_e = \sqrt{2gR} = \sqrt{\frac{2GM}{R}} = 2R \sqrt{\frac{2}{3} \pi G \rho}$$

$$\text{ও অক্ষাংশে অভিকর্ষের ভ্রুগণ, } g_\theta = g - \omega^2 R \cos^2 \theta$$

৮) সূর্যের ভর নির্ণয়:  
যদি,  $m$  ভরের একটি গ্রহ সূর্যকে কেন্দ্র করে  $r$  ব্যাসার্ধে বৃত্তপথে  $v$  সমত্বরণে পরিভ্রমণ করছে।

$$\text{সূর্যের ভর } M \text{ হলে এদের মধ্যে পারস্পরিক আকর্ষণ, } F_g = \frac{GMm}{r^2}$$

$$\text{গ্রহের বৃত্তাকার গতির জন্য প্রয়োজনীয় কেন্দ্রমুখী বল, } F_c = \frac{mv^2}{r}$$

$$\text{কিন্তু, } F_g = F_c$$

$$\frac{GmM}{r^2} = \frac{mv^2}{r}$$

$$\Rightarrow M = \frac{v^2 r}{G}$$

গ্রহটি সূর্যের চারিদিকে  $T$  সময়ে একবার পরিভ্রমণ করলে,

$$v = \frac{2\pi r}{T} \quad [v = \omega r = \frac{2\pi r}{T}]$$

$$\therefore M = \frac{v^2 r}{G} = \frac{4\pi^2 r^3}{GT^2}$$

৯) উপগ্রহের শক্তি:  
পৃথিবীর কক্ষপথে প্রদক্ষিণরত একটি উপগ্রহের মহাকর্ষীয় বিভব শক্তি,

$$E_p = -\frac{GMm}{r}$$

পৃথিবী ও উপগ্রহের মধ্যে মহাকর্ষ বল,  $F_g = G \frac{Mm}{r^2}$

$$\text{কক্ষপথে প্রদক্ষিণরত উপগ্রহের কেন্দ্রমুখী বল, } F_c = \frac{mv^2}{r}$$

$$\text{সাম্যাবস্থায়, } F_g = F_c$$


$$\Rightarrow G \frac{Mm}{r^2} = \frac{mv^2}{r} \Rightarrow v^2 = \frac{GM}{r}$$

$$\text{উপগ্রহের গতিশক্তি, } E_k = \frac{1}{2} \frac{GMm}{r}$$

$$\text{উপগ্রহের মোট শক্তি, } E = E_k + E_p$$

$$= \frac{1}{2} \frac{GMm}{r} - \frac{GMm}{r}$$

$$= -\frac{GMm}{2r}$$



কৃত্রিম উপগ্রহ ও জু-ছির উপগ্রহঃ

১০)  $h$  উচ্চতায় আবর্তনরত কৃত্রিম উপগ্রহের বৈশিষ্টিক বেগ,

$$v = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{\frac{gR^2}{R+h}} = \sqrt{g'(R+h)}$$

১১) আবর্তনকাল  $T$  হলে,

$$T = \frac{2\pi}{v} (R+h) = 2\pi \sqrt{\frac{(R+h)^3}{GM}} = 2\pi \sqrt{\frac{(R+h)^3}{gR^2}}$$

$$\text{জুঁইর উপগ্রহের আবর্তনকাল, } T = \frac{2\pi r^{3/2}}{\sqrt{gR^2}} = \frac{2\pi r^{3/2}}{\sqrt{GM}}$$

$$\text{ভূপৃষ্ঠ হতে জুঁইর উপগ্রহের উচ্চতা } h \text{ হলে, } h = \left( \frac{GMT^2}{4\pi^2} \right)^{1/3} - R$$

$$\text{কেপলারের সূত্র, } T^2 \propto r^3 \text{ বা, } \frac{T_1^2}{T_2^2} = \frac{r_1^3}{r_2^3}$$

১২) অনুসূর ও অপসূর অবস্থানের ক্ষেত্রে,  $r_1 v_1 = r_2 v_2$

$$\text{মহাকর্ষ বিভব, } V = -\frac{GM}{R}$$

$$\text{অভিকর্ষীয় বিভব শক্তি, } \Delta V = -\frac{GMm}{R}$$

$$\text{প্রাবল্য, } E = g = \frac{GM}{R^2} \text{ এবং } E = -\frac{dV}{dr}$$

$$\text{নির্ভেট গোলকের অভ্যন্তরে কোন বিন্দুতে মোট বিভব, } V = -GM \left( \frac{3a^2 - r^2}{2a^3} \right)$$

$$\text{নির্ভেট গোলকের অভ্যন্তরে কোন বিন্দুতে মোট প্রাবল্য } E = \frac{GM}{a^3} r$$



$$\text{গোলকের বাইরে কেন্দ্র হতে } r \text{ দূরত্বে কোন বিন্দুতে বিভব, } V = \frac{GM}{r}$$

$$\text{গোলকের বাইরে কোন বিন্দুতে মহাকর্ষীয় প্রাবল্য, } E = \frac{GM}{r^2}$$

	ভর (kg)	ব্যাসার্ধ (km)	পৃথিবী থেকে দূরত্ব (km)
পৃথিবী	$5.98 \times 10^{24}$	6400	-
চাঁদ	$7.4 \times 10^{22}$	1740	$3.8 \times 10^5$
সূর্য	$1.99 \times 10^{30}$	700000	$1.5 \times 10^8$

### Shortcut

01. কত উচ্চতায় অভিকর্ষজ ত্বরণ পৃথিবী পৃষ্ঠের  $\frac{1}{n}$  অংশ।

$$\text{Solve} \text{ উচ্চতা } h = (\sqrt{n} - 1)R$$

উদাহরণ: ভূপৃষ্ঠ হতে কত উচ্চতায় অভিকর্ষজ ত্বরণের মান ভূ-পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের মানের  $\frac{1}{4}$  অংশ হবে?

$$\text{Sol. } h = (\sqrt{n} - 1)R = (\sqrt{4} - 1)R = R$$

$$\text{অথবা, } h = \left( \sqrt{\frac{g}{g_h}} - 1 \right) R, \quad h = R$$

02. পৃথিবীর ব্যাসার্ধ চাঁদের ব্যাসার্ধ  $n_1$  গুণ এবং পৃথিবীর ভর চাঁদের ভরের  $n_2$  গুণ হলে পৃথিবীর মুক্তিবর্ণ চাঁদের মুক্তি বেগের  $\sqrt{\frac{n_2}{n_1}}$  গুণ।

03. পৃথিবী হতে কত উচ্চতায়  $g$ -এর মান  $4.9 \text{ ms}^{-2}$ ? পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^6 \text{ m}$ , অভিকর্ষজ ত্বরণ পৃথিবী পৃষ্ঠে  $9.8 \text{ ms}^{-2}$

$$\text{Sol. } h = \left( \sqrt{\frac{g}{g_h}} - 1 \right) R, \quad h = 2.65 \times 10^6 \text{ m}$$

04. ভূপৃষ্ঠের কত অভ্যন্তরে গেলে অভিকর্ষজ ত্বরণ ভূ-পৃষ্ঠের  $\frac{1}{n}$  অংশ হয়।

$$\text{Solve} \text{ গভীরতা } d = \left( \frac{n-1}{n} \right) R$$

উদাহরণ: ভূ-পৃষ্ঠ থেকে 320 km অভ্যন্তরে অভিকর্ষজ ত্বরণের মান কত? পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^6 \text{ m}$  [ $g = 9.8 \text{ ms}^{-2}$ ]

$$\text{Sol. } g' = g \left( 1 - \frac{h}{R} \right) = 9.8 \left( 1 - \frac{320 \times 1000}{6.4 \times 10^6} \right) = 9.32 \text{ ms}^{-2}$$

05. কত উচ্চতায় অভিকর্ষজ ত্বরণ পৃথিবী পৃষ্ঠের  $x\%$  হবে।

$$\text{Solve} \text{ উচ্চতা } h = \left( \frac{9.81 - \sqrt{x}}{\sqrt{x}} \right) R$$

উদাহরণ: পৃথিবী পৃষ্ঠ হতে কত উচ্চতায় অভিকর্ষীয় ত্বরণের মান শতকরা একাশিভাগ। পৃথিবীর ব্যাসার্ধ  $6.38 \times 10^6 \text{ m}$

$$\text{Sol. } h = \frac{(10 - \sqrt{81})R}{\sqrt{81}} = \frac{(10 - 9)}{9} \times 6.4 \times 10^6$$

$$= \frac{1}{9} \times 6.4 \times 10^6 = 7.1 \times 10^5 \text{ m}$$

$$\text{অথবা, } h = \left( \sqrt{\frac{g}{g_h}} - 1 \right) R, \quad h = 7.1 \times 10^5 \text{ m}$$

এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে  
নিম্নোক্ত Type-এ শ্রেণীভুক্ত করা যায়।

### Type-01

Ex-01  $7.36 \times 10^{22} \text{ kg}$  ভরের চাঁদ থেকে  $5.98 \times 10^{24} \text{ kg}$  ভরের পৃথিবী  $1.99 \times 10^{30} \text{ kg}$  ভরের সূর্যের দূরত্ব যথাক্রমে  $3.85 \times 10^5 \text{ km}$  ও  $1.5 \times 10^8 \text{ km}$ । পৃথিবী ও সূর্য চাঁদের সাথে সমকোণে অবস্থিত হলে চাঁদের উপর প্রযুক্ত মোট বল কত? বলের মান ও দিক নির্ণয় কর।

Sol: পৃথিবীকর্তৃক চাঁদের উপর প্রযুক্ত বল,

$$F_{mc} = \frac{GM_m M_c}{r_{mc}^2}$$

$$= \frac{6.67 \times 10^{-11} \times 7.36 \times 10^{22} \times 5.98 \times 10^{24}}{(3.85 \times 10^5)^2} = 1.98 \times 10^{20} \text{ N}$$

সূর্য কর্তৃক চাঁদের উপর প্রযুক্ত বল,

$$F_{ms} = \frac{GM_m M_s}{r_{ms}^2}$$

$$= \frac{(6.67 \times 10^{-11}) \times (7.36 \times 10^{22}) \times (1.99 \times 10^{30})}{(1.5 \times 10^8)^2} = 4.34 \times 10^{20} \text{ N}$$

∴ বলদ্বয় লম্বভাবে ত্রিভুজাঙ্গী,

$$\therefore \text{সন্ধিবল, } F_R = \sqrt{(F_{mc})^2 + (F_{ms})^2}$$

$$= \sqrt{(1.98 \times 10^{20})^2 + (4.34 \times 10^{20})^2}$$

$$= 4.77 \times 10^{20} \text{ N}$$


ধরি, সন্ধি বল চাঁদ ও সূর্যের সংযোগক সরলরেখার সাথে  $\theta$  কোণের সৃষ্টি করে

$$\therefore \theta = \tan^{-1} \left( \frac{F_{mc}}{F_{ms}} \right) = \tan^{-1} \left( \frac{1.98 \times 10^{20}}{4.34 \times 10^{20}} \right) = 24.52^\circ$$

Ans.  $4.77 \times 10^{20} \text{ N}$  ও  $24.52^\circ$

Ex-02 পৃথিবীর ভর চন্দ্রের ভরের 81 গুণ এবং তাদের কেন্দ্রের মধ্যবর্তী দূরত্ব  $R = 38.6 \times 10^4 \text{ km}$ । চন্দ্র ও পৃথিবীর সংযোগকারী রেখার কোণায় কোন বস্তুর উপর উভয়ের টান সমান হবে?

Sol: ধরি, পৃথিবীর কেন্দ্র হতে নির্ণেয় দূরত্ব =  $r$



$$\therefore F = \frac{GM_e}{r^2} \times m_0 = \frac{GM_m}{(R-r)^2} \times m_0$$

এখানে  $m_0$  হল নির্ণেয় বিন্দুতে অবস্থিত বস্তুর ভর।

$$\therefore \frac{M_e}{r^2} = \frac{M_m}{(R-r)^2} \Rightarrow \frac{R-r}{r} = \sqrt{\frac{M_m}{M_e}}$$

$$\frac{R}{r} - 1 = \frac{1}{\sqrt{81}} = \frac{1}{9} \text{ বা, } \frac{R}{r} = \frac{10}{9}$$

$$\Rightarrow r = \frac{9}{10} \times R = \frac{9}{10} \times 38.6 \times 10^4$$

∴  $r = 34.74 \times 10^4 \text{ km}$  Ans.



**Ex-02** একটি মহাশূন্যস্থান পৃথিবী থেকে চাঁদের দিকে যাচ্ছে। পৃথিবী থেকে এমন অবস্থান বের কর যেখানে এর মহাকর্ষীয় বল শূন্য। [পৃথিবীর ভর =  $6 \times 10^{24}$  kg, চাঁদের ভর =  $7.4 \times 10^{22}$  kg, পৃথিবী ও চাঁদের মধ্যবর্তী দূরত্ব  $3.8 \times 10^8$  m]

ধরি, মহাশূন্য স্থানের ভর  $m$  এবং মহাশূন্য স্থানটি পৃথিবী থেকে  $x$  দূরত্বে এবং চাঁদ থেকে  $(d-x)$  দূরত্বে থাকলে এর মহাকর্ষীয় বল শূন্য হয়।

$$F_c - F_m = 0 \Rightarrow \frac{Gm_p m}{x^2} - \frac{Gm_m m}{(d-x)^2} = 0 \Rightarrow \frac{x}{d-x} = \sqrt{\frac{m_m}{m_p}}$$

$$\Rightarrow \frac{x}{3.8 \times 10^8 - x} = \sqrt{\frac{7.4 \times 10^{22}}{6 \times 10^{24}}} \Rightarrow x = 3.42 \times 10^8 \text{ m (Ans.)}$$

**For Practice**

চাঁদ পৃথিবীর থেকে  $3.9 \times 10^5$  km দূরে অবস্থিত। চাঁদের ভর  $7.4 \times 10^{22}$  এবং পৃথিবীর ভর  $6 \times 10^{24}$  kg। পৃথিবী ও চাঁদের মাঝে যে বিন্দুতে উভয়ের আকর্ষণ সমান। পৃথিবী হতে ঐ বিন্দুর দূরত্ব কত? **Ans.**  $3.89 \times 10^5$  km  
 চন্দ্রের ভর পৃথিবীর ভরের 0.013 ভাগ, চন্দ্র ও পৃথিবীর কেন্দ্রবিন্দুর মধ্যবর্তী দূরত্ব পৃথিবীর ব্যাসার্ধের 60 ভাগ। পৃথিবীর কেন্দ্রবিন্দু হতে চন্দ্র ও পৃথিবীর ভারকেন্দ্রের দূরত্ব বের কর। (পৃথিবীর ব্যাসার্ধ =  $6.4 \times 10^6$  m) **Ans.**  $8.213 \times 10^4$  m

**Type-02**

**Ex-01** মঙ্গল গ্রহের ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের 0.532 ভাগ এবং ভর 0.11 ভাগ। ভূপৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মান  $9.8 \text{ ms}^{-2}$ । মঙ্গলের পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মান বের কর।

মঙ্গলের ক্ষেত্রে,  $g_m = \frac{GM_m}{R_m^2}$  ----- (i)  
 পৃথিবীর ক্ষেত্রে,  $g_e = \frac{GM_e}{R_e^2}$  ----- (ii)  
 (i) + (ii) করে পাই,  $\frac{g_m}{g_e} = \frac{M_m}{M_e} \times \frac{R_e^2}{R_m^2}$   
 $\Rightarrow g_m = \frac{0.11M_e}{M_e} \times \frac{R_e^2}{(0.532)^2 \times R_e^2} \times g_e$   
 $= 0.387755 \times 9.8 = 3.8 \text{ ms}^{-2}$  (Ans.)

**Shortcut:**  $g_m = \left(\frac{M_m}{M_e}\right) \times \left(\frac{R_e}{R_m}\right)^2 \times g_e$

**Ex-02** পৃথিবী নিজ অক্ষের সাপেক্ষে 24 ঘণ্টায় একবার ঘুরছে। পৃথিবীর মেরু বিন্দুতে অভিকর্ষীয় ত্বরণের মান বিদ্যুৎ রেখার উপর অবস্থিত কোন বিন্দুর অভিকর্ষীয় ত্বরণের চেয়ে কি পরিমাণ পরিবর্তিত হয়? পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^6$  m.

**Sol<sup>n</sup>:** বিদ্যুৎ রেখায় ও মেরু বিন্দুতে অভিকর্ষীয় ত্বরণ যথাক্রমে  $g_e$  এবং  $g_p$   
 $\lambda =$  অক্ষাংশ অভিকর্ষীয় ত্বরণ,  $g' = g - \omega^2 R \cos^2 \lambda$   
 মেরু বিন্দুতে,  $\lambda = 90^\circ$ ,  $\cos 90^\circ = 0$   $R = 6.4 \times 10^6$  m  
 $\Rightarrow g_p = g - \omega^2 R \cos^2 90$   $T = 24$  h  
 $\Rightarrow g_p = g - 0$   $= 24 \times 60 \times 60$  sec  
 $\Rightarrow g_p = g$  ----- (i)  $= 8.64 \times 10^4$  sec  
 অপর, বিদ্যুৎ রেখায়,  $\lambda = 0^\circ$ ,  $\cos 0^\circ = 1$   $\omega = \frac{2\pi}{T}$   
 $\Rightarrow g_e = g - \omega^2 R \cos^2 0$   
 $\Rightarrow g_e = g - \omega^2 R$  ----- (ii)  
 সীকরণ (i) ও (ii) হতে মেরু বিন্দু ও বিদ্যুৎ রেখায় অবস্থিত বিন্দুর  $g$  এর পার্থক্য  
 $g_p - g_e = g - (g - \omega^2 R)$   
 $\Rightarrow g_p - g_e = g - g + \omega^2 R \Rightarrow g_p - g_e = \omega^2 R$   
 $= \left(\frac{2\pi}{T}\right)^2 R = \left(\frac{2\pi}{8.64 \times 10^4}\right)^2 \times 6.4 \times 10^6$   
 $= 3.38 \times 10^{-2} \text{ ms}^{-2}$  (Ans.)

**Ex-03** বিদ্যুৎ রেখায় অবস্থিত কোনো ব্যক্তির ওজন প্রকৃত ওজনের  $\frac{2}{5}$  অংশ হতে হলে পৃথিবীকে এর অক্ষ সাপেক্ষে কত কৌণিক বেগে ঘুরতে হবে? বিদ্যুৎ রেখায় পৃথিবীর ব্যাসার্ধ =  $6.4 \times 10^6$  m.

**Sol<sup>n</sup>:** বিদ্যুৎ রেখায় প্রকৃত ওজন,  $w = mg$   
 বিদ্যুৎ রেখায় আপাত ওজন,  $w' = \frac{2}{5} mg$   
 আমরা জানি,  $g_e = g - \omega^2 R \cos^2 \lambda$   
 $\Rightarrow mg_e = mg - m\omega^2 R \cos^2 0$   
 $\Rightarrow \frac{2}{5} mg = mg - m\omega^2 R \Rightarrow m\omega^2 R = \frac{3}{5} mg$   
 $\Rightarrow \omega^2 = \frac{3}{5} \cdot \frac{g}{R} \Rightarrow \omega = \sqrt{\frac{3 \times 9.8}{5 \times 6.4 \times 10^6}}$   
 $= 9.58 \times 10^{-4} \text{ rad s}^{-1}$  (Ans.)

**For Practice**

- চন্দ্রের ভর  $m$  পৃথিবীর ভর  $M$  এর  $\frac{1}{80}$  ভাগ ও চন্দ্রের ব্যাসার্ধ  $r$  পৃথিবীর ব্যাসার্ধ  $R$  এর  $\frac{1}{4}$  ভাগ। চন্দ্রপৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মান নির্ণয় কর। **Ans.**  $1.96 \text{ ms}^{-2}$
- বৃহস্পতির ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের 10.97 ভাগ এবং বৃহস্পতির ভর পৃথিবীর ভরের 318.3 ভাগ। ভূ-পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মান  $9.8 \text{ ms}^{-2}$  বৃহস্পতিপৃষ্ঠে তার অভিকর্ষজ ত্বরণের মান কত হবে? **Ans.**  $25.22 \text{ ms}^{-2}$
- চাঁদের ভর  $7.35 \times 10^{22}$  kg এবং ব্যাসার্ধ  $1.74 \times 10^6$  m.  
 i. তা পৃথিবী পৃষ্ঠের  $g$  এর তুলনায় কত ভাগ?  
 ii. চাঁদের পৃষ্ঠে  $g$  এর মান কত? **Ans.** (i)  $\frac{1}{6}$ ; (ii)  $1.62 \text{ ms}^{-2}$
- ভূ-পৃষ্ঠে  $45^\circ$  অক্ষাংশে  $g$  -এর মান শূন্য হলে দিনের দৈর্ঘ্য কত হবে?  
**Hints**  $g_e = g - \omega^2 R \cos^2 \lambda$  থেকে  $\omega = ?$   
 Then  $\omega = \frac{2\pi}{T}$  Formula থেকে  $T$  নির্ণয় কর। **Ans.** 3590.4 sec
- পৃথিবী নিজ অক্ষ সাপেক্ষে 24 ঘণ্টায় একবার ঘুরছে। পৃথিবীর মেরু বিন্দুতে অভিকর্ষীয় ত্বরণের মান বিদ্যুৎ রেখার উপর অবস্থিত কোনো বিন্দুর অভিকর্ষীয় ত্বরণের চেয়ে কি পরিমাণ পরিবর্তিত হয়? [পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^6$  m] **Ans.**

**Type-03**

**Ex-01** পৃথিবীকে 6400 km ব্যাসার্ধের একটি গোলক ধরলে ভূ-পৃষ্ঠ হতে কত উচ্চতায় অভিকর্ষজ ত্বরণের মান ভূ-পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের মানের  $\frac{1}{64}$  অংশ হবে?

**Sol<sup>n</sup>:** জানি,  $\frac{g'}{g} = \left(\frac{R}{R+h}\right)^2$   
 $\Rightarrow \frac{g/64}{g} = \left(\frac{R}{R+h}\right)^2 \Rightarrow 1 + \frac{h}{R} = 8$   
 $h = 7 \times R = 7 \times 6.4 \times 10^6 = 44.8 \times 10^6 \text{ m (Ans.)}$

**For Practice**

- ভূ-পৃষ্ঠ থেকে কত উচ্চতায় গেলে সেখানকার অভিকর্ষজ ত্বরণের মান ভূ-পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মানের চল্লিশ শতাংশ হবে? পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^6$  m। **Ans.**  $3.71 \times 10^6$  m
- ভূ-পৃষ্ঠ হতে কত উচ্চতায় অভিকর্ষজ ত্বরণের মান ভূ-পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের মান এর আর্ধেক হবে? [পৃথিবীর ব্যাসার্ধ  $6.38 \times 10^6$  m] **Ans.** পৃথিবীর ব্যাসার্ধের  $\frac{1}{4}$  দূরত্বে  $1.60 \times 10^6$  m
- পৃথিবী পৃষ্ঠ হতে কত উচ্চতায়  $g$  এর মান  $4.9 \text{ ms}^{-2}$ ? পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^6$  m। অভিকর্ষজ ত্বরণ পৃথিবী পৃষ্ঠে  $9.8 \text{ ms}^{-2}$  **Ans.**  $1.6 \times 10^6$  m



## Type-04

**Ex-01** ভূ-পৃষ্ঠ হতে কত গভীরে অভিকর্ষীয় ত্বরণের মান ভূ-পৃষ্ঠের মানের এক পঞ্চমাংশ হবে?

$$\text{Sol}^n: \text{জানি, } \frac{g'}{g} = \frac{R-h}{R} \Rightarrow h = \left(1 - \frac{g'}{g}\right) \times R$$

$$= \left(1 - \frac{1}{5}\right) \times 6.4 \times 10^6 = 5.12 \times 10^6 \text{ m (Ans.)}$$

**Ex-02** ভূ-পৃষ্ঠ হতে  $2.6 \times 10^4 \text{ m}$  গভীরে অভিকর্ষজ ত্বরণ মান কত হবে?

**Sol**<sup>n</sup>: পৃথিবী পৃষ্ঠ হতে  $h$  গভীরতায় অভিকর্ষজ ত্বরণ।

$$g_h = \left(1 - \frac{h}{R}\right)g = \left(1 - \frac{2.6 \times 10^4}{6.37 \times 10^6}\right) \times 9.8 \text{ ms}^{-2} = 9.76 \text{ ms}^{-2} \text{ (Ans.)}$$

## For Practice

- ভূ-পৃষ্ঠ হতে 320 km অভ্যন্তরে অভিকর্ষজ ত্বরণের মান কত হবে? **Ans.**  $9.31 \text{ ms}^{-2}$
- কত ভূ-অভ্যন্তরে অভিকর্ষজ ত্বরণের মান ভূ-পৃষ্ঠের অর্ধেক হবে? পৃথিবীর ব্যাসার্ধ  $6.38 \times 10^6 \text{ m}$   
**Ans.** পৃথিবীর ব্যাসার্ধের অর্ধেক অভ্যন্তরে  $3.19 \times 10^6 \text{ m}$
- পৃথিবীপৃষ্ঠ থেকে 300km ভেতরে অভিকর্ষীয় ত্বরণের মান বের কর। পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^3 \text{ km}$ , মহাকর্ষীয় ধ্রুবক  $6.7 \times 10^{11} \text{ Nm}^2 \text{ kg}^{-2}$  এবং পৃথিবীর গড় ঘনত্ব  $5.5 \times 10^3 \text{ kgm}^{-3}$   
**Ans.**  $9.41 \text{ ms}^{-2}$

**Hints**  $g = \frac{4}{3} \pi G(R-h)\rho$

## Type-05

**Ex-01** বৃহস্পতির ভর এবং ব্যাসার্ধ যথাক্রমে  $1.9 \times 10^{27} \text{ kg}$  এবং  $7 \times 10^7 \text{ m}$ । বৃহস্পতিতে মুক্তিবেষ কত?

$$\text{Sol}^n: \text{জানি, } v_c = \sqrt{\frac{2GM}{R}} = \sqrt{\frac{2 \times 6.67 \times 10^{-11} \times 1.9 \times 10^{27}}{7 \times 10^7}}$$

$$= 6.017 \times 10^4 \text{ ms}^{-1} \text{ Ans.}$$

১৭.  $90 \text{ kg}$  ভরের বস্তুর ওজন মঙ্গল গ্রহে কত হবে যার ভর পৃথিবীর ১/৯ অংশ ও ব্যাসার্ধ পৃথিবীর অর্ধেক?

- A.  $180 \text{ kg-wt}$  B.  $40 \text{ kg-wt}$  C.  $60 \text{ kg-wt}$  D.  $90 \text{ kg-wt}$

১৮.  $100 \text{kg}$  ও  $900 \text{kg}$  ভরের দুটি বস্তুকে পৃথক করে  $1 \text{m}$  দূরত্বে রাখা হলো। ছোট ভরের বস্তু হতে কত দূরে অভিকর্ষ কেন্দ্রের তীব্রতা শূন্য হবে?

- A.  $\frac{1}{2} \text{m}$  B.  $\frac{1}{4} \text{m}$  C.  $\frac{1}{3} \text{m}$  D.  $\frac{1}{5} \text{m}$

১৯. ভূ-পৃষ্ঠ হতে বাড়া উপরের দিকে নিক্ষেপ কোন বস্তুর মুক্তিবলে  $11 \text{kms}^{-1}$  একই বস্তুকে উপরের সাথে  $45^\circ$  কোণে নিক্ষেপ করা হলে, মুক্তিবলে কত হবে?

- A.  $11 \text{kms}^{-1}$  B.  $\frac{11}{\sqrt{2}} \text{kms}^{-1}$  C.  $11\sqrt{2} \text{kms}^{-1}$  D. None

২০.  $m$  ভরের স্যাটেলাইট  $R$  ব্যাসার্ধের বৃত্তপথে প্রদক্ষিণরত আছে, প্রতি আবর্তনে কৃতকাজ-

- A.  $mgR$  B.  $\frac{mgR}{2}$  C. zero D.  $mg \times 2\pi R$

Hints বেহেতু বৃত্তপথে ঘুরছে সেহেতু প্রতি আবর্তনে কৃতকাজ শূন্য।

OMR			
01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)

Answer									
20.C	19.C	18.B	17.B	16.C	15.C	14.C	13.C	12.B	11.D
10.C	09.C	08.D	07.B	06.A	05.D	04.C	03.A	02.B	01.C



**SELF TEST-02 [MCQ]**

01. মহাকর্ষ ক্ষেত্র  $E = \frac{k}{x^2}$  হলে  $x$  দূরত্বের মহাকর্ষ বিভব কত? (অসীমে মহাকর্ষ বিভব শূন্য ধরে)

- A.  $\frac{k}{x}$       B.  $\frac{k}{x^2}$       C.  $\frac{k}{2x^2}$       D.  $\frac{k}{2x}$

**Hints** মহাকর্ষ বিভব  $= -\int_0^x E dx = -k \int_0^x x^{-2} dx = \frac{k}{2x}$

02. এক ব্যক্তি পৃথিবীর নিকটে এক মিনিটে 50m পতিত হয়। চন্দ্র পৃষ্ঠের নিকটে একই সময়ে সে কতপথ অতিক্রম করবে? ( $g_m = \frac{g_e}{6}$ )

- A.  $50 \times 6m$       B.  $\frac{50}{6}m$       C.  $50 \times 50m$       D. 50m

**Hints**  $S_e = \frac{1}{2} g_e t^2$ ,  $S_m = \frac{1}{2} g_m t^2$ ;  $\frac{S_m}{S_e} = \frac{g_m}{g_e}$   $\therefore S_m = \frac{1}{6} \times 50$

03. পৃথিবী পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ  $g$  হলে পৃষ্ঠ হতে  $\frac{R}{2}$  উচ্চতায় অভিকর্ষজ ত্বরণ কত হবে?

- A.  $\frac{2g}{9}$       B.  $2g$       C.  $\frac{g}{2}$       D.  $\frac{4g}{9}$

04.  $m$  সমভরের দুটি বস্তু তাদের অভিকর্ষীয় আকর্ষণ বলের ক্রিয়ার  $R$  ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে পরস্পরের বিপরীত দিকে গতিশীল আছে। প্রত্যেক বস্তুর গতি নির্ণয় কর।

- A.  $\sqrt{\frac{GM}{R}}$       B.  $2\sqrt{\frac{GM}{R}}$   
C.  $\frac{1}{2}\sqrt{\frac{GM}{R}}$       D.  $\frac{1}{2R}\sqrt{\frac{1}{GM}}$

05. ভূ-পৃষ্ঠ হতে 10km উচ্চতায় স্যাটেলাইটে 60kg ভরের ব্যক্তির ওজন-

- A. 60kg      B. 30kg      C. 42kg      D. zero

**Hints** স্যাটেলাইটের জন্য  $W = 0$

06. ভূ-পৃষ্ঠের নিকটে ঘুরন্ত স্যাটেলাইটের বেগ  $v_0$  এবং যুক্তিবেগ  $v_e$  হলে এদের সম্পর্ক-

- A.  $v_e = v_0$       B.  $v_e = \sqrt{2} v_0$   
C.  $v_e = \frac{v_0}{\sqrt{2}}$       D. none of these

**Hints**  $v_e = \sqrt{2gR}$ ;  $v_0 = \sqrt{gR}$ ;  $\therefore v_e = \sqrt{2} v_0$

07. পৃথিবীর গড় ঘনত্ব-

- A.  $g$  এর অর্ধেক      B.  $g$  এর সমানুপাতিক  
C.  $g$  এর উপর নির্ভর করে না      D.  $g$  এর বর্গমূলের ব্যস্তানুপাতিক

08. একটি কৃত্রিম ভূ-উপগ্রহের পর্যায়কাল 5h পৃথিবী থেকে এর দূরত্ব পূর্বের তুলনায় 4 গুণ করা হলে নতুন পর্যায়কাল-

- A. 10h      B. 40h      C. 20h      D. 80h

09. যদি পৃথিবী স্বর্ণাণ্ড গোলক হত তবে এর ভেতরে মহাকর্ষক্ষেত্রের প্রাবল্য কত হবে?

- A.  $9.8kg^{-1}$       B. zero  
C. greater than  $9.8kg^{-1}$       D. less than  $9.8 Nkg^{-1}$

10. স্যাটেলাইটে সরল দোলকের দোলনকাল

- A. infinite      B. zero  
C. 2sec      D. cannot be calculated

**Hints**  $g = 2\pi\sqrt{\frac{l}{a}} = 2\pi\sqrt{\frac{l}{0}} = \infty$

11. ভূ-পৃষ্ঠ হতে  $3R$  ও  $R$  উচ্চতায় কক্ষপথে 2টি স্যাটেলাইট পৃথিবীর চারদিকে ঘুরছে। তাদের গতিশক্তির অনুপাত-

- A. 2:1      B. 3:1      C. 1:2      D. 2:3

**Hints**  $\frac{E_1}{E_2} = \frac{\frac{1}{2}mv_1^2}{\frac{1}{2}mv_2^2} = \frac{\frac{GM}{R+R}}{\frac{GM}{R+3R}} = 2:1$

12.  $R$  ব্যাসার্ধের কক্ষপথে কোন গ্রহের পর্যায়কাল  $T$  হলে  $4R$  ব্যাসার্ধের কক্ষপথে ঐ গ্রহের পর্যায়কাল-

- A.  $\frac{T}{4}$       B.  $4T$       C.  $\frac{T}{2}$       D.  $8T$

13. একজন লোকের ওজন ভূ-পৃষ্ঠে 648N হলে চন্দ্রপৃষ্ঠে তার ওজন কত? (পৃথিবীর ভর =  $81 \times$  চন্দ্রের ভর, পৃথিবীর ব্যাসার্ধ =  $4 \times$  চন্দ্রের ব্যাসার্ধ)

- A. 128N      B. 129 N      C. 130 N      D. 131 N

14. পৃথিবী পৃষ্ঠে  $g$  এর মান  $9.8 ms^{-2}$ , পৃথিবীর ব্যাসার্ধ  $R = 6.4 \times 10^6 m$ ।  $G = 6.67 \times 10^{-11} Nm^2 kg^{-2}$  হলে পৃথিবীর ভর কত?

- A.  $6.02 \times 10^{17} kg$       B.  $6.02 \times 10^{24} kg$   
C.  $9.40 \times 10^{17} kg$       D.  $6.02 \times 10^{22} kg$

15. মহাকর্ষ বল নিউক্লিয় বলের তুলনায় কত গুণ তীব্র?

- A.  $10^{30}$       B.  $10^{40}$       C.  $10^{40}$       D.  $10^{42}$

16. পৃথিবীর আন্বিক গতির জন্য বিদ্যুৎ অঞ্চলে অভিকর্ষজ ত্বরণ  $g$  এর নিচের কোনটি?

- A.  $\frac{GM}{R^2}$       B.  $\frac{GM}{R^2} - \omega^2 R$   
C.  $\frac{GM}{R^2} - \omega^2 R \cos\theta$       D.  $\frac{GM}{R^2} - \omega^2 R^2 \cos\theta$

17. মহাকর্ষ প্রবলের মাত্রা কোনটি?

- A.  $ML^2T^{-2}$       B.  $M^{-1}L^3T^{-2}$   
C.  $M^{-2}L^{-3}T$       D.  $M^2L^2T^{-3}$

18. সূর্যের চারিদিকে গুরু ও পৃথিবীর কক্ষ পথের ব্যাসার্ধের অনুপাত 54। পৃথিবীতে 365 দিনে এক বছর হলে গুরুতে কত দিনে এক বছর হবে?

- A. 507 দিন      B. 365 দিন      C. 123 দিন      D. 223 দিন

**Hints**  $\frac{T_1^2}{R_1^3} = \frac{T_2^2}{R_2^3}$

19. পৃথিবীর অনুসূর ও অপসূর যথাক্রমে  $1.47 \times 10^{11}m$  এবং  $1.52 \times 10^{11}m$  হলে অনুসূর 11m স্থানে পৃথিবীর গতি অপসূরের কত গুণ?

- A. 1.034      B. 0.967      C. 0.935      D. 1.07

**Hints**  $v_1 r_1 = v_2 r_2$

$\Rightarrow \frac{v_1}{v_2} = \frac{r_2}{r_1} = \frac{1.52 \times 10^{11}}{1.47 \times 10^{11}} = 1.034 \Rightarrow v_1 = 1.034 \times v_2$

20. ভূ-পৃষ্ঠ হতে কত গভীরে  $g$  এর মান ভূ-পৃষ্ঠের মানের  $\frac{1}{5}$  হবে?

- A.  $512 \times 10^3 km$       B.  $51.2 \times 10^3 km$   
C.  $5.12 \times 10^3 km$       D.  $512 \times 10^{-3} km$

**Hints**  $\frac{g'}{g} = 1 - \frac{h}{R}$

$\Rightarrow \frac{1}{5} = 1 - \frac{h}{6400} \therefore h = 5.12 \times 10^3 km$

**OMR**

01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)

**Answer**

20.C	19.A	18.D	17.B	16.B	15.A	14.B	13.A	12.D	11.C
10.A	09.B	08.B	07.B	06.B	05.D	04.C	03.D	02.B	01.C



**SELF TEST-03 [MCQ]**

11. ভূ-স্থির কক্ষের জন্য কোন তথ্যটি মিথ্যা?

- A. ভূ-স্থির কক্ষকে সরাসরি বিসুব রেখার উপরে হতে হবে।
- B. ভূ-স্থির কক্ষের সকল উপগ্রহ সমান ভর বিশিষ্ট।
- C. ভূ-স্থির কক্ষের পর্যায়কাল 24 ঘণ্টা হতে হবে।
- D. ভূ-স্থির কক্ষের একটি মাত্র সম্ভাব্য ব্যাসার্ধ রয়েছে।

12. একই বক্রম দুটি বস্তুর মধ্যকার মহাকর্ষ বল হলো  $F_0$ । যদি বস্তু দুটির প্রতিটির ভর দ্বিগুণ করা হয় এবং দূরত্ব অর্ধেক করা হয়, তবে বস্তু দুটির মধ্যকার মহাকর্ষ বল হবে-

- A.  $F_0$
- B.  $\frac{F_0}{2}$
- C.  $4F_0$
- D.  $16F_0$

13. একটি ভূস্থির উপগ্রহের পর্যায়কাল কত?

- A. 0 ঘণ্টা
- B. 24 ঘণ্টা
- C. 12 ঘণ্টা
- D. 365 ঘণ্টা

14. একটি উপগ্রহ পৃথিবীকে কেন্দ্র করে বৃত্তাকার পথে ঘুরছে। হঠাৎ করে অভিকর্ষীয় বল যদি বিলুপ্ত হতো যায় তাহলে উপগ্রহটি-

- A. একই ক্রতিতে একই পথে ঘুরত থাকত।
- B. একই ক্রতিতে আদি কক্ষপথের স্পর্শক বরাবর চলতে থাকত।
- C. বর্ধিত ক্রতিতে নিচে পড়ে যাবে।
- D. মূল কক্ষপথে কিছুক্ষণ চলে যেতে যাবে।

15. মহাকর্ষ সম্পর্কে নিচের কোন তথ্যটি সঠিক নয়?

- A. মহাবিশ্বের প্রতিটি বস্তুকণাই একে অপরকে নিজের দিকে আকর্ষণ করে।
- B. এই আকর্ষণ বলের মান বস্তু দুটির ভর ও এদের মধ্যকার দূরত্বের উপর নির্ভর করে।
- C. এই আকর্ষণ বলের মান বস্তু দুটির আকৃতি ও প্রকৃতির উপর নির্ভর করে।
- D. বিশ্বের যে কোনো দুটি বস্তুকণার মধ্যকার আকর্ষণকে মহাকর্ষ বলে।

16. সূক্ষ্ম ত্রিভুজাকৃতি পাতের অভিকর্ষ কেন্দ্র কোথায়?

- A. কর্ণদ্বয়ের ছেদ বিন্দুতে
- B. জ্যামিতিক কেন্দ্রে
- C. বাহুদ্বয়ের মধ্য বিন্দুতে
- D. মধ্যমা ও লম্বের ছেদবিন্দুতে

17. নিচের কোনটি সঠিক?

- A.  $h = \left( \frac{GMT^2}{4\pi^2} \right)^{1/3} - R$
- B.  $\left( \frac{GMT^2}{4\pi^2} \right) R$
- C.  $\left( \frac{GMT^2}{4\pi^2} \right)^{1/3} + R$
- D.  $\left( \frac{GMT^2}{4\pi^2} \right)^3 \times R$

18. ভূ-স্থির কক্ষ পথের ব্যাসার্ধ ও স্পর্শক বেগের অনুপাত কত?

- A.  $1.37 \times 10^4$ s
- B.  $1.27 \times 10^5$ s
- C.  $3.37 \times 10^4$ s
- D.  $1.37 \times 10^5$ s

19. খাড়া উপরের দিকে 'g' এর মান-

- A. শূন্য
- B.  $9.8 \text{ ms}^{-2}$
- C.  $-9.8 \text{ ms}^{-2}$
- D. কোনটিই নয়

20. সূর্য হতে পৃথিবীর দূরত্ব  $1.49 \times 10^{13}$  সেন্টিমিটার এবং  $G = 6.66 \times 10^{-8}$  C.G.S একক হলে সূর্যের ভর নির্ণয় কর। [365 দিনে এক বছর]

- A.  $1.98 \times 10^{32}$  গ্রাম
- B.  $1.98 \times 10^{33}$  গ্রাম
- C.  $1.96 \times 10^{32}$  গ্রাম
- D.  $1.98 \times 10^{30}$  গ্রাম

1. 1500 kg ভর বিশিষ্ট কোন বস্তু থেকে 5m দূরে কোন বিন্দুতে বিভব কত?

[ $G = 6.67 \times 10^{-11}$  S.I. Unit]

- A.  $-2 \times 10^8$  J/kg
- B.  $2 \times 10^8$  J/kg
- C.  $-2 \times 10^5$  J/kg
- D.  $2 \times 10^5$  J/kg

**Hints**  $v = \frac{GM}{r}$

2. পৃথিবীর জন্য বিসুব অক্ষলে অভিকর্ষীয় ত্বরণ কত কম হবে? [ $R = 6.4 \times 10^3$  km]

- A.  $0.34 \text{ ms}^{-2}$
- B.  $0.034 \text{ ms}^{-2}$
- C.  $0.0034 \text{ ms}^{-2}$
- D.  $3.4 \text{ ms}^{-2}$

**Hints** ত্বরণ কম হবে =  $\omega^2 R$

$$= \left( \frac{2\pi}{24 \times 60 \times 60} \right)^2 \times 6.4 \times 10^6 = 0.034$$

3. পৃথিবীর কৌণিক বেগ কতগুণ হলে ভূ-পৃষ্ঠের একটি বস্তু মহাশূণ্যের দিকে উৎখাত হবার উপক্রম হবে?

- A. 16
- B. 17
- C. 18
- D. 19

**Hints**  $v_1 = \omega r$

$$= \frac{2\pi}{24 \times 60 \times 60} \times 6.4 \times 10^6$$

$$= 465.42 \text{ ms}^{-1} \Rightarrow \frac{v_2}{v_1} = 17$$

আবার,  $\frac{mv_2^2}{r} = mg$

$$\Rightarrow v_2 = \sqrt{gr} = \sqrt{9.8 \times 6.4 \times 10^6} = 7919.59$$

4. 100 kg ভরের একটি বস্তুকে পৃথিবীর কেন্দ্রে নিয়ে গেলে, এর ওজন কত হবে?

- A. শূন্য
- B. 100 N
- C. 981 N
- D. অসীম

5. নিচের কোন সূত্রটি সঠিক?

A.  $v = -\frac{GM}{r}$

B.  $E = -\frac{GM}{r^2}$

C.  $v = \left( \frac{GM}{R+h} \right)^{1/2}$

D.  $v_1 = -\sqrt{2GR}$

6. দুটি বস্তুর মধ্যবর্তী দূরত্ব প্রাথমিক দূরত্বে 3 গুণ করা হলে তাদের মধ্যকার চূড়ান্ত বল প্রাথমিক বলের কত গুণ হবে?

- A. 3
- B.  $\frac{1}{3}$
- C. 9
- D.  $\frac{1}{9}$

**Hints**  $F_2 = \left( \frac{d_1}{d_2} \right)^2 F_1 = \left( \frac{1}{3} \right)^2 F_1 = \frac{1}{9} F_1$  গুণ

7. একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারিদিকে সর্বাপেক্ষা কম কত ক্রতিতে প্রদক্ষিণ করবে?

- A.  $7.2 \text{ kms}^{-1}$
- B.  $9.8 \text{ kms}^{-1}$
- C.  $4.2 \text{ kms}^{-1}$
- D. কোনটিই নয়

**Hints**  $v = \sqrt{gr} = \sqrt{9.8 \times 6.4} \text{ kms}^{-1} = 7.2 \text{ kms}^{-1}$

8. প্যারাসুট দিয়ে এক বিমানসেনা 5 km উচ্চতা থেকে নেমে আসলে ভূমি স্পর্শের সময় তার ত্বরণ হবে-

- A. g
- B.  $\frac{g(R+5)^2}{R^2}$
- C. 0
- D.  $\frac{gR^2}{R+5}$

9. কৃত্রিম উপগ্রহের বেগ নিচের কোনটি নয়?

- A.  $\sqrt{\frac{GM}{R+h}}$
- B.  $\sqrt{\frac{gR^2}{R+h}}$
- C.  $\frac{2\pi(R+h)}{T}$
- D.  $2\pi(R+h)\sqrt{\frac{R+h}{GM}}$

10. পৃথিবী পৃষ্ঠের P বিন্দুতে মহাকর্ষ ক্ষেত্র প্রাবল্য-

- A. পড়ন্ত বস্তুর ত্বরণের সমান
- B. P থেকে প্রতি একক দূরত্বে স্থিতি শক্তির পরিবর্তনের সমান
- C. P বিন্দুতে স্থাপিত কোন বস্তুর উপর ক্রিয়াশীল বলের সমান
- D. অসীম দূরত্ব থেকে P বিন্দুতে একক ভর আনতেকৃত কাজের সমান।

**OMR**

01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)

**Answer**

20.B	19.A	18.B	17.A	16.D	15.C	14.B	13.B	12.D	11.B
10.A	09.D	08.A	07.A	06.D	05.A	04.A	03.B	02.B	01.A



**৭ম অধ্যায়**  
**প্রথম পত্র**

**পদার্থের গাঠনিক ধর্ম**  
**(Structural Properties of Matter)**

প্রায় প্রতি বছরই এই অধ্যায় হতে BUET এ প্রশ্ন আসে। এই অধ্যায়ের প্রতিটি Type-ই সমান গুরুত্বপূর্ণ। তাই সম্পূর্ণ অধ্যায়ই ভালভাবে পড়তে হবে।

**এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি**

পদার্থের গঠনের প্রকৃতি ও মিথস্ক্রিয়া অনুসারে পদার্থের রাসায়নিক বন্ধন প্রধানত পাঁচ প্রকার যথা-

- 1. আয়নিক বন্ধন
- 2. সমযোজী বন্ধন
- 3. হাইড্রোজেন বন্ধন
- 4. ধাতব বন্ধন
- 5. ভ্যানডারওয়ালস বন্ধন

**আয়নিক বন্ধন:** ধাতব ও অধাতব মৌলের রাসায়নিক বিক্রিয়াকালে তাদের মধ্যে ইলেকট্রন আদান গ্রহণের ফলে সৃষ্ট ধনাত্মক আয়ন ও ঋণাত্মক আয়নের মধ্যে স্থির বৈদ্যুতিক আকর্ষণ দ্বারা যে বন্ধন গঠিত, তাকে আয়নিক বন্ধন বলে।  
উদাহরণ: NaCl

**সমযোজী বন্ধন:** পরমাণুর বহিঃস্তরে ইলেকট্রন শেয়ারের ফলে দুটি একই বা তিন মৌলের পরমাণুর মধ্যে যে বন্ধনের সৃষ্টি হয় তাকে সমযোজী বন্ধন বলে।  
উদাহরণ: হাইড্রোজেন অণু, নাইট্রোজেন অণু।

**ধাতব বন্ধন:** ধাতব খাতে পরমাণুগুলো যে বন্ধন দ্বারা পরস্পরের সাথে যুক্ত থাকে তাকে ধাতব বন্ধন বলে।

**ভ্যানডার ওয়ালস বন্ধন:** কাছাকাছি অবস্থিত পরমাণু সমূহের মধ্যে একটি সর্বজনীন দুর্বল বল ক্রিয়া করে। যে পারস্পরিক ক্রিয়ার ফলে এ বল সৃষ্টি হয় তাকে ভ্যানডার ওয়ালস পারস্পরিক ক্রিয়া বলে এবং এ বলকে ভ্যানডার ওয়ালস বল বলে।


বন্ধনের ধরণ	শক্তি	প্রকৃতি	উদাহরণ
আয়নিক	সবল	ইলেকট্রন স্থানান্তর	খাবার লবণ
সমযোজী	সবল	ইলেকট্রন শেয়ার	ছীরক
ধাতব	খুব সবল	ইলেকট্রন শেয়ার	তামা
ভ্যানডার ওয়ালস	দুর্বল	দ্বিমেরক মিথস্ক্রিয়া	কঠিন নিওন

আন্তঃআণবিক স্থানের উপর ভিত্তি করে পদার্থের শ্রেণীবিভাগ নিম্নরূপঃ



আন্তঃআণবিক দূরত্বের সাথে বলের পরিবর্তন:


দুটি অণুর মধ্যকার লব্ধি বল বা নিট বল শূন্য হলে তাকে সাম্যাবস্থা বলে। এ অবস্থায়  $r = r_0$ ।  $r_0$  কে স্থিতি দূরত্ব বা সাম্যাবস্থা দূরত্ব বলে। স্থিতি দূরত্বে অণু দুটির আকর্ষণ ও বিকর্ষণ বল সমান। দুটি অণুর মধ্যকার দূরত্ব  $r_0$  এর কম হলে এদের মধ্যে বিকর্ষণ হয়, দূরত্ব  $r_0$  এর বেশি হলে এদের মধ্যে আকর্ষণ হয়। আন্তঃআণবিক আকর্ষণ বলের পাল্লা সাধারণত  $10^{-10}$  m.




- স্থিতিস্থাপকতা: বস্তুর উপর প্রযুক্ত বলের ক্রিয়ায় তার আকার বা আয়তন বা উভয়েরই পরিবর্তনের প্রচেষ্টাকে পদার্থের যে ধর্ম বাধা দেয় এবং প্রযুক্ত বল অপসারিত হলে পূর্বের আকার বা আয়তন ফিরে পায়, তাকে স্থিতিস্থাপকতা বলে। স্থিতিস্থাপক সীমা: প্রযুক্ত বাহ্যিক বলের যে সর্বোচ্চ বা উর্ধ্বসীমা পর্যন্ত বস্তু পূর্ণস্থিতিস্থাপক থাকে, তাকে ঐ বস্তুর স্থিতিস্থাপক সীমা বলে।
- পীড়ন: কোন বস্তুর একক ক্ষেত্রফলের উপর প্রযুক্ত বলকে পীড়ন বলে।
- বিকৃতি: কোন বস্তুর একক মাত্রার পরিবর্তনই বিকৃতি।
- বিকৃতি তিন প্রকার:



- পীড়নের একক  $Nm^{-2}$ , মাত্রা সমীকরণ  $[ML^{-1}T^{-2}]$
- পূর্ণ স্থিতিস্থাপক বস্তু: কোনো বস্তুর উপর প্রযুক্ত বল অপসারিত হলে যদি তা সম্পূর্ণরূপে পূর্বের অবস্থায় ফিরে পায় তবে সে সব বস্তুকে পূর্ণ স্থিতিস্থাপক বস্তু বলে।
- পূর্ণ নমনীয় বস্তু: কোনো বস্তুর উপর প্রযুক্ত বল অপসারিত হলে যদি তার বিকার পূর্ণরূপে বজায় থাকে তবে ঐ বস্তুকে পূর্ণ নমনীয় বস্তু বলে।
- পূর্ণ দৃঢ় বস্তু: যে কোনো মানের বাহ্যিক বল প্রয়োগে যদি কোনো বস্তুর আকারের কোন পরিবর্তন না হয় তবে ঐ বস্তুকে পূর্ণ নমনীয় বস্তু বলে।
- অসহ ভার: সর্বাপেক্ষা কম যে ভারের ক্রিয়ায় কোনো বস্তু ছিড়ে বা ভেঙে যায় তাকে ঐ বস্তুর অসহ ভার বলে।
- অসহ পীড়ন: প্রতি একক ক্ষেত্রফলে ন্যূনতম যে বল প্রযুক্ত হলে কোনো বস্তু ছিড়ে বা ভেঙে যায় তাকে ঐ বস্তুর অসহ পীড়ন বলে।
- পীড়ন-বিকৃতির লেখচিত্রঃ



ছকের সূত্র: "স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর উপর প্রযুক্ত পীড়ন তার বিকৃতির সমানুপাতিক।" অর্থাৎ, পীড়ন  $\propto$  বিকৃতি:



ইয়ং-এর গুণাঙ্ক: স্থিতিস্থাপক সীমার মধ্যে দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব রাশি। এই ধ্রুবরাশিকে ইয়ং-এর গুণাঙ্ক বলে।

$$Y = \frac{\text{দৈর্ঘ্য পীড়ন}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} = \frac{F/A}{\Delta L/L}$$

দৃঢ়তার স্থিতিস্থাপক গুণাঙ্ক: স্থিতিস্থাপক সীমার মধ্যে আকার পীড়ন ও আকার বিকৃতির অনুপাতকে দৃঢ়তার স্থিতিস্থাপক গুণাঙ্ক বলে। একে  $n$  দ্বারা সূচিত করা হয়।

$$n = \frac{\text{আকার পীড়ন}}{\text{আকার বিকৃতি}} = \frac{F/A}{\theta}$$

আয়তন গুণাঙ্ক: স্থিতিস্থাপক সীমার মধ্যে আয়তন পীড়ন ও আয়তন বিকৃতির অনুপাতকে আয়তনের স্থিতিস্থাপক গুণাঙ্ক ( $k$ ) বলে।

$$B = \frac{\text{আয়তন পীড়ন}}{\text{আয়তন বিকৃতি}} = \frac{F/A}{\Delta V/V} = \frac{PV}{\Delta V}$$

স্থিতিস্থাপক গুণাঙ্কের মাত্রা সমীকরণ  $[ML^{-1}T^{-2}]$



সংনম্যতা: কোনো বস্তুর চারদিক থেকে সমান চাপ প্রয়োগ করলে বস্তুর আয়তন কমে যায়। বস্তুর এ ধর্মকে সংনম্যতা বলে।  
 অয়তন গুণাঙ্কের বিপরীত রাশিকে সংনম্যতা বলে।

$$\text{সংনম্যতা, } k = \frac{1}{B} = \frac{v}{VP} = \frac{1}{P \Delta V}$$

পড়সন এর অনুপাত ( $\sigma$ ): "স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর পার্শ্ব বিকৃতি ও বৈর্ষ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব রাশি।" এই ধ্রুব সংখ্যাকে বস্তুর উপাদানের পড়সনের অনুপাত বলে।

$$\sigma = \frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{বৈর্ষ্য বিকৃতি}} = \frac{L \Delta r}{r \Delta L}$$

পড়সনের অনুপাত-এর কোন মাত্রা ও একক নেই।

কোন পদার্থের পড়সনের অনুপাত  $|\sigma|$  হতে  $\frac{1}{2}$  এর মধ্যবর্তী অর্থাৎ  $-\frac{1}{2} < \sigma < \frac{1}{2}$

যেসব বস্তুর ক্ষেত্রে পীড়ন এবং বিকৃতির অনুপাত অর্থাৎ স্থিতিস্থাপক গুণাঙ্কের মান বেশি, সেসব বস্তু বেশি স্থিতিস্থাপক।

পৃষ্ঠটান: কোন তরলের পৃষ্ঠে একটি সরলরেখা কল্পনা করলে উক্ত রেখার প্রতি একক দৈর্ঘ্যে ঐ রেখার দু'পার্শ্বে তরলের পৃষ্ঠতলে একক অংশ অন্য অংশের উপরে যে স্পর্শক বল প্রয়োগ করে তাকেই পৃষ্ঠটান বলে।

$$\text{পৃষ্ঠটান} = \frac{\text{বল}}{\text{দৈর্ঘ্য}}$$



$$T = \frac{F}{L}$$

$$[\text{পৃষ্ঠটান}] = [MT^{-2}]$$

পৃষ্ঠটানের উপর প্রভাব বিস্তারকারী বিষয়:

তাপমাত্রা: তরলের পৃষ্ঠ টান প্রভূতভাবে তাপমাত্রার উপর নির্ভরশীল। সাধারণভাবে তাপমাত্রা বৃদ্ধি পেলে তরলের পৃষ্ঠটান হ্রাস পায় এবং তাপমাত্রা হ্রাস পেলে তরলের পৃষ্ঠ টান বৃদ্ধি পায়। শুধু গলিত তামা ও ক্যাডমিয়ামের ক্ষেত্রে ব্যতিক্রম পরিদর্শিত হয়। তাপমাত্রা পরিবর্তনের পাশ্চাত্য কম হলে পৃষ্ঠ টান এবং তাপমাত্রার মধ্যকার সম্পর্ক নিম্নলিখিত সমীকরণে ব্যক্ত করা যায়।

$$T_1 - T_2 = T_2 (1 - \alpha t) \quad \dots \dots \dots (13)$$

এখানে  $T_1 = 1^\circ\text{C}$  তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান,  $T_2 = 0^\circ\text{C}$  তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান এবং  $\alpha =$  তরলের পৃষ্ঠটানের তাপমাত্রা গুণাঙ্ক।

উল্লেখ্য, যে তাপমাত্রায় কোনো একটি তরলের পৃষ্ঠটান শূন্য হয়, তাকে সঙ্কট তাপমাত্রা (Critical temperature) বলে।

দৃশ্য: তরলের মুক্ততলে বা পৃষ্ঠে কোন কিছু ডালমান থাকলে তরলের পৃষ্ঠটান কমে যায়।

দ্রবীভূত বস্তুর উপস্থিতি: তরলে অজৈব পদার্থের উপস্থিতিতে পৃষ্ঠটান বৃদ্ধি পায় আর জৈব পদার্থের উপস্থিতিতে পৃষ্ঠটান কমে যায়।

তড়িতাঙ্কিতকরণ: তরল তড়িতাঙ্কিত হলে এর পৃষ্ঠটান হ্রাস পায়।

তরলের উপর অবস্থিত মাধ্যম: তরলের উপর অবস্থিত মাধ্যমের প্রকৃতির উপর তরলের পৃষ্ঠটান নির্ভর করে। পানির সাথে জলীয় বাষ্পের সংস্পর্শ থাকলে পানির পৃষ্ঠটান প্রায়  $70 \times 10^{-3} \text{Nm}^{-1}$  হয়, আর পানির সাথে বায়ুর সংস্পর্শ থাকলে, পানির পৃষ্ঠটান প্রায়  $72 \times 10^{-3} \text{Nm}^{-1}$  হয়।

তরলের মুক্ত তলের সাথে অন্য কোনো বস্তুর উপস্থিতি: তরলের মুক্ত তলের সাথে অন্য কোনো বস্তুর সংযুক্তি হলে পৃষ্ঠটান হ্রাস পায়।

সঙ্কট বেগ: প্রবাহীর যে সর্বাধিক বেগ বা অভিক্রম করলে অশান্ত প্রবাহে পরিণত হয়, তাকে সঙ্কট বেগ বলে।

প্রান্তিক বেগ: তরলের মধ্য দিয়ে পড়ন্ত বস্তুর ক্ষেত্রে অভিকর্ষ বল ও সান্দ্রতাজনিত বলের মান সমান হলে পড়ন্ত বস্তু স্থির বেগে পড়তে থাকে। এই বেগকে প্রান্তিক বেগ বলে।

পৃষ্ঠশক্তি: কোন একটি তরল তলের ক্ষেত্রফল এক একক বৃদ্ধি করতে যে পরিমাণ কাজ সাধিত হয়, তাকে ঐ তলের পৃষ্ঠশক্তি বলে। একে E দ্বারা প্রকাশ করা হয়।

$$E = \frac{W}{\Delta A}$$

কোন তরলের পৃষ্ঠশক্তি সংযোগ্যভাবে পৃষ্ঠটানের সমান। এর একক জুল/(মিটার)²-এর মাত্রা সমীকরণ  $[MT^{-2}]$

সংসক্তি বল: একই পদার্থের বিভিন্ন অণুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে সংসক্তি বল বলে।

আসঞ্জন বল: বিভিন্ন পদার্থের অণুগুলোর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলই আসঞ্জন বল।

আন্তঃআণবিক পাশ্চাত্য: দুটি অণুর মধ্যে ক্রিয়াকর সংসক্তি বল সর্বাধিক যে দূরত্ব পর্যন্ত অনুভূত হয়, তাকে আন্তঃআণবিক পাশ্চাত্য বলে।

স্পর্শকোণ: কঠিন ও তরলের স্পর্শবিন্দু হতে বক্র তরল তলে অঙ্কিত স্পর্শক কঠিন বস্তুর সাথে তরলের মধ্যে যে কোণ উৎপন্ন করে, তাকে উক্ত কঠিন ও তরলের মধ্যকার স্পর্শকোণ বলে।

সূক্ষ্ম স্পর্শ কোণ: স্পর্শ কোণ  $90^\circ$  অপেক্ষা কম হলে সূক্ষ্ম স্পর্শ কোণ হবে। যে সব তরলের ঘনত্ব কঠিনের ঘনত্ব অপেক্ষা কম সে সব তরল সাধারণত কঠিনকে ভিজায়। এসব ক্ষেত্রে স্পর্শ কোণ সূক্ষ্ম কোণ হবে।

স্থূল স্পর্শ কোণ: স্পর্শ কোণ  $90^\circ$  অপেক্ষা বড় হলে স্থূল স্পর্শ কোণ হয়। যে সব তরলের ঘনত্ব কঠিনের ঘনত্ব অপেক্ষা বেশি, সে সব তরল সাধারণত কঠিনকে ভিজায় না। এক্ষেত্রে স্পর্শ কোণ স্থূল কোণ হবে।

কৈশিকতা: কৈশিক নলকে তরলের মধ্যে খাড়াভাবে নিমজ্জিত করলে নলের ভিতরে তরলের আরোহন বা অবনমনকে কৈশিকতা বলে।

সান্দ্রতা: যে ধর্মের নকন প্রবাহী তার অভ্যন্তরস্থ বিভিন্ন স্তরের আপেক্ষিক বেগ রোধ করার চেষ্টা করে, তাকে ঐ প্রবাহীর সান্দ্রতা বলে।

নিউটনের অভিমত অনুসারে:

i. সান্দ্রতা বল ক্ষেত্রফলের সমানুপাতিক ( $F \propto A$ )  
 ii. সান্দ্রতা বল বেগ অবক্রমের সমানুপাতিক ( $F \propto \frac{dv}{dy}$ )  $\therefore F = \eta A \frac{dv}{dy}$

সান্দ্রতা গুণাঙ্ক: একক বেগ অবক্রমে কোন একটি প্রবাহীর একক ক্ষেত্রফলের উপর যে পরিমাণ সান্দ্রতা বল ক্রিয়া করে, তাকে ঐ প্রবাহীর সান্দ্রতা গুণাঙ্ক বলে।

সান্দ্রতা গুণাঙ্কের মাত্রাসমীকরণ  $[ML^{-1}T^{-1}]$

স্টোকস এর সূত্রানুসারে,  
 $F \propto$  সান্দ্রতা গুণাঙ্ক  $\eta$   
 $r \propto$  বস্তুর ব্যাসার্ধ  $r$   
 $F \propto$  প্রান্তিক বেগ,  $v$   
 $\therefore F \propto \eta r v$  বা,  $F = k \eta r v$ ,  $k = 6\pi \therefore F = 6\pi \eta r v$

সান্দ্রতার উপর প্রভাব বিস্তারকারী বিষয়:

ক) সান্দ্রতার উপর তাপমাত্রার প্রভাব:  
 i. তরল পদার্থের ক্ষেত্রে: তরলের তাপমাত্রা বাড়লে সান্দ্রতা হ্রাস পায়।  
 ii. গ্যাসীয় পদার্থের ক্ষেত্রে: গ্যাসের তাপমাত্রা বৃদ্ধি পেলে এর সান্দ্রতা বৃদ্ধি পায়। গ্যাসের সান্দ্রতা গুণাঙ্ক এর পরম তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক

$$\eta \propto \sqrt{T}$$

খ) সান্দ্রতার উপর চাপের প্রভাবে:

i. তরল পদার্থের ক্ষেত্রে: তরলের সান্দ্রতার উপর চাপের প্রভাব আছে। তরলের চাপ বৃদ্ধি পেলে এর সান্দ্রতা বৃদ্ধি পায়। কারণ চাপ বৃদ্ধি পেলে আন্তঃআণবিক দূরত্ব কমে যায়। ফলে আন্তঃআণবিক বল বৃদ্ধি পায়। ফলে কতকগুলি দুটি তরল স্তরের আপেক্ষিক বেগ কমে বিধায় সান্দ্রতা বেড়ে যায়।

ii. গ্যাসীয় পদার্থের ক্ষেত্রে: চাপ বৃদ্ধি বা হ্রাসে গ্যাসের সান্দ্রতার কোন পরিবর্তন ঘটে না অর্থাৎ গ্যাসের সান্দ্রতার উপর চাপের কোন প্রভাব নেই।

**এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ সূত্রাবলি:**

- ১) দৈর্ঘ্য বিকৃতি =  $\frac{l}{L}$
- ২) আয়তন বিকৃতি =  $\frac{v}{V}$
- ৩) কৃন্তন বিকৃতি = কৃন্তন কোণ =  $\theta$  | রেডিয়ান =  $\frac{d}{D}$
- ৪) i) পীড়ন =  $\frac{F}{A}$       ii) অসহ পীড়ন =  $\frac{\text{অসহ বল}}{\text{ক্ষেত্রফল}}$




● ছকের সূত্র =  $\frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}} = \text{ক্রমক}$

● ইয়ং এর গুণক,  $Y = \frac{FL}{A \Delta L} = \frac{FL}{\pi r^2 \Delta L}$

● আয়তন গুণক  $B = \frac{FV}{A\Delta v} = \frac{PV}{v} \left( \because \frac{F}{A} = P \right)$

● দৃঢ়তার গুণক  $\eta = \frac{F}{A\Delta\theta} = \frac{Fh}{A\Delta\theta}$

● পয়সনের অনুপাত,  $\sigma = \frac{dL}{L}$



● i) অগুর্নৈর্য বিকৃতির ক্ষেত্রে মোট স্থিতিশক্তি,  $W = \frac{1}{2} \frac{YA\epsilon^2}{L}$

● ii) ব্যবর্জন বিকৃতির ক্ষেত্রে মোট স্থিতিশক্তি,  $W = \frac{1}{2} \frac{\eta A \Delta\theta^2}{h}$

● iii) আয়তন বিকৃতির ক্ষেত্রে মোট স্থিতিশক্তি,  $W = \frac{1}{2} \frac{Bv^2}{V}$

● উপরের আলোচ্য তিনটি ক্ষেত্রেই একক আয়তনে সঞ্চিত স্থিতিশক্তি =  $\frac{1}{2} \times$  পীড়ন  $\times$  বিকৃতি।

● তাপমাত্রা পরিবর্তনের ফলে প্রযুক্ত বল F হলে,  $F = YA\alpha\Delta\theta$

● সংনমতা  $\frac{1}{B} = \frac{v}{PV} = K$

● রুদ্ধতাপীয় পরিবর্তনের ক্ষেত্রে  $B = \gamma P_0$   
এখানে  $P_0$  প্রাথমিক চাপ।

● ইয়ং গুণকে, আয়তন গুণকে, কৃন্তন গুণকে এবং পয়সনের অনুপাতের মধ্যে সম্পর্ক,  $Y = 3B(1 - 2\sigma) = 2\eta(1 + \sigma)$  এবং  $\frac{9}{Y} = \frac{1}{k} + \frac{3}{\eta}$

●  $T = \frac{F}{L}$

L = তারের পৃষ্ঠের সাথে সৃষ্ট মোট দৈর্ঘ্য, যেমন- আয়তকার বস্তুর ক্ষেত্রে,  $L = 2$  (দৈর্ঘ্য + প্রস্থ)

●  $W = T\Delta A = E\Delta A$   
 $\therefore T = E, E =$  পৃষ্ঠতক্তি।

● i) R ব্যাসার্ধের বড় পানির ফোঁটিকে ভেঙ্গে N সংখ্যক r ব্যাসার্ধবিশিষ্ট ফোঁটার জাগলে,  $\Delta A = N4\pi r^2 - 4\pi R^2$

$\therefore$  কৃতকাজ,  $W = T\Delta A = 4\pi(Nr^2 - R^2)T$

ii) যদি ফোঁটা বৃদ্ধি হয়, অর্থাৎ দুটি পৃষ্ঠ থাকে তবে,  
 $W = 2 \times 4\pi(Nr^2 - R^2)T = 8\pi(Nr^2 - R^2)T$   
সাবানের ফেনার বুদবুদের দুটি পৃষ্ঠ থাকে।

●  $T_1 = T_0(1 - \alpha\theta)$ , এখানে  $\alpha$  হল পৃষ্ঠটানের তাপমাত্রা গুণক।

● কৌশিক নলে তরলের উত্থান বা অবনমনের ক্ষেত্রে,  $T = \frac{r\sigma g \left( h + \frac{r}{3} \right)}{2 \cos \theta}$

r এবং h অনেক ক্ষুদ্র হলে,  $T = \frac{h\rho g r}{2}$

● U আকৃতির নলে তরলের উত্থান বা অবনমনের ক্ষেত্রে উচ্চতার পার্থক্য,

$\Delta h = h_1 - h_2 = \frac{2T}{\rho g} \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$

●  $F = \eta A \frac{dv}{dy}$

●  $f = 6\pi\eta r v$        $\Rightarrow v = \frac{2r^2(\rho_s - \rho_f)g}{9\eta}$

● তরলের ফোঁটার ক্ষেত্রে (১টি পৃষ্ঠ থাকলে), অভিরিক্ত চাপ,  $P = \frac{2T}{r}$

দুটি পৃষ্ঠ থাকলে,  $P = \frac{4T}{r}$  (বুদবুদ)

● পয়সুপির এর সূত্র,  $V = \frac{\pi p r^4}{8\eta l}$

এখানে, V = একক সময়ে নির্গত তরলের আয়তন

p = তরলের উচ্চতার জন্য নলে তরলের চাপ = hρg

l = তরলের উচ্চতা।

পদার্থের পাতনিক ধর্ম



স্থিতিস্থাপকতা সম্পর্কিত গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত Type-এ শ্রেণীভুক্ত করা যায়।

**Type-01**

**Ex-01** 2m দীর্ঘ এবং 0.02 mm<sup>2</sup> প্রস্থচ্ছেদের একটি তারের এক প্রান্তে 10 kg ওজন দিলে তারটির দৈর্ঘ্য 0.005% বৃদ্ধি পায়। তারটির বিকৃতি কত?

**Sol<sup>n</sup>:** তারটির দৈর্ঘ্য বৃদ্ধি,  $l = 0.005\% L = \frac{0.005}{100} \times L = 5 \times 10^{-5} L$

$\therefore$  দৈর্ঘ্য বিকৃতি,  $\frac{l}{L} = \frac{5 \times 10^{-5} L}{L} = 5 \times 10^{-5}$  Ans.

এখানে তারের দৈর্ঘ্য, প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল, ওজন এগুলো অপ্রয়োজনীয় তথ্য (confusing elements)

**Ex-02** একটি তারের দৈর্ঘ্য 3m, প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 2mm<sup>2</sup> এবং অসহ পীড়ন 2.45 × 10<sup>8</sup> Nm<sup>-2</sup>, তারটির অসহ ওজন ও অসহ ভর নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** অসহ পীড়ন =  $\frac{\text{অসহ ওজন}}{\text{প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল}} = \frac{\text{প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল}}{2\text{mm}^2} = 2 \times 10^{-6} \text{m}^2$

$\therefore$  অসহ ওজন = অসহ পীড়ন  $\times$  প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল  
 $= 2.45 \times 10^8 \times 2 \times 10^{-6} = 4.9 \times 10^2 \text{ N}$

অসহ ভর =  $\frac{\text{অসহ ওজন}}{\text{অভিকর্ষীয় ত্বরণ}} = \frac{4.9 \times 10^2}{9.8} = 50 \text{ kg}$

Ans.  $4.9 \times 10^2 \text{ N}$  ও 50 kg

**Ex-03** একটি তারের এক প্রান্তে 10 kg ভরের একটি বস্তুকে বেঁধে বৃত্তাকার পথে ঘোরানো হচ্ছে। তারটি 0.3m দীর্ঘ এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 10<sup>-6</sup> m<sup>2</sup>। তারটি যে পদার্থে তৈরি তার অসহ পীড়ন 4.8 × 10<sup>7</sup> Nm<sup>-2</sup>। বস্তুটি সর্বাধিক কত কৌশিক বেগে ঘুরানো যেতে পারে নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** জানি, অসহ পীড়ন =  $\frac{F}{A} \Rightarrow F = \text{অসহ পীড়ন} \times A$

$\Rightarrow m\omega^2 r = \text{অসহ পীড়ন} \times A$

$\Rightarrow \omega^2 = \frac{\text{অসহ পীড়ন} \times A}{mr} = \frac{4.8 \times 10^7 \times 10^{-6}}{10 \times 0.3}$

$\Rightarrow \omega = \sqrt{16} = 4 \text{ rad s}^{-1}$  Ans.

**For Practice**

01. 10 m কোন তারের দৈর্ঘ্য বৃদ্ধি কতটা হবে যদি বিকৃতি 0.001% হয়? তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 2 mm<sup>2</sup> হয় এবং তারটিকে 1 kg ওজনের বস্তু দ্বারা টানা হয় তাহলে পীড়ন কত হবে?

Ans. 0.0001 m ও  $4.9 \times 10^2 \text{ N}$



একটি তারকে 0.01 বর্গ সেন্টিমিটার ক্ষেত্রফলের উপর  $2 \times 10^{11} \text{ N}$  বল প্রয়োগ করা হল। তারের উপর প্রযুক্ত পীড়ন নির্ণয় কর।

Ans.  $2 \times 10^{10} \text{ Nm}^{-2}$

একটি অ্যালুমিনিয়াম ঘনকের প্রতি বাহুর (side) দৈর্ঘ্য 10cm এর উপর 100N ব্যবর্তন বল প্রযুক্ত হল। ঘনকের উপরের পৃষ্ঠ নিচের পৃষ্ঠের সাপেক্ষে 0.01cm সরে গেল। ব্যবর্তন পীড়ন, ব্যবর্তন বিকায়, ব্যবর্তন গুণাঙ্ক বের কর।

**Hints** ব্যবর্তন বিকায়/ বিকৃতি  $(\theta) = \frac{\text{সরণ}}{\text{ঘনকের বাহু}}$

Ans.  $10^4 \text{ Nm}^{-2}$ ,  $1 \times 10^{-3}$ ,  $10^7 \text{ Nm}^{-2}$

**Type-02**

**Ex-01** একটি তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ , তারটির দৈর্ঘ্য 15% বৃদ্ধি করতে প্রযুক্ত পীড়ন নির্ণয় কর।

Sol<sup>n</sup>: আমরা জানি,

$Y = \frac{FL}{A\ell}$

বা,  $\frac{F}{A} = \frac{Y\ell}{L} = \frac{2 \times 10^{11} \times 15L}{100 \times L}$   
 $= 3 \times 10^{10} \text{ Nm}^{-2}$

আদি দৈর্ঘ্য = L  
 $\therefore$  দৈর্ঘ্য বৃদ্ধি  $(\ell) = \frac{15L}{100}$

পীড়ন =  $\frac{F}{A} = ?$

Ans.  $3 \times 10^{10} \text{ Nm}^{-2}$

**Ex-02** তিন উপাদানের তৈরি দুটি তারের প্রত্যেকটির দৈর্ঘ্য 5m। এদের ব্যাসার্ধ যথাক্রমে 1 mm ও 2.5 mm। দৈর্ঘ্য বরাবর উভয়ের উপর 10 kg ভার চাপানো হল। এতে যদি প্রথমটি বিকল প্রসারিত হয় তবে উভয়ের ইয়ং গুণাঙ্ক এর তুলনা কর।

1ম তারের ক্ষেত্রে,

$Y_1 = \frac{FL_1}{A_1 \ell_1} = \frac{Mg L_1}{\pi r_1^2 \ell_1}$  --- (i)

২য় তারের ক্ষেত্রে,

$Y_2 = \frac{Mg L_2}{\pi r_2^2 \ell_2}$  --- (ii)

(i) + (ii) করে পাই,  $\frac{Y_1}{Y_2} = \frac{L_1 r_2^2 \ell_2}{L_2 r_1^2 \ell_1}$

$= \frac{5 \times (2.5 \times 10^{-3})^2 \times 1}{5 \times (10^{-3})^2 \times 2} = 3.125$

$\therefore Y_1 : Y_2 = 3.125 : 1$  Ans.

**Ex-03** 5m দীর্ঘ ও  $10^{-6} \text{ m}^2$  প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি অনুভূমিক ইস্পাতের তারের দুপ্রান্তকে পরস্পর বিপরীত দিকে 20 কিলোগ্রাম ভজনের সমান বলে টানলে তারের উভয় প্রান্তের দিকে দৈর্ঘ্য  $25 \times 10^{-4} \text{ m}$  বৃদ্ধি পায়। ইস্পাতের ইয়ং এর স্থিতিক্রমিক গুণাঙ্ক নির্ণয় কর।

[মনে রাখা উচিত, বিপরীত দিক হতে দুটি সমান বল ত্রিস্থানীয় হলেও বস্তুটি এদের মধ্যে একটি বলই অনুভব করবে]

আমরা জানি,  $Y = \frac{FL}{A\ell} = \frac{MgL}{A\ell} = \frac{20 \times 9.8 \times 5}{10^{-6} \times 25 \times 10^{-4}}$   
 $= 3.92 \times 10^{11} \text{ Nm}^{-2}$  Ans.

**Ex-04** কোন তারের দৈর্ঘ্য 3 m এবং ভর 20g। 50N বল এর টানে এর দৈর্ঘ্য 1 mm বাড়ে। তারের ঘনত্ব  $7.5 \times 10^3 \text{ kgm}^{-3}$  হলে এর উপাদানের ইয়ং গুণাঙ্ক নির্ণয় কর।

জানি,  $Y = \frac{FL}{A\ell}$

$Y = \frac{50 \times 3}{A \times 0.001}$  --- (i)

$\ell = 1 \text{ mm}$   
 $= 0.001 \text{ m}$   
 $M = 20 \text{ g}$   
 $= 0.02 \text{ kg}$


আবার,  $V = AL$  এবং  $V = \frac{m}{\rho}$

$\therefore AL = \frac{m}{\rho}$

$\Rightarrow A = \frac{m}{\rho L} = 8.89 \times 10^{-7} \text{ m}^2$

A এর মান (i) নং এ বসাই,  $Y = \frac{50 \times 3}{8.89 \times 10^{-7} \times 0.001}$   
 $= 1.69 \times 10^{11} \text{ Nm}^{-2}$  Ans.

**Ex-05** একটি তার PQ কে অনুভূমিকভাবে P ও Q বিন্দুতে দুইটি অবলম্বনের সাহায্যে আটকানো হয়েছে। তারটির দৈর্ঘ্য 1m এবং ব্যাস 2.8 mm। তারটির মধ্য বিন্দুতে (R) 8.0 kg ভর কুলালে তারটি 2 cm বেঁকে নিচে নেমে যায়। শাবিতিক বিশ্লেষণের সাহায্যে তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক নির্ণয় কর।



Sol<sup>n</sup>: তারটি বেঁকে যায়,  $x = 2.0 \text{ cm} = 2 \times 10^{-2} \text{ m}$

চিত্র হতে পাই,  $(PS)^2 = x^2 + PR^2$   
 $\Rightarrow PS = \sqrt{(2 \times 10^{-2})^2 + (0.5)^2} = 0.5004 \text{ m}$   
 $\therefore$  ভর কুলালে তারের সম্প্রসারণ,  $\ell = 2(0.5004 - 0.5)$   
 $= 8 \times 10^{-4} \text{ m}$

কুলন বিন্দুর উভয় পাশে বলের উল্লম্ব উপাংশ =  $2F \cos \theta$

$\therefore 2F \cos \theta = mg$

$\Rightarrow F = \frac{mg}{2 \cos \theta}$  [  $\cos \theta = \frac{x}{QS} = \frac{2 \times 10^{-2}}{0.5004}$  ]

$\Rightarrow F = \frac{mg}{2 \times \left( \frac{2 \times 10^{-2}}{0.5004} \right)} \Rightarrow F = 12.51 \text{ mg}$

$\therefore$  তারটির উপাদানের ইয়ং এর গুণাঙ্ক,

$Y = \frac{F}{\frac{\ell}{L}} = \frac{FL}{A\ell} = \frac{FL}{\frac{\pi d^2}{4} \ell} = \frac{4FL}{\pi d^2 \ell} = \frac{4 \times 12.51 \times mg \times 1}{\pi \times (2.8 \times 10^{-3})^2 \times (8 \times 10^{-4})}$   
 $= \frac{4 \times 12.51 \times 8 \times 9.8 \times 1}{\pi \times (2.8 \times 10^{-3})^2 \times (8 \times 10^{-4})} = 1.99 \times 10^{11} \text{ Nm}^{-2}$  (Ans.)

**Ex-06** একটি ধাতব রডের দৈর্ঘ্য প্রসারণ গুণাঙ্ক  $1.2 \times 10^{-5} \text{ } ^\circ\text{C}^{-1}$ । রডটির তাপমাত্রা  $10^\circ\text{C}$  বৃদ্ধি করা হল। এখন রডটির উপর কতটা পীড়ন প্রয়োগ করলে রডটির কোন দৈর্ঘ্য বৃদ্ধি হবে না। পদার্থটির ইয়ং গুণাঙ্ক  $2 \times 10^{12} \text{ dyne/cm}^2$

Sol<sup>n</sup>: জানি,  $Y = \frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}}$  [তাপমাত্রা বৃদ্ধির কারণে দৈর্ঘ্য বৃদ্ধি পায়। এক্ষেত্রে বল/পীড়ন প্রয়োগ করে দৈর্ঘ্য বৃদ্ধি রোধ করা হচ্ছে।]

$\Rightarrow Y = \frac{\text{পীড়ন}}{\frac{\alpha \theta L}{L}}$  [এখানে, L = রডের দৈর্ঘ্য]

$\Rightarrow Y = \frac{\text{পীড়ন}}{\alpha \theta} \Rightarrow \text{পীড়ন} = Y \alpha \theta$   
 $= 2 \times 10^{12} \times 1.2 \times 10^{-5} \times 10 = 2.4 \times 10^8 \text{ dyne/cm}^2$  Ans.

**For Practice**

- $2 \times 10^8 \text{ mm}^2$  প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলবিশিষ্ট একটি ইস্পাতের তারে কত বল প্রয়োগ করলে এর দৈর্ঘ্য বিকল হবে? [  $Y = 2 \times 10^{11} \text{ Pa}$  ] Ans.  $4 \times 10^3 \text{ N}$
- 4 m দীর্ঘ একটি তামার তারের এক প্রান্তে 20 kg ভর চাপানো হলে তারটির দৈর্ঘ্য 6mm বৃদ্ধি পায়। তারের ব্যাসার্ধ 0.58 mm হলে তারের ইয়ং গুণাঙ্ক নির্ণয় কর। Ans.  $1.24 \times 10^{11} \text{ Nm}^{-2}$



03. 2m দৈর্ঘ্যের ও  $6 \times 10^{-4} \text{ m}$  ব্যাসের একটি ইস্পাতের তারের এক প্রান্ত ছাড়ে বেঁধে অপর প্রান্তে 10 kg ভর তুললে তারটির দৈর্ঘ্য কতটুকু বৃদ্ধি পাবে? [Y =  $2.2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ]  
 Ans.  $3.15 \times 10^{-3} \text{ m}$

04. একটি তারের ইয়ং এর গুণাঙ্ক  $2.1 \times 10^{11} \text{ Nm}^{-2}$  এবং তারটির ব্যাস 2mm। তারটির দৈর্ঘ্য 0.25% বৃদ্ধি করতে কত বলের প্রয়োজন হবে?  
 Ans.  $1.65 \times 10^3 \text{ N}$

**Type-03**

**Ex-01** 200 cm দীর্ঘ,  $1 \text{ mm}^2$  প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলবিশিষ্ট একটি ইস্পাত তারের দৈর্ঘ্য  $10^{-3} \text{ m}$  বৃদ্ধি করতে কাজের পরিমাণ 0.5J হলে ইয়ং এর গুণাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** জানি,  $W = \frac{1}{2} \frac{Y A l^2}{L}$   
 দেয়া আছে,  
 $A = 1 \text{ mm}^2 = 10^{-6} \text{ m}^2$   
 $L = 200 \text{ cm} = 2 \text{ m}$   
 $l = 1 \text{ mm} = 10^{-3} \text{ m}$   
 $\Rightarrow Y = \frac{2WL}{A l^2} = \frac{2 \times 0.5 \times 2}{10^{-6} \times (10^{-3})^2} = 2 \times 10^{11} \text{ Nm}^{-2} \text{ Ans.}$

**Ex-02** কোন ধাতুর ইয়ং এর গুণাঙ্ক  $2.1 \times 10^{11} \text{ N/m}^2$  এর অসহ পীড়ন  $1.96 \times 10^6 \text{ N/m}^2$ । এই ধাতুটির দৈর্ঘ্য বিকৃতি ঘটলে এর প্রতি ঘনমিটারে সর্বোচ্চ কি পরিমাণ শক্তি সঞ্চিত হতে পারে?

**Sol<sup>n</sup>:** একক আয়তনে কৃতকাজ = একক আয়তনে সঞ্চিত শক্তি  
 $= \frac{1}{2} \times \text{পীড়ন} \times \text{বিকৃতি}$   
 এখানে,  $Y = \frac{\text{দৈর্ঘ্য পীড়ন}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}}$   
 $\text{দৈর্ঘ্য বিকৃতি} = \frac{\text{দৈর্ঘ্য পীড়ন}}{Y}$   
 $\therefore$  প্রতি ঘন মিটারে সঞ্চিত শক্তি =  $\frac{1}{2} \times \text{দৈর্ঘ্য পীড়ন} \times \frac{\text{দৈর্ঘ্য পীড়ন}}{Y}$   
 $= \frac{1}{2} \times 1.96 \times 10^6 \times \frac{1.96 \times 10^6}{2.1 \times 10^{11}} = 9.14 \text{ J Ans.}$

**Ex-03** 100 cm দৈর্ঘ্য ও  $1.5 \times 10^{-2} \text{ cm}^2$  প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারের ইয়ং এর গুণাঙ্ক  $1.24 \times 10^{11} \text{ Nm}^{-2}$ । তারটিকে টেনে 0.2 cm বৃদ্ধি করতে কতটুকু কাজ সম্পন্ন হবে?

**Sol<sup>n</sup>:**  
 $W = \frac{1}{2} \times \frac{Y A l^2}{L}$   
 $= \frac{1.24 \times 10^{11} \times 1.5 \times 10^{-6} \times (0.2 \times 10^{-2})^2}{2 \times 100 \times 10^{-2}}$   
 $= 0.372 \text{ J (Ans.)}$   
 $L = 100 \text{ cm} = 100 \times 10^{-2} \text{ m}$   
 $A = \pi r^2 = 1.5 \times 10^{-2} \text{ cm}^2 = 1.5 \times 10^{-6} \text{ m}^2$   
 $Y = 1.24 \times 10^{11} \text{ Nm}^{-2}$   
 $l = 0.2 \times 10^{-2} \text{ m}$   
 $w = ?$

**For Practice**

- $10^{-6} \text{ m}^2$  প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল এবং 2m দৈর্ঘ্য বিশিষ্ট একটি সুস্থম তারকে  $2 \times 10^5 \text{ N}$  বল দ্বারা  $10^{-3} \text{ m}$  প্রসারিত করলে কাজের পরিমাণ নির্ণয় কর। [Y =  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ]  
 Ans. 0.05J
- 3m দীর্ঘ এবং 0.5mm ব্যাসার্ধ বিশিষ্ট একটি তুলস্ত তারের নিচের প্রান্তে 4 kg ওজন চাপানো হল। তারটির দৈর্ঘ্য প্রসারণ কত? প্রসারিত তারটিতে সঞ্চিত বিজ্ব শক্তির মান বের কর। [Y =  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ]  
 Ans. 0.748mm ;  $1.47 \times 10^{-2} \text{ J}$
- 1m দীর্ঘ ও 1mm ব্যাসের একটি ইস্পাতের তারকে টেনে 0.3mm বৃদ্ধি করা হল এর জন্য কি পরিমাণ কাজ করতে হয়েছে? [Y =  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ]  
 Ans.  $7 \times 10^{-3} \text{ J}$

04. একটি তারের উপাদানের ইয়ং গুণাঙ্ক  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$  এবং তারটির ব্যাস 2mm তারটির দৈর্ঘ্য 0.25% বৃদ্ধি করতে হলে কত বলের প্রয়োজন?  
 Ans.  $1.57 \times 10^3 \text{ N}$

05. একটি ধাতব দণ্ডের পরিমাপ হল  $1 \times 10^{-2} \text{ m}$ ,  $1 \times 10^{-2} \text{ m}$  ও  $20 \times 10^{-2} \text{ m}$ । দণ্ডটিকে এক প্রান্তে বেঁধে অপর প্রান্তে 1000kg ভরের একটি বস্তু বুলি দিলে দণ্ডটির দৈর্ঘ্য  $10^{-3} \text{ m}$  বৃদ্ধি পায়। দণ্ডটির পীড়ন, বিকৃতি ও ইয়ং এর গুণাঙ্ক নির্ণয় কর। Ans.  $9.8 \times 10^7 \text{ Nm}^{-2}$ ;  $5 \times 10^{-2}$ ;  $1.96 \times 10^{11} \text{ Nm}^{-2}$

**Type-04**

**Ex-01** 1m দীর্ঘ কোন তারের ব্যাস 5mm। তারের দৈর্ঘ্য বরাবর একটি বস্তু প্রয়োগ করায় ব্যাস 0.01 mm হ্রাস পায় এবং দৈর্ঘ্য 2cm বৃদ্ধি পায়। তারের পয়সনের অনুপাত নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** জানি,  $\sigma = \frac{dL}{L}$   
 $= \frac{0.01 \times 10^{-3} \times 1}{5 \times 10^{-3} \times 2 \times 10^{-2}} = 0.1 \text{ Ans.}$   
 $D = 5 \text{ mm} = 5 \times 10^{-3} \text{ m}$   
 $d = 0.01 \text{ mm} = 0.01 \times 10^{-3} \text{ m}$   
 $l = 2 \text{ cm} = 2 \times 10^{-2} \text{ m}$

**Ex-02**  $10^{-6} \text{ m}^2$  প্রস্থচ্ছেদবিশিষ্ট একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য শতকরা 6% বৃদ্ধি করতে কত বল প্রয়োগ করতে হবে? এই দৈর্ঘ্য বৃদ্ধিতে কাজের পরিমাণ  $9.5 \times 10^{-7} \text{ m}^2$  হলে পয়সনের অনুপাত কত? [Y =  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ]

**Sol<sup>n</sup>:** জানি,  $Y = \frac{FL}{A l}$ ;  $F = \frac{Y A l}{L}$  |  $l = 6\% L = \frac{6}{100} \times L$   
 $= \left( 2 \times 10^{11} \times 10^{-6} \right) \left( \frac{6 \times 10^{-2} \times L}{L} \right) = 12000 \text{ N}$   
 এখন, প্রাথমিক অবস্থায়,  $A = \pi r^2$  | পরিবর্তিত অবস্থায়,  $A' = \pi r'^2$   
 $r = \sqrt{\frac{A}{\pi}} = \sqrt{\frac{10^{-6}}{3.1416}} = 5.64 \times 10^{-4} \text{ m}$  |  $r' = \sqrt{\frac{A'}{\pi}} = \sqrt{\frac{9.5 \times 10^{-7}}{3.1416}} = 5.499 \times 10^{-4} \text{ m}$   
 আমরা জানি,  $\sigma = \frac{\Delta r}{r} = \frac{(r_1 - r_2) \times L}{r \times 6 \times 10^{-2} \times L}$   
 $= \frac{\{(5.64 \times 10^{-4}) - (5.5 \times 10^{-4})\}}{(5.64 \times 10^{-4}) \times 6 \times 10^{-2}} = 0.41 \text{ Ans. } 12000 \text{ N ও } 0.41$

**For Practice**

- প্রমাণ চাপে একটি পাত্রে 12000 cc কেরোসিন আছে, যখন পাত্রের দৈর্ঘ্য দিকেরে টেনে দেয়া হয় তখন কেরোসিনের উপর প্রযুক্ত চাপ বৃদ্ধি পেয়ে  $4.9 \times 10^5 \text{ Nm}^{-2}$  হয় এর আয়তন হয় 11997cc. কেরোসিনের আয়তন গুণাঙ্ক নির্ণয় কর।  
 Ans.  $1.56 \times 10^9 \text{ Nm}^{-2}$
  - কত চাপে 500 ঘন সেন্টিমিটার পারদের 1 ঘন সেন্টিমিটার সংকোচন হবে? (B =  $2.6 \times 10^{11} \text{ Nm}^{-2}$ )  
 Ans.  $5.2 \times 10^7 \text{ Nm}^{-2}$
  - কিছু পরিমাণ পানিকে তার মোট আয়তনের 0.5% সংকোচিত করতে কত পরিমাণ চাপ প্রয়োগ করতে হবে? দেয়া আছে, পানির আয়তন গুণাঙ্ক  $2.2 \times 10^9 \text{ Nm}^{-2}$ ।  
 Ans.  $1.1 \times 10^7 \text{ Nm}^{-2}$
- Hints** B =  $\frac{PV}{v}$
- 1m দীর্ঘ কোন তারের ব্যাস 5mm তারের দৈর্ঘ্য বরাবর একটি বস্তু প্রয়োগ করায় ব্যাস 0.01mm হ্রাস পায় এবং দৈর্ঘ্য 2cm বৃদ্ধি পায়। তারের পয়সনের অনুপাত বের কর।  
 Ans. 0.1



**Type-05**

**Ex-01** পানলের আয়তন গুণাঙ্ক  $2.5 \times 10^{10} \text{ Nm}^{-2}$ । এক লিটার পানলের আয়তন  $2 \times 10^{-6} \text{ m}^3$  হ্রাস করতে (i) কী পরিমাণ কাজ করতে হবে? (ii) পানলে কি পরিমাণ স্থিতিশক্তি সঞ্চিত হবে?

**Sol<sup>n</sup>:** (i) জানি,  $W = \frac{1}{2} V \Delta \rho$   $\left\{ \begin{array}{l} V = 1\text{L} = 10^{-3} \text{ m}^3 \\ \Delta \rho = 2 \times 10^{-6} \text{ m}^3 \end{array} \right.$

$$= \frac{1}{2} \times \frac{(2.5 \times 10^{10}) (2 \times 10^{-6})^2}{10^{-3}} = 50 \text{ J}$$

(ii) সঞ্চিত স্থিতিশক্তি = সম্পাদিত কাজ = 50J    **Ans.** 50J, 50J

**For Practice**

- 1 লিটার কোরোসিনের আয়তন 2.8% হ্রাস করতে হলে কৃতকাজ কত হবে? **Ans.** 487500 J
- কোন ধাতুর ইয়ং এর গুণাঙ্ক  $10^{11} \text{ Nm}^{-2}$  এবং এর অসহ পীড়ন  $1.96 \times 10^8 \text{ Nm}^{-2}$ । এ ধাতুর সৈধ্য বিকৃতি ঘটলে এর প্রতি ঘনমিটারে সর্বোচ্চ কি পরিমাণ শক্তি সঞ্চিত হতে পারে? **Ans.** 19.21 J
- 2m সৈধ্য ও  $1 \text{ mm}^2$  প্রস্থচ্ছেদের কেব্রফল বিশিষ্ট তারকে টেনে  $1 \text{ mm}$  প্রসারিত করা হল। যদি তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$  হয় তবে তাইটি প্রসারিত করতে কাজের পরিমাণ কি হবে? **Ans.** 0.05J

**Hints**  $W = \frac{1}{2} \frac{YA \Delta l^2}{L}$

**Type-06**

**Ex-01** একটি ধাতব ঘনকের প্রতিটি তলের ক্ষেত্রফল  $0.5 \text{ m}^2$  এর নিচ তল দৃঢ়ভাবে আটকানো। উপরিতলে  $5 \times 10^6 \text{ N}$  স্পর্শক বল প্রয়োগ করলে কৃতন বিকৃতি  $10^\circ$  হয়। ধাতুর কাঠিন্যের গুণাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** কৃতন পীড়ন =  $\frac{5 \times 10^6}{0.5} \text{ Nm}^{-2} = 10^7 \text{ Nm}^{-2}$

কৃতন বিকৃতি =  $10^\circ \times \frac{\pi}{180} = 0.1745 \text{ rad}$


∴ কাঠিন্যের গুণাঙ্ক,

$\eta = \frac{\text{কৃতন পীড়ন}}{\text{কৃতন বিকৃতি}} = \frac{10^7}{0.1745} \text{ Nm}^{-2} = 5.75 \times 10^7 \text{ Nm}^{-2}$  (**Ans.**)

**Ex-02** 1 cm পুরু একটি বর্গাকার তামার পাতকে  $1000 \text{ kg}$  কৃতন বল দ্বারা রখস আকারে পরিণত করা হল। পাতটির প্রতি বাহু  $10 \text{ cm}$ ;  $4 \text{ cm}$  ব্যাবধানের দুটি সমান্তরাল স্তরের মধ্যে কৃতনের দিকে আপেক্ষিক সরণ  $98 \times 10^{-5} \text{ cm}$  হলে তামার কৃতন গুণাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** জানি,  $\eta = \frac{F}{AB} = \frac{F}{A \tan \theta}$  (i)

এখন,  $\tan \theta = \frac{98 \times 10^{-5}}{4}$



[∴ 4cm ব্যাবধানে সরণ  $98 \times 10^{-5} \text{ cm}$  তাই এই দুই স্তরেরমধ্যেই  $\tan \theta$  নিতে হবে।]

আবার,  $A = 10 \text{ cm} \times 1 \text{ cm} = 10 \text{ cm}^2 = 10^{-4} \text{ m}^2$

[সবকসময় A- নির্ণয় করতে হবে সেই তলের যে তলটি ভূমি স্পর্শ করে থাকে]

(i) নং হতে পাই,  $\eta = \frac{F}{A \tan \theta} = \frac{1000 \times 9.8 \times 4}{10^{-4} \times 98 \times 10^{-5}} = 4 \times 10^{10} \text{ Nm}^{-2}$  (**Ans.**)

**Ex-03** 4cm বাহুবিশিষ্ট একটি অ্যালুমিনিয়ামের ঘনকের উপরের পৃষ্ঠে একটি স্পর্শী বল প্রয়োগ করা হলো। নিচের তলের সাপেক্ষে উপরের তলের সরণ  $0.012 \text{ cm}$  হলে -

(i) আকার বিকৃতি নির্ণয় কর। (ii) আকার পীড়ন ও স্পর্শী বল নির্ণয় কর।

এখানে,  $\eta = 2.08 \times 10^{10} \text{ Nm}^{-2}$

**Sol<sup>n</sup>:** (i) আকার বিকৃতি,  $\theta = \frac{x}{L} = \frac{0.012 \times 10^{-2}}{4 \times 10^{-2}} = 0.003$

(ii)  $\eta = \frac{F}{A} \therefore \frac{F}{A} = \eta \theta = 2.08 \times 10^{10} \times 0.003 = 6.24 \times 10^7 \text{ Nm}^{-2}$

∴ প্রযুক্ত বল, F = আকার পীড়ন  $\times$  ক্ষেত্রফল  
 $= 6.24 \times 10^7 \times (4 \times 10^{-2})^2 = 9.984 \times 10^4 \text{ N}$  (**Ans.**)

**For Practice**

01. একটি ধাতব ঘনকের প্রতিটি তলের ক্ষেত্রফল  $0.5 \text{ m}^2$ । এর নিচের তল দৃঢ়ভাবে আটকানো। উপরিতলে  $5 \times 10^6 \text{ N}$  স্পর্শক বল প্রয়োগ করলে কৃতন  $10^\circ$  হয়। ধাতুর কাঠিন্যের গুণাঙ্ক নির্ণয় কর। **Ans.**  $5.73 \times 10^7 \text{ Nm}^{-2}$
02. 0.1m বাহু বিশিষ্ট অ্যালুমিনিয়ামের ঘনকের কোন তলে  $89.67 \times 10^5 \text{ N}$  আকার পীড়ন সৃষ্টিকারী স্পর্শক বল প্রয়োগ করলে বিপরীত স্থির তলের সাপেক্ষে তাইটির  $3.05 \times 10^{-3} \text{ m}$  সরণ ঘটে। আকার পীড়ন, আকার বিকৃতি ও দৃঢ়তার স্থিতিস্থাপক গুণাঙ্ক নির্ণয় কর। **Ans.**  $89.67 \times 10^7 \text{ Nm}^{-2}$ ;  $3.05 \times 10^{-2}$ ;  $2.94 \times 10^{10} \text{ Nm}^{-2}$

**Type-07**

**Ex-01**  $9.8 \times 10^5 \text{ Nm}^{-2}$  চাপে 1 লিটার গ্লিসারিনের আয়তন কি পরিমাণ হ্রাস পাবে। গ্লিসারিনের আয়তন বিকৃতির স্থিতিস্থাপক গুণাঙ্ক =  $3.92 \times 10^9 \text{ Pa}$

**Sol<sup>n</sup>:**  $B = \frac{PV}{v} \Rightarrow v = \frac{PV}{B} = \frac{9.8 \times 10^5 \times 1000}{3.92 \times 10^9} = 0.25 \text{ cc}$  (**Ans.**)

**Ex-02**  $2 \times 10^8 \text{ Nm}^{-2}$  চাপে সীসার ঘনত্ব কত হবে? (সীসার প্রকৃত ঘনত্ব  $11.4 \text{ gm-cm}^{-3}$  ও আয়তন গুণাঙ্ক  $8 \times 10^9 \text{ Nm}^{-2}$ )

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $B = \frac{PV_1}{v}$   $\left\{ \begin{array}{l} P = 2 \times 10^8 \text{ Nm}^{-2} \\ B = 8 \times 10^9 \text{ Nm}^{-2} \\ \rho_1 = 11.4 \text{ gm-cm}^{-3} \\ \rho_2 = ? \end{array} \right.$

$\Rightarrow \frac{V_1}{v} = \frac{B}{P} = \frac{8 \times 10^9}{2 \times 10^8} = 40 \therefore \frac{v}{V_1} = 0.025$

এখন,  $V_1 = 1 \text{ cm}^3$  হলে পরিবর্তিত আয়তন,

$V_2 = (1 - 0.025) \text{ cm}^3 = 0.975 \text{ cm}^3 \therefore \rho_1 V_1 = \rho_2 V_2$

$\Rightarrow \rho_2 = \frac{\rho_1 V_1}{V_2} = \frac{11.4 \times 1}{0.975} = 11.69 \text{ gm-cm}^{-3}$  (**Ans.**)

**For Practice**

01. 500 cc আয়তনের কোন গ্যাসকে 4 বাহুমন্ডলীয় চাপে রাখা আছে। 6 বাহুমন্ডলীয় চাপে এর আয়তন 70% কমে যায়। গ্যাসটির আয়তন গুণাঙ্ক কত? বাহুমন্ডলীয় চাপ  $1.013 \times 10^5 \text{ Nm}^{-2}$  **Ans.**  $2.894 \times 10^7 \text{ Nm}^{-2}$

**Type-08**

**Ex-01** কোন তারের ইয়ং গুণাঙ্ক  $19.6 \times 10^{11} \text{ dyne/cm}^2$  এবং পয়সন এর অনুপাত 0.35 হলে, আয়তন বিকার গুণাঙ্ক এবং কৃতন বিকৃতি গুণাঙ্ক নির্ণয় কর।

$Y = 3B(1 - 2\sigma)$   $\left\{ \begin{array}{l} Y = 19.6 \times 10^{11} \text{ dyne/cm}^2 \\ \sigma = 0.35 \\ B = ? \\ \eta = ? \end{array} \right.$

$\Rightarrow B = \frac{Y}{3(1 - 2\sigma)} = \frac{19.6 \times 10^{11}}{3 \times (1 - 2 \times 0.35)} = 2.178 \times 10^{12} \text{ dyne/cm}^2$  (**Ans.**)

আবার,  $Y = 2\eta(1 + \sigma)$

$\Rightarrow \eta = \frac{Y}{2(1 + \sigma)} = \frac{19.6 \times 10^{11}}{2(1 + 0.35)} = 7.259 \times 10^{11} \text{ dyne/cm}^2$  (**Ans.**)

**Ex-02** কোন পদার্থের আয়তন গুণাঙ্ক  $10 \times 10^{12} \text{ Nm}^{-2}$  এবং কৃতন গুণাঙ্ক  $9 \times 10^{11} \text{ Nm}^{-2}$  হলে, পয়সনের অনুপাত কত?

**Sol<sup>n</sup>:**  $Y = 3B(1 - 2\sigma) = 2\eta(1 + \sigma)$   $\left\{ \begin{array}{l} B = 10 \times 10^{12} \text{ Nm}^{-2} \\ \eta = 9 \times 10^{11} \text{ Nm}^{-2} \\ \sigma = ? \end{array} \right.$

$\Rightarrow 3B - 6B\sigma = 2\eta + 2\eta\sigma$   
 $\Rightarrow \sigma(6B + 2\eta) = 3B - 2\eta$   
 $\Rightarrow \sigma = \frac{3B - 2\eta}{6B + 2\eta} = \frac{3 \times 10 \times 10^{12} - 2 \times 9 \times 10^{11}}{6 \times 10 \times 10^{12} + 2 \times 9 \times 10^{11}} = 0.456$  (**Ans.**)



## For Practice

1. একটি তারের আয়তন গুণাঙ্ক  $11 \times 10^{10} \text{ Nm}^{-2}$ , পয়সনের অনুপাত 0.4। তারের দৈর্ঘ্য 10m এবং ব্যাস 0.2 cm হলে, এর দৈর্ঘ্য 2.5 cm বায়ুতে কি পরিমাণ বলের প্রয়োজন? **Ans. 518.36 N**

$$\text{Hints : } Y = 3B(1 - 2\sigma) = \frac{FL}{\pi r^2 L}$$

2. কোন পদার্থের কৃন্তন গুণাঙ্ক  $10 \times 10^{11} \text{ Nm}^{-2}$  এবং পয়সনের অনুপাত 0.25 হলে, তার আয়তন বিকৃতি গুণাঙ্ক কত? **Ans.  $1.668 \times 10^{11} \text{ Nm}^{-2}$**

## Extra Type

- Ex-01** 1 m দৈর্ঘ্য ও 1 mm ব্যাসের একটি তারের দৈর্ঘ্য বৃদ্ধি 0.025 cm হলে তারটির ব্যাস কতটুকু হ্রাস পাবে?

**Sol<sup>n</sup>:** দৈর্ঘ্য বৃদ্ধিতে তারের আয়তন অপরিবর্তিত থাকে।

$$\therefore A_1 \ell_1 = A_2 \ell_2$$

$$\Rightarrow \pi \left( \frac{d_1}{2} \right)^2 \ell_1 = \pi \left( \frac{d_2}{2} \right)^2 \ell_2$$

$$\Rightarrow d_1^2 \ell_1 = d_2^2 \ell_2 \Rightarrow d_2^2 = \frac{d_1^2 \ell_1}{\ell_2}$$

$$= \frac{(10^{-3})^2 \times 1}{1.00025} = 9.99 \times 10^{-7} \text{ m}^2 \therefore d_2 = 9.99 \times 10^{-4} \text{ m} = 0.99 \text{ mm}$$

$$\therefore \Delta d = d_1 - d_2 = 1 \text{ mm} - 0.99 \text{ mm} = 0.01 \text{ mm} \text{ Ans.}$$

- Ex-02** পারদের আয়তনের স্থিতিস্থাপক গুণাঙ্ক  $2.6 \times 10^{10} \text{ Pa}$  হলে সংনমতা কত?

$$\text{Sol<sup>n</sup> : } B = 2.6 \times 10^{10} \text{ Pa}$$

$$\therefore \text{সংনমতা, } k = \frac{1}{B} = \frac{1}{2.6 \times 10^{10}} = 3.846 \times 10^{-11} \text{ m}^3 \text{N}^{-1} \text{ (Ans.)}$$

## For Practice

01. একটি নির্দিষ্ট বল দ্বারা একটি তারকে টানা হলে এটি দৈর্ঘ্যে 10 mm বৃদ্ধি পায়। একই উপাদানের তৈরি ২য় আরেকটি তার একই বল দ্বারা টানা হলে, তার দৈর্ঘ্য এবং ব্যাস ১ম তারের তুলনায় ২য় তারের দৈর্ঘ্য বৃদ্ধি কত হবে? **Ans. 5 mm**

$$\text{Hints } \frac{l_2}{l_1} = \left( \frac{d_1}{d_2} \right)^2 \times \frac{L_1}{L_2}$$

02. পারদের কৃন্তন বিকৃতি গুণাঙ্ক  $1.56 \times 10^{10} \text{ Pa}$  এবং পয়সনের অনুপাত 0.25 সংনমতা কর? **Ans.  $3.846 \times 10^{-11} \text{ Pa}^{-1}$**

$$\text{Hints : } 3B(1 - \sigma) = 2\eta(1 + \sigma); k = \frac{1}{B}$$

## BUET, KUET, CUET &amp; RUET

## [বিগত প্রশ্ন ও সমাধান]

## Written Part

## BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. 2mm ব্যাসের একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 15% বৃদ্ধি করতে কত kN বল প্রয়োগ করতে হবে? এর কালে তারের ব্যাসের কতটা পরিবর্তন হবে? [ইস্পাতের young's Modulus  $2 \times 10^{11} \text{ N/m}^2$  এবং poisson's ratio is 0.25] [17-18]

$$\text{Sol<sup>n</sup> } A = \frac{Y \Delta L}{L} = \frac{2 \times 10^{11} \times 0.15L \times 3.14 \times 10^{-6}}{L}$$

$$= 2 \times 10^{11} \times 0.15 \times 3.14 \times 10^{-6}$$

$$= 9.42 \times 10^5 \text{ N}$$

$$= 94.2 \text{ KN}$$

$$\sigma = \frac{dL}{DL}$$

$$d = \frac{\sigma DL}{L} = \frac{0.25 \times 2 \times 0.15L}{L}$$

$$\Rightarrow d = 0.075 \text{ mm} \text{ Ans.}$$

02. পানির গভীরতা মাপার জন্য, একটি জলাশয়ের পানির পৃষ্ঠ থেকে 0.005 m ব্যাসার্ধের এবং  $2.5 \times 10^3 \text{ kg/m}^3$  ঘনত্বের একটি বল ছেড়ে দেওয়া হল। 10 s পর বলটি জলাশয়ের তলায় পড়ল। যদি 9 s এ বলটি প্রাথমিক বেগ অর্জন করে থাকে, তাহলে জলাশয়ের গভীরতা নির্ণয় কর। [17-18] [পানির সান্দ্রতা,  $\eta = 1.6 \times 10^{-3} \text{ N.s.m}^{-2}$  এবং ঘনত্ব  $1000 \text{ kg.m}^{-3}$ ]

$$\text{Sol<sup>n</sup> } \text{গতি বেগ, } v = \frac{2}{9} \times \frac{r^2 (\rho_s - \rho_l) g}{\eta}$$

$$= \frac{2}{9} \times \frac{(0.005)^2 \times (2.5 \times 10^3 - 10^3) \times 9.8}{1.6 \times 10^{-3}}$$

$$= 51.04 \text{ ms}^{-1}$$

0s থেকে 9s এ অতিক্রান্ত গভীরতা,

$$S_1 = \left( \frac{u+v}{2} \right) t$$

$$= \left( \frac{0+51.04}{2} \right) \times 9 = 229.68 \text{ m}$$

$$10s \text{ সেকেন্ডে অতিক্রান্ত গভীরতা, } S_2 = (51.04 \times 1) = 51.04 \text{ m}$$

$$\therefore \text{মোট গভীরতা} = 229.68 + 51.04 = 280.72 \text{ m} \text{ Ans.}$$

03. পানির উপরিতলে পানির ঘনত্ব  $1.03 \times 10^3 \text{ kg/m}^3$  হলে 800 atm এর গভীরতায় পানির ঘনত্ব কত হবে? দেওয়া আছে, পানির সংনমতা =  $45.8 \times 10^{-11} \text{ Pa}^{-1}$  এবং  $1 \text{ atm} = 1.013 \times 10^5 \text{ Pa}$ . [16-17]

$$\text{Solve } \text{আমরা জানি, সংনমতা } \frac{1}{B} = \frac{v}{PV}$$

$$\Rightarrow vB = PV$$

$$\Rightarrow v = \frac{PV}{B}$$

$$= 0.037V$$

$$\therefore \text{পরিবর্তিত আয়তন, } V' = V - v$$

$$= V - 0.037V$$

$$= 0.963V$$

এক্ষেত্রে পানির ভর অপরিবর্তিত থাকে।

$$\therefore V\rho = V'\rho'$$

$$\Rightarrow \rho' = \frac{V\rho}{V'} = \frac{1.03 \times 10^3 \times V}{0.963V} = 1.069 \times 10^3 \text{ kgm}^{-3}$$

04. প্রতিটি 1 mm ব্যাসার্ধের আটটি বৃষ্টির ফোঁটা 5 cm/s প্রাথমিক বেগে পতনশীল। যদি আটটি ফোঁটা একত্রিত হয়ে একটি বড় ফোঁটায় পরিণত হয়, তাহলে নির্গত শক্তির পরিমাণ নির্ণয় কর। দেওয়া আছে, পানির পৃষ্ঠটান =  $7.4 \times 10^{-2} \text{ N/m}$ . [16-17]

$$\text{Solve } \text{নির্গত শক্তি: } W = 4\pi (Nr^2 - R^2) \times T$$

$$= 4\pi (Nr^2 - N^{2/3}r^3) \times T = 4 \times \pi \times r^2 (N - N^{2/3}) \times T$$

$$= 4 \times \pi \times (1 \times 10^{-3})^2 \times (8 - 8^{2/3}) \times 7.4 \times 10^{-2} \text{ J}$$

$$= 3.72 \times 10^{-6} \text{ J}$$



একটি দেয়াল হতে 4.8 cm ব্যাসের একটি অ্যালুমিনিয়ামের দণ্ড অনুভূমিকভাবে 5.3 cm প্রক্ষেপিত আছে। দণ্ডটির শেষ প্রান্তে 1200 kg ভরের একটি বস্তু ঝোলানো হল। অ্যালুমিনিয়ামের ব্যবর্তন গুণাঙ্ক  $3 \times 10^{10} \text{ N/m}^2$ । দণ্ডটির ভরকে উপেক্ষা করে (ক) দণ্ডটির উপর ব্যবর্তন শীড়ন এবং (খ) দণ্ডটির প্রান্তের উল্লম্ব বিচ্যুতি নির্ণয় কর। [16-17]

**Solve**

ক) শীড়ন =  $\frac{\text{প্রযুক্ত বল}}{\text{তলের ক্ষেত্রফল}} = \frac{F}{A} = \frac{mg}{\pi r^2} = \frac{1200 \times 9.8}{\pi \times (0.048)^2}$   
 $= 6.5 \times 10^6 \text{ N/m}^2 \text{ Ans.}$

খ) ব্যবর্তন গুণাঙ্ক,  $\eta = \frac{F/A}{\theta}$   
 $\Rightarrow \theta = \frac{F/A}{\eta} = \frac{6.5 \times 10^6 \text{ N/m}^2}{3 \times 10^{10}} = 2.17 \times 10^{-4}$   
 $\tan \theta = \frac{y}{x}$   
বিশ্রবশক্তি  $E_p$  বনাম t [ $E_p = \frac{1}{2} KA^2 \sin^2 \omega t$ ]




গতিশক্তি  $E_k$  বনাম t [ $E_k = \frac{1}{2} KA^2 \cos^2 \omega t$ ]



বিশ্রবশক্তি  $E_p$  বনাম x [ $E_p = \frac{1}{2} kx^2$ ]



গতিশক্তি  $E_k$  বনাম x [ $E_k = \frac{1}{2} (A^2 - x^2)$ ]



গতিশক্তি ও বিশ্রব শক্তি বনাম সরণ (x)

এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে  
নিম্নোক্ত Type-এ শ্রেণীভুক্ত করা যায়।

**Type-01 সরল ছন্দিত স্পন্দন সম্পর্কিত**

**Ex-01** সরল ছন্দিত গতিসম্পন্ন একটি কণার গতির সমীকরণ,  $y = 10 \sin(\omega t + s)$ , পর্যায়কাল 30 s এবং আদি সরন 0.05 হলে কণাটির (ক) কৌণিক কম্পাঙ্ক (খ) আদি দশা নির্ণয় কর।

Solve : (ক)  $\omega = \frac{2\pi}{T} = \left(\frac{2 \times \pi}{30}\right) = 0.209 \text{ rad s}^{-1}$

(খ)  $y = 10 \sin(\omega t + s)$

$\Rightarrow 0.05 = 10 \sin(\omega \times 0 + s)$  [আদি দশাতে  $t = 0$ ]

$\Rightarrow s = 0.286^\circ$

**Ex-02** একটি বস্তুকণা তার দোলন সীমার শেষ প্রান্ত হতে দোলন শুরু করে 0.1m বিস্তার ও 1Hz কম্পাঙ্কযুক্ত সরলছন্দিত গতি সম্পন্ন করে। 4.5s পর কণাটির সরণ কত হবে?

$x = A \sin \omega t$

$= A \sin (2\pi/T \times t) \dots (1)$

এখানে,  $f = 1 \text{ Hz}$ ,  $A = 0.1 \text{ m}$

$T = \frac{1}{f} = 1 \text{ s}$

দোলন সীমার শেষ প্রান্ত হতে মধ্য অবস্থানে যেতে  $\frac{1}{4} \text{ s} = 0.25 \text{ s}$  সময় লাগে সেহেতু 4.5s এ কণাটির 4টি পূর্ণ কম্পন দিয়ে মধ্য অবস্থানে আসবে। কাজেই মধ্য অবস্থান অতিক্রম করার 0.25s পরের সঞ্চেই হবে নির্ণেয় 4.5s পর কণাটির সরণ।

$\therefore (0.1 \times \sin 2\pi/1 \times 0.25) \Rightarrow x = 0.1 \text{ m Ans.}$

**Ex-03** একটি শিশু এর অগ্রভাগে 0.2Kg ভরের একটি বস্তু ঝুলিয়ে নিলে শিশুটি 0.1m লম্বা হয়, শিশুটিকে অতঃপর  $5 \times 10^{-2} \text{ m}$  টেনে ছেড়ে দেয়া হলো।

(i) শিশুর বা বল প্রবলক (ii) দোলকের বিস্তার (iii) সর্বোচ্চ বেগ (iv) ভরের সর্বোচ্চ ত্বরণ (v) দোলনকাল এবং ফ্রিকোয়েন্সী (vi) সময়ের সাপেক্ষে সরণের সমীকরণ (vii)  $t = 0.15 \text{ s}$  এ বেগ (viii) কম্পাঙ্ক বা কৌণিক বেগ কত?

Sol<sup>n</sup>: (i)  $K = \frac{F}{x} = \frac{mg}{x} = \frac{0.2 \times 9.8}{0.1} = 19.6 \text{ Nms}^{-2}$

(ii) যেহেতু সাম্যাবস্থান থেকে  $5 \times 10^{-2} \text{ m}$  লম্বা করে ছেড়ে দেয়া হয়, দোলকের বিস্তার হবে  $A = 5 \times 10^{-2} \text{ m}$ .

(iii) সর্বোচ্চ বেগ,  $v_{\text{max}} = \omega A = \sqrt{\frac{K}{m}} \times A = \sqrt{\frac{19.6}{0.2}} \times 5 \times 10^{-2}$

$= 0.4949 \text{ 24746ms}^{-1} \therefore v_{\text{max}} = 0.49 \text{ms}^{-1}$

(iv) সর্বোচ্চ ত্বরণ  $a_{\text{max}} = \omega^2 A = \frac{K}{m} \times A = \frac{19.6}{0.2} \times 5 \times 10^{-2} = 4.9 \text{ms}^{-2}$

(v) দোলনকাল  $T = 2\pi \sqrt{\frac{m}{K}} = 2 \times 3.1416 \times \sqrt{\frac{0.2}{19.6}} = 0.63 \text{ s}$

ফ্রিকোয়েন্সী  $f = \frac{1}{T} = \frac{1}{0.63} = 1.59 \text{ Hz}$

(vi) জানি,  $x = A \sin \omega t$

$\therefore x = (5 \times 10^{-2}) \sin (9.99t)$

(vii)  $v = \frac{dx}{dt} = (5 \times 10^{-2}) \times 9.99 \times \cos (2\pi ft) = 0.15 \text{ s}$

$v = 5 \times 10^{-2} \times 9.99 \times \cos (9.99 \times 0.15) = 0.4993 \text{ms}^{-1}$

(viii) কম্পাঙ্ক  $\omega = \sqrt{\frac{k}{m}} = 9.8995 \text{ rads}^{-1}$



**Ex-04** একটি সরল হ্রদিত গতি সম্পন্ন বস্তুর পর্যায়কাল 0.001 এবং বিস্তার 0.005। কণাটির পরিষ্ক বেগ এবং গতিপথের মধ্য অবস্থান হতে 0.002 দূরের ত্বরণ নির্ণয় কর।  
মনে করি ত্বরণ = a

$$\text{আমরা পাই, } |a| = \omega^2 |x| = \left(\frac{2\pi}{T}\right)^2 |x| \dots (1)$$

∴ সমীকরণ (1) হতে পাই,

$$|a| = \frac{4 \times 9.87}{(0.001s)^2} \times 0.002 \text{ m} = 7.9 \times 10^4 \text{ ms}^{-2}$$

পুনরায় ধরি, পরিষ্ক বেগ =  $u_{\text{max}}$

$$\therefore u_{\text{max}} = \omega A = \frac{2\pi}{T} \times A$$

$$\begin{aligned} \text{এখানে, } T &= 0.001s \\ |x| &= 0.002m \\ \pi^2 &= 9.87 \end{aligned}$$

এখানে,

$$A = 0.005 \text{ m}$$

$$\therefore u_{\text{max}} = \frac{2 \times 3.14}{0.001s} \times 0.005 \text{ m} = 31.4 \text{ ms}^{-1}$$

**Ex-05** একটি হালকা শিশু এর এক প্রান্তে 0.1kg ভরের একটি মুদ্র বস্তু যুক্ত করে একটি দৃঢ় বস্তুর উপর প্রান্তটিকে বেধে তাকে ঝুলানো হলো। এতে শিশু এর দৈর্ঘ্য 0.02m বৃদ্ধি পেল। যদি মুদ্র বস্তুটিকে নিচের দিকে একটি টেনে ছেড়ে দেওয়া হয় তবে তার উন্নত কম্পনের পর্যায়কাল কত হবে? শিশু এর শিশু প্রবন্ধক নির্ণয় কর।  
মনে করি পর্যায়কাল = T

আমরা পাই,

$$T = 2\pi \sqrt{\frac{\text{সরণ}}{\text{ত্বরণ}}} \text{ (মান বিবেচনায়)} \dots (1)$$

∴ সমীকরণ (1) হতে পাই,

$$T = 2 \times 3.14 \times \sqrt{\frac{0.02 \text{ m}}{9.8 \text{ ms}^{-2}}} = 0.284 \text{ s}$$

$$a = -\omega^2 x = -\frac{k}{m} x$$

$$k = \frac{-ma}{x}$$

এখানে,

$$\text{সরণ} = 0.02 \text{ m}$$

$$\text{ত্বরণ} = 9.8 \text{ ms}^{-2}$$

এখানে,  $m = 0.1 \text{ kg}$

$$\therefore K = \frac{\text{ত্বরণ}}{\text{সরণ}} \times m$$

$$= \frac{9.8 \text{ ms}^{-2} \times 0.1 \text{ kg}}{0.02 \text{ m}}$$

$$= 49 \text{ Nm}^{-1} \text{ Ans.}$$

**Ex-06** কোনো শিশু এর এক প্রান্তে একটি বস্তু ঝুলালে এটি 20cm প্রসারিত হয়। বস্তুটিকে একটু টেনে ছেড়ে দিলে কম্পাঙ্ক কত হবে?  
আমরা জানি,

আমরা জানি,

$$T = 2\pi \sqrt{\frac{l}{g}}$$

$$\therefore T = 2\pi \sqrt{\frac{0.2}{9.8}} = 0.89$$

$$\text{অতএব, কম্পাঙ্ক } f = \frac{1}{T} \therefore f = \frac{1}{0.89} \text{ Hz} = 1.11 \text{ Hz Ans.}$$

**Ex-07** একটি সরল হ্রদিত গতিতে চলমান বস্তুর বিস্তার 0.01 ও কম্পাঙ্ক 12Hz বস্তুটির 0.005 সরণে বেগ কত হবে? বস্তুটির সর্বোচ্চ বেগ কত হবে?  
মনে করি বেগ = u

আমরা পাই,

$$u = \omega \sqrt{A^2 - x^2} \dots (1)$$

সমীকরণ (1) হতে পাই,

$$u = 2 \times 3.14 \times 12 \text{ rads}^{-1} \sqrt{(0.01 \text{ m})^2 - (0.005 \text{ m})^2} = 0.653 \text{ ms}^{-1}$$

পুনরায়, সর্বোচ্চ বেগ  $u_{\text{max}}$  এর ক্ষেত্রে  $x = 0$

∴ সমীকরণ (1) অনুযায়ী,

$$u_{\text{max}} = \omega A = 2 \times 3.14 \times 12 \text{ rads}^{-1} \times 0.01 \text{ m} = 0.7536 \text{ ms}^{-1} \text{ Ans.}$$

**Ex-08** 2kg ভরের একটি বস্তু 5Hz কম্পাঙ্কে সরল হ্রদিত গতিতে স্পন্দিত হচ্ছে। যখন বস্তুটির সরণ 2 cm হয় তখন এর ত্বরণ এবং প্রত্যয়নী বল নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,

$$a = \omega^2 x$$

$$\therefore a = (2\pi f)^2 \times x$$

$$= (2\pi \times 5)^2 \times 0.02$$

$$= 19.74 \text{ ms}^{-2} \text{ Ans.}$$

এবং প্রত্যয়নী বল,  $F = ma = 2 \times 19.47 \text{ N} = 39.48 \text{ N}$

সেওয়া আছে,

$$\text{ভর, } m = 2 \text{ kg}$$

$$\text{সরণ, } x = 2 \text{ cm} = 0.02 \text{ m}$$

$$\text{কম্পাঙ্ক, } f = 5 \text{ Hz}$$

**Ex-09** একটি সরল হ্রদিত গতিসম্পন্ন কণার 12cm সরণে বেগ হয় 5cms<sup>-1</sup> এবং 5cm সরণে বেগ হয় 12cms<sup>-1</sup>। এর বিস্তার এবং কম্পাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,

$$V = \omega \sqrt{A^2 - x^2}$$

∴ 1ম ক্ষেত্রে,

$$5 = \omega \sqrt{A^2 - 144} \dots (i)$$

∴ 2য় ক্ষেত্রে,

$$12 = \omega \sqrt{A^2 - 25} \dots (ii)$$

সমীকরণ (i) কে (ii) দ্বারা ভাগ করে,

$$\frac{5}{12} = \frac{\sqrt{A^2 - 144}}{\sqrt{A^2 - 25}}$$

$$\Rightarrow \frac{144}{25} = \frac{A^2 - 25}{A^2 - 144}$$

$$\therefore A = 13 \text{ cm} = 0.13 \text{ m}$$

আবার,  $5 = \omega \sqrt{169 - 144}$

$$\therefore \omega = 1 \text{ rads}^{-1}$$

$$\therefore f = \frac{\omega}{2\pi} = \frac{1}{2\pi} \text{ Hz}$$

$$\text{Ans. } 0.13 \text{ m, } \frac{1}{2\pi} \text{ Hz}$$

**Ex-10** সরল হ্রদিত গতিসম্পন্ন একটি কণার গতির সমীকরণ নিম্নরূপ:

$$y = 10 \sin(\omega t + \delta)$$

পর্যায়কাল 30 Sec হলে এবং আদি সরণ 5cm হলে কণাটির (i) কৌণিক কম্পাঙ্ক

(ii) আদি দশা ও (iii) 5s সময়ে দশা নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** (i) জানি,  $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{30} = \frac{\pi}{15} \text{ rads}^{-1}$ . (ii)  $t = 0$  হলে  $y = 5 \text{ cm}$

$$\therefore 5 = 10 \sin\left(\frac{\pi}{15} \times 0 + \delta\right) \therefore \sin \delta = \frac{5}{10} = \frac{1}{2} \therefore \delta = \frac{\pi}{6} \text{ rad}$$

(iii) t সময়ে দশা =  $\omega t + \delta$

$$5 \text{ s সময়ে দশা} = \frac{\pi}{15} \times 5 + \frac{\pi}{6} = \frac{\pi}{6} \text{ rad.}$$

**Ex-11** একটি বস্তুকণা সরল হ্রদিত স্পন্দনে দুলাচ্ছে যার গতির সমীকরণ  $x = 10 \cos(6\pi t + \pi/3)$  মিটার।  $t = 3$  সেকেন্ড সময় পরে বস্তুটির সরণ, বেগ ও ত্বরণ কত হবে?

এখানে সরণ  $x = 10 \cos(6\pi t + \pi/3)$

$$3 \text{ সেকেন্ড পরে সরণ, } x = 10 \cos(6\pi \times 3 + \pi/3) = 10 \cos(18\pi + \pi/3)$$

$$= 10 \cos \pi/3 = 10 \times \frac{1}{2} = 5 \text{ m}$$

$$v = \frac{dx}{dt} = \frac{d}{dt} [10 \cos(6\pi t + \pi/3)] = -60\pi \sin(6\pi t + \pi/3)$$

$$3 \text{ সেকেন্ড পরে, } v = -60\pi \sin(6\pi \times 3 + \pi/3) = -60\pi \sin(18\pi + \pi/3)$$

$$= -60\pi \sin \pi/3 = -60 \times 3.14 \times 0.866 = -163.15 \text{ ms}^{-1}$$

$$\text{ত্বরণ, } a = \frac{dv}{dt} = \frac{d}{dt} [-60\pi \sin(6\pi t + \pi/3)] = -360\pi^2 \cos(6\pi t + \pi/3)$$

$$3 \text{ সেকেন্ড পরে, } a = -360\pi^2 \cos(6\pi \times 3 + \pi/3) = -360\pi^2 \cos(18\pi + \pi/3)$$

$$= -360\pi^2 \cos \pi/3 = -360 \times 9.87 \times \frac{1}{2} = -1776.6 \text{ ms}^{-2}$$



**Ex-12**  $4 \frac{d^2y}{dt^2} + 100y = 0$  একটি সরল ছন্দিত কণার সমীকরণ। কণাটির কৌণিক বেগ কত?

Solve:  $4 \frac{d^2y}{dt^2} + 100y = 0$

$\Rightarrow \frac{d^2y}{dt^2} + 5^2y = 0$

$\therefore \omega^2 = 5^2 \Rightarrow \omega = 5 \text{ rads}^{-1}$  Ans.

**For Practice**

একটি সরল ছন্দিত কণার পর্যায় কাল 0.0028 এবং বিস্তার 0.006m কণাটির গরিষ্ঠ বেগ এবং গতি পথের মধ্য অবস্থান হতে 0.0025m দূরের ত্বরণ কত? Ans.  $13.46 \text{ms}^{-1}$ ;  $1.26 \times 10^4 \text{ms}^{-2}$

**Hints**  $v_{\text{max}} = \omega A = \left(\frac{2\pi}{T}\right) \cdot A$ ;  
 $a = -\omega^2 x$

একটি স্প্রিং ব্যবস্থার  $K=18 \text{Nm}^{-1}$  এবং  $m=0.71 \text{kg}$ ,  $a = 54 \text{mm}$  বিস্তারসহ ব্যবস্থাটি স্পন্দনশীল। (ক) স্পন্দনের কৌণিক কম্পাঙ্ক নির্ণয় কর। (খ) x এর অপেক্ষিকরূপে ব্লকটির দ্রুতি v এর জন্য রাশিমালা নির্ণয় করে  $x=34 \text{mm}$  এ v নির্ণয়ের জন্য তা ব্যবহার কর। (গ) দ্রুতি v এর আপেক্ষিক রূপে কেন্দ্র বিন্দু থেকে ব্লকের দূরত্ব x এর জন্য একটি রাশিমালা প্রতিপাদন কর এবং যখন  $v = -0.18 \text{ms}^{-1}$  এর ক্ষণে x এর বের কর।  $[\omega = 5.05 \text{rads}^{-1}]$

30Nm<sup>-1</sup> বল প্রবলকের একটি অনুভূমিক স্প্রিং এর এক প্রান্ত একটি স্কোলের সাথে আটকে অপর প্রান্তে 5N ওজনের একটি ব্লক আটকে সাম্যাবস্থান থেকে একটি অনুভূমিক ঘর্ষনহীন টেবিল বরাবর 10cm টেনে ছেড়ে দেয়া হলো। ফলে এটি সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত হতে থাকল।

- ক) ব্লকটিকে ছেড়ে দেওয়ার পূর্ব মুহূর্তে এর উপর স্প্রিং কর্তৃক প্রদত্ত বল কত?
- খ) ব্লকটিকে ছেড়ে দেওয়ার পর পর্যায়কাল কত?
- গ) গতির বিস্তার কত?
- ঘ) সোলায়মান ব্লকটির সর্বাধিক গতিবেগ কত?
- ঙ) ব্লকটির সর্বাধিক ত্বরণ কত?
- চ) ব্লকটি মধ্যাবস্থান থেকে গতিপথের দিকে যখন অর্ধশব্দ যায় সে মুহূর্তে বেগ, ত্বরণ, স্থিতিশক্তি ও গতিশক্তি বের কর।

**Hints** (ক)  $F = -kx$

(খ)  $\omega^2 = \frac{k}{m}$ ,  $\omega = \frac{2\pi}{T}$

(গ)  $A = \text{maximum সরল } (x)$

(ঘ)  $v_{\text{max}} = \omega A$

(ঙ)  $a_{\text{max}} = -\omega^2 A$

(চ)  $x = \frac{v}{\omega}$ ,  $v = \omega \sqrt{A^2 - x^2}$ ,  $a = \omega^2 x$ ,  $F_p = \frac{1}{2} Kx^2$ ,  $F_k = \frac{1}{2} mv^2$

একটি স্প্রিং এর অগ্রভাগে 0.3kg ভরের একটি বস্তুর ক্রান্তি হলে স্প্রিংটি 0.1m লম্বা হয়। স্প্রিংটিকে এই সাম্যাবস্থা হতে আরও  $8 \times 10^{-2} \text{m}$  লম্বা করে ছেড়ে দেয়া হলো। বস্তুর (i) মেট শক্তি কত? (ii) সাম্যাবস্থা হতে  $5 \times 10^{-2} \text{m}$  লম্বা দূরত্বে অবস্থান কালে বস্তুর বেগ কত? (iii) বিস্তারের মাঝামাঝি অবস্থানে  $\left(\frac{A}{2}\right)$  বস্তুর গতিশক্তি ও স্থিতিশক্তি কত?

Ans. (i) 0.147 J (ii) 0.857ms<sup>-1</sup> (iii)  $1.35 \times 10^{-2} \text{J}$  (iv)  $7.06 \times 10^{-2} \text{J}$

সরল ছন্দিত গতিতে স্পন্দনরত একটি বস্তুর পর্যায় সর্বোচ্চ সরণ 0.02m এবং কম্পাঙ্ক 10Hz। বস্তুর 0.004m সরণে বেগ ও ত্বরণ নির্ণয় কর।

Ans.  $1.23 \text{ms}^{-1}$  এবং  $15.78 \text{ms}^{-2}$

একটি সরল ছন্দিত গতির সমীকরণ  $y = 10 \sin(10t - \frac{\pi}{6})$  মিটার। এর কম্পাঙ্ক, সর্বাধিক সরণ, গতিবেগ ও ত্বরণ বের কর।

Ans. 1.6Hz কম্পাঙ্ক সর্বাধিক সরণ 10m, সর্বাধিক বেগ  $100 \text{ms}^{-1}$  ত্বরণ  $1000 \text{ms}^{-2}$

**Hints**  $A = \omega^2 x$

07. সরল ছন্দিত গতিসম্পন্ন একটি কণার গতির সমীকরণ নিম্নরূপ:

$Y = 12 \sin\left(\frac{\pi}{3}t + \frac{\pi}{4}\right)$  কণাটির নিম্নোক্ত রাশিমালা বের কর-

(ক) বিস্তার (খ) কম্পাঙ্ক; (গ) আদি দশা (খ) 1.25s সময়ে সরণ

Ans. (ক) 12 একক (খ) 10 Hz; (গ)  $\frac{\pi}{4}$  (ঘ) 12 একক

08. সরল ছন্দিত গতি সম্পন্ন একটি কণার গতির সমীকরণ  $x = 20 \sin(31t - \frac{\pi}{6})$  এখানে x মিটারে ও t সেকেন্ডে প্রকাশিত। কণাটির নিম্নোক্ত রাশিমালা বের কর-

(ক) বিস্তার (খ) কম্পাঙ্ক (গ) পর্যায়কাল (ঘ) সর্বোচ্চ বেগ

Ans. (ক) 20m; (খ) 5Hz; (গ) 0.2s; (ঘ)  $620 \text{ms}^{-1}$

09. একটি সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন কণার বিস্তার 0.1m, পর্যায়কাল 4s এবং আদি দশা 30°। উক্ত কণাটির দোলনগতির সমীকরণ বের কর।

Ans.  $x = 0.1 \sin\left(\frac{\pi}{2}t + \frac{\pi}{6}\right)$

**Hints**  $x = A \sin(\omega t + \delta)$

**Type-02 সরল দোলক সম্পর্কিত সমস্যাবলী**

**Ex-01** একটি সরলদোলকের দোলনকে 50% বৃদ্ধি করতে এর কার্যকরী দৈর্ঘ্য কতজন বাড়তে হবে?

Sol<sup>n</sup>: জানি,  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}}$   $\left| T_2 = \left(\frac{50 T_1}{100}\right) + T_1 = 1.5 T_1 \right.$

$\Rightarrow L_2 = L_1 \times \left(\frac{T_1 \times 1.5}{T_1}\right)^2 \therefore L_2 = L_1 \times 2.25 \therefore 225\% \text{ হতে হবে বা } 125\%$

বাড়তে হবে।

**Ex-02** একটি সরল দোলকের দোলনকাল ছুপুটে 2s, চন্দ্রপুটে নিয়ে গেলে এর ভরের ওজন 80% হ্রাস পায়। চন্দ্রপুটে এর দোলনকাল কত?

Sol<sup>n</sup>:  $\frac{mg_c}{mg_m} = \frac{g_c}{g_m} = \frac{100}{20} = 5$  জানি,  $\frac{T_m}{T_c} = \sqrt{\frac{g_c}{g_m}} = \sqrt{5}$

$\therefore T_m = \sqrt{5} \times 2 = 4.47 \text{s}$  Ans.

**Ex-03** কোন স্থানের অভিকর্ষজ ত্বরণ g এর মান 981 cm/s<sup>2</sup> এবং সেখানে একটি দোলক সঠিক সময় দেয়, যদি দোলকটিকে  $g = 984 \text{cm/s}^2$  স্থানে নেয়া হয় তবে দোলকটি কত সেকেন্ড দ্রুত বা ধীরে চলবে?

Sol<sup>n</sup>: জানি,  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{g_2}{g_1}}$  .....(i)  $\left| \begin{array}{l} g_1 = 981 \text{cm/s}^2 \\ g_2 = 984 \text{cm/s}^2 \\ \therefore g_2 > g_1 \\ \therefore T_1 > T_2 \text{ হবে,} \\ \therefore \text{দোলকটি দ্রুত চলবে,} \end{array} \right.$

$\therefore \frac{1}{\frac{86400}{86400+x}} = \sqrt{\frac{984}{981}}$   
 $= \frac{86400+x}{86400} = \sqrt{\frac{984}{981}} \therefore x = 132.0092 \text{ sec}$  Ans.

**Ex-04** একটি সেকেন্ড দোলক পাহাড়ের পাদদেশে সঠিক সময় দেয়। একে পাহাড়ের ছুড়ায় নিয়ে গেলে দিনে 14s স্লো হয়ে যায়। পাহাড়ের উচ্চতা কত? (পৃথিবীর ব্যাসার্ধ 6450 Km)

$\therefore T' = \left(\frac{86400}{86400-14}\right) T \Rightarrow T' = \left(\frac{86400 \times 2}{86400-14}\right)$  ..... (i)

আবার,  $\frac{T'}{T} = \frac{2\pi\sqrt{L/g'}}{2\pi\sqrt{L/g}} = \sqrt{g/g'}$   
 $\Rightarrow T' = 2\sqrt{g/g'} = 2\sqrt{\frac{(R+h)^2}{R^2}} = 2\left(\frac{R+h}{R}\right)$

(i) নং এবং (ii) নং থেকে,  
 $T' = 2\frac{R+h}{R} = \frac{86400 \times 2}{86400-14} \Rightarrow h = 1.05 \text{ Km}$  Ans.



## Shortcut:

$$\frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}} = \frac{R+h}{R} = \sqrt{\frac{R}{R-h}} = \frac{86400}{86400 \pm n}$$

**Ex-05** একটি সেকেন্ড দোলক পাহাড়ের পাদদেশে গ্রিক সময় দেয়, একে 2 মাইল উঁচু পাহাড়ের চূড়ায় নিয়ে গেলে দৈনিক কত সেকেন্ড ধীরে চলবে? পৃথিবীর ব্যাসার্ধ 4000 mile.

**Sol<sup>n</sup>:** ধীরে চলার ক্ষেত্রে,

$$\text{আমরা জানি, } \frac{86400}{86400-x} = \frac{\sqrt{g}}{\sqrt{g'}} \Rightarrow \frac{86400}{86400-x} = \frac{R+h}{R}$$

$$\Rightarrow \frac{86400}{86400-x} = \frac{4000+2}{4000} \therefore x = 43.2 \text{ sec Ans.}$$

**Ex-06** একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য শৈত্যের ফলে হ্রাস পেল, এর ফলে দোলনকাল এমন হল যে, দোলকটি দিনে 10s ফাঁট যায়, পরিবর্তিত দোলন কাল কত?

$$\text{Sol<sup>n</sup>: জানি, } \frac{T_1}{T_2} = \frac{86400+x}{86400} \Rightarrow T_2 = T_1 \times \frac{86400}{86400+10}$$

$$= 2 \times \frac{86400}{86410} = 1.99 \text{ s (Ans.)}$$

**Ex-07** একটি সেকেন্ড দোলকের কার্যকর দৈর্ঘ্য তাপের ফলে এমনভাবে বৃদ্ধি পেল যেম পরিবর্তিত দোলনকাল 2.01 sec হল। পরিবর্তিত অবস্থায় দোলকটি ঘন্টার কত সেকেন্ড ধীরে চলবে বা কতটি বিট হারাবে? যদি, দোলক ঘড়ি দিনে x সেকেন্ড ধরে চলে

$$\therefore T' = \left( \frac{3600}{3600-x} \right) \times T \quad \left| \quad T' = 2.01 \text{ sec} \right.$$

$$\Rightarrow 2.01 = \frac{3600}{3600-x} \times 2 \Rightarrow x = 17.91 \approx 18$$

$\therefore$  ঘন্টার 17.92 সেকেন্ড বা 18 সেকেন্ড স্লো চলে বা 18টি বিট হারায়।

**Ex-08** একটি জটিলপূর্ণ সেকেন্ড দোলক সারাদিন 20 s ধীরে চলে। দৈর্ঘ্যের কত পরিবর্তন করলে উহা সঠিক সময় দিবে?

**Sol<sup>n</sup>:** সঠিক সময়,  $T_1 = 2 \text{ sec}$

জটিলপূর্ণ দোলনকাল  $T_2$

$$\therefore T_2 = \frac{2 \times 86400}{86400 - n} = \frac{2 \times 86400}{86400 - 20} = 2.000463 \text{ sec}$$

$$\therefore L_2 = \frac{gT_2^2}{4\pi^2} = \frac{9.8 \times (2.000463)^2}{4\pi^2} = 0.9934 \text{ m}$$

$$\text{আবার, } L_1 = \frac{gT_1^2}{4\pi^2} = \frac{9.8 \times 2^2}{4\pi^2} = 0.9929 \text{ m}$$

$$\therefore L_2 - L_1 = (0.9934 - 0.9929) \text{ m}$$

$$= 4.5 \times 10^{-4} \text{ m} = 0.045 \text{ cm (Ans.)}$$

## For Practice

01. কোন স্থানে দুটি সরল দোলকের দোলনকালের অনুপাত 4:5 হলে এদের কার্যকর দৈর্ঘ্যের অনুপাত কত? **Ans: 16 : 25**
02. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য তাপের ফলে এমনভাবে বৃদ্ধি পেল যে, দোলনকাল পরিবর্তিত হতে 2.05s হল, পরিবর্তিত অবস্থায় দোলকটি ঘন্টার কত সেকেন্ড ধীরে চলবে? **Ans. 88s**

**Hints** সূত্র =  $\frac{T_2}{T_1} = \frac{3600}{3600-x}$

03. দুটি স্থানে অভিকর্ষজ ত্বরণের মান  $9.81 \text{ ms}^{-2}$  ও  $9.79 \text{ ms}^{-2}$  হলে ঐ দুই স্থানে সেকেন্ড দোলক এর দৈর্ঘ্যের পার্থক্য কত হবে?

**Ans. 0.9939m - 0.9919m = 0.002m**

## Type- 03

**Ex-01** পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে চন্দ্রের ভর ও ব্যাসার্ধের 81 গুণ ও 1/9 গুণ। চন্দ্র পৃষ্ঠে পৃথিবী থেকে নিয়ে যাওয়া একটি সেকেন্ড দোলকের দোলনকাল কত?

$$\text{Sol<sup>n</sup>: } \frac{T_m}{T_e} = \frac{\sqrt{\text{ভরের গুণ}}}{\text{ব্যাসার্ধের গুণ}}$$

$$\Rightarrow \frac{T_m}{2s} = \frac{\sqrt{81}}{4} = \frac{9}{4} \therefore T_m = \frac{18}{4} \text{ sec} = 4.5 \text{ sec Ans.}$$

## For Practice

01. একটি সেকেন্ড দোলককে মঙ্গল পৃষ্ঠে নেয়া হল। মঙ্গল পৃষ্ঠে এর দোলনকাল কত? মঙ্গলের ভর ও ব্যাসার্ধ যথাক্রমে পৃথিবীর ভর ও ব্যাসার্ধের 0.107 ও 0.53 গুণ। **Ans. 3.24s**
02. ভূ-পৃষ্ঠে সঠিক সময় নির্দেশ করে এরূপ একটি সেকেন্ড দোলককে মঙ্গল পৃষ্ঠে নিয়ে যাওয়া হলো। মঙ্গলগ্রহের ভর পৃথিবীর ভরের  $\frac{1}{9}$  গুণ এবং ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের  $\frac{1}{2}$  গুণ হলে মঙ্গল গ্রহে দোলকটির দোলনকাল কত হবে? **Ans. 3 seconds**

## Type- 04

**Ex-01** একটি সরল দোলকের সাহায্যে অভিকর্ষজ ত্বরণ নির্ণয় করে ভূপৃষ্ঠে মান  $9.81 \text{ ms}^{-2}$  এবং একটি পাহাড়ের চূড়ায়  $7.25 \text{ ms}^{-2}$  পাওয়া গেল। পৃথিবীর ব্যাসার্ধ  $R = 6400 \text{ km}$  হলে পাহাড়ের উচ্চতা কত?

**Solve** আমরা জানি,  $h = \left( \sqrt{\frac{R}{R_1}} - 1 \right) R$

$$= \left( \sqrt{\frac{9.81}{7.25}} - 1 \right) \times 6400$$

$$= 1044.7 \text{ km Ans.}$$

## For Practice

01. ভূপৃষ্ঠে ও পাহাড়ের চূড়ায় অভিকর্ষজ ত্বরণের অনুপাত 19 : 18 হলে পাহাড়ের উচ্চতা কত? [ $R = 6400 \text{ km}$ ]

**Hints**  $h = \left( \sqrt{\frac{R}{R_1}} - 1 \right) R$  **Ans. 175.4 km**

## Type- 05

**Ex-01** কোন শিশু এর এক প্রান্তে একটি বস্তুর বুলিয়ে বস্তুটিকে একই উচ্চতায় ছেড়ে দিলে এটি a বিভাগে স্পন্দিত হতে থাকে। কোথায় এর গতিশক্তি ও বিভব শক্তি সমান হবে নির্ণয় কর।

**Solve** মনেকরি, x অবস্থানে শক্তির মান সমান হবে।  
আমরা জানি,

$$\text{স্পন্দনের বস্তুর গতিশক্তি, } E = \frac{1}{2} m \omega^2 (a^2 - x^2) \text{ এবং}$$

$$\text{বিভব শক্তি, } U = \frac{1}{2} m \omega^2 x^2$$

প্রশ্নমতে,

$$E = U \text{ বা } \frac{1}{2} m \omega^2 (a^2 - x^2) = \frac{1}{2} m \omega^2 x^2 \Rightarrow m \omega^2 x^2 = \frac{1}{2} m \omega^2 a^2$$

$$\Rightarrow x = \frac{a}{\sqrt{2}} = 0.707 a \text{ Ans.}$$

অর্থাৎ সাম্যাবস্থান থেকে 0.707 a দূরে গতিশক্তি ও বিভব শক্তির মান সমান হবে।



**Ex-02** 4kg ভরের একটি বস্তু 0.8m উঁচু হতে একটি উল্লম্ব স্প্রিং এর উপর ফেলা হলো। স্প্রিং ধ্রুবক 1960 Nm<sup>-1</sup> হলে স্প্রিংটি কতটুকু সংকুচিত হবে?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,

$$mgh = \frac{1}{2} kx^2 \Rightarrow x = \sqrt{\frac{2mgh}{k}}$$

$$= \sqrt{\frac{2 \times 4 \times 9.8 \times 0.8}{1960}}$$

$$= 0.1789 \text{ m Ans.}$$

দেওয়া আছে,  
ভর, m = 4kg  
উচ্চতা, h = 0.8m  
স্প্রিং ধ্রুবক, k = 1960Nm<sup>-1</sup>  
সংকোচন, x = ?


**For Practice**

01. 10kg ভরের একটি বস্তু 0.5m উঁচু হতে একটি উল্লম্ব স্প্রিং এর উপর ফেলা হলো। স্প্রিং ধ্রুবক 1920 Nm<sup>-1</sup> হলে স্প্রিংটি কতটুকু সংকুচিত হবে?

Ans. 0.226m

**Type-06**

**Ex-01**



m<sub>1</sub> ভরের একটি ব্লক v বেগে ডান পাশে রক্ষিত m<sub>2</sub> ভরের আরেকটি ব্লককে আঘাত করে এবং m<sub>2</sub> এর সাথে আটকে যায়। অনুভূমিক তলটিকে ঘর্ষণহীন বিবেচনা করা হয়েছে। দ্বিতীয় ব্লকটি সামান্যস্থায় আছে। এখানে, m<sub>1</sub> = 5kg, m<sub>2</sub> = 3kg, K = 3000Nm<sup>-1</sup> এবং v = 15 ms<sup>-1</sup>

- (i) স্পন্দনের কৌণিক কম্পাঙ্ক নির্ণয় কর।
- (ii) স্প্রিং এর সর্বোচ্চ সংকোচন নির্ণয় কর।
- (iii) সংযুক্ত ব্লকের ত্বরণ কত?

**Sol<sup>n</sup>:** ভরবেগের নিত্যতার বিধি অনুসারে,

$$m_1 v = (m_1 + m_2) V_f \Rightarrow V_f = \frac{m_1 v}{m_1 + m_2} = \frac{5 \times 15}{5 + 3} = 9.375 \text{ ms}^{-1}$$

(i) কৌণিক কম্পাঙ্ক,  $\omega = \sqrt{\frac{k}{m}} = \sqrt{\frac{k}{(m_1 + m_2)}}$


$$= \sqrt{\frac{3000}{5 + 3}} = 19.36 \text{ rads}^{-1}$$

(ii)  $V_{\max} = \omega A$

$$\Rightarrow A = \frac{V}{\omega} = \frac{9.375}{19.36} = 0.4842 \text{ m } [V_{\max} = V_f]$$

(iii)  $a_{\max} = \omega^2 A = 19.36^2 \times 0.4842 = 181.5 \text{ ms}^{-2}$

**Ex-02** একটি নিরেট গোলককে



অনুভূমিক তলে স্থাপন করা হয়েছে। সমান স্প্রিং ধ্রুবক বিশিষ্ট দুইটি স্প্রিংকে গোলকের সাথে সংযুক্ত করা হয়েছে। গোলকটিকে ডান পাশে টেনে ছেড়ে দিলে এটি সরলস্বন্দিত গতিতে দোলন দিতে থাকে।

- (i) গোলকটি সামান্যস্থায় অতিক্রমের সময় বেগ কত ছিল।
- (ii) দোলনের কৌণিক কম্পাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** শক্তির নিত্যতার সূত্রানুসারে,

(i)  $E_i = E_f$

$$\Rightarrow 2 \left( \frac{1}{2} kA^2 \right) = \frac{1}{2} mv^2 + \frac{1}{2} I\omega^2$$

গোলকটির জড়তায় জামক,  $I = \frac{2}{5} mr^2$

ত্রৈধিক বেগ,  $v = \omega r$

$$\therefore kA^2 = \frac{1}{2} mv^2 + \frac{1}{2} I\omega^2 \Rightarrow 2kA^2 = mv^2 + I\omega^2$$


$$\Rightarrow 2kA^2 = mv^2 + \frac{2}{5} mr^2 \cdot \frac{v^2}{r^2} \Rightarrow 2kA^2 = mv^2 + \frac{2}{5} mv^2$$

$$\Rightarrow kA^2 = \frac{7}{10} mv^2 \Rightarrow v = \sqrt{\frac{10k}{7m}} A$$

(ii) সর্বোচ্চ বেগ,  $V_{\max} = \omega A$

$$\Rightarrow \sqrt{\frac{10k}{7m}} A = \omega A \Rightarrow \omega = \sqrt{\frac{10k}{7m}}$$

**For Practice**



দেখাও যে, চিত্রে অনুভূমিক দোলনের কম্পাঙ্ক,

$$f = \frac{1}{2\pi} \sqrt{\frac{K_1 + K_2}{m}}$$

[Hints:  $a = \frac{F}{m}$ ,  $F = kx$ ,  $\omega = \sqrt{\frac{k}{m}}$ ]

**Some Special Problem**

01. একটি সেকেন্ড দোলকের ধরের ব্যাসার্ধ 50 cm. এই বস্তুকে পলিয়ে একটি সিলিন্ডারে পরিণত করা হল, পরে দেখা গেল, দোলনকাল অপরিবর্তিত আছে সুতরাং দৈর্ঘ্য কত? সিলিন্ডারের ব্যাসার্ধ কত?

Hints:  $L = l + r$

$$\Rightarrow \frac{gT^2}{4\pi^2} = l + r \text{ ----- (i)}$$

যেহেতু দোলনকাল অপরিবর্তিত, তাই কার্যকরী দৈর্ঘ্য একই। আবার সুতার দৈর্ঘ্য অপরিবর্তিত বলে সিলিন্ডারের উচ্চতা  $h = 2r$ .

এখন,  $V_1 = V_2$

$$\Rightarrow \frac{4}{3} \pi (0.5)^3 = \pi R^2 \cdot 2r \text{ ----- (ii)}$$

(i) নং থেকে l এবং (ii) নং থেকে R বের কর।

02. নগ্না ভরের একটি স্প্রিং এর এক প্রান্তে m ভরের আঁটা লাগানো আছে এতে m<sub>1</sub> ভর স্থূলিয়ে স্প্রিংটিকে 5 cm প্রসারিত করে ছেড়ে দিলে এটি f<sub>1</sub> = 2 Hz কম্পাঙ্কে দুলতে থাকে। আবার m<sub>2</sub> ভর দিলে কম্পাঙ্ক হয় f<sub>2</sub>। স্প্রিং এর বল ধ্রুবক k]

(ক) m<sub>1</sub> ভরের বস্তুটির সর্বোচ্চ বেগ ও ত্বরণ কত?

(খ) দেখাও যে, আঁটার ভর  $m = \frac{m_2 f_1^2 - m_1 f_2^2}{f_1^2 - f_2^2}$

**BUET, KUET, CUET & RUET**

**[বিগত প্রশ্ন ও সমাধান]**

**Written Part**

**BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. একটি সেকেন্ড দোলক ঘড়ি পাহাড়ের পাদদেশে ঠিক সময় দেয় কিন্তু পাহাড়ের চূড়ায় উঠলে 2 ঘণ্টায় 8 সেকেন্ড সময়ের পার্থক্য দেখায় পৃথিবীর ব্যাস 12800 km হলে-
- i. পাহাড়ের উচ্চতা নির্ণয় কর
  - ii. পাহাড়ের চূড়ায় সঠিকভাবে কাজ করতে হলে দোলকের দৈর্ঘ্য কত % পরিবর্তন করতে হবে? [17-18]



**Sol<sup>n</sup>**  $T = \left( \frac{2 \times 60 \times 60}{2 \times 60 \times 60 - 8} \right) \times T$   
 $= \left( \frac{7200}{7200 - 8} \right) \times 2$

আবার,  $T' = T \sqrt{\frac{g}{g'}} = 2 \times \sqrt{\frac{(R+h)}{R}}$   
 $\therefore T' = 2 \times \left( \frac{R+h}{R} \right)$   
 $\therefore 2 \times \frac{R+h}{R} = \frac{7200}{7200-8} \times 2$   
 $\Rightarrow \frac{R+h}{R} = \frac{7200}{7200-8}$   
 $\Rightarrow 7192R + 7192h = 7200R$   
 $\Rightarrow h = \frac{8R}{7192}$   
 $\Rightarrow h = \frac{8 \times 6.4 \times 10^6}{7192}$   
 $\Rightarrow h = 7119.02 \text{ m} = 7.1 \text{ km}$

আবার,  $\frac{T'}{T} = \sqrt{\frac{L'}{L}}$   
 $\Rightarrow L' = \left( \frac{T'}{T} \right)^2 \times L$   
 $\Rightarrow L' = \left( \frac{7200 \times 2}{7192} \right)^2 \times L$   
 $\Rightarrow L' = 0.998L'$   
 $\therefore \Delta L = (L' - 0.998L') \times 100\%$   
 $\Rightarrow \frac{\Delta L}{L'} = 0.002 \times 100\%$   
 $= 0.2\%$  কমানো যাবে।

Ans.

02. কল্পনা কর যে, পৃথিবীর ব্যাস বরাবর একটি সুড়ঙ্গ খনন করা হল। একটি বস্তুকে সুড়ঙ্গের এক প্রান্ত থেকে ছেড়ে দেওয়া হল এবং বস্তুটি সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত হতে লাগলো। পৃথিবীকে একটি সুষম গোলক মনে করে এবং বাহাদানকারী সকল বল উপেক্ষা করে পৃথিবীর কেন্দ্র থেকে  $5 \times 10^5 \text{ m}$  দূরত্বে বস্তুটির ত্বরণ ও দোলনের পর্যায়কাল নির্ণয় কর। দেওয়া আছে, পৃথিবীর ব্যাসার্ধ  $R = 6.4 \times 10^6 \text{ m}$  এবং  $g = 9.8 \text{ m/s}^2$ । [16-17]

**Solve**  $g = \frac{GM}{R^2}$

r বিন্দুতে অভিকর্ষজ ত্বরণ

$g_r = \frac{GM(r)}{r^2}$

এখানে,  $M(r) = \frac{4}{3} \pi r^3 \rho$  কিন্তু;  $\rho = \frac{M}{\frac{4}{3} \pi R^3}$

$\therefore g_r = \frac{GMr^3}{r^2 R^3} = g \frac{r}{R} = 9.8 \times \frac{5 \times 10^5}{6.4 \times 10^6} = 0.77 \text{ m/s}^2$

ত্বক এর সূত্র অনুসারে,  $F = -kr \Rightarrow -mg \frac{r}{R} = -kr$ ;  $\omega = \sqrt{\frac{k}{m}}$

এবং  $T = 2\pi \sqrt{\frac{m}{k}} = 2\pi \sqrt{\frac{mR}{mg}} = 2\pi \sqrt{R/g} = 2\pi \sqrt{\frac{6.4 \times 10^6}{9.8}}$   
 $= 5077.58 \text{ s} = 84.62 \text{ min}$

03. প্রমাণ কর যে, একটি প্রুটিফর্ম 4.9 m বিস্তারে কাঁপতে শুরু করলে এর উপর একজন মানুষ দাঁড়িয়ে থাকলে, তার পা প্রুটিফর্ম হতে আলাদা হবার জন্য প্রুটিফর্মের কৌণিক কম্পাঙ্ক  $\sqrt{2}$  হবে। [15-16]

**Solve** যদি প্রুটিফর্মের ত্বরণ  $g$  এর চেয়ে বেশী হয় তবে পা প্রুটিফর্ম থেকে আলাদা হবে।

$a = \omega^2 A_{\text{max}} \Rightarrow g - \omega^2 A \Rightarrow 9.8 - \omega^2 \cdot 4.9 \Rightarrow \omega^2 = 2 \Rightarrow \omega = \sqrt{2}$

04. যখন 1 kg আদর্শ ভর একটি চলমান প্রুটিফর্মের উপর রাখা হয়, তখন তার স্পন্দনের হার  $125 \text{ vib min}^{-1}$ । কোন অজানা ভরের জন্য স্পন্দনের হার  $243 \text{ vib min}^{-1}$  হবে? চলমান প্রুটিফর্মের ভর অপ্রাস্য কর। [10-11]

**Solve** সূত্রমতে,  $T = 2\pi \sqrt{\frac{m}{k}} \Rightarrow \frac{1}{f} = 2\pi \sqrt{\frac{m}{k}}$

$\therefore \frac{1}{f_1} = 2\pi \sqrt{\frac{m_1}{k}} \dots (i)$  ও  $\frac{1}{f_2} = 2\pi \sqrt{\frac{m_2}{k}} \dots (ii)$

$(i) + (ii) \Rightarrow \frac{f_2}{f_1} = \sqrt{\frac{m_1}{m_2}} \Rightarrow m_2 = \left( \frac{f_1}{f_2} \right)^2 \times m_1 = \left( \frac{125}{243} \right)^2 \times 1$   
 $= 0.2646 \text{ kg Ans.}$

05. সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 1% বৃদ্ধি করলে, উক্ত দোলক দিনে কত সময় হারাবে? [07-08]

**Solve** সূত্র মতে,  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} = \frac{86400 - n}{86400}$

$\therefore \sqrt{\frac{L}{L + L \cdot 1\%}} = \sqrt{\frac{100L}{101L}} = \frac{86400 - n}{86400} \therefore n = 428.79 \text{ s Ans.}$

06. সরল ছন্দিত স্পন্দনসম্পন্ন একটি বস্তুর বেগ  $3 \text{ ms}^{-1}$  যখন সরণ  $4 \text{ m}$  এবং বেগ  $4 \text{ ms}^{-1}$  যখন সরণ  $3 \text{ m}$ । A. দোলনের বিস্তার ও পর্যায়কাল নির্ণয় কর। B. বস্তুটির ভর  $50 \text{ kg}$  হলে, দোলনের মোট শক্তি নির্ণয় কর। [05-06]

**Solve A** we know,

$V = \omega \sqrt{A^2 - X^2}$

$\frac{V_1}{V_2} = \frac{\sqrt{A^2 - X_1^2}}{\sqrt{A^2 - X_2^2}} = \frac{3}{4} = \frac{\sqrt{A^2 - 4^2}}{\sqrt{A^2 - 3^2}}$

$\Rightarrow \frac{9}{16} = \frac{A^2 - 4^2}{A^2 - 3^2}$

$\Rightarrow 9A^2 - 81 = 16A^2 - 256$

$\Rightarrow 7A^2 - 175 \therefore A = 5 \text{ m Ans.}$

**Solve B**  $E = \frac{1}{2} k A^2 = \frac{1}{2} m \omega^2 A^2 = \frac{1}{2} m \frac{4\pi^2}{T^2} A^2$

$= \frac{1}{2} \times 50 \times \frac{4 \times 9.87}{(6.28)^2} \times 5^2 = 625.66 \text{ J Ans.}$

07. একটি স্থির লিফটের মধ্যে রাখা একটি সরল দোলকের দোলনকাল T যদি দোলকটি উপরের দিকে  $g/4$  ত্বরণ নিয়ে উঠে, তাহলে দোলকটির দোলনকাল কত হবে? [03-04]

**Solve** We know,  $T \propto \frac{1}{\sqrt{g}}$

$\therefore \frac{T_1}{T_2} = \sqrt{\frac{g_2}{g_1}}$

$\Rightarrow T_2 = T \sqrt{\frac{g}{g + \frac{g}{4}}} \Rightarrow T_2 = T \sqrt{\frac{4g}{5g}}$

$\Rightarrow T_2 = T \sqrt{\frac{4}{5}} = \frac{2}{\sqrt{5}} \times T \text{ Ans.}$





১১. একটি সেকেন্ড দোলক চতুর্থে সঠিক সময় দেয়। এটাকে চন্দ্রপৃষ্ঠে নেয়া হলে, পর্যায়কাল কত? পৃথিবীর ভর চন্দ্র অপেক্ষা ৪১ গুণ বেশি ও ব্যাসার্ধ ৪ গুণ বেশি। [97-98]

**Solve**  $\frac{T_m}{T_e} = \sqrt{\frac{g_e}{g_m}} = \sqrt{\frac{M_e}{R_e^3} \times \frac{R_m^3}{M_m}}$

$T_m = T_e \sqrt{\frac{81}{16}} = 2 \times \frac{9}{4} = \frac{9}{2} = 4.5 \text{ s Ans.}$


১২. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য ঢাকায় ১০০ সে.মি. এবং দিনাজপুরে ৯০ সে.মি.। কোন বস্তুর গুজন ঢাকায় ১০০ gm-wt হলে, দিনাজপুরে উহার গুজন কত হবে? [96-97]

**Solve** সূত্রমতে,  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$

$\frac{L_{Dm}}{L_{Dn}} = \frac{g_{Dn}}{g_{Dm}} = \frac{W_{Dn}}{W_{Dm}}$


$\therefore W_{Dn} = \frac{L_{Dn}}{L_{Dm}} \times W_{Dm} = \frac{90}{100} \times 100 = 90 \text{ gm-wt Ans.}$

১৩. ১.২ এবং ১.৫ সেকেন্ডে গতি সময়ের দুইটি সরল দোলক ডানের ছবিতে দেখানো অবস্থান হইতে দুগুণিত করা করিল। হয় সেকেন্ড পরে তাহারা কোন অবস্থানে থাকিবে? নীচের ছবিতে সঠিক উত্তরে টিক চিহ্ন দাও। [95-96]



**Solve** A

১.২ এবং ১.৫ এর গুণিতক ৬; তাই ৬s পর উভয় দোলক প্রাথমিক অবস্থায় ফিরে আসবে।



১৪. একটি লিফটের ছাদ হইতে একটি সরল দোলক ঝুলানো আছে। লিফট চলার সময় এই দোলকের দোলনকাল লিফটের স্থির অবস্থানের তুলনায় যদি অর্ধেক হয়, লিফটের ত্বরণের দিক ও মান নির্ণয় কর। [95-96]

**Solve**  $\frac{T_c}{T} = \sqrt{\frac{g}{g+f}} \Rightarrow \frac{1}{2} = \sqrt{\frac{g}{g+f}}$

$\Rightarrow f = g \times 3 = 9.8 \times 3 = 29.4 \text{ ms}^{-1} \text{ Ans.}$

$\therefore$  লিফটের ত্বরণ  $29.4 \text{ ms}^{-2}$  এবং উহা ঊর্ধ্বমুখী

**KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

১১. একটি বৃত্তকণা সরল হ্রদিত স্পন্দনে দুলছে যার গতির সমীকরণ  $x = 6 \cos(3\pi t + \frac{\pi}{3}) \text{ m}$ ;  $t = 2$  সেকেন্ড পরের বৃত্তটির সরণ, বেগ এবং ত্বরণ কত? [06-07]

**Solve** 2s পর সরণ,  $x = 6 \cos(3 \times 2\pi + \frac{\pi}{3}) = 3\text{m}$

বেগ,  $v = -3\pi \times 6 \sin \frac{\pi}{3} = -48.97 \text{ ms}^{-1}$

ত্বরণ,  $a = -9\pi^2 \times 6 \cos \frac{\pi}{3} = -266.48 \text{ ms}^{-2}$

১২. একটি লিফটের ছাদ থেকে একটি সরল দোলক ঝুলানো আছে। লিফট চলার সময় এই দোলকের দোলনকাল লিফটের স্থির অবস্থানের তুলনায় যদি অর্ধেক হয়, তবে লিফটের ত্বরণের দিক ও মান নির্ণয় কর। [05-06]

**Solve** We Know,  $\frac{T_2}{T_1} = \sqrt{\frac{g_1}{g_2}} = \frac{1}{2} \Rightarrow \frac{1}{4} = \frac{g_1}{g_2} = \frac{g}{g+a}$

$\Rightarrow 4g = g + a \Rightarrow a = 3g = 3 \times 9.8 = 29.4 \text{ ms}^{-2} \text{ Ans.}$

১৩. একটি পাহাড়ের পাদদেশে একটি সেকেন্ড দোলক সঠিক সময় দেয় এটিকে পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গে নিয়ে গেলে প্রতিদিন ২ মিনিট ধীরে চলে পাহাড়ের উচ্চতা নির্ণয় কর। (পৃথিবীর ব্যাসার্ধ = 6400 km) [04-05]

**Solve** 2min = 120 sec

এখন,  $\frac{R}{R+h} = \frac{86400}{86400 - n} \Rightarrow \frac{6400 \times 10^3}{6400 \times 10^3 + h} = \frac{86400}{86400 - 120}$

$\therefore h = 8.9 \times 10^3 \text{ m Ans.}$

১৪. পৃথিবী পৃষ্ঠে একটি সরল দোলকের দোলনকাল 2sec। একে চন্দ্র পৃষ্ঠে নেয়া হল। চন্দ্র পৃষ্ঠে এর দোলনকাল নির্ণয় কর। পৃথিবীর ভর এবং ব্যাসার্ধ যথাক্রমে চন্দ্রের ভর এবং ব্যাসার্ধের ৪১ ও ৪ গুণ। [03-04]

**Solve**  $\frac{g_m}{g_e} = \frac{M_m}{R_m^2} \times \frac{R_e^2}{M_e} = \frac{M_m}{R_m^2} \times \frac{(4R_m)^2}{81M_m} = \frac{16}{41}$

এখন,  $\frac{T_m}{T_e} = \sqrt{\frac{g_e}{g_m}} = \sqrt{\frac{81}{16}} = \frac{9}{4} \therefore T_m = 2 \times \frac{9}{4} = 4.5 \text{ s Ans.}$

১৫. (ক)  $i_1 = I_0 \sin 300t$  এবং  $i_2 = I_0 \sin[300(t+T/6)]$  সমীকরণের দ্বারা নির্দেশিত (ক) প্রবাহের মধ্যে দশা পার্থক্য কত? (খ) দ্বিতীয় প্রবাহের আদি দশা কত? (গ) প্রথম প্রবাহের কম্পাঙ্ক কত? [03-04]

**Solve** (ক) দশা পার্থক্য =  $300 \times \frac{T}{6} = 50T \text{ Ans.}$

(খ)  $50T \text{ Ans.}$  (গ)  $f = \frac{300}{2\pi} = \frac{150}{\pi} \text{ Hz Ans.}$

**CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

১১. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য ঢাকায় ১০০ cm এবং কাঠমুড়তে ৯৫ cm। কোন বস্তুর কাঠমুড়তে হতে ঢাকায় আনলে এর গুজনের কি পরিবর্তন হবে? [13-14]

**Solve**  $\frac{W_D}{W_K} = \frac{L_D}{L_K} = \frac{1}{0.95} = 1.05$

এখানে,  
ঢাকার দৈর্ঘ্য  $L_D = 1\text{m}$   
কাঠমুড়তের দৈর্ঘ্য  $L_K = 95\text{cm}$

$W_D = 1.05 W_K$   
গুজন পরিবর্তন  $\Delta W = W_D - W_K = 1.05 W_K - W_K$

$\therefore 5\% \text{ বেড়েছে} = 0.05 W_K$

১২. কোন স্প্রিং এর এক প্রান্তে ৪০ gm ভরের একটি বস্তুর সরল হ্রদিত স্পন্দনে আন্দোলিত হবার সময় বস্তুর তার সাম্যাবস্থা থেকে সর্বোচ্চ ১২cm দূরে সরে যাচ্ছে এবং বস্তুর পর্যায়কাল ১.৫ sec। স্প্রিং ধ্রুবক এবং সাম্যাবস্থা থেকে ৬ cm দূরের অবস্থানে বস্তুর ত্বরণ কত? [07-08]

**Solve**  $k = \frac{F}{x} = \frac{0.04 \times 9.8}{0.12} = 3.27 \text{ N/m}$

$\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{1.5} = \frac{4\pi}{3} \text{ rad/s}$

$v = \omega \sqrt{A^2 - x^2} = \frac{4\pi}{3} \sqrt{(0.12)^2 - (0.06)^2} = 0.435 \text{ ms}^{-1} \text{ Ans.}$



### RUET এর বিপত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. 1 m কার্যকরী দৈর্ঘ্য বিশিষ্ট একটি সরল দোলকের ববের ভর 300g, দোলকটিকে সাম্যাবস্থা থেকে  $60^\circ$  কোণে নিয়ে গিয়ে ছেড়ে দেওয়া হলো। ববটির গতিশক্তি বের কর যখন এটি সাম্যাবস্থা দিয়ে অতিক্রম করে এবং যখন সূতা সাম্যাবস্থার সাথে  $30^\circ$  কোণ উৎপন্ন করে। [15-16]

**Solve**

A অবস্থানে ববটির গতিশক্তি শূন্য

$\therefore$  A অবস্থানে ববটির মোট শক্তি = বিভব শক্তি =  $mgh$

$$= 300 \times 10^{-3} \times 9.8 \times \frac{1}{2} = 1.47 \text{ J}$$

B অবস্থানে ববের বিভব শক্তি শূন্য।

$\therefore$  B অবস্থানে মোট শক্তি = A অবস্থানে মোট শক্তি

$\therefore$  গতিশক্তি = 1.47 J

Here,  $h' = L - x' = L - L \cos 30^\circ = L(1 - \cos 30^\circ) = 0.134$


$\therefore$  C অবস্থানে বিভব শক্তি =  $mgh' = 0.4 \text{ J}$

$\therefore$  C অবস্থানে গতিশক্তি  $E_k = 1.47 - 0.4 = 1.07 \text{ J}$


Here,  $x = L \cos 60^\circ$

$\therefore h = L - x = L(1 - \cos 60^\circ)$

$$= 1 \left(1 - \frac{1}{2}\right) = \frac{1}{2}$$



সাম্যাবস্থায়



02. পৃথিবী পৃষ্ঠে একটি সরল দোলকের দোলনকাল 2 sec। একে চন্দ্রপৃষ্ঠে নিলে এর দোলনকাল হয় 4.5 sec। পৃথিবীর ভর ও চন্দ্রের ভরের অনুপাত 81 হলে পৃথিবীর ব্যাসার্ধ ও চন্দ্রের ব্যাসার্ধের অনুপাত নির্ণয় কর। [11-12]

$$\text{Solve } T_c = 2\pi \sqrt{\frac{L}{g_c}}; T_m = 2\pi \sqrt{\frac{L}{g_m}}$$

$$\frac{T_c}{T_m} = \sqrt{\frac{g_m}{g_c}} = \sqrt{\frac{GM_m/R_m^2}{GM_c/R_c^2}} \Rightarrow \frac{T_c}{T_m} = \sqrt{\frac{M_m}{M_c} \frac{R_c}{R_m}}$$

$$\Rightarrow \frac{R_c}{R_m} \frac{T_c}{T_m} \sqrt{\frac{M_c}{M_m}} = \frac{2}{4.5} \times \sqrt{81} = \frac{2 \times 9}{4.5} = 4$$

$\therefore R_c/R_m = 4 : 1$  Ans.

03. যদি কোন স্থানে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 1m হয়, তবে যে দোলক সেই স্থানে প্রতি মিনিটে 20 বার দোল দেয়, তার দৈর্ঘ্য বের কর। [10-11]

$$\text{Solve } \text{জানি, } T_1 = 2\pi \sqrt{\frac{L_1}{g}}$$

$$T_2 = 2\pi \sqrt{\frac{L_2}{g}}$$

$$\therefore \frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}}$$

$$\therefore L_2 = L_1 \times \left(\frac{T_2}{T_1}\right)^2 = 1 \times \left(\frac{3}{2}\right)^2 = \frac{9}{4} \text{ m Ans.}$$

04. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য রাজশাহীতে 95cm এবং চট্টগ্রামে 100cm। কোন বস্তুর ওজন রাজশাহীতে 95gm-wt হলে, চট্টগ্রামে উহার ওজন কত? [09-10]

$$\text{Solve } \text{জানি, } \frac{W_C}{W_R} = \frac{L_C}{L_R} \left(\frac{g_C}{g_R}\right)$$

$$\Rightarrow W_C = W_R \times \frac{L_C}{L_R} = 95 \times \frac{100}{95} = 100 \text{ gm-wt Ans.}$$

05. একটি স্থির লিফটের মধ্যে রাখা একটি সরল দোলকের দোলনকাল T। যদি দোলকটি উপরের দিকে  $g/4$  ত্বরণ নিয়ে উঠে, তাহলে দোলকটির দোলনকাল কত হবে? [08-09]

$$\text{Solve } T = 2\pi \sqrt{\frac{L}{g}} \dots (i)$$

$$T' = 2\pi \sqrt{\frac{L}{g'}} = 2\pi \sqrt{\frac{L}{g + \frac{g}{4}}} = 2\pi \sqrt{\frac{4L}{5g}} \dots (ii)$$

$$(ii) + (i) \text{ হতে পাই, } \frac{T'}{T} = \sqrt{\frac{4}{5}} = \frac{2}{\sqrt{5}} \Rightarrow T' = \frac{2}{\sqrt{5}} T$$

$\therefore$  দোলকের দোলনকাল  $\frac{2}{\sqrt{5}}$  গুণ হবে। Ans.

06. সরল হ্রস্বিত গতি সম্পন্ন একটি কণার গতির সমীকরণ  $y = 20 \sin(\omega t + \delta)$ । এই গতির পর্যায়কাল 30 s এবং আনিসরণ 5 cm হলে কণাটির কোণিক কম্পাঙ্ক, আদি দশা ও 10 s পরের দশা নির্ণয় কর। [07-08]

**Solve** দেয়া আছে,  $y = 20 \sin(\omega t + \delta)$

$t = 0$  s এ,  $y = 5$  cm

$$\therefore 5 = 20 \sin(\omega \times 0 + \delta) \Rightarrow \sin \delta = \frac{5}{20} = 0.25$$

$$\therefore \delta = 14.477^\circ = \frac{14.477 \times 3.14}{180} = 0.2527 \text{ rad}$$

$$\therefore 10 \text{ s পরের দশা} = \omega t + \delta = \frac{2\pi}{T} t + \delta$$

$$= \frac{2 \times 3.14}{30} \times 10 + 0.2527 = 2.346 \text{ rad Ans.}$$

07. একটি সেকেন্ড পেতুলাম বিশিষ্ট ঘড়ি প্রতিদিন আধা মিনিট (30 sec) লম্বা করে। পেতুলামটি সঠিক সময় দিতে হলে ইহার সরল দোলকের দৈর্ঘ্যের পরিমাণ হ্রাস-বৃদ্ধি ঘটাতে হবে? ( $g = 980 \text{ cm/sec}^2$ )। [07-08]

$$\text{Solve } \text{We know, } \frac{T_1}{T_2} = \frac{86400 + h}{86400}$$

$$\Rightarrow \sqrt{\frac{L_1}{L_2}} = \frac{86400 + 30}{86400} = \frac{86430}{86400} \Rightarrow \frac{L_1}{L_2} = 1.0006945$$

$$\Rightarrow L_1 = 1.0006945 L_2 \Rightarrow L_1 = L_2 + 0.0006945 L_2$$

$\therefore$  দৈর্ঘ্য বাড়াতে হবে 0.0006945 গুণ বা 0.06945% Ans.

08. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য ঢাকায় 100 cm এবং রাজশাহীতে 96 cm। কোন বস্তুর ওজন রাজশাহী থেকে ঢাকায় নিলে এর ওজন কতগুণ বাড়বে? [06-07]

$$\text{Solve } \frac{g_R}{g_D} = \frac{L_R}{L_D} = \frac{W_R}{W_D} \Rightarrow \frac{W_R}{W_D} = \frac{96}{100}$$

$$\Rightarrow \frac{W_D}{W_R} = \frac{100}{96} = \frac{25}{24} = 1 + \frac{1}{24}$$

$$\therefore W_D = W_R + \frac{1}{24} W_R$$

$\therefore$  ওজন  $\frac{1}{24}$  গুণ বাড়বে। Ans.

09. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 225% বাড়ালে এর দোলনকাল কত হবে? [06-07]

$$\text{Solve } \frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}}$$

$$\Rightarrow T_2 = T_1 \sqrt{\frac{L_2}{L_1}} = T_1 \sqrt{\frac{L + 2.25L}{L}} = T_1 \sqrt{3.25} = 2 \times \sqrt{3.25}$$

$\therefore T_2 = 3.6 \text{ s Ans.}$



10. একটি সেকেন্ড দোলক ভূপৃষ্ঠে সঠিক সময় দেয়। চন্দ্রে নিয়ে গেলে এর দোলনকাল কত হবে? পৃথিবীর ভর চন্দ্রের ভরের 81 গুণ এবং পৃথিবীর ব্যাসার্ধ চন্দ্রের ব্যাসার্ধের 4 গুণ। পৃথিবীতে কত সময় অতিক্রম হলে চন্দ্রে দোলকটি 1 ঘণ্টা দেখাবে? দোলকটিকে a. সমবেগে চলন্ত লিফটে নিলে, b. ঘূর্ণায়মান কৃত্রিম উপগ্রহের অভ্যন্তরে নিলে এবং c. পৃথিবীর কেন্দ্রে নিলে কি হবে? [05-06]

**Solve**  $\frac{T_m}{T_e} = \sqrt{\frac{g_e}{g_m}}$   
 $\Rightarrow \frac{T_m}{T_e} = \sqrt{\frac{M_e R_m^2}{R_e^2 M_m}} = \sqrt{\frac{81 M_m R_m^2}{(4 R_e)^2 M_m}} = \sqrt{\frac{81}{16}} = \frac{9}{4}$   
 $\Rightarrow T_m = \frac{9}{4} \times T_e = \frac{9}{4} \times 2 = 4.5 \text{ s}$  **Ans.**

- a. সমবেগে চলন্ত লিফটে নিলে দোলনকাল অপরিবর্তিত থাকবে।  
 b. ঘূর্ণায়মান কৃত্রিম উপগ্রহে নিতে গেলে দোলনকাল অসীম হবে।

কারণ,  $T = 2\pi \sqrt{\frac{L}{g-g}}$   $\rightarrow \infty$

- c. পৃথিবীর কেন্দ্রে দোলনকাল অসীম হবে। কারণ,  $T = 2\pi \sqrt{\frac{L}{0}} = \infty$

11. তাপের ফলে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য এমনভাবে বৃদ্ধি পেল যে দোলনকাল পরিবর্তিত হয়ে 2.01 sec হলো। পরিবর্তিত অবস্থায় দোলকটি ঘণ্টায় কত ঘুরে যাবে? [04-05]

**Solve**  $\frac{T'}{T} = \frac{3600}{3600-x} \Rightarrow \frac{2.041}{2} = \frac{3600}{3600-x}$   $T' = 2.041 \text{ s}$   
 $T = 2 \text{ s}$   
 $x = ?$   
 $\therefore x = 72.32 \text{ s}$  **Ans.**

12. একটি বস্তুর সরল ছন্দিত গতি  $x = 10 \cos(5\pi t + \pi/4) \text{ m}$  সমীকরণের সাহায্যে প্রকাশ করা যায়।  $t = 2 \text{ s}$  সময়ে উক্ত বস্তুর (ক) সরণ (খ) বেগ ও (গ) ত্বরণ নির্ণয় কর। [03-04]

**Solve** (ক) সরণ,  $x = 10 \cos(10\pi + \pi/4) = -7.07 \text{ m}$  **Ans.**

(খ) বেগ,  $v = \frac{dx}{dt} = -10 \times 5\pi \sin(5\pi t + \pi/4)$   
 $t = 2 \text{ s}$  হলে,  $v = 111.07 \text{ ms}^{-1}$  **Ans.**

(গ) ত্বরণ,  $a = \frac{dv}{dt} = -10 \times (5\pi)^2 \cos(5\pi t + \pi/4)$   
 $t = 2 \text{ sec}$  হলে,  $a = 1744.71 \text{ ms}^{-2}$  **Ans.**

13. পৃথিবী পৃষ্ঠে একটি সরল দোলকের দোলনকাল 2 s। একে চন্দ্রপৃষ্ঠে নিলে এর দোলনকাল হয় 4.5 s। পৃথিবীর ভর ও চন্দ্রের ভরের অনুপাত 81 হলে পৃথিবীর ব্যাসার্ধ ও চন্দ্রের ব্যাসার্ধের অনুপাত নির্ণয় কর। [03-04]

**Solve**  $\frac{T_m}{T_e} = \sqrt{\frac{g_e}{g_m}} = \sqrt{\frac{M_e}{M_m} \times \frac{R_m^2}{R_e^2}}$   
 $\Rightarrow \frac{R_e}{R_m} = \sqrt{\frac{M_e}{M_m} \times \frac{T_e^2}{T_m^2}} = \sqrt{\frac{81 \times 4}{4.5^2}} = 4$  **Ans.**

### MCQ Part

BUET এর বিপত প্রশ্নাবলি | শর্ট টেকনিকের সাহায্যে সমাধান।

01. একটি ঘড়ির সেকেন্ডের কাঁটার কৌণিক কম্পাঙ্ক হবে- [13-14]  
 A. 1.0 rev/s B. 0.5 rev/s C. 0.017 rev/s D. 60.0 rev/s

**Ans C Solve** সেকেন্ডের কাঁটার কৌণিক কম্পাঙ্ক  $\omega = \frac{1}{60} \text{ rev/s}$   
 $= 0.017 \text{ rev/s}$

02. একটি বস্তুর 4 cm বিস্তারে সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন করছে। সাম্যবস্থা থেকে কত দূরত্বে বস্তুর গতিশক্তি ও স্থিতিশক্তি সমান হবে? [13-14]

- A.  $\sqrt{2} \text{ cm}$  B.  $2\sqrt{2} \text{ cm}$  C. 2 cm D. 1 cm

**Ans B Solve**  $A = 4 \text{ cm}$   
 শর্তমতে,  $\frac{1}{2} kx^2 = \frac{1}{2} k(A^2 - x^2)$   
 $\Rightarrow x^2 = A^2 - x^2 \Rightarrow x^2 = \frac{A^2}{2} \therefore x = \frac{A}{\sqrt{2}} = \frac{4}{\sqrt{2}} = 2\sqrt{2} \text{ cm}$

03. একটি বস্তুর  $x = 2 \cos(50t)$  অনুসারে সরল ছন্দিত গতিতে দুলছে, যেখানে x এর পরিমাপ মিটারে এবং t এর পরিমাপ সেকেন্ডে। ইহার সর্বোচ্চ বেগ  $\text{ms}^{-1}$  এককে হবে- [12-13]

- A.  $100 \sin(50t)$  B.  $100 \cos(50t)$  C. 100 D. 200

**Ans C Solve**  $V_{\max} = \omega A = 50 \times 2 = 100$

04. কোন কম্পাঙ্কের সরল দোলনগতির ত্বরণ a, এবং সরল x-এর সম্পর্কটি  $a = -\omega^2 x$  সমীকরণের সাথে সম্পর্কিত? [11-12]

- A.  $\omega$  B.  $2\pi\omega$  C.  $\frac{\omega}{2\pi}$  D.  $\frac{2\pi}{\omega}$

**Ans C Solve**  $\omega = 2\pi f \therefore f = \frac{\omega}{2\pi}$

05. মহাকাশে একজন নভোচারীর কাছে একটি সরল দোলকের দোলনকাল হবে- [11-12]

- A. 84.6 min B. 2 sec C.  $\infty$  D. 0

**Ans C Solve**  $T = 2\pi \sqrt{\frac{L}{g}} \therefore g = 0 \therefore T = \infty$

06. L দৈর্ঘ্য ও K শিথল স্প্রিংক বিশিষ্ট একটি শিথল কে কেটে সমান চার টুকরা করা হলে, প্রতি টুকরা শিথলটির শিথল স্প্রিংক হবে- [10-11]

- A.  $\frac{K}{4}$  B.  $\frac{K}{2}$  C. 2K D. 4K

**Ans D Solve** শিথলকে কেটে সমান হত টুকরা করা হয়, শিথল স্প্রিংক প্রতি টুকরার ক্ষেত্রে অর্ধগুণ হয়।  $\therefore$  শিথল স্প্রিংক - 4K

07. একটি শিথল বল (স্প্রিংক K) কে কেটে দুই অংশে এমনভাবে ভাগ করা হলো যে একটির দৈর্ঘ্য অপরটির দ্বিগুন। অধিকতর লম্বা শিথলটির স্প্রিংক বলের মান কত? [BUET 09-10]

- A.  $\frac{2}{3} K$  B.  $\frac{3}{2} K$  C. 3K D. 2K

**Ans B Solve**

08. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 25.6% বৃদ্ধি করা হলো। এর দোলনকালের বৃদ্ধি হবে: [09-10]

- A. 12% B. 24% C. 5% D. 50%

**Ans A Solve**  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}}$

$\Rightarrow \frac{T_1}{T_2} = \sqrt{\frac{L}{L + L \times 25.6\%}} = \sqrt{\frac{L}{L + \frac{25.6L}{100}}} = \sqrt{\frac{100L}{125.6L}}$

$\Rightarrow \frac{T_1}{T_2} = \sqrt{\frac{100}{125.6}} \Rightarrow \frac{T_2}{T_1} = 1.12$

$\Rightarrow T_2 = T_1 + 0.12T_1 = T_1 + T_1 \times 12\%$

09. সরল ছন্দিত স্পন্দনের কোন বস্তুর সরণ ও গতির মধ্যে দশার পার্থক্য হবে- [07-08]

- A.  $\frac{\pi}{2}$  B.  $\pi$  C. 0 D.  $-\frac{\pi}{2}$

**Ans A Solve** সরল ছন্দিত স্পন্দনের কোন বস্তুর সরণ ও গতির মধ্যে দশার পার্থক্য  $\frac{\pi}{2}$



10. সরল ছন্দিত স্পন্দিত কোন বস্তুর সাম্যাবস্থা থেকে  $x$  দূরত্বে স্থিতি শক্তি নিচের কোনটির সমানুপাতিক? [06-07]

A.  $\sqrt{x}$  B.  $x$  C.  $x^2$  D.  $x^3$

**Ans C Solve**  $u = \frac{1}{2} kx^2 \therefore u \propto x^2$

11. কোন দোলক ঘড়িকে পাহাড়ের চূড়ায় নিয়ে গেলে কি ঘটবে? [06-07]

A. সময় লাভ করবে B. সময় হারাতে  
C. সময় একই থাকবে D. ঘড়িটি বন্ধ হয়ে যাবে

**Ans B Solve**  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$  সুতরাং  $g$  কমলে  $T$  বাড়ে।  $\therefore$  সময় হারাতে।

12. গুজন কুলানোর জন্য যদি কোন একটি স্প্রিং (বল ধ্রুবক =  $K$ ) এর দৈর্ঘ্য  $x$  পরিমাণ বৃদ্ধি পায়, তবে স্প্রিং এ সঞ্চিত শক্তির পরিমাণ হবে- (স্প্রিং এর উপর প্রত্যায়নী বল হল  $T$ ) [06-07]

A.  $\frac{T^2}{2x}$  B.  $\frac{T^2}{2K}$  C.  $\frac{2T^2}{K}$  D.  $\frac{2K}{T^2}$

**Ans B Solve** প্রত্যায়নী বল,  $T = Kx$

$\therefore u = \frac{1}{2} k \left(\frac{T}{K}\right)^2 = \frac{T^2}{2K}$  এখানে,  $u = \frac{1}{2} kx^2$

13. কোন ব্যক্তি একটি স্থির লিফটের ভিতরে একটি সরল দোলকের পর্যায়কাল পান  $T$ । যদি লিফটটি  $g/3$  ত্বরণে উপরে উঠতে থাকে তাহলে পর্যায়কাল হবে- [05-06]

A.  $\sqrt{3}T$  B.  $\frac{\sqrt{3}}{2}T$  C.  $\frac{T}{\sqrt{3}}$  D.  $\frac{T}{3}$

**Ans B Solve**  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{g_2}{g_1}}$

$\Rightarrow \frac{T_1}{T_2} = \sqrt{\frac{g + \frac{g}{3}}{g}} = \sqrt{\frac{4}{3}} = \frac{2}{\sqrt{3}}$

$\therefore T_2 = \frac{\sqrt{3}}{2} T_1 \therefore T_2 = \frac{\sqrt{3}}{2} T$

### KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি সরল দোলকের দোলনকাল 50% বৃদ্ধি করতে এর কার্যকরী দৈর্ঘ্য কতগুণ বাড়তে হবে? [17-18]

A. 1.25 গুণ B. 1.52 গুণ C. 1.35 গুণ  
D. 1.53 গুণ E. 1.75 গুণ

**Ans A Solve**  $\frac{\sqrt{L'}}{\sqrt{L}} = 1.5 \therefore L' = 2.25L$

বাড়তে হবে 1.25 গুণ।

02. সরল ছন্দিত গতিসম্পন্ন একটি বস্তুর বিস্তার 0.01m এবং কম্পাঙ্ক 12Hz। বস্তুর সরণ  $5 \times 10^{-3}$ m হলে, এর গতিবেগ কত? [17-18]

A. 0.755m/s B. 65.3cm/s C. 6.52m/s  
D. 66.22cm/s E. 0.564m/s

**Ans B Solve**  $v = \omega \sqrt{A^2 - x^2}$

$= 2\pi \times 12 \sqrt{(0.01)^2 - (5 \times 10^{-3})^2} = 0.653 \text{ ms}^{-1}$

03. 50 gm ভর বিশিষ্ট একটি বস্তুর 3m দীর্ঘ সূতার সাহায্যে কৃত্রিম পথে ঘুরানো হচ্ছে। বস্তুর 5 সেকেন্ডে 20 টি পূর্ণ আবর্তন করলে সূতার টান কত? [16-17]

A. 0.947 N B. 9.47 N C. 20 N  
D. 50 N E. 94.75 N

**Ans A Solve**  $\omega = 2\pi n = 2\pi \times \frac{20}{5} = 8\pi \text{ rad/s}$

$F = m \omega^2 r = 50 \times 10^{-3} \times (8\pi)^2 \times 3 = 94.75 \text{ N}$

04. সরল ছন্দিত গতি সম্পন্নকারী কোন কণার সর্বোচ্চ বেগ 0.02 m/s কণাটির বিস্তার 5 mm হলে কণাটির পর্যায়কাল নির্ণয় কর। [16-17]

A. 1.26 sec. B. 1.36 sec. C. 1.48 sec.  
D. 1.52 sec. E. 1.57 sec.

**Ans E Solve**  $v_{\max} = \omega A \Rightarrow \omega = \frac{0.02}{5 \times 10^{-3}} = 4$

$T = \frac{2\pi}{\omega} = \frac{2\pi}{4} = 1.57 \text{ sec}$

05. যদি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 22.5% বাড়ানো হয়, তাহলে দোলনকাল কত হবে? [13-14]

A. 3.6 s B. 2.21 s C. 3.6 min  
D. 2.21 min E. 2.5 s

**Ans B Solve**  $T_2 = \sqrt{\frac{L_2}{L_1}} \times T_1 = \sqrt{\frac{122.5}{100}} \times 2 = 2.21 \text{ s}$

06. একটি সেকেন্ড দোলক এর দৈর্ঘ্য তিনগুণ বৃদ্ধি করলে দোলনকাল কত হবে? [12-13]

A. 4 s B. 5 s C. 6 s D. 16 s E. 25 s

**Ans A Solve**  $T - T' \sqrt{4} = 2 \times \sqrt{4} = 4 \text{ sec}$

07. কোন সরল ছন্দিত স্পন্দন গতিসম্পন্ন কণার বিস্তার 3 cm এবং সর্বোচ্চ বেগ 6.24 cm s<sup>-1</sup> হলে, কণাটির পর্যায়কাল কত? [11-12]

A. 5s B. 1s C. 3s D. 6s E. 4s

**Ans C Solve**  $v_{\max} = \omega A \Rightarrow 6.24 = \frac{2\pi}{T} \times 3 \therefore T = 3\text{s}$

08. সরল ছন্দিত গতিতে চলমান একটি বস্তুর বিস্তার 15 cm এবং কম্পাঙ্ক 4 Hz। বস্তুর সর্বোচ্চ ত্বরণ কত? [09-10]

A. 94.75mm/sec<sup>2</sup> B. 94.75m/sec<sup>2</sup> C. 94.75cm/sec<sup>2</sup>  
D. -94.75cm/sec<sup>2</sup> E. -94.65m/sec<sup>2</sup>

**Ans E Solve**

$a_{\max} = -\omega^2 A = -(2\pi f)^2 A = -(2 \times 3.14 \times 4)^2 \times 0.15 = -94.65 \text{ ms}^{-2}$

09. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য দ্বিগুণ করা হলে এর দোলনকাল কত হবে? [08-09]

A. 2 B.  $2\sqrt{2}$  C. 4 D.  $\sqrt{2}$  E.  $4\sqrt{2}$

**Ans B Solve**  $\frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}} \Rightarrow \frac{T_2}{2} = \sqrt{2} \therefore T_2 = 2\sqrt{2}$

10. সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত একটি কণার সর্বোচ্চ ত্বরণ 8π m/s<sup>2</sup> এবং সর্বোচ্চ দ্রুতি 1.6 m/s কণাটির পর্যায়কাল নির্ণয় কর। [07-08]

A. π sec B. 4 sec C. 0.4 sec D. 0.04 sec E. 40 sec

**Ans C Solve**  $a_{\max} = \omega^2 A = 8\pi \text{ m/s}^2$  এবং  $v_{\max} = \omega A = 1.6 \text{ m/s}$

$\therefore \frac{a_{\max}}{v_{\max}} = \frac{\omega^2 A}{\omega A} = \omega = \frac{8\pi}{1.6} \therefore \frac{2\pi}{T} = \frac{8\pi}{1.6} \therefore T = 0.4 \text{ sec}$

11. একটি সেকেন্ড দোলক ভূ-পৃষ্ঠে সঠিক সময় দেয়। চন্দ্রে নিয়ে গেলে এর দোলনকাল কত হবে? [পৃথিবীর ব্যাসার্ধ চন্দ্রের ব্যাসার্ধের 4 গুণ এবং পৃথিবীর ভর চন্দ্রের ভরের 81 গুণ] [07-08]

A. 5.4 sec B. 4.5 sec C. 2.25 sec D. 22.5 sec E. 3.5 sec

**Ans B Solve**  $\frac{T_c}{T_m} = \sqrt{\frac{g_m}{g_e}} = \sqrt{\frac{M_m R_e^2}{R_m^2 M_e}} = \sqrt{\frac{M_m (4R_m)^2}{R_m^2 81M_e}}$

$= \sqrt{\frac{16}{81}} = \frac{4}{9} \Rightarrow \frac{T_c}{T_m} = \frac{4}{9} \therefore T_m = 4.5 \text{ s}$



12. একটি সরল দোলকের দৈর্ঘ্য অপরিষ্কার বিভণ। দ্বিতীয় সরল দোলকের দোলনকাল 3 sec হলে প্রথমটির দোলনকাল হবে- [06-07]  
 A. 4.24 sec B. 4.54 sec C. 5.54 sec  
 D. 5.0 sec E. 5.24 sec

**Ans A Solve**  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} = \sqrt{\frac{2L}{L}} = \sqrt{2} \therefore T_1 = 3\sqrt{2}s$

13. একটি সরল দোলকের পর্যায়কাল বিণ্ডন করতে হলে এর দৈর্ঘ্য অবশ্যই- [05-06]  
 A. 1/3 কমাতে হবে B. 1/2 কমাতে হবে  
 C. 2 গুণ বাড়াতে হবে D. 4 গুণ বাড়াতে হবে

**Ans D Solve**  $\left[\frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}} \Rightarrow \frac{2T}{T} = \sqrt{\frac{L_2}{L_1}} \Rightarrow \frac{L_2}{L_1} = 4 \therefore L_2 = 4L_1\right]$

**CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. একটি দোলকের দোলনকাল 2 sec এর বেশী। ফলে তা দৈনিক 20 sec ধীরে চলে। এর দৈর্ঘ্য কত পরিবর্তন করলে ঠিক 2 sec দোলনকালে চলেবে? [15-16; 10-11]  
 A. 20% B. 199% C. 0.046% D. 200%

**Ans C Solve** দোলন কাল =  $\left(\frac{86400 \times 2}{86380}\right)s \Rightarrow T = 2.000463s$

আমরা জানি,  $T \propto \sqrt{L}$

$\therefore \frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} \Rightarrow \frac{L_2}{L_1} = \left(\frac{2}{2.000463}\right)^2$   
 $\Rightarrow L_2 = 0.99953 \times L_1 \Rightarrow L_2 = (1 - 0.00046)L_1$   
 $\therefore 0.046\%$

02. একটি সরল দোলকের দোলনকাল T। দোলকটিকে উপর দিকে g/3 সমত্বরণে উঠতে থাকা লিফটের ভিতর নেওয়া হলে দোলনকাল কত হবে? [12-13]  
 A.  $\sqrt{2} T$  B.  $\frac{2}{\sqrt{3}} T$  C.  $\frac{\sqrt{3}}{2} T$  D. None

**Ans C Solve**  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{g_1}{g_2}} = \sqrt{\frac{g}{g + \frac{g}{3}}} \Rightarrow \frac{T_2}{T} = \sqrt{\frac{g}{\frac{4}{3}g}} = \frac{\sqrt{3}}{2}$

$\Rightarrow T_2 = \frac{\sqrt{3}}{2} T$

03. কোন একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য যদি 1.69 গুণ বৃদ্ধি করা যায়, তাহলে এর দোলনকাল কত হবে? [11-12]  
 A. 2.6 sec B. 1.3 sec C. 3.38 sec D. None of these

**Ans D Solve**  $T_2 = T_1 \times \sqrt{\frac{1+1.69}{1}} = 2 \times \sqrt{2.69} = 3.28s$

**RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. ধরি দুইটি সরল দোলক A এবং B। যদি A এর দৈর্ঘ্য B এর বিণ্ডন এবং B এর দোলনকাল 3s হয় তবে A এর দোলনকাল কত? [13-14]  
 A. 5.24 s B. 4.24 s C. 4.55 s  
 D. 3.45 s E. None

**Ans B Solve**  $T_A = \sqrt{\frac{L_A}{L_B}} \times T_B = \sqrt{2} \times 3 = 4.24s$

02. একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য নির্ণয় কর। [11-12]  
 A. 1.5m B. 2m C. 1m D. 3m E. 2.5m

**Ans C Solve**  $g = 4\pi^2 \frac{L}{T^2} \therefore L = \frac{gT^2}{4\pi^2} = \frac{9.8 \times 2^2}{4 \times 9.86} \approx 1m$

03. কুমিল্লায় অবস্থিত একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য রাজশাহীতে অবস্থিত দোলকের চেয়ে 10% বেশী হলে, কোন বস্তকে রাজশাহী থেকে কুমিল্লা নেয়া হলে তার গজন কত হবে? [10-11]  
 A. 10% বেশী B. 10% কম C. সমান থাকবে  
 D. 10 1/2 কম E. 10 1/2 বেশী

 $\therefore \% \text{ given out} = \frac{V_2 - V_1}{V_1} \times 100 = \frac{8.2}{480} \times 100 = 1.71\%$

04. একটি সিলিন্ডারে রক্ষিত অক্সিজেন গ্যাস-এর আয়তন  $1 \times 10^{-3} \text{ m}^3$ । তাপমাত্রা  $300 \text{ K}$  এবং চাপ  $2.5 \times 10^5 \text{ Nm}^{-2}$ । তাপমাত্রা স্থির রেখে কিছু অক্সিজেন বের করে নেয়া হল। ফলে চাপ কমে  $1.3 \times 10^5 \text{ Nm}^{-2}$  হয়। ব্যবহৃত অক্সিজেন-এর ভর নির্ণয় কর? [11-12]  
 A.  $0.18 \text{ Kg}$  B.  $0.015 \text{ Kg}$  C.  $0.018 \text{ Kg}$  D. None of these

**Ans B Solve**  $\frac{V_1 P_1}{T_1} = \frac{V_2 P_2}{T_2}$   
 $\Rightarrow V_2 = \frac{V_1 P_1 T_2}{P_2 T_1} = \frac{10^{-3} \times 2.5 \times 10^5 \times T}{1.3 \times 10^5 \times T} = 0.01923 \text{ m}^3$   
 $\therefore \Delta V = V_2 - V_1 = 0.01923 - 10^{-3} = 9.23 \times 10^{-5} \text{ m}^3$   
 Now,  $PV = \frac{m}{M} RT$   
 $m = \frac{MPV}{RT} = \frac{1.3 \times 10^5 \times 9.23 \times 10^{-5} \times 32 \times 10^{-3}}{8.316 \times 300} = 0.015 \text{ kg}$



05. কোন গ্যাস অণুর ব্যাস  $2 \times 10^{-8}$  cm এবং প্রতি ঘন সেন্টিমিটারে অণুর সংখ্যা  $3 \times 10^{20}$  হলে অণুর গড় মুক্ত পথ কত হবে? [09-10]

- A.  $5.30 \times 10^{-14}$  cm      B.  $2.65 \times 10^{-6}$  cm  
C.  $1.76 \times 10^{-31}$  cm      D. None of them

**Ans B Solve**  $\lambda = \frac{1}{n\sigma^2 \pi} = \frac{1}{3 \times 10^{20} \times \pi \times (2 \times 10^{-8})^2}$   
 $= 2.65 \times 10^{-6}$  cm

### RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি গ্যাসের অণুর ব্যাসার্ধ  $3.5 \times 10^{-10}$  m এবং প্রতি ঘন সেন্টিমিটারে অণুর সংখ্যা  $2.69 \times 10^{19}$ । অণুর গড় মুক্ত পথ কত? [14-15]

- A.  $2.42 \times 10^{-8}$  m      B.  $2.42 \times 10^{-6}$  m      C.  $4.22 \times 10^{-8}$  m  
D.  $4.22 \times 10^{-6}$  m      E. None

**Ans A Solve**  $\lambda = \frac{1}{n\sigma^2 \pi}$   
 $= \frac{1}{2.69 \times 10^{19} \times 3.1416 \times (2 \times 3.5 \times 10^{-10})^2}$   
 $= 2.41 \times 10^{-8}$  cm =  $2.41 \times 10^{-8}$  m

02. পিটিন-সিগিভারের ভিতর আবদ্ধ আণবিক তাপমাত্রা ও চাপের শুদ্ধ সঙ্কুচিত করে এর আয়তনের অর্ধেক করা হলো। যদি তাপমাত্রা অপরিবর্তিত থাকে, তবে চূড়ান্ত চাপ কত হবে? [14-15]

- A.  $2.026 \times 10^5$  Nm<sup>-2</sup>      B.  $4.12 \times 10^5$  Nm<sup>-2</sup>      C.  $8.16 \times 10^5$  Nm<sup>-2</sup>  
D.  $10.026 \times 10^5$  Nm<sup>-2</sup>      E. None

**Ans D Solve**  $P_1 V_1 = P_2 V_2 \Rightarrow 101325 \times V = P_2 \times \frac{V}{2}$   
 $\Rightarrow P_2 = 202650 = 2.026 \times 10^5$  Nm<sup>-2</sup>

03. চাপ স্থির রেখে  $27^\circ\text{C}$  তাপমাত্রার কোন নির্দিষ্ট ভরের গ্যাসকে কত তাপমাত্রায় এর আয়তন দ্বিগুন হবে? [13-14]

- A. 150 K      B. 300 K      C. 600 K  
D. 900 K      E. None

**Ans C Solve**  $T_2 = \frac{V_2}{V_1} \times T_1 = 2 \times 300 \text{ K} = 600 \text{ K}$

04. সার্বজনীন গ্যাস ধ্রুবকের মান কত? [12-13]

- A.  $R = 8.314$  J/k/mol      B.  $R = 8.314$  J/k  
C.  $R = 8.314$  J/mol      D.  $R = 8.314$  kJ/mol  
E. None

**Ans. A**

05. একটি পাত্রে  $0^\circ\text{C}$  তাপমাত্রায় কিছু গ্যাস রক্ষিত আছে। কত তাপমাত্রায় গ্যাসের চাপ  $0^\circ\text{C}$  তাপমাত্রার চাপের এক-তৃতীয়াংশ হবে? [11-12]

- A. 91K      B. 81K      C. 73K  
D. 83K      E. 71K

**Ans A Solve**  $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2} \Rightarrow \frac{3P_2}{273} = \frac{P_1}{T_2} \therefore T_2 = 91\text{K}$

06. বায়ুর আপেক্ষিক আর্দ্রতা কম হলে বাষ্পায়ন- [10-11]

- A. তাড়াতাড়ি হবে      B. ধীরে হবে      C. একই থাকবে  
D. কোনটিই নহে      E. পরম হবে

**Ans. A**

07.  $0^\circ\text{C}$  তাপমাত্রায় কোন গ্যাসের চাপ  $3 \times 10^5$  Pa হলে  $60^\circ\text{C}$  তাপমাত্রায় এর চাপ কত হবে? [09-10]

- A.  $4.66 \times 10^5$  Pa      B.  $3.66 \times 10^5$  Pa      C.  $4.66 \times 10^4$  Pa  
D.  $5.67 \times 10^5$  Pa      E. None

**Ans B Solve**  $\frac{P_2}{T_2} = \frac{P_1}{T_1} \Rightarrow P_2 = \frac{3 \times 10^5}{273} \times (273 + 60)$   
 $= 3.66 \times 10^5$  Pa

### SELF TEST [WRITTEN]

01. স্থির তাপমাত্রায়  $10^5$  Nm<sup>-2</sup> চাপে নির্দিষ্ট ভরের কিছু গ্যাসের আয়তন  $0.002\text{m}^3$ । ক)  $4 \times 10^5$  Nm<sup>-2</sup> চাপে গ্যাসটির আয়তন ও খ) কত চাপে গ্যাসটির আয়তন  $0.004\text{m}^3$  হবে নির্ণয় কর।  
[Sol. Type-1 Ans. ক)  $5 \times 10^{-7}\text{m}^3$  খ)  $5 \times 10^4$  Nm<sup>-2</sup>]
02. একজন ভুবুরী কোন বিশুদ্ধ পানির ক্রসে 20m গভীর পানিতে কাজ করার সময়  $0.000003\text{m}^3$  আয়তনের বাতাসের বুদবুদ উপরের দিকে প্রবাহিত হত বায়ুমণ্ডলের চাপ  $98 \times 10^3$  Nm<sup>-2</sup> হলে পানির উপরিতলে পৌঁছতে প্রতিটি বুদবুদের আয়তন কত হবে?      Ans.  $9 \times 10^{-6}\text{m}^3$
03. ত্রিপি অঁটা একটি বোতলে আণবিক চাপে  $27^\circ\text{C}$  তাপমাত্রায় কিছু গ্যাস আছে। বোতলের তাপমাত্রা  $67^\circ\text{C}$ -এ উত্তীর্ণ করলে গ্যাসের চাপ কত হবে? [Sol. Type-3 Ans.  $1.148 \times 10^5$  Nm<sup>-2</sup>]
04.  $1 \times 10^{-1}$  আয়তন বিশিষ্ট একটি সিগিভারে  $300\text{K}$  তাপমাত্রায় ও  $2.5 \times 10^5$  Nm<sup>-2</sup> চাপে অক্সিজেন ভর্তি করে রাখা হল। একই তাপমাত্রায় কিছু অক্সিজেন ব্যবহার করার পর চাপ  $1.3 \times 10^5$  Nm<sup>-2</sup> হল। ব্যবহৃত অক্সিজেনের পরিমাণ নির্ণয় কর। Ans. 15g
05.  $27^\circ\text{C}$  তাপমাত্রায় 3g নাইট্রোজেনের মোট গতিশক্তি নির্ণয় কর [নাইট্রোজেনের আণবিক ভর 28g]  
[Sol. Type-4 Ans. 400.66J]
06. আণবিক তাপমাত্রা ও চাপে কোন গ্যাসের ঘনত্ব  $0.0892$  kgm<sup>-3</sup> হলে এই গ্যাসের অণুগুলোর বর্গমূল গড় বর্গবেগ নির্ণয় কর।  
[Sol. Type-5 Ans.  $1.846 \times 10^4$  ms<sup>-1</sup>]
07.  $0^\circ\text{C}$  তাপমাত্রায় অক্সিজেনের মূল গড় বর্গবেগ কত? [অক্সিজেনের আণবিক ভর 32]  
[Sol. Type-5 Ans. 461 ms<sup>-1</sup>]
08. একটি গ্যাসের আণবিক ভর  $2 \times 10^{-26}$  kg তাপমাত্রায় এই গ্যাসের মূল গড় বর্গবেগ নির্ণয় কর। [Na =  $6.06 \times 10^{23}$ , K =  $1.38 \times 10^{23}$  Jk<sup>-1</sup>.mol<sup>-1</sup>]  
[Sol. Type-5 Ans.  $18.50 \times 10^3$  ms<sup>-1</sup>]
09. একটি গ্যাসে অণুগুলোর গড় মুক্তপথ  $2.2 \times 10^{-8}$  m ও আণবিক ব্যাস  $2 \times 10^{-10}$  m. প্রতি ঘনমিটারে অণুর সংখ্যা কত?  
[Sol. Type-6 Ans.  $2.6 \times 10^{26}$ ]
10. হৃদের তলদেশ থেকে পৃষ্ঠদেশে আসায় একটি বায়ুবুদবুদের ব্যাস দ্বিগুন হত হৃদের পৃষ্ঠে বায়ুমণ্ডলীয় চাপ  $10^5$  Nm<sup>-2</sup> হলে হৃদের গভীরতা নির্ণয় কর।  
[Sol. Type-7 Ans. 71.43m]
11. কোন স্থানে কোন একদিন বায়ুর তাপমাত্রা  $18^\circ\text{C}$  ও শিশিরাঙ্ক  $12^\circ\text{C}$ ।  $18^\circ\text{C}$  ও  $12^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পূর্ণ বাষ্পচাপ যথাক্রমে  $15.48 \times 10^{-3}$  m(Hg) ও  $10.52 \times 10^{-3}$  m(Hg)। ঐ দিনের আপেক্ষিক আর্দ্রতা কত?  
[Sol. Type-8 Ans. 67.95%]
12. কোন একদিনে শিশিরাঙ্ক  $7.5^\circ\text{C}$  এবং বায়ুর তাপমাত্রা  $18.5^\circ\text{C}$ । আপেক্ষিক আর্দ্রতা নির্ণয় কর। [ $7.5^\circ\text{C}$ ,  $18^\circ\text{C}$  এবং  $19^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পূর্ণ জলীয়বাষ্পচাপ যথাক্রমে  $7.79 \times 10^{-3}$  m(Hg),  $15.48 \times 10^{-3}$  m(Hg) এবং  $16.46 \times 10^{-3}$  m(Hg)]  
[Sol. Type-8 Ans. 48.9%]
13. একটি নির্দিষ্ট সময়ে শুষ্ক ও আর্দ্র বস্তুর হাইগ্রোমিটারের তাপমাত্রা যথাক্রমে  $26^\circ\text{C}$  ও  $21^\circ\text{C}$ । এই সময়ের আপেক্ষিক আর্দ্রতা কত? [ $17.55^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পূর্ণ বাষ্পচাপ  $11 \times 10^{-3}$  m(Hg);  $26^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পূর্ণ বাষ্পচাপ  $25.1 \times 10^{-3}$  m(Hg)]  
[Sol. Type-8 Ans. 43.82%]
14. বায়ুর তাপমাত্রা  $24^\circ\text{C}$  হ্রাস পেয়ে  $4^\circ\text{C}$  হলে, এই বায়ুতে বিদ্যমান জলীয় বাষ্পের ভরের কত ভগ্নাংশ ঘনীভূত হবে?  $24^\circ\text{C}$  তাপমাত্রায় বায়ুর আপেক্ষিক আর্দ্রতা ছিল 70% [ $24^\circ\text{C}$  ও  $4^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পূর্ণ জলীয়বাষ্প চাপ যথাক্রমে  $22.38 \times 10^{-3}$  m এবং  $6.10 \times 10^{-3}$  m পাতলবস্তুর চাপের সমান]  
[Sol. Type-9 Ans. 0.61]



**SELF TEST-01 [MCQ]**


01. একটি অক্সিজেন অণু এবং একটি হাইড্রোজেন অণুর একই তাপমাত্রা হলে, তাদের গড় গতিশক্তির অনুপাত কত হবে?

- A. 1 : 1                      B. 2 : 1  
C. 16 : 1                     D. 1 : 4

02. 27°C তাপমাত্রায় প্রতি কিলোগ্রাম মোল হিলিয়াম গ্যাসের গতিশক্তি নির্ণয় কর।

- A.  $6.24 \times 10^3 \text{ J}$                 B.  $1.66 \times 10^3 \text{ J}$   
C.  $3.74 \times 10^3 \text{ J}$                 D.  $1.66 \times 10^3 \text{ J}$

03. একটি আদর্শ এক পরমাণুক গ্যাসকে ABCDA চক্রপথে ঘুরিয়ে আনা হল। এই চক্রে সম্পন্ন কাজের পরিমাণ কত?



- A. zero                        B. PV  
C. 2PV                        D.  $\frac{PV}{2}$

04. 27°C এবং 227°C তাপমাত্রায় একটি গ্যাসের অণুসমূহের মূলগড় বর্গবেগের মানের অনুপাত = ?

- A.  $\sqrt{3} : \sqrt{2}$                     B.  $\sqrt{5} : \sqrt{2}$   
C.  $\sqrt{4} : \sqrt{3}$                     D.  $\sqrt{3} : \sqrt{5}$

**Hints**  $\frac{C_1}{C_2} = \sqrt{\frac{300}{500}}$

05. একটি গ্যাসের অণুসমূহের মূল গড় বর্গবেগ  $1260 \text{ ms}^{-1}$ । অণুসমূহের গড় বেগ—

- A.  $917 \text{ ms}^{-1}$                     B.  $1161 \text{ ms}^{-1}$   
C.  $1029 \text{ ms}^{-1}$                 D.  $1671 \text{ ms}^{-1}$

06. দুটি বস্তুর A ও B এর ঘনত্বের অনুপাত 3 : 4। আর্পেক্ষিক তাপের অনুপাত 2 : 3 এবং আয়তনের অনুপাত 4 : 5 তাপধারণক্ষমতার অনুপাত কত?

- A. 2 : 5                        B. 1 : 2                        C. 3 : 2                        D. 2 : 1

**Hints** তাপ ধারকত্ব -  $ms - V\rho s$

07. একটি পাত্রে T পরম তাপমাত্রায় n সংখ্যক অণু আছে। যদি পাত্রে অণুর সংখ্যা দ্বিগুণ করা হয় কিন্তু গড় গতিশক্তি অপরিবর্তিত থাকে, তবে গ্যাসের পরম তাপমাত্রা হবে—

- A. zero                        B. 2T                        C. T                        D.  $\frac{T}{2}$

**Hints**  $E_k = \frac{3}{2} kT$

08. স্থির চাপে একটি গ্যাসের আয়তন দ্বিগুণ হলে ঐ গ্যাসীয় অণুর গড় স্থানান্তরিত গতিশক্তি কত হবে?

- A. একই থাকবে                B. দ্বিগুণ হবে  
C. চতুর্গুণ হবে                    D.  $\sqrt{2}$  গুণ বৃদ্ধি পাবে

09.  $P_0$  চাপে কোন গ্যাসকে পাত্রে রাখা হল। যদি সেই অণুর ভরকে অর্ধেক এবং দ্রুতিকে দ্বিগুণ করা হয় তবে চূড়ান্ত চাপ কত হবে?

- A.  $4P_0$                         B.  $\frac{P_0}{2}$                         C.  $P_0$                         D.  $2P_0$

10. একটি সিলিন্ডারে n সংখ্যক গ্যাস অণু আছে। যদি গ্যাস অণুর সংখ্যা 2n বৃদ্ধি করা হয় তবে চাপ কত হবে?

- A. কমবে                        B. দ্বিগুণ হবে  
C. তিন গুণ হবে                    D. চার গুণ হবে

**Hints**  $PV = nRT$

11. কত তাপমাত্রায় হাইড্রোজেন অণুগুলি পৃথিবী পৃষ্ঠে হতে মুক্ত হবে? (হাইড্রোজেন অণুর ভর =  $0.34 \times 10^{-27} \text{ kg}$  এবং পৃথিবীর ব্যাসার্ধ =  $6.4 \times 10^6 \text{ m}$ )

- A. 10K                        B.  $10^3 \text{ K}$                         C.  $10^4 \text{ K}$                         D.  $10^5 \text{ K}$

12.  $\frac{PV}{T} = \text{ধ্রুবক}$ , এ সূত্রটি সত্য, যখন

- A. সমোষ্ণ পরিবর্তন হয়                B. রুদ্ধতাপ পরিবর্তন হয়  
C. A এবং B উভয়ই                    D. কোনটিই নয়।

13. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে কিছু শুষ্ক বাত্বকে ধ্রুব তাপমাত্রায় সংনমিত করে আয়তন অর্ধেক করা হল। চূড়ান্ত চাপ হবে—

- A.  $4.04 \times 10^4 \text{ Nm}^{-2}$                 B.  $0.02 \times 10^4 \text{ Nm}^{-2}$   
C.  $4.04 \times 10^3 \text{ Nm}^{-2}$                 D.  $2.02 \times 10^4 \text{ Nm}^{-2}$

14. একই তাপমাত্রায় দুটি ভিন্ন গ্যাসের অণুর rms বেগের অনুপাত হবে—

- A.  $\frac{v_1}{v_2} = \sqrt{\frac{m_2}{m_1}}$                     B.  $\frac{v_1}{v_2} = \sqrt{\frac{m_1}{m_2}}$   
C.  $\frac{v_1}{v_2} = \frac{m_1}{m_2}$                     D.  $\frac{v_1}{v_2} = \frac{m_2}{m_1}$

**Hints**  $\frac{v_1}{v_2} = \sqrt{\frac{M_2}{M_1}}$

15. আদর্শ গ্যাসের অণুর গড় গতিশক্তি

- A.  $\frac{1}{2} kT$                         B.  $\frac{3}{2} kT$                         C.  $\frac{1}{2} RT$                         D.  $\frac{3}{2} RT$

**Hints**  $E_k = \frac{3}{2} RT$

16. আদর্শ গ্যাসের একটি অণুর গড় গতিশক্তি

- A.  $\frac{1}{2} kT$                         B.  $\frac{3}{2} kT$                         C.  $\frac{1}{2} RT$                         D.  $\frac{3}{2} RT$

**Hints**  $E_k = \frac{3}{2} kT$

17. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে হাইড্রোজেন অণুর গড় মুক্তপথ প্রায়—

- A.  $10^{-9} \text{ m}$                         B.  $10^{-8} \text{ m}$   
C.  $10^{-7} \text{ m}$                         D.  $10^{-6} \text{ m}$

18. 0°C তাপমাত্রায় অক্সিজেনের মূল বর্গবেগ কত?

- A. 460.18m/s                    B. 461.18m/s                    C. 462.18m/s                    D. 463.18m/s

**Hints**  $C = \sqrt{\frac{3RT}{M}}$

19. বাস্তব গ্যাস বয়েলের সূত্র মেনে চলে—

- A. খুব উচ্চ তাপমাত্রায়                    B. খুব নিম্ন তাপমাত্রায়  
C. কম তাপমাত্রায়                        D. যে কোন তাপমাত্রায়

20. তিনটি অণুর বেগ যথাক্রমে 25, 30 ও 35m/s. এদের মূল গড় বর্গবেগ কত?

- A.  $30 \text{ ms}^{-1}$                         B.  $31 \text{ ms}^{-1}$                         C.  $30.276 \text{ ms}^{-1}$                     D.  $29.5 \text{ ms}^{-1}$

**Hints**  $c = \sqrt{\frac{c_1^2 + c_2^2 + c_3^2}{3}}$

**OMR**

01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)

**Answer**

20.C	19.A	18.B	17.C	16.B	15.D	14.A	13.D	12.A	11.D
10.C	09.D	08.B	07.D	06.A	05.C	04.D	03.B	02.B	01.A



## SELF TEST-02 [MCQ]

01. একটি গ্রহে বায়ুমণ্ডল থাকার শর্ত হলো (যখন  $v_{rms} =$  অণুসমূহের বর্গমূল গড় বর্গবেগ এবং  $v_e =$  মুক্তিবেগ)

A.  $v_{rms} \ll v_e$  B.  $v_{rms} > v_e$  C.  $v_{rms} = 0$  D.  $v_{rms} = v_e$

**Hints**  $v_{rms} \ll v_e$

02. 0 K তাপমাত্রায় নিম্নের কোনটি শূন্য হবে?

A. গতি শক্তি B. ঘনত্ব  
C. কম্পন শক্তি D. সুষ্প শক্তি

03. 8g অক্সিজেনের জন্য অবস্থার সমীকরণ-

A.  $PV = 8RT$  B.  $PV = \frac{RT}{4}$  C.  $PV = RT$  D.  $PV = \frac{RT}{2}$

**Hints**  $PV = nRT = \frac{8}{32} RT$

04. গ্যাস পাত্রের গ্যাসে চাপ দেয় কারণ-

A. নির্দিষ্ট আয়তন আছে B. ভরবেগ আছে  
C. গ্যাস সূত্রসমূহ মেনে চলে D. পরস্পরের সাথে সংঘর্ষ হয়

05. যখন বায়ুমণ্ডলে বায়ুর পরিমাণ বৃদ্ধি পায় তখন তাপমাত্রা-

A. কমে যাবে B. বাড়েবে C. একই থাকবে D. বলা যাবে না

06. নিচের কোনটি গড়মূলক পথের জন্য ম্যাক্সওয়েলের সমীকরণ?

A.  $\frac{1}{n\pi\sigma^2}$  B.  $\frac{1}{4n\pi\sigma^2}$  C.  $\frac{1}{\sqrt{2n\pi\sigma^2}}$  D. None

07. 27°C এর 22g CO<sub>2</sub>, 37°C এর 16g O<sub>2</sub>-এর সাথে মিশালে মিশ্রণের তাপমাত্রা-

A. 27°C B. 37°C C. 32°C D. 30.5°C

**Hints**  $n_1T_1 + n_2T_2 = nT$

08. CO<sub>2</sub> এর ত্রুষ্টি তাপমাত্রা 31.1°C, কক তাপমাত্রা 41°C হলে, একই ককে CO<sub>2</sub>-

A. বাষ্প B. গ্যাস  
C. গ্যাস অথবা বাষ্প উভয়ই D. গ্যাস অথবা বাষ্প কোনটিই নয়

09. কোন তাপমাত্রায় হাইড্রোজেনের মূল গড় বর্গবেগ সাধারণ চাপে ও তাপমাত্রায় মূল গড় বর্গবেগের দ্বিগুণ হবে?

A. 1093°C B. 1092°C C. 1092K D. 819K

**Hints**  $\frac{T_2}{T_1} = 4$

10. স্থির চাপে কত তাপমাত্রায় গ্যাসের আয়তন 0°C তাপমাত্রায় গ্যাসের আয়তনের দ্বিগুণ হবে?

A. 273K B. 546K C. 456°C D. A & C

**Hints**  $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$

11. 30°C তাপমাত্রায় O<sub>2</sub> এর মূলগড় বর্গবেগ নির্ণয় কর-

A.  $4.85 \times 10^2 \text{ms}^{-1}$  B.  $4.85 \times 10^1 \text{ms}^{-1}$   
C.  $4.85 \times 10^3 \text{ms}^{-1}$  D.  $4.85 \times 10^{-2} \text{ms}^{-1}$

**Hints**  $C = \sqrt{\frac{3RT}{M}}$

12. স্থির চাপে 27°C তাপমাত্রায় 200m<sup>3</sup> আয়তনের গ্যাসকে 327°C তাপমাত্রায় উত্তপ্ত করা হলো। গ্যাসটির আয়তন কত হবে?

A. 485m<sup>3</sup> B. 400m<sup>3</sup> C. 385m<sup>3</sup> D. 399m<sup>3</sup>

**Hints**  $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$

13. একটি বায়ুরোধী পাত্রে আর্দ্র গ্যাসকে 25°C থেকে 90°C এ উত্তপ্ত করলে গ্যাসটির ঘনত্ব-

A. সামান্য বাড়েবে B. সামান্য কমেবে  
C. একই থাকবে D. উপস্থাপ্য পরিমাণ বাড়েবে

**Hints** ঘনত্ব =  $\frac{\rho}{\text{আয়তন}}$


14. গ্যাসাণুর সংখ্যা হল-

A.  $PV/kT$  B.  $kT/PV$   
C.  $PV/RT$  D.  $RT/PV$

15. একটি গ্যাসের অণুগুলোর বর্গমূল গড় বর্গবেগ 1260ms<sup>-1</sup> অণুগুলোর গড়বেগ-

A. 1029ms<sup>-1</sup> B. 1161ms<sup>-1</sup>  
C. 1671ms<sup>-1</sup> D. 917ms<sup>-1</sup>

16. নিচের P-V লেখচিত্রের জন্য কোনটি সত্য?




A.  $T_1 = T_2$  B.  $T_1 < T_2$   
C.  $T_1 > T_2$  D. প্রথমে তাপমাত্রা বাড়ে এবং পরে কমে

17. নির্দিষ্ট তাপমাত্রায়, একটি গ্যাসের চাপ 5% বৃদ্ধি করলে, এর আয়তন হ্রাস পাবে-

A. 5% B. 5.26%  
C. 4.26% D. 4.76%

**Hints**  $P_1V_1 = P_2V_2$

18. নিচের P-T লেখচিত্র থেকে কোন সিদ্ধান্ত লেয়া যায়?



A.  $V_2 > V_1$  B.  $V_2 < V_1$   
C.  $V_2 = V_1$  D. None

19. শুষ্ক ও সিক্ত বাষ্পের মধ্যে অধিক পার্ণ্যতা নির্দেশ করে-

A. বৃহত্তর আপেক্ষিক আর্দ্রতা  
B. উচ্চ শিথির বিন্দু  
C. নিম্ন আপেক্ষিক আর্দ্রতা  
D. আপেক্ষিক আর্দ্রতা সম্পর্কিত কোন তথ্য নয়

20. একটি আদর্শ গ্যাসের চাপ P এবং এর একক আয়তনের গড় গতিশক্তি E এর মধ্যে সম্পর্ক-

A.  $P = \frac{E}{2}$  B.  $P = E$   
C.  $P = \frac{3E}{2}$  D.  $P = \frac{2E}{3}$

## OMR

01. (A)(B)(C)(D)	06. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	07. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	08. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	09. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)

## Answer

20.D	19.C	18.A	17.D	16.D	15.B	14.A	13.C	12.B	11.A
10.B	09.C	08.D	07.C	06.C	05.A	04.C	03.B	02.A	01.A



বুয়েট পদার্থবিজ্ঞান  
২য় পত্র



১ম অধ্যায়  
দ্বিতীয় পত্র

তাপগতিবিদ্যা  
(Thermodynamics)

তাপের কিছু গুরুত্বপূর্ণ অংশ এই অধ্যায়ে আলোচিত হয়েছে। তাপ পরিমাপ সম্পর্কিত এই অধ্যায়টি MCQ অংশের জন্য খুব গুরুত্বপূর্ণ।

এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- তাপমাত্রা বস্তুর একটি তাপীয় অবস্থা, যা ঐ বস্তু হতে অন্য বস্তুতে তাপের প্রবাহ নিয়ন্ত্রণ করে এবং তাপ প্রবাহের অভিমুখ নির্ধারণ করে।
- উষ্ণতামিতিক পদার্থ: যেসব পদার্থের উষ্ণতামিতিক ধর্ম ব্যবহার করে থার্মোমিটার তৈরি করা হয় তাদেরকে উষ্ণতামিতিক পদার্থ বলে। যেমন- কৈশিক নলে তরল (পাতল, অ্যালকোহল) শুষ্ক, স্থির আয়তনে বা চাপে গ্যাস ইত্যাদি।
- উষ্ণতামিতিক ধর্ম: তাপমাত্রা পরিমাপের উপযোগী পদার্থের যেসব ধর্ম কাজে লাগানো হয়। পদার্থের ঐ ধর্মগুলোকে উষ্ণতামিতিক ধর্ম বলে।

থার্মোমিটার	উষ্ণতামিতিক পদার্থ	উষ্ণতামিতিক ধর্ম	পরিসর
১. তরল পারদ থার্মোমিটার	কৈশিক নলে তরল শুষ্ক যেমন- পাতল, অ্যালকোহল	তরল স্তরের দৈর্ঘ্য	-30°C থেকে 300°C
২. স্থির আয়তন গ্যাস থার্মোমিটার	স্থির আয়তনে গ্যাস	গ্যাসের চাপ	-270°C থেকে 1500°C
৩. স্থির চাপে গ্যাস থার্মোমিটার	স্থির চাপে গ্যাস	গ্যাসের আয়তন	-270°C থেকে 1500°C
৪. রোধ থার্মোমিটার	প্রাচীনাম রোধ তার	পরিবাহীর রোধ	-200°C থেকে 1300°C
৫. থার্মোকাপল	দুটি ধাতব পদার্থের যুগল	তাপীয় তড়িচ্চালক শক্তি	-250°C থেকে 1500°C
৬. থার্মিস্টর	অর্ধপরিবাহক পদার্থ	অর্ধপরিবাহীর রোধ	-50°C থেকে 300°C
৭. বিকিরণ পাইরোমিটার	কৃষ্ণতায় পাত	উত্তপ্ত বস্তুর বিকিরণ	500°C এর উপরে

- তাপীয় সমতা (Thermal Equilibrium): স্থির তাপমাত্রার দুটি বস্তু পরস্পর তাপীয় সংস্পর্শে আসার পর যখন সম তাপমাত্রায় উপনীত হয়, তখন ঐ অবস্থাকে তাপীয় সমতা বলে।
- তাপ গতিবিদ্যার শূন্যতম সূত্র: "দুটি বস্তু যদি তৃতীয় কোন বস্তুর সাথে তাপীয় সাম্যাবস্থায় থাকে, তবে প্রত্যেক বস্তু দুটি পরস্পরের সাথে তাপীয় সাম্যাবস্থায় থাকবে।
- যে তাপমাত্রায় বিস্তৃত বরফ, বিস্তৃত পানি এবং সম্পৃক্ত জলীয়বাষ্প তাপগত সহাবস্থানে থাকে, তাকে পানির ত্রৈবিন্দু বলে। পানির ত্রৈবিন্দুর তাপমাত্রা হলো 273.16 K।
- নিম্ন স্থির বিন্দু (Lower Fixed Point): প্রমাণ চাপে যে তাপমাত্রায় বিস্তৃত বরফ পলাতে শুরু করে তাকে নিম্ন স্থির বিন্দু বা বরফ বিন্দু (Ice Point) বা গলনাঙ্ক (Melting Point) বলে। এর মান 0°C বা 273 K।
- উর্ধ্ব স্থির বিন্দু (Upper Fixed Point): প্রমাণ চাপে যে তাপমাত্রায় বিস্তৃত পানি জলীয় বাষ্পে পরিণত হতে শুরু করে তাকে উর্ধ্ব স্থির বিন্দু বা স্টিম বিন্দু (Steam Point) বা ফুটনাঙ্ক (Boiling Point) বলে। এর মান 100°C বা 373K। উর্ধ্ব স্থির বিন্দু ও নিম্ন স্থির বিন্দুর মধ্যবর্তী তাপমাত্রার ব্যবধানকে মৌলিক ব্যবধান বলে।
- উর্ধ্ব ও নিম্ন স্থির বিন্দুর সাপেক্ষে থার্মোমিটার মূল সমীকরণ,  

$$\theta = \frac{X_\theta - X_{ice}}{X_{steam} - X_{ice}} \times N$$

তাপমাত্রার বিভিন্ন স্কেল

১. সেলসিয়াস স্কেল: এ স্কেলে বরফ বিন্দুকে 0° এবং স্টিম বিন্দুকে 100° করে মৌলিক ব্যবধানকে সমান 100 ভাগে ভাগ করা হয়। সেলসিয়াস স্কেলের ক্ষেত্রে-

$$\theta = \frac{X_\theta - X_0}{X_{100} - X_0} \times 100^\circ \text{C}$$

i. পারদ থার্মোমিটার,  $\theta = \frac{l_\theta - l_0}{l_{100} - l_0} \times 100^\circ \text{C}$

এখানে উষ্ণতামিতিক ধর্ম হলো থার্মোমিটারে ব্যবহৃত পারদ স্তরের দৈর্ঘ্য  $l$ ।

ii. স্থির আয়তন গ্যাস থার্মোমিটারের ক্ষেত্রে,  $\theta = \frac{P_\theta - P_0}{P_{100} - P_0} \times 100^\circ \text{C}$

এখানে উষ্ণতামিতিক ধর্ম হলো, থার্মোমিটারে ব্যবহৃত গ্যাসের চাপ  $P$ ।

iii. স্থির চাপে গ্যাস থার্মোমিটারের ক্ষেত্রে,  $\theta = \frac{V_\theta - V_0}{V_{100} - V_0} \times 100^\circ \text{C}$

এখানে উষ্ণতামিতিক ধর্ম হলো থার্মোমিটারে ব্যবহৃত গ্যাসের আয়তন  $V$ ।

iv. রোধ থার্মোমিটারের ক্ষেত্রে,  $\theta = \frac{R_\theta - R_0}{R_{100} - R_0} \times 100^\circ \text{C}$

এখানে, উষ্ণতামিতিক ধর্ম হল পরিবাহীর রোধ  $R$ ।

v. তাপ তড়িৎ থার্মোমিটারের ক্ষেত্রে,  $\theta = \frac{E_\theta - E_0}{E_{100} - E_0} \times 100^\circ \text{C}$

এখানে, উষ্ণতামিতিক ধর্ম হলো তড়িচ্চালক শক্তি  $E$ ।

২. ফারেনহাইট স্কেল: এ স্কেলে বরফ বিন্দুকে 32° এবং স্টিম বিন্দুকে 212° করে মধ্যবর্তী মৌলিক ব্যবধানকে সমান 180 ভাগে ভাগ করা হয়।

ফারেনহাইট স্কেলের ক্ষেত্রে,  $\frac{\theta - 32^\circ \text{F}}{180^\circ \text{F}} = \frac{X_\theta - X_{ice}}{X_{steam} - X_{ice}}$

৩. কেলভিনের পরম তাপগতীয় স্কেল: -273.16° C তাপমাত্রাকে শূন্য করে তাপমাত্রার যে স্কেল নির্ধারণ করা হয় তাকে কেলভিনের পরম তাপগতীয় স্কেল বলে।

তাপমাত্রার বিভিন্ন স্কেলের তালিকা:

স্কেলের নাম	সংকেত	নিম্ন স্থিরাঙ্ক	উর্ধ্ব স্থিরাঙ্ক	মৌলিক ব্যবধান
সেলসিয়াস	C	0	100	100
ফারেনহাইট	F	32	212	180
কেলভিন	K	273.16	373.16	100
র্যাংকিন	R <sub>u</sub>	492	672	180
রোমার	R	0	80	80

পানির ত্রৈবিন্দু: 4.58 mm শরদ চাপে যে তাপমাত্রায় বিস্তৃত বরফ, পানি ও জলীয় বাষ্প একই তাপীয় সাম্যে থাকে তাকে পানির ত্রৈবিন্দু বলে।

একটি স্থির বিন্দু ব্যবহার করে তাপমাত্রা স্কেল নির্ধারণ: পানির ত্রৈবিন্দু উষ্ণতামিতিক ধর্ম  $X_\theta$  এবং যেকোনো তাপমাত্রা  $T$  তে উষ্ণতামিতিক ধর্ম  $X_T$  হলে,  $T = \frac{X_T}{X_\theta} \times T_\theta$

$$T = \frac{X_T}{X_\theta} \times T_\theta$$

i. পারদ থার্মোমিটারে:  $T = \frac{l}{l_\theta} \times 273.1616 \text{ k}$

এখানে, উষ্ণতামিতিক ধর্ম হল দৈর্ঘ্য,  $l$

ii. স্থির আয়তন গ্যাস থার্মোমিটার:  $T = \frac{P}{P_\theta} \times 273.16 \text{ k}$  এখানে ধর্ম হল চাপ  $P$

iii. স্থির চাপে গ্যাস থার্মোমিটার:  $T = \frac{V}{V_\theta} \times 273.16 \text{ k}$  এখানে ধর্ম হল আয়তন  $V$

iv. রোধ থার্মোমিটার:  $T = \frac{R}{R_\theta} \times 273.16 \text{ k}$  এখানে উষ্ণতামিতিক ধর্ম পরিবাহীর রোধ,  $R$

v. তাপচুম্বক থার্মোমিটার:  $T = \frac{E}{E_\theta} \times 273.16 \text{ k}$  এখানে উষ্ণতামিতিক ধর্ম হল তাপীয় তড়িচ্চালক শক্তি  $E$ ।



তাপগতিবিদ্যার প্রথম সূত্র:

- (i) জ্বলের বিবৃতি: যখন কাজ সম্পূর্ণভাবে তাপে বা তাপ সম্পূর্ণভাবে কাজে রূপান্তরিত হয় তখন কাজ ও তাপ পরস্পরের সমানুপাতিক হয়।
- (ii) ক্রসিয়ালের বিবৃতি: যদি কোনো ব্যবস্থায় তাপ সরবরাহ করা হয় তখন সেই তাপশক্তির কিছু অংশ সিস্টেমের অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধিতে সহায়তা করে এবং বাকি অংশ দ্বারা সিস্টেম তর পরিবেশের উপর বাহ্যিক কাজ সম্পাদন করে।  $\Delta Q = \Delta U + \Delta W$

তাপের যান্ত্রিক তুল্য্যাক: একক তাপ উৎপন্ন করতে যে পরিমাণ কাজ করতে হয় বা একক তাপ দ্বারা যে পরিমাণ কাজ করা যায়, তাকে তাপের যান্ত্রিক তুল্য্যাক (সমতা) বলে।

তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র:

- কার্নোর বিবৃতি: কোনো নির্দিষ্ট পরিমাণ তাপ শক্তিকে সম্পূর্ণরূপে যান্ত্রিক শক্তিতে রূপান্তরে সক্ষম এমন যন্ত্র নির্মাণ সম্ভব নয়।
- প্ল্যাঙ্কের বিবৃতি: এমন কোনো ইঞ্জিন তৈরী করা সম্ভব নয়। যেটি কোনো বস্তু থেকে তাপ গ্রহণ করে অবিরামভাবে কাজে পরিণত করবে অথচ পরিবেশের কোনো পরিবর্তন হবে না।
- ক্রসিয়ালের বিবৃতি: বাইরের শক্তির সাহায্য ছাড়া কোনো স্বয়ংক্রিয় যন্ত্রের পাশে নিম্ন উষ্ণতর বস্তু হতে উচ্চতর উষ্ণতর বস্তুতে তাপের স্থানান্তর সম্ভব নয়।
- কেলভিনের বিবৃতি: কোন বস্তুকে এর পরিপার্শ্বের শীতলতম অংশ হতে অধিকতর শীতল করে শক্তির অবিরাম সরবরাহ পাওয়া সম্ভব নয়।

তাপগতীয় সিস্টেম: তাপগতীয় সিস্টেম বলতে তল বা বেটনী দ্বারা সীমাবদ্ধ কোন নির্দিষ্ট পরিমাণ বস্তুকে বুঝায়। যেমন- একটি পিস্টনযুক্ত সিলিন্ডারে আবদ্ধ গ্যাস।

পরিপার্শ্ব: কোনো নির্দিষ্ট সিস্টেমের সাথে শক্তি বিনিময়ে সক্ষম যেকোনো সিস্টেমকে ঐ সিস্টেমের পরিপার্শ্ব বলে।

তাপগতীয় স্থানাঙ্ক (Thermodynamic Co-ordinates): যেসব ভৌত রাশির মান সিস্টেমের অবস্থা নির্ধারণ করে, সেগুলোকে সিস্টেমের তাপগতীয় স্থানাঙ্ক বলে। যেমন- সিলিন্ডারে আবদ্ধ গ্যাস হলো সিস্টেম এবং গ্যাসের অবস্থার বৈশিষ্ট্য নির্দেশ করে এর চাপ, আয়তন ও পরম তাপমাত্রা। তাই চাপ (P), আয়তন (V) ও পরম তাপমাত্রা (T) কে তাপগতীয় স্থানাঙ্ক বলে।

তাপীয় সাম্যাবস্থা (Thermal Equilibrium): কোন বিচ্ছিন্ন সিস্টেমের চূড়ান্ত অবস্থাকে তাপগতীয় সাম্যাবস্থা বলে। এক্ষেত্রে সিস্টেমের সকল বিন্দুতে চাপ (P), আয়তন (V), এবং তাপমাত্রা (T) এর মান অপরিবর্তিত থাকে। প্রত্যেক সিস্টেমের একটি নির্দিষ্ট আয়তন, ভর এবং অন্তরস্থ শক্তি থাকবে। সিস্টেম বিভিন্ন ধরনের হয়-

(ক) উন্মুক্ত সিস্টেম (Open System): যে সিস্টেম পরিবেশের সাথে ভর ও শক্তি উভয়ই বিনিময় করতে পারে।

(খ) বদ্ধ সিস্টেম (Close System): যে সিস্টেম পরিবেশের সাথে শুধু শক্তি বিনিময় করতে পারে কিন্তু ভর বিনিময় করতে পারে না তাকে বদ্ধ সিস্টেম বলে।

(গ) বিচ্ছিন্ন সিস্টেম (Isolated system): যে সিস্টেম পরিবেশের সাথে ভর বা শক্তি কোন কিছুই বিনিময় করে না, তাকে বিচ্ছিন্ন বলে।

তাপীয় সিস্টেমে বিভিন্ন প্রকার তাপগতীয় পরিবর্তন-

- (i) সমোষ্ণ পরিবর্তন (Isothermal change): এই প্রক্রিয়ায় বস্তুর তাপমাত্রা স্থির থাকে।  $T$  ধ্রুবক অর্থাৎ  $\Delta U = 0$
- (ii) রুদ্ধতাপীয় পরিবর্তন (Adiabatic change): এই প্রক্রিয়ায় বস্তুর তাপ স্থির থাকে। সিস্টেম ও পরিবেশের মধ্যে তাপের আদান-প্রদান হয় না।  $\Delta Q = 0$
- (iii) সমআয়তন পরিবর্তন (Isochoric change): এই প্রক্রিয়ায় সিস্টেমের আয়তন স্থির থাকে। অর্থাৎ  $\Delta V = 0$
- (iv) সমচাপ পরিবর্তন (Isobaric change): এই প্রক্রিয়ায় সিস্টেমের চাপ স্থির থাকে। অর্থাৎ  $\Delta P = 0$

অভ্যন্তরীণ শক্তি (Internal Energy): প্রত্যেক বস্তুর মধ্যে একটি অন্তর্নিহিত শক্তি রয়েছে যা কার্য সম্পাদন করতে পারে। যা অন্য শক্তিতে রূপান্তরিত হতে পারে। বস্তুর অভ্যন্তরস্থ অনু, পরমাণু ও মৌলিক কণাসমূহের মৈত্রিক গতি, স্পন্দন গতি ও ঘূর্ণনগতি এবং তাদের মধ্যকার বলের কারণে উদ্ভূত শক্তিকেই অভ্যন্তরীণ শক্তি বলে।

$\Delta Q$ ,  $\Delta U$  ও  $\Delta W$  এর ধনাত্মকতা বা ঋণাত্মকতা নির্ণয়:

	ধনাত্মক (+)	ঋণাত্মক (-)
$\Delta Q$	যখন সিস্টেমে তাপ দেওয়া হয়।	যখন সিস্টেমে তাপ হারায়।
$\Delta U$	যখন সিস্টেমের অন্তরস্থ শক্তি বাড়ে।	যখন সিস্টেমের অন্তরস্থ শক্তি কমে।
$\Delta W$	সিস্টেম কর্তৃক কাজ সম্পাদিত হলে।	সিস্টেমের উপর কাজ সম্পাদিত হলে।

রুদ্ধতাপীয় রেবার ঢাল  
 $\frac{dQ}{dT} = \gamma$

তাপগ্রহীতা: কোন বস্তুর তাপমাত্রা  $1^\circ C$  বাড়াতে যে তাপের প্রয়োজন তাকে তাপগ্রহীতা বা তাপধারণ ক্ষমতা বলে।

স্থির চাপে একক ভরের কোন একটি গ্যাসের তাপমাত্রা  $1^\circ$  বৃদ্ধিতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয়, তাকে স্থির চাপে ঐ গ্যাসের আপেক্ষিক তাপ বলে।

স্থির চাপে এক মোল গ্যাসের তাপমাত্রা  $1^\circ$  কেলভিন বৃদ্ধি করতে যে তাপের প্রয়োজন, তাকে ঐ গ্যাসের স্থির চাপে মোলার আপেক্ষিক তাপ ( $C_p$ ) বলে।

স্থির আয়তনে এক মোল গ্যাসের তাপমাত্রা  $1^\circ$  কেলভিন বৃদ্ধি করতে যে তাপের প্রয়োজন, তাকে ঐ গ্যাসের স্থির আয়তনে মোলার আপেক্ষিক তাপ ( $C_v$ ) বলে।

প্রত্যাপ্যামী প্রক্রিয়া: তাপগতিবিদ্যার দৃষ্টিকোণ থেকে, সেই প্রক্রিয়াই প্রত্যাপ্যামী, যা সম্মুখ পরিবর্তনের পর বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারে এবং সম্মুখ ও বিপরীতমুখী পরিবর্তনের প্রতিফল তাপ ও কাজের অসামান্য সমান ও বিপরীতমুখী হয়।

- প্রত্যাবর্তী প্রক্রিয়ার বৈশিষ্ট্য:
- প্রত্যাবর্তী প্রক্রিয়া ধীর ও স্বতন্ত্র হয়।
  - ঐ প্রক্রিয়ায় সিস্টেমে তাপগতীয় সাম্যাবস্থা বজায় থাকে।
  - ঐ প্রক্রিয়ায় অবক্ষয়ী ফলাফল দৃষ্ট হয় না।
  - কার্যনির্বাহক বস্তু প্রাথমিক অবস্থায় ফিরে আসে।

অপ্রত্যাপ্যামী প্রক্রিয়া: যে প্রক্রিয়া সম্মুখগামী হওয়ার পর বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারেনা, তাকে অপ্রত্যাপ্যামী প্রক্রিয়া বলে।

- অপ্রত্যাবর্তী প্রক্রিয়ার বৈশিষ্ট্য:
- অপ্রত্যাবর্তী প্রক্রিয়া দ্রুত স্বতন্ত্র এবং একমুখী।
  - ঐ প্রক্রিয়ায় সিস্টেমে তাপীয় সাম্যাবস্থা বজায় থাকে না।
  - ঐ প্রক্রিয়ায় অবক্ষয়ী ফলাফল দৃষ্ট হয়।
  - ঐ প্রক্রিয়ায় সিস্টেমকে কখনোই আদি অবস্থায় ফিরে আনা যায় না।

এন্ট্রপির সাহায্যে তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র প্রকৃতির সকল ভৌত অথবা রাসায়নিক প্রক্রিয়া এমনভাবে সংঘটিত হয় যে, যার ফলে সর্বিক ব্যবস্থার এন্ট্রপি কৃষ্ণ হয়।

কার্নো ইঞ্জিন: তাপশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করার জন্য সাদী কার্নো সকল দোষাক্রমি দৃষ্ট যে আদর্শ যন্ত্রের পরিকল্পনা করেন তাকে কার্নো ইঞ্জিন বলে। কার্নো ইঞ্জিন তিনটি অংশ থাকে যথা- সিলিন্ডার, তাপউৎস, তাপ-গ্রাহক।

কার্নোর চক্র: যে বিশেষ প্রক্রিয়ায় কাজ করে একটি আদর্শ তাপ ইঞ্জিন তথা কার্নো ইঞ্জিন অবিরাম শক্তি সরবরাহ করে আদি অবস্থায় ফিরে আসতে পারে। তাকে কার্নো চক্র বলে। কার্নো চক্রে প্রত্যাবর্তী প্রক্রিয়ার মাধ্যমে কার্যনির্বাহী বস্তু উৎস থেকে তাপ গ্রহণ করে একটি নির্দিষ্ট তাপ, আয়তন ও তাপমাত্রা হতে আরম্ভ করে একটি সমোষ্ণ প্রসারণ ও একটি রুদ্ধতাপীয় প্রসারণ এবং একটি সমোষ্ণ সংকোচন ও একটি রুদ্ধতাপীয় সংকোচনের মাধ্যমে তাপের কিছু অংশ কাজে রূপান্তরিত করে এবং বাকি অংশ তাপ গ্রহণ করে তাপ বর্জন করে আদি অবস্থায় ফিরে আসে।

তাপীয় ইঞ্জিন: যে যন্ত্রের সাহায্যে তাপশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করা হয় তাকে তাপীয় ইঞ্জিন বলে।

তাপীয় ইঞ্জিনের দক্ষতা: ইঞ্জিন একটি চক্রে যে পরিমাণ তাপকে কাজে পরিণত করে এবং তাপ উৎস হতে যে পরিমাণ তাপ শোষণ করে, এদের অনুপাতকে ইঞ্জিনের দক্ষতা বলে।

ইঞ্জিনের দক্ষতা,  $\eta = \frac{\text{কাজে রূপান্তরিত তাপশক্তি}}{\text{শোষিত তাপশক্তি}}$

$$\eta = \frac{Q_1 - Q_2}{Q_1} = 1 - \frac{Q_2}{Q_1}$$

কার্নো ইঞ্জিনের ক্ষেত্রে,  $\frac{Q}{T} = \text{constant}$

$$\therefore \text{কার্নো ইঞ্জিনের একটি পূর্ণচক্রের জন্য আমরা পাই, } \frac{Q_2}{T_1} = \frac{Q_1}{T_2} \Rightarrow \frac{Q_2}{Q_1} = \frac{T_2}{T_1}$$

$$\therefore \text{কার্নো ইঞ্জিনের ক্ষেত্রে, } \eta = 1 - \frac{T_2}{T_1}$$



রেফ্রিজারেটর: রেফ্রিজারেটর তাপ ইঞ্জিনের বিপরীত নীতিতে কাজ করে। রেফ্রিজারেটর এর উপর কাজ (W) সম্পাদনের কারণে নিম্ন তাপমাত্রার সিংহ হতে তাপ  $Q_L$  অপসারণের মাধ্যমে উচ্চ তাপমাত্রার উৎসে তাপ  $Q_H$  পরিবাহিত হয় এবং রেফ্রিজারেটর ঠাণ্ডা থাকে। তাপগতিবিদ্যার প্রথম সূত্রানুযায়ী,  $|Q_L| - |Q_H| = |W|$

রেফ্রিজারেশন চক্র (Cycle) দুই ধরনের-

১. বাষ্প শোষণ চক্র (Vapour absorption cycle)
২. বাষ্প সংকোচন চক্র (Vapour Compression cycle)

বি: দ্র: Vapour Compression cycle উচ্চ মাধ্যমিক সিলেবাস বহীর্ভূত।

রেফ্রিজারেটরের চারটি প্রধান অংশ:

১. কমপ্রেসার (Compressor)
২. কনডেনসার (Condenser)
৩. প্রসারক ভালভ (Expansion valve)
৪. বাষ্পীভবন কুণ্ডলী (Evaporatorcoil)


কার্য সম্পাদন সহগ (Coefficient of Performance):

Coefficient of Performance সংক্ষেপে COP নামে প্রচলিত। রেফ্রিজারেটর হতে শোষিত তাপশক্তি এবং বাইরের এজেন্ট কর্তৃক কৃতকাজের অনুপাত হচ্ছে কার্য সম্পাদন সহগ।

$$\therefore COP = \frac{\text{অপসারিত তাপ}}{\text{সম্পাদিত কাজ}}$$

$$= \frac{Q_2}{W} = \frac{Q_2}{Q_1 - Q_2}$$

রেফ্রিজারেশন চক্র (Refrigeration):



চিত্র: রেফ্রিজারেশন চক্র

মূলনীতি: তরল রেফ্রিজারেট নিম্ন তাপমাত্রার বাষ্পীভবন কুণ্ডলীতে সুগুতাপ গ্রহণ করে বাষ্পে পরিণত হয়, এই বাষ্প পরবর্তীতে উচ্চ তাপমাত্রার কনডেনসার-এ সুগুতাপ বর্জন করে তরলে পরিণত হয়। এভাবে, নিম্ন তাপমাত্রা থেকে উচ্চ তাপমাত্রার দিকে তাপ পরিবহন করা হয়।

কিন্তু বাস্তব জীবনে কোন তরলই নিম্ন তাপমাত্রায় বাষ্পীভূত হয় না, একইভাবে, কোন বাষ্পই উচ্চ তাপমাত্রায় ঘনীভূত হয় না।

“চাপের পরিবর্তন করে এ সমস্যার সমাধান করা যায়।

যেখনি নিম্নচাপে, নিম্নতাপমাত্রাতেও তরল বাষ্পীভূত হতে পারে। এভাবে যখন উচ্চচাপে উচ্চতাপ মাত্রাতেও বাষ্প তরলে পরিণত হতে পারে।

নিম্নচাপ ও উচ্চচাপ সৃষ্টির জন্য যথাক্রমে প্রসারক ভালভ ও কমপ্রেসার ব্যবহার করা হয়।

এন্ট্রপি (Entropy): কোনো সিস্টেমের শক্তি রূপান্তরের অক্ষমতা বা অসম্ভাব্যতাকে বা রূপান্তরের জন্য শক্তির অপ্রাপ্ততাকে এন্ট্রপি কোন সিস্টেমের তাপমাত্রার সাপেক্ষে গৃহীত বা বর্জিত তাপ পরিবর্তনের হার দ্বারা এন্ট্রপির পরিবর্তন পরিমাপ করা হয়।

যদি কোনো সিস্টেমের T তাপমাত্রায় dQ পরিমাণ তাপ গ্রহণ বা বর্জন করার

$$\text{ফলে এন্ট্রপির পরিবর্তন } ds \text{ হয়, তাহলে } ds = \frac{dQ}{T}$$

নির্দেশক চিত্র: সাধারণভাবে যেকোনো তাপগতীয় প্রক্রিয়ার কৃতকাজের পরিমাণ PV রৈখিক চিত্র-এর সাহায্যে নির্ণয় করা যায়। এই রৈখিক চিত্রকে নির্দেশক চিত্র বলে।

এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ সূত্রাবলি

যদি কোন ধার্মেটিটরে ব্যবহৃত তাপমিত্তিক পদার্থের বরফ বিন্দুতে ও বাষ্প বিন্দুতে তাপমিত্তিক ধর্ম যথাক্রমে  $X_{ice}$  ও  $X_{steam}$  হয় এবং  $\theta$  তাপমাত্রার  $X_\theta$  হয় তবে,

$$\theta = \frac{X_\theta - X_{ice}}{X_{steam} - X_{ice}} \times X, \text{ এখানে } X = \text{মৌলিক ব্যবধান সেনসিটিভিটি}$$

$X = 100$  হয়।  $[X = l, p, v, R, E$  ইত্যাদি তাপমিত্তিক ধর্ম]

এই তাপমিত্তিক ধর্ম চাপ (P) আয়তন (V), রোধ (R) ইত্যাদি বিভিন্ন ধর্ম হতে পারে।

যদি কোন ধার্মেটিটরে পানির ত্রৈধবিন্দুতে তাপমিত্তিক ধর্ম  $X_H$  এবং T হ তাপমাত্রায়  $X_T$  হয় তবে,  $T = \frac{X_T}{X_H} \times (273.16 \text{ K})$

এক্ষেত্রেও এই ধর্ম চাপ, আয়তন প্রভৃতি হতে পারে।

কেনভিন, সেনসিটিভিটি, ফারেনহাইট, র্যান্কিন ও রোমার স্কেলের মধ্যে সম্পর্ক:

$$\frac{K - 273}{5} = \frac{C}{5} = \frac{R - 492}{9} = \frac{R}{4} = \frac{F - 32}{9} = \frac{S}{B - M}$$

B = উর্ব স্থির বিন্দু

M = নিম্ন স্থির বিন্দু

S = তাপমাত্রা

$R_1 = R_1(1 + \alpha t)$

ধার্মোকাপলের ক্ষেত্রে, অভিক্ষেপক শক্তি,  $E = at + bt^2$

(হল তাপমাত্রা এবং a, b ধ্রুবক।)

$1^\circ\text{C}$  পরিবর্তন =  $\left(\frac{9}{5}\right)^\circ\text{F}$  পরিবর্তন।

$W = JH = mgh = \frac{1}{2}mv^2 = m\Delta\theta$

রুদ্ধতাপীয় পরিবর্তনের ক্ষেত্রে,

a)  $PV^\gamma = k$  b)  $TV^{\gamma-1} = k$ , C)  $p^{-\gamma} T = k$  এখানে k = ধ্রুবক।

সমোষ্ণ পরিবর্তনের ক্ষেত্রে,  $P_1V_1 = P_2V_2$

সমোষ্ণ প্রসারণে কৃতকাজ  $W = nRT \ln \frac{V_2}{V_1}$

রুদ্ধতাপীয় প্রসারণে কৃতকাজ,  $W = \frac{nR}{1-\gamma} [T_2 - T_1]$

$$C = \frac{\Delta Q}{m\Delta T}$$

$$dQ = nC_p dT$$

$$dU = nC_v dT$$

$$dW = PdV$$

$$dQ = dU + dW$$

$$\gamma = \frac{C_p}{C_v}$$

P-V লেখ চিত্রে সমোষ্ণ রেখার চাপের চেয়ে রুদ্ধতাপীয় রেখার ঢাল  $\gamma$  গুন বড়।

$$C_p - C_v = R$$

$$S_p - S_v = R' \left[ R' = \frac{R}{M} \right]$$

এই সূত্রে R এর একক  $\text{kJmol}^{-1}$  হবে। এক্ষেত্রে M হল kg তে একমৌলিক আণবিক ভর।

R' হল কেজি প্রতি গ্যাস ধ্রুবক।

এবং  $S_p/S_v$  এর একক হবে  $\text{Jkg}^{-1}\text{K}^{-1}$

$\gamma$  এর বিভিন্ন মান:

এক পারমাণবিক গ্যাসের (নিষ্ক্রিয় গ্যাস) ক্ষেত্রে,  $\gamma = 1.67$

দ্বিপারমাণবিক গ্যাসের ক্ষেত্রে,  $\gamma = 1.4$

বহু পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে,  $\gamma = 1.33$



কার্যক্ষমতা:  $\eta = \frac{Q_1 - Q_2}{Q_1} = \frac{T_1 - T_2}{T_1}$

$Q_1$  = গৃহীত তাপ,  $Q_2$  = বর্জিত তাপ

কৃতকার্য,  $W = Q_1 - Q_2 = \eta Q_1$

$\frac{Q_1}{Q_2} = \frac{T_1}{T_2}$

রেফ্রিজারেটরের ক্ষেত্রে:

$W = Q_2 - Q_1$ ,  $Q_1$  = অপসারিত তাপ,  $Q_2$  = বর্জিত তাপ

কার্যকৃত সহপ,  $\eta = \frac{Q_1}{W}$

ক্রম তাপমাত্রায় অবস্থা পরিবর্তনের ক্ষেত্রে এন্ট্রপির পরিবর্তন:  $dS = \frac{dQ}{T}$

যদি তাপমাত্রা পরিবর্তন হয় তাহলে,

$dS = S_B - S_A = \int_A^B \frac{dQ}{T} = mS \int_A^B \frac{1}{T} dT = mS \ln \frac{T_B}{T_A}$

যদি তাপমাত্রা কমে আসে, আর বস্তুর অবস্থা কঠিনের দিকে যেতে থাকে তবে প্রশ্নে উল্লিখিত 'এন্ট্রপির পরিবর্তন' কে (-ve) চিহ্ন দিয়ে নিতে হবে।

এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত Type-এ শ্রেণীবদ্ধ করা যায়।

**Type-01**

তাপমাত্রার বিভিন্ন স্কেল সংক্রান্ত সমস্যা।

**Ex-01** কোন তাপমাত্রায় সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলে  $50^\circ$  পার্থক্য হয়?

জানি,  $\frac{C}{5} = \frac{F-32}{9}$

$F = C + 50$

$\frac{C}{5} = \frac{C+50-32}{9}$

(+) চিহ্ন নিয়ে পাই,

(-) চিহ্ন নিয়ে পাই,

$\frac{C}{5} = \frac{C+50-32}{9}$

$\frac{C}{5} = \frac{C-50-32}{9}$

$\Rightarrow 9C = 5C + 90$

$9C = 5C - 410$

$\Rightarrow 4C = 90$

$C = -102.5^\circ$

$C = 22.5^\circ$

Ans.  $22.5^\circ\text{C}$  বা  $-102.5^\circ\text{C}$

**Ex-02**  $60^\circ\text{F}$  তাপমাত্রার কোন বস্তুর কেলভিন, র্যান্ডিন, রোমার স্কেলে তাপমাত্রা কত?

জানি,  $\frac{F-32}{9} = \frac{K-273}{5} = \frac{R_n-492}{9} = \frac{R}{4}$

$\Rightarrow \frac{60-32}{9} = \frac{K-273}{5} = \frac{R_n-492}{9} = \frac{R}{4}$

$\therefore \frac{K-273}{5} = \frac{28}{9} \Rightarrow K = 288.55\text{ K}$

এবং  $R_n = 520$  র্যান্ডিন বা  $R = 12.44$  রোমার। Ans.

**For Practice**

কোন তাপমাত্রায় সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলে একই পাঠ পাওয়া যায়?

**Hints**  $C = F = x$  Ans.  $-40^\circ\text{C}$

কোন তাপমাত্রার ফারেনহাইট ও কেলভিন স্কেলে একই পাঠ পাওয়া যায়?

Ans.  $574.25^\circ\text{F}$

ফারেনহাইট স্কেলের কোন তাপমাত্রা সেন্টিগ্রেড স্কেলের তাপমাত্রায় দ্বিগুণ?

Ans.  $320^\circ\text{F}$

ফারেনহাইট স্কেলে কোন বস্তুর তাপমাত্রা  $50^\circ\text{F}$  হলে কেলভিন স্কেলে উক্ত

বস্তুর তাপমাত্রা কত? Ans.  $283\text{K}$

**Type-02**

ত্রুটি পূর্ণ থার্মোমিটার সংক্রান্ত সমস্যা।

**Ex-01** একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটার সাধারণ বায়ুচাপের পলিত বরফে  $4^\circ\text{C}$  এবং শুষ্ক বাষ্পে  $98^\circ\text{C}$  পাঠ দেয়। থার্মোমিটারটি  $50^\circ\text{C}$  পাঠ দিলে প্রকৃত তাপমাত্রা কত হবে?

**Sol**: সকল ক্ষেত্রেই উর্ধ্বস্থির বিন্দু - নিম্নস্থির বিন্দু অনুপাত সমান,

$\therefore \frac{C-0}{100} = \frac{S-M}{B-M}$

$C = \frac{50-4}{98-4} \times 100$

$= 48.94^\circ\text{C}$  Ans.

এখানে,

$S = 50^\circ\text{C}$

$M = 4^\circ\text{C}$

$B = 98^\circ\text{C}$

$C = ?$

**Ex-02** সুখম ছিদ্রবিশিষ্ট একটি থার্মোমিটার সমান তিস্রিতে বিভক্ত, এটি শূন্য বরফে  $20^\circ\text{C}$  এবং পানির  $100^\circ\text{C}$  তাপমাত্রায়  $80^\circ\text{C}$  পাঠ দেয়,  $100^\circ\text{F}$  তাপমাত্রায় থার্মোমিটারটি কত পাঠ দিবে?

**Sol**: আমরা জানি,  $\frac{C}{5} = \frac{100-32}{9}$  |  $C = 37.78^\circ\text{C}$

$\therefore C = 37.78^\circ\text{C}$

$M = 20^\circ\text{C}$

$B = 80^\circ\text{C}$

$S = ?$

এখন,  $\frac{C}{100} = \frac{S-M}{B-M} \Rightarrow \frac{37.78}{100} = \frac{S-20}{60}$

$\Rightarrow S = \frac{60 \times 37.78}{100} + 20 = 42.668^\circ\text{C}$  Ans.

বিকল্প নিয়ম:  $\frac{S-20}{80-20} = \frac{F-32}{180}$

দেওয়া আছে,  $F = 100$ ;  $\therefore S = 42.67^\circ\text{C}$

**For Practice**

01. একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটার প্রমাণ চাপে পলিত বরফে  $2^\circ\text{C}$  এবং শুষ্ক বাষ্পে  $98^\circ\text{C}$  পাঠ দেয়। থার্মোমিটারটি যখন  $30^\circ\text{C}$  পাঠ দেয় তখন প্রকৃত তাপমাত্রা কত? Ans.  $29.16^\circ\text{C}$

02. একটি ত্রুটি পূর্ণ থার্মোমিটারের বরফবিন্দু  $5^\circ\text{C}$  এবং স্টিমবিন্দু  $115^\circ\text{C}$ । কোন বস্তুর প্রকৃত তাপমাত্রা  $40^\circ\text{C}$  হলে ঐ থার্মোমিটারে বস্তুর তাপমাত্রা কত প্রদর্শন করবে? Ans.  $49^\circ\text{C}$

03. একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটার এর নিম্ন স্থিরাঙ্ক  $2^\circ$  এবং উর্ধ্ব স্থিরাঙ্ক  $98^\circ$ । এই থার্মোমিটার  $40^\circ$  পাঠ দিলে ফারেনহাইট স্কেলে পাঠের মান কত হবে? Ans.  $103.25^\circ\text{F}$

**Type-03**

**Ex-01** একটি বস্তুর তাপমাত্রা 9 মিনিটে  $50^\circ\text{C}$  থেকে  $35^\circ\text{C}$  এ নেমে আসে। ফারেনহাইট স্কেলে তাপমাত্রা নেমে আসার হার কত?

**Sol**: আমরা জানি,

$1^\circ\text{C}$  পরিবর্তন =  $\left(\frac{9}{5}\right)^\circ\text{F}$  পরিবর্তন

$\therefore 15^\circ\text{C}$  পরিবর্তন =  $\left(\frac{9}{5} \times 15\right)^\circ\text{F}$  পরিবর্তন =  $27^\circ\text{F}$  পরিবর্তন

$\therefore$  তাপমাত্রা নেমে আসার হার =  $\frac{\theta}{t} = \frac{27^\circ\text{F}}{9\text{min}} = \frac{27^\circ\text{F}}{540\text{s}} = 0.05^\circ\text{Fs}^{-1}$  Ans.

**For Practice**

01. এক কাপ পানির তাপমাত্রা  $100^\circ\text{C}$  থেকে  $35^\circ\text{C}$  এ নামানো হল। ফারেনহাইট স্কেলে এই পরিবর্তন কত? Ans.  $117^\circ\text{F}$

**Hints**  $1^\circ\text{C}$  পরিবর্তন =  $(9/5)^\circ\text{F}$  পরিবর্তন



### Type-04

ত্রৈধ বিন্দু সংক্রান্ত সমস্যা।

**Ex-01** সীম বিন্দুতে আদর্শ গ্যাস তাপমাত্রা 373.15K গ্যাসের আয়তন অপরিবর্তিত রাখলে সীম বিন্দুতে ও পানির তৈর বিন্দুতে গ্যাসীয় চাপের অনুপাতের সীমাত্তিক মান কত?

$$\text{Sol}^n: T = \frac{P_T}{P_H} \times 273.16 \Rightarrow \frac{P_T}{P_H} = \frac{373.15}{273.16} = 1.366 \text{ (Ans.)}$$

**Ex-02** একটি প্রাচীন রোধ থার্মোমিটারের ব্যাককে যখন ত্রৈধবিন্দু সেলে রাখা হয় তখন এর রোধ  $R = 32.316\Omega$  যদি অন্য কোন পরিবেশে এর রোধ =  $27.316\Omega$  হয় তবে সেই পরিবেশের তাপমাত্রা কত?

**Sol<sup>n</sup>:**

$$T = \frac{R_T}{R_H} \times 273.16 \text{ K} \quad \left| \begin{array}{l} R_T = 27.316 \Omega \\ R_H = 32.316 \Omega \end{array} \right.$$

$$= \frac{27.316}{32.316} \times 273.16 \text{ K}$$

$$= 230.9 \text{ K Ans.}$$

#### For Practice

01. কেলভিন তাপমাত্রা  $T$  তে স্থির আয়তন গ্যাস থার্মোমিটারে  $4.8 \times 10^4 \text{ Nm}^{-2}$  চাপ নির্দেশিত হল। যদি ত্রৈধ বিন্দুতে চাপ  $4.2 \times 10^4 \text{ Nm}^{-2}$  হয়  $T$  এর মান কত? **Ans. 312.18 K**
02. একটি স্থির আয়তন গ্যাস থার্মোমিটারে পানির তৈর বিন্দুতে গ্যাসের চাপ  $2.5 \times 10^4 \text{ Nm}^{-2}$  এবং একটি উষ্ণ তরলে গ্যাসের চাপ  $4 \times 10^4 \text{ Nm}^{-2}$  প্রদর্শন করে। এই তরলের তাপমাত্রা কত? **Ans. 437.08K**

### Type-05

তাপমিতিক ধর্ম সংক্রান্ত সমস্যা।

**Ex-01** স্থির চাপে কোন নির্দিষ্ট ভরের গ্যাস বরফের গলনাঙ্ক, পানির ফুটনাঙ্ক এবং গন্ধকের ফুটনাঙ্কে যথাক্রমে  $200 \text{ cm}^3$ ,  $273.2 \text{ cm}^3$  এবং  $525.1 \text{ cm}^3$  আয়তন দখল করে। গন্ধকের ফুটনাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** গন্ধকের ফুটনাঙ্ক  $t$  হলে,

$$t = \frac{V_t - V_{ice}}{V_{steam} - V_{ice}} \times 100$$

$$= \frac{525 - 200}{273.1 - 200} \times 100$$

$$= 444.12^\circ\text{C Ans.}$$

এখানে  
 $V_t = 525.1 \text{ cm}^3$   
 $V_{ice} = 200 \text{ cm}^3$   
 $V_{steam} = 273.2 \text{ cm}^3$

#### For Practice

01. একটি প্রাচীন রোধ থার্মোমিটারের রোধ  $0^\circ\text{C}$ ,  $100^\circ\text{C}$  এবং চূর্ণীতে স্থাপন করলে যথাক্রমে  $2.585\Omega$ ,  $3.51\Omega$  এবং  $9.0985\Omega$  হয়। চূর্ণীর তাপমাত্রা কত? **Ans. 704.1°C**
02. একটি স্থির আয়তন গ্যাস থার্মোমিটারকে তরল বায়ু, গলিত বরফ এবং ফুটন্ত পানিতে স্থাপন করলে যথাক্রমে  $20.5 \text{ cm}$ ,  $72 \text{ cm}$  ও  $99.4 \text{ cm}$  পারদ স্তম্ব চাপ নির্দেশ করে। তরল বায়ুর তাপমাত্রা কত? **Ans.  $-187.96^\circ\text{C}$**

### Type-06

রোধের উষ্ণতা গুণক সংক্রান্ত সমস্যা।

**Ex-01** কোন থার্মিস্টরে  $0^\circ\text{C}$  তাপমাত্রায় রোধ  $2.8\Omega$  হলে  $250^\circ\text{C}$  তাপমাত্রায় এর রোধ কত হবে যখন রোধের উষ্ণতা গুণক  $(\alpha = 3.8 \times 10^{-3} \text{ }^\circ\text{C}^{-1})$

$$\text{Sol}^n: R_t = R_0(1 + \alpha t)$$

$$= 2.8(1 + 3.8 \times 10^{-3} \times 250)$$

$$= 5.46\Omega \text{ Ans.}$$

এখানে,  $R_0 = 2.8\Omega$   
 $R_t = ?$   
 $t = 250^\circ\text{C}$

#### For Practice

01. একটি থার্মিস্টরের  $150^\circ\text{C}$  তাপমাত্রায় রোধ  $2.5\Omega$ । রোধের তাপমাত্রা গুণক  $3.75 \times 10^{-3} \text{ }^\circ\text{C}^{-1}$  হলে,  $200^\circ\text{C}$  তাপমাত্রায় এর রোধ কত? **Ans. 2.8Ω**
- একটি রোধ থার্মোমিটার ব্যাককে ও সীমে যথাক্রমে  $46\Omega$  এবং  $51.6\Omega$  রোধ তরলের ফুটনাঙ্ক রোধ  $48.5\Omega$  হলে তরলের উষ্ণতা কত? **Ans. 44.64°C**
03. কোন রোধ থার্মোমিটারে  $100^\circ\text{C}$  তাপমাত্রায় রোধ  $2.8\Omega$  হলে  $150^\circ\text{C}$  তাপমাত্রায় এর রোধ কত হবে যখন রোধের উষ্ণতা গুণক  $(\alpha = 3.8 \times 10^{-3} \text{ }^\circ\text{C}^{-1})$  **Ans. 3.19Ω**

### Type-07

থার্মোমিটার সংক্রান্ত সমস্যা।

**Ex-01** একটি আলুমিনিয়াম ও সীসার তাপযুগলের শীতল সংযোগস্থলের তাপমাত্রা  $0^\circ\text{C}$ । উষ্ণ সংযোগস্থলের তাপমাত্রা কত হলে তাপ বিভবচালক শক্তি  $1050 \mu\text{V}$  হবে? [ $a = 12 \mu\text{V}/^\circ\text{C}$  ও  $b = -0.015 \mu\text{V}/(^\circ\text{C})^2$ ]

**Sol<sup>n</sup>:** ধরি, নির্ণয় তাপমাত্রা =  $t^\circ\text{C}$

আনি,  $E = at + bt^2$  ..... (i)

$E = 1050 \mu\text{V}$  (i) নং এ বসাই

$$1050 = 12t - 0.015t^2 \Rightarrow 0.015t^2 - 12t + 1050 = 0$$

$$\Rightarrow (1.5t - 1050)(t - 100) = 0$$

হয়,  $t = 700^\circ\text{C}$  অথবা  $t = 100^\circ\text{C}$  কিন্তু, লেডের সীসার গলনাঙ্ক  $327^\circ\text{C}$ ।

$\therefore t = 700^\circ\text{C} \therefore t = 100^\circ\text{C} = 373 \text{ K Ans.}$

#### For Practice

01. কোন তাপযুগলের শীতল সংযোগস্থলের তাপমাত্রা  $0^\circ\text{C}$ । উষ্ণ সংযোগস্থলের তাপমাত্রা কত হলে তাপীয় তড়িৎচালক বল  $0.64 \text{ mv}$  হবে?

$$[a = 8 \mu\text{V}/^\circ\text{C}; b = 0.016 \mu\text{V}/(^\circ\text{C})^2]$$

**Ans. 70.156°C বা  $-570.156^\circ\text{C}$**

### Type-08

তাপ পরিবাহক সংক্রান্ত সমস্যা।

**Ex-01** 25 cm পুরু ইটের তৈরি ঘরের দেয়ালের ক্ষেত্রফল  $30 \text{ m}^2$ । বাহিরের তাপমাত্রা  $30^\circ\text{C}$  এবং ভেতরের তাপমাত্রা  $26^\circ\text{C}$  হলে, দেয়াল দিয়ে কি হারে তাপ চুকবে? তাপ পরিবাহকত্ব  $0.6 \text{ Wm}^{-1}\text{K}^{-1}$

$$\text{Sol}^n: \frac{Q}{t} = \frac{k(\theta_1 - \theta_2)A}{d} = \frac{0.6(30 - 26)}{0.25} \times 30 = 288 \text{ W Ans.}$$


#### For Practice

01. 20 cm পুরু কোন দেয়ালের ক্ষেত্রফল  $25 \text{ m}^2$  এবং এর মধ্য দিয়ে 1 ঘণ্টায়  $1080000 \text{ J}$  তাপ প্রবাহিত হয়। তাপ পরিবাহকত্ব  $0.55 \text{ Wm}^{-1}\text{K}^{-1}$  হলে ভিতর এবং বাহিরের তাপমাত্রার পার্থক্য কত? **Ans. 4.36 K**



**Type-09**

$dQ = dU + dW$  সংক্রান্ত সমস্যা।



**Ex-01** একটি সিস্টেমকে A অবস্থায় থেকে B অবস্থানে ACB পথে নেওয়া হলে, সিস্টেমে 80J তাপ প্রবাহিত হলে এবং সিস্টেম 30J কাজ করল।

- ADB পথে সিস্টেমে কত তাপ প্রবাহিত হবে যদি কাজ হয় 10 J?
- যদি সিস্টেমকে B থেকে A তে বায়ুপথে আনা হয় তখন সিস্টেমের উপর 20 J কাজ হয়। সিস্টেম কত তাপ গ্রহণ বা বর্জন করবে?
- $U_A = 0, U_D = 40J$  হলে AD এবং DB পথে শেখচিত তাপ নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** [মনে রাখতে হবে, যদি সিস্টেম পরিবেশের উপর কোন কাজ করে, তবে তা ঋণাত্মক এবং যদি পরিবেশ সিস্টেমের উপর কোন কাজ করে তবে তা ধনাত্মক হয়। এছাড়া, AB পথে অন্তঃস্থ শক্তির পরিবর্তন  $U_B - U_A$  এবং BA পথে অন্তঃস্থ শক্তির পরিবর্তন  $U_A - U_B$  হবে এবং অন্তঃস্থ শক্তির পরিবর্তন যাত্রাপথের 1ম এবং শেখবিন্দুর মধ্যেই হিসাব করতে হয়। সিস্টেমে যদি তাপ সরবরাহ করা হয় তবে তা ধনাত্মক এবং সিস্টেম হতে তাপ বাইরে আসলে তা ঋণাত্মক বলে বিবেচিত হবে।]

$dQ_{ACB} = (U_B - U_A) + W$	$dQ = +80 J$
$\therefore U_B - U_A = dQ_{ACB} - W$	$W = -30 J$
$= 80 - 30 = 50 J$	$W_{ADB} = +10 J$
$dQ_{ADB} = (U_B - U_A) + W$	$W_{BA} = -20 J$
$= 50 + 10 = 60 J$	$U_A = 0; U_B - U_A = 50 J$
$dQ_{DA} = (U_A - U_B) + W$	$\therefore U_B = 50 J$
$= -50 - 20 = -70 J$	$W_{AD} = +10 J$
$dQ_{AD} = (U_D - U_A) + W$	$W_{DB} = 0 \therefore dV = 0$
$= 40 + 10 = 50 J$	
$dQ_{DB} = (U_B - U_D) + W$	
$= 50 - 40 = 10 J$	

Ans. i) 60 J; ii) -70 J iii) 50 J ও 10 J

**Ex-02** পিষ্টনযুক্ত একটি সিলিন্ডারে কিছু গ্যাস আবদ্ধ আছে। গ্যাসের চাপ 600 Pa এ স্থির রেখে ধীরে ধীরে 500 J তাপশক্তি সরবরাহ করায় কাজ 1000 J সম্পাদিত হল। গ্যাসের আয়তন ও অন্তঃস্থ শক্তির পরিবর্তন নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** জানি,  $dW = PdV$

$\therefore dV = \frac{dW}{P} = \frac{1000}{600} = 1.67 m^3$	$P = 600 Pa$
	$dQ = 500 J$
	$dW = 1000 J$
	$dV = ?$
	$dU = ?$

কারণ,  $dQ = dU + dW$

$\therefore dU = dQ - dW = 500 - 1000 = -500 J$

Ans.  $1.67 m^3$  ও  $-500 J$

**Ex-03** 1kg পানিকে 1atm চাপে বাষ্পে পরিণত করতে অন্তঃস্থ শক্তির পরিবর্তন নির্ণয় কর। [জলীয় বাষ্পের আয়তন =  $1.671 m^3$ ]

**Sol<sup>n</sup>:** জানি,  $dQ = dU + dW$

$\therefore dU = dQ - PdV$

$= 2.268 \times 10^6 - (1.013 \times 10^5 \times 1.67)$

$= 2.099 \times 10^6 J$  Ans.

$dV =$ জলীয় বাষ্পের আয়তন - পানির আয়তন	$= (1.671 - 0.001) m^3 = 1.67 m^3$
(1kg পানির আয়তন $0.001 m^3$ )	
চাপ, $P = 1atm = 101325 Nm^{-2}$	
$dQ = 2.268 \times 10^6 J$	
$dU = ?$	

**Ex-04** একটি ট্যাংকে কিছু তরলকে প্যাভেল হুইলের সাহায্যে আন্দোলিত করা হচ্ছে। প্যাভেল হুইল দ্বারা কৃত কাজ হচ্ছে 5090 kJ। ট্যাংকটি থেকে 1500 kJ তাপ সরাসর হলো। সিস্টেমটির অন্তঃস্থ শক্তির পরিবর্তন নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $dQ = dU + dW$

$\Rightarrow dU = dQ - dW$

$= -1500 - (-5090)$

$= -1500 + 5090$

$= 3590 J$

এখানে,  
তাপ,  $dQ = -1500 kJ$   
[ $\therefore$  তাপ সরানো হয়েছে]  
কৃতকাজ,  $dW = -5090 kJ$   
[যেহেতু সিস্টেমের উপর কৃতকাজ]  
অন্তঃস্থ শক্তির পরিবর্তন  
 $dU = ?$

**For Practice**

- 1gm পানিকে স্বাভাবিক বায়ুমণ্ডলীয় চাপে এবং  $100^\circ C$  তাপমাত্রায় ফুটালে 1672 cc বাষ্পে পরিণত হয়। এই চাপে পানির বাষ্পীভবনের আপেক্ষিক সূত্রতাপ  $2.268 \times 10^6 J kg^{-1}$  কৃতকাজ এবং অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি নির্ণয় কর।  
Ans. 169.37 J; 2098.62 J
- পিষ্টনযুক্ত একটি সিলিন্ডারে কিছু গ্যাস আবদ্ধ আছে। গ্যাসের চাপ 400 Pa এ স্থির রেখে সিস্টেমে ধীরে ধীরে 800 J তাপশক্তি সরবরাহ করায় 1200 J কাজ সম্পাদিত হয়। গ্যাসের আয়তন পরিবর্তন নির্ণয় কর। এতে অন্তঃস্থ শক্তি কি বৃদ্ধি পাবে না হ্রাস পাবে?  
Ans.  $3m^3$ ; হ্রাস পাবে।
- বায়ুমণ্ডলীয় চাপে  $10^{-5} m^3$  আয়তন বিশিষ্ট  $10^{-3} kg$  পানি ফুটিয়ে  $1671 \times 10^6 m^3$  আয়তনের বাষ্পে পরিণত করা হয়। অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন নির্ণয় কর।  
Ans. 2100.67 J
- কোন ব্যবস্থা দ্রব আয়তনে 300J তাপ বর্জন করে। ব্যবস্থার অন্তঃস্থ শক্তির পরিবর্তন নির্ণয় কর।  
Ans. 300J
- একটি আদর্শ গ্যাসের দ্রব আয়তনে ও দ্রব চাপে মোলার তাপধারণ ক্ষমতা যথাক্রমে  $20.5 J mole^{-1} K^{-1}$  ও  $28.8 J mole^{-1} K^{-1}$ । স্থির চাপে 8gm হাইড্রোজেন  $10^\circ C$  থেকে  $15^\circ C$  তাপমাত্রায় উত্তীর্ণ করতে প্রয়োজনীয় তাপের পরিমাণ, অন্তঃস্থ শক্তির পরিবর্তন ও বহিঃস্থ কাজের পরিমাণ নির্ণয় কর।  
Ans. 576J, 410J, 166J
- একশত তামার তারের ভর 2kg। একে  $0^\circ C$  থেকে  $1000^\circ C$  তাপমাত্রায় উত্তপ্ত করার ফলে এটি  $7.56 \times 10^5 J$  তাপ শোষণ করল। আয়তনের পরিবর্তন উপেক্ষণীয় হলে তামার অন্তঃস্থ শক্তি বৃদ্ধি বের কর।  
Ans.  $7.56 \times 10^5 J$

**Type-10**

রুদ্ধতাপীয় পরিবর্তন সংক্রান্ত সমস্যা।

**Ex-01** স্বাভাবিক তাপমাত্রা ও চাপের কোন গ্যাসকে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় 2.5 গুণ আয়তনে প্রসারিত করা হলে চূড়ান্ত চাপ কত হবে নির্ণয় কর। [ $\gamma = 1.4$ ]

**Sol<sup>n</sup>:** জানি,  $P_1 V_1^\gamma = P_2 V_2^\gamma$

$\Rightarrow P_2 = \left(\frac{V_1}{V_2}\right)^\gamma \times P_1$

$= \left(\frac{V}{2.5V}\right)^{1.4} \times 1.01 \times 10^5$

$= 2.809 \times 10^4 Nm^{-2}$  Ans.

$P_1 = 1.01325 \times 10^5 Nm^{-2}$
$V_1 = V$
$V_2 = 2.5V$
$P_2 = ?$

**Ex-02** স্বাভাবিক তাপমাত্রা ও চাপের কিছু পরিমাণ গ্যাসকে হ্রাৎ সংকুচিত করে তার আয়তন এক তৃতীয়াংশ করা হল। চূড়ান্ত তাপমাত্রা কত? [ $\gamma = 1.4$ ]

**Sol<sup>n</sup>:** জানি,  $T_1 V_1^{\gamma-1} = T_2 V_2^{\gamma-1}$

$\Rightarrow T_2 = \left(\frac{V_1}{V_2}\right)^{\gamma-1} \times T_1 = \left(\frac{V}{V/3}\right)^{1.4-1} \times 273$

$= 3^{0.4} \times 273$

$= 423.65 K$  Ans.

$T_1 = 273 K$
$V_1 = V$
$V_2 = \frac{V}{3}$
$T_2 = ?$



**Ex-03** স্বাভাবিক তাপমাত্রা ও চাপের কোন গ্যাসের চাপ 3atm এ পরিণত করা হল।

আয়তন স্থির রাখতে হলে পরিবর্তিত তাপমাত্রা কত হবে? গ্যাসটি ত্রিপরমাণুক।

**Sol<sup>n</sup>:** জানি,  $T_1^{\gamma} P_1^{1-\gamma} = T_2^{\gamma} P_2^{1-\gamma}$

$$\therefore T_2^{\gamma} = \left(\frac{P_1}{P_2}\right)^{1-\gamma} \times T_1^{\gamma}$$

$$= \left(\frac{1}{3}\right)^{1-1.33} \times 273^{1.33} = 2497.73$$

$$\therefore T_2 = \sqrt[1.33]{2497.73} = 358.55 \text{ K Ans.}$$

$$\begin{aligned} T_1 &= 273 \text{ K} \\ P_1 &= 1 \text{ atm} \\ P_2 &= 3 \text{ atm} \\ T_2 &=? \\ \text{ত্রিপরমাণুক গ্যাসের ক্ষেত্রে} \\ \gamma &= 1.33 \end{aligned}$$

**For Practice**

- 15°C তাপমাত্রায় হিলিয়ামকে হঠাৎ আয়তনে 8 গুণ বৃদ্ধি করলে তাপমাত্রার কত পরিবর্তন হবে?  $\gamma = [5/3]$  **Ans.** -216.5°C
- 25°C এবং বায়ুমন্ডলীয় চাপে গ্যাসকে হঠাৎ সংকুচিত করে আয়তন অর্ধেক করা হলে চূড়ান্ত চাপ বের কর।  $[\gamma = 1.4]$  **Ans.** 2.639 atm
- একটি সিলিন্ডারের মধ্যে 3atm চাপে এবং 300K তাপমাত্রায় 10 litre বায়ু আছে। (i) চাপ যদি হঠাৎ করে দ্বিগুণ করা হয় তাহলে বায়ুর আয়তন ও তাপমাত্রা কত হবে? (ii) চাপ খুব ধীরে ধীরে দ্বিগুণ করা হলে আয়তন ও তাপমাত্রা কত হবে? **Ans.** (i) 6.10 litre, 365.59K (ii) 5 litre, 300K

**Type-11**

মোলার আপেক্ষিক তাপ সংক্রান্ত সমস্যা।

**Ex-01** নাইট্রোজেনের ক্ষেত্রে  $S_V = 740 \text{ Jkg}^{-1} \text{K}^{-1}$  হলে  $S_P = ?$

$[R = 8314 \text{ J kmol}^{-1} \text{K}^{-1}]$  ও নাইট্রোজেনের আণবিক ভর,  $M = 28 \text{ kg/kmol}$

**Sol<sup>n</sup>:** জানি,  $S_P - S_V = R \frac{M}{M}$

$$\Rightarrow S_P = S_V + \frac{R}{M} = 740 + \frac{8314}{28} = 740.3 \text{ Jkg}^{-1} \text{K}^{-1} \text{ (Ans.)}$$

**Ex-02** স্বাভাবিক চাপ ও 27°C তাপমাত্রায় অক্সিজেনের ঘনত্ব  $1.28 \text{ kgm}^{-3}$ ।

স্থির চাপে এর আপেক্ষিক তাপ =  $1050 \text{ Jkg}^{-1} \text{K}^{-1}$ । (i) এক কিলোগ্রাম অক্সিজেনের সার্বজনীন গ্যাস ধ্রুবক এবং (ii) স্থির আয়তনে অক্সিজেনের আপেক্ষিক তাপ নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** জানি,  $C = \frac{\epsilon A}{d} = \frac{\epsilon_0 K A}{d}$   
 $\therefore C = \frac{8.85 \times 10^{-12} \times 1.46 \times 3.14 \times (0.1)^2}{0.04} = 1.015 \times 10^{-11} \text{ F Ans.}$

- Ex-02** তিনটি ধারক নিচের চিত্রের মত যুক্ত। বর্তনীর দুইপ্রান্তে 12 volt বিভব প্রভেদ দেয়া হল।  
 (i) বর্তনীর মোট ধারকত্ব কত?  
 (ii) প্রতিটি ধারকের চার্জ কত?  
 (iii) প্রতিটি ধারকের বিভব প্রভেদ কত?

**Sol<sup>n</sup>:**



(i)  $3\mu\text{F}$  ও  $6\mu\text{F}$  ধারকদ্বয়ের মধ্যে মোট ধারকত্ব  $C_s$  হলে,  $\frac{1}{C_s} = \frac{1}{3} + \frac{1}{6}$   
 $\Rightarrow C_s = 2\mu\text{F}$   
 $\therefore$  মোট ধারকত্ব,  $C_p = (2 + 4) \mu\text{F} = 6\mu\text{F}$


(ii) ধারকটিতে মোট চার্জের পরিমাণ,  $q = C_p V = 6 \times 12 = 72 \mu\text{C}$   
 $4\mu\text{F}$  ধারকের দুই প্রান্তের চার্জ -  $4 \times 12 = 48 \mu\text{C}$   
 $\therefore C_s$  এর চার্জ =  $(72 - 48) \mu\text{C} = 24 \mu\text{C}$   
 $\therefore$  সিরিজে সংযুক্ত ধারকের প্রত্যেকটিতে চার্জের পরিমাণ সমান হয়।  $3\mu\text{F}$  ও  $6\mu\text{F}$  উভয়টিতে  $24\mu\text{C}$  করে চার্জ থাকবে।

জানি,  $V = \frac{q}{C}$   
 এখন,  $3\mu\text{F}$ ,  $6\mu\text{F}$  ও  $4\mu\text{F}$  ধারকদ্বয়ের প্রত্যেকটির বিভব,  
 $V_3 = \frac{24}{3} = 8\text{V}$ ;  $V_6 = \frac{24}{6} = 4\text{V}$ ;  $V_4 = \frac{48}{4} = 12\text{V}$   
 লক্ষ্যনীয়, সমান্তরালে যুক্ত ধারকের দুই প্রান্তের বিভব পার্থক্য সমান।  
 $[(8 + 4)\text{V} = 12\text{V}]$



**Ex-03** একটি সমান্তরাল পাতধারকের মধ্যবর্তী স্থানের এক-তৃতীয়াংশ 5 ডাই ইলেকট্রিক ধ্রুবক বিশিষ্ট পদার্থ দিয়ে পূর্ণ করা হল। পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.04 m এবং প্রত্যেক পাতের ক্ষেত্রফল  $0.3\text{m}^2$  হলে ধারকত্ব কত?

**Sol<sup>n</sup>:**



এখানে, এক তৃতীয়াংশ ডাই ইলেকট্রিক পদার্থ দ্বারা পূর্ণ করায় এটি দুটি সমান্তরাল ধারকের তুল্য ধরনরূপে কাজ করবে। এক্ষেত্রে ক্ষেত্রফল পরিবর্তন হবে কিন্তু মধ্যবর্তী দূরত্ব অপরিবর্তিত থাকবে।

ধরি, ডাই ইলেকট্রিক পদার্থ দ্বারা পূর্ণ অংশের ধারকত্ব  $C_1$  ও অপর অংশের ধারকত্ব  $C_2$ ।

$$\therefore C_1 = \frac{\epsilon_0 K A_1}{d} \quad \left| \quad A_1 = \frac{0.3}{3} = 0.1\text{m}^2, K = 5 \right.$$

$$= \frac{8.854 \times 10^{-12} \times 5 \times 0.1}{0.04} = 1.11 \times 10^{-10}\text{F}$$

$$C_2 = \frac{\epsilon_0 A_2}{d} \quad \left| \quad A_2 = \frac{2 \times 0.3}{3} = 0.2\text{m}^2 \right.$$

$$= \frac{8.854 \times 10^{-12} \times 0.2}{0.04} = 4.427 \times 10^{-11}\text{F} = 0.4427 \times 10^{-10}\text{F}$$

$$\therefore \text{মোট ধারকত্ব } C_p = C_1 + C_2$$

$$= (1.11 \times 10^{-10}) + (0.4427 \times 10^{-10}) = 1.5527 \times 10^{-10}\text{F} \text{ Ans.}$$

**Ex-04** দুটি ধারককে সমান্তরাল ও শ্রেণীতে যুক্ত করলে তুল্য ধারকত্ব যথাক্রমে  $9\mu\text{F}$  ও  $2\mu\text{F}$  হয়। ধারক দুটির ধারকত্ব নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:**  $C_p = C_1 + C_2 = 9 \dots\dots\dots (i)$

$$\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} = \frac{1}{2}$$

$$\Rightarrow \frac{C_1 + C_2}{C_1 C_2} = \frac{1}{2} \Rightarrow C_1 C_2 = 2(C_1 + C_2) = 2 \times 9 = 18$$

$$\Rightarrow C_1 = \frac{18}{C_2}$$

$$(i) \text{ নং এ } C_1 \text{ এর মান বসাই } \frac{18}{C_2} + C_2 = 9$$

$$\Rightarrow C_2^2 - 9C_2 + 18 = 0 \Rightarrow (C_2 - 3)(C_2 - 6) = 0$$

$$\therefore C_2 = 3 \text{ or } 6 \therefore C_1 = 6 \text{ or } 3 \text{ Ans. } 3\mu\text{F} \text{ ও } 6\mu\text{F}$$

**Ex-05**  $10\mu\text{F}$ ,  $20\mu\text{F}$  এবং  $60\mu\text{F}$  ধারকত্ব বিশিষ্ট তিনটি ধারকের (i) সর্বোচ্চ ও সর্বনিম্ন ধারকত্ব কত? (ii) যদি বিভব পার্থক্য 200 volt হয়, তবে সর্বোচ্চ ও সর্বনিম্ন স্থিতিশক্তি নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** (i)  $C_{\text{max}} = C_p = C_1 + C_2 + C_3 = (10 + 20 + 60)\mu\text{F} = 90\mu\text{F}$  Ans.

$$\frac{1}{C_{\text{min}}} = \frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} + \frac{1}{C_3} = \frac{1}{10} + \frac{1}{20} + \frac{1}{60} = \frac{1}{6}$$

$$\therefore C_{\text{min}} = 6\mu\text{F}$$

$$(ii) U_{\text{max}} = \frac{1}{2}(C_{\text{max}})V^2 = \frac{1}{2} \times 90 \times 10^{-6} \times (200)^2 = 1.8 \text{ J Ans.}$$

$$U_{\text{min}} = \frac{1}{2}(C_{\text{min}})V^2 = \frac{1}{2} \times 6 \times 10^{-6} \times (200)^2 = 0.12 \text{ J Ans.}$$

**Ex-06** একটি সমান্তরাল পাত ধারকের প্রত্যেক পাতের ক্ষেত্রফল  $1.5\text{m}^2$  এবং এর মাঝে  $0.02\text{m}$  পুরু বায়ুর ভর থাকলে এর ধারকত্ব কত হবে?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,

$$C = \frac{\epsilon_0 A}{d}$$

$$\therefore C = \frac{8.854 \times 10^{-12} \text{ Fm}^{-1} \times 1.5 \text{ m}^2}{0.02 \text{ m}}$$

$$= 664.05 \times 10^{-12} \text{ F}$$

$$= 664.05 \times 10^{-12} \times 10^6 \mu\text{F}$$

$$= 6.64 \times 10^{-4} \mu\text{F}$$

অতএব, ধারকত্বের মান  $= 6.64 \times 10^{-4} \mu\text{F}$  Ans.

$$\left. \begin{aligned} A &= 1.5\text{m}^2 \\ d &= 0.02 \text{ m} \\ C &=? \\ \epsilon_0 &= 8.854 \times 10^{-12} \text{ Fm}^{-1} \\ &(\text{C}^2\text{N}^{-1}\text{m}^{-2}) \end{aligned} \right\}$$

**Ex-07** একটি সমান্তরাল পাত ধারকের বিভব পার্থক্য তার আদি বিভব পার্থক্যের অর্ধেক হয়ে গেলে ধারকটির সঞ্চিত শক্তি কি পরিমাণ হ্রাস পাবে? [G.M. Bhuia]

**Sol<sup>n</sup>:** আমরা জানি, ধারকের সঞ্চিত শক্তি  $U = \frac{1}{2} CV^2$

$$\text{আদি বিভব, } V_1 = V$$

$$\text{শেষ বিভব, } V_2 = \frac{V}{2}$$

$$\therefore \frac{U_1}{U_2} = \left( \frac{V_1}{V_2} \right)^2 = \left( \frac{V}{\frac{V}{2}} \right)^2 = 4$$

$$\therefore U_2 = \frac{1}{4} U_1 = 0.25 U_1$$

$$\therefore \text{ধারক এর শক্তি হ্রাস পায়} = U_1 - 0.25 U_1 = 0.75 U_1 = 75\% \text{ of } U_1 \text{ Ans.}$$

**For practice**

- একটি ধারকের চার্জ  $9.6\mu\text{C}$  এবং দুপাতের বিভব পার্থক্য 120v। ধারকটির ধারকত্ব ও সঞ্চিত শক্তির পরিমাণ কত? Ans.  $800\text{pF}$  ও  $576 \times 10^{-4}\text{J}$
- তিনটি ধারকের ধারকত্ব যথাক্রমে 3, 2 ও  $1\mu\text{F}$  এদের দ্বিতীয় ও তৃতীয়টিকে শ্রেণীবদ্ধভাবে সাজিয়ে প্রথমটির সাথে সমান্তরালে যুক্ত করা হলে তুল্য ধারকত্ব নির্ণয় কর। Ans.  $11/3 \mu\text{F}$
- $4\mu\text{F}$  ও  $5\mu\text{F}$  এর দুইটি ধারক শ্রেণীতে সংযুক্ত এই সমন্বয়ে 300 volt বিভব পার্থক্যের একটি উৎসের সাথে যুক্ত করলে কত শক্তি উহাতে সঞ্চিত হবে? Ans.  $0.1 \text{ J}$

$$\text{Hints } U = \frac{1}{2} CV^2$$

- $1.12\mu\text{F}$  ধারকত্ব বিশিষ্ট টেনিডিশন সেটের ধারকের টার্মিনালদ্বয়ের মধ্যে 3000V বিভব পার্থক্য প্রয়োগ করা হল। ধারকে সঞ্চিত শক্তি কত? Ans.  $5.05 \text{ J}$
- তিনটি ধারকের ধারকত্ব যথাক্রমে 2, 3 ও  $4\mu\text{F}$  এদেরকে প্রথমে শ্রেণীবদ্ধ এবং পরে সমান্তরালে সাজানো হল। এই দুই ক্ষেত্রে তুল্য ধারকত্বের তুলনা কর। Ans.  $4 : 39$

**06** একটি বর্তনীতে n টি ধারকের মধ্যে S টি ধারক প্রথম দিকে শ্রেণীবদ্ধভাবে এবং অবশিষ্ট ধারকগুলো শেষের দিকে সমান্তরালে যুক্ত আছে। ধারকগুলোর প্রত্যেকটির

$$\text{ধারকত্ব } C \text{ হলে দেখাও যে তাদের মিলিত ধারকত্ব } C_0 = \frac{C(n-S)}{S(n-S)+1}$$


- একটি সমান্তরাল পাত ধারকের পাতের পাতের ক্ষেত্রফল  $100 \times 10^{-4}\text{m}^2$  এবং এদের মধ্যবর্তী দূরত্ব 4mm। ধারকের পাত দুটিতে  $0.2\mu\text{C}$  এর সমান এবং বিপরীতধর্মী চার্জ প্রয়োগ করা হল। পরে পাত দুটির মধ্যবর্তী স্থানে 7 ডাই ইলেকট্রিক ধ্রুবক বিশিষ্ট বস্তু স্থাপন করা হল। ডাই-ইলেকট্রিক দ্বারা মধ্যবর্তী স্থান পূর্ণ করার আগে ও পরে ধারকটির ধারকত্ব এবং বিভব নির্ণয় কর। Ans.  $22.135 \mu\text{F}$ ,  $9035.56\text{V}$  এবং  $154.95\mu\text{F}$ ,  $1290.78\text{V}$



১১. সমান ধারকত্বে ৫টি ধারকের শ্রেণি ও সমান্তরাল সমবায়ে তুল্য ধারকত্বের তুলনা কর।

Ans. সমান্তরাল = 25 × শ্রেণি।

১২. চিত্রে প্রদর্শিত বর্তনীর জন্য তুল্য ধারকত্ব এবং সঞ্চিত শক্তি নির্ণয় কর।



Ans. 1.67 μF  
and 8350 J

**Type-05**

ভর ও চার্জ সংক্রান্ত সমস্যা।

**Ex-01**  $1.2 \times 10^5 \text{ Vm}^{-1}$  প্রাবল্য বিশিষ্ট একটি সুখম তড়িৎ ক্ষেত্রের কোন এক বিপুলে  $1.6 \times 10^{-19} \text{ C}$  চার্জের একটি ইলেকট্রন স্থাপন করা হল। ইলেকট্রনের উপর ক্রিয়াশীল বল, ত্বরণ ও স্থির অবস্থান থেকে 20 মি. মি. দূরত্ব অতিক্রমের জন্য প্রয়োজনীয় সময় নির্ণয় কর। [ইলেকট্রনের ভর  $m = 9.1 \times 10^{-31} \text{ kg}$ ]

Sol<sup>n</sup>: আমরা পাই,

বল,  $F = qE = eE$

$\therefore F = 1.2 \times 10^5 \times 1.6 \times 10^{-19}$   
 $= 1.92 \times 10^{-14} \text{ N}$

ত্বরণ,  $a = \frac{F}{m} = \frac{1.92 \times 10^{-14}}{9.1 \times 10^{-31}}$   
 $= 2.11 \times 10^{16} \text{ ms}^{-2}$

সংবাদ,  $s = v_0 t + \frac{1}{2} at^2$ ;  $s = \frac{1}{2} at^2$

$\therefore t = \sqrt{\frac{2s}{a}} = \sqrt{\frac{2 \times 0.02}{2.12 \times 10^{16}}} = 1.37 \times 10^{-9} \text{ sec Ans.}$

**For practice**

01. কোন তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য কত হলে সেখানে একটি ইলেকট্রন এর গুরুত্বের সমান বল অনুভব করবে? ইলেকট্রনের ভর =  $9.1 \times 10^{-31} \text{ kg}$  এবং আধান =  $1.6 \times 10^{-19} \text{ C}$ ।

**Hints**  $mg = qE$

02. একটি ইলেকট্রনের গুরুত্বের সমান তড়িৎ বল প্রযুক্ত হলে উহার ক্ষেত্র প্রাবল্য কত হবে? [ইলেকট্রনের ভর =  $9.1 \times 10^{-31} \text{ kg}$  ও চার্জ  $1.6 \times 10^{-19} \text{ C}$ ]  $g = 9.8 \text{ ms}^{-2}$ ।


Ans.  $5.6 \times 10^{-11} \text{ NC}^{-1}$   
**Hints**  $E = \frac{F}{q} = \frac{mg}{q}$

**Type-06**

বিন্দু চার্জের লব্ধি সংক্রান্ত সমস্যা।

**Ex-01** A ও B বিন্দুতে যথাক্রমে  $+2 \times 10^{-8} \text{ C}$  ও  $-2 \times 10^{-8} \text{ C}$  মানের দুটি চার্জ স্থাপন করা হল। A এবং B-এর দূরত্ব 6cm, A ও B বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখার মধ্যবিন্দু থেকে অঙ্কিত লম্ববিন্দকের উপর কোন বিন্দু P-তে স্থাপিত  $+1 \times 10^{-8} \text{ C}$  চার্জের লব্ধি বল নির্ণয় কর। সংযোজক সরলরেখার মধ্যবিন্দু থেকে P বিন্দুর দূরত্ব 4cm.

চিত্র :



সিহ AP=BP= $\sqrt{4^2 + 3^2} = 5 \text{ cm} = 0.05 \text{ m}$

Sol<sup>n</sup>: আমরা জানি সামান্তরিকের সূত্র

অনুযায়ী লব্ধি বল

$F^2 = F_1^2 + F_2^2 + 2F_1F_2 \cos 2\theta$

কিন্তু AP = BP এবং A বিন্দুর চার্জ

= B বিন্দুর চার্জ  $F_1 = F_2$

$\therefore F^2 = F_1^2 + 2F_1^2 \cos 2\theta$

$= 2F_1^2 (1 + \cos 2\theta)$

$= 2F_1^2 \times 2 \cos^2 \theta$

বা,  $F = 2F_1 \cos \theta$

সুতরাং  $F = \frac{2}{4\pi \epsilon_0} \frac{q_1 q_2}{r^2} \cos \theta$

$= \frac{2 \times 9 \times 10^9 \times 2 \times 10^{-8} \times 1 \times 10^{-8} \times 3}{(0.05)^2 \times 5}$

$= 8.64 \times 10^{-4} \text{ N}$

লব্ধি বল  $F = 8.64 \times 10^{-4} \text{ N Ans.}$

**For practice**

01.  $2.00 \times 10^{-8} \text{ C}$  মানের দুটি বিপরীত আধান 6cm ব্যবধানে অবস্থিত। আধানদ্বয়ের সংযোগ সরলরেখার লম্বসম্বন্ধিতকের উপর 4cm দূরে স্থাপিত  $1 \times 10^{-8}$  আধানের উপর ক্রিয়াশীল বলের মান নির্ণয় কর। Ans.  $8.64 \times 10^{-4} \text{ N}$

**Type-07**

ধারকের শক্তি সংক্রান্ত সমস্যা।

**Ex-01** 5cm ও 10cm ব্যাসার্ধের দুটি গোলাকের প্রতিটিতে চার্জ  $1.7 \times 10^{-8} \text{ C}$  একটি সরু তার দ্বিধে এদের সংযোগ করা হল। সংযোগের পূর্বে ও পরে গোলাকদ্বয়ের মোট শক্তি নির্ণয় কর। এদের শক্তিক্ষয়ের পরিমাণ কত?

Sol<sup>n</sup>: আমরা জানি স্থিতিশক্তি

$E = \frac{1}{2} QV = \frac{1}{2} \frac{Q^2}{C}$

সংযোগের পূর্বে প্রথমটির শক্তি

$E_1 = \frac{1}{2} \frac{Q_1^2}{C_1} = \frac{1}{2} \frac{Q_1^2}{4\pi \epsilon_0 r_1}$

$= \frac{1}{2} \frac{9 \times 10^9 (1.7 \times 10^{-8})^2}{0.05}$

$= 2.60 \times 10^{-5} \text{ J}$

$E_2 = \frac{1}{2} \frac{9 \times 10^9 (1.7 \times 10^{-8})^2}{0.1}$

$= 1.3 \times 10^{-5} \text{ J}$

মোট শক্তি  $E_1 + E_2 = (2.6 + 1.3) \times 10^{-5} \text{ J}$

$\therefore E = 3.9 \times 10^{-5} \text{ J}$

সংযোগের পর সাধারণ বিভব  $V = \frac{q_1 + q_2}{C_1 + C_2} = \frac{Q_1 + Q_2}{4\pi \epsilon_0 (r_1 + r_2)}$

$\therefore V = \frac{9 \times 10^9 \times 2 \times 1.7 \times 10^{-8}}{0.05 + 0.1} = 2040 \text{ V}$

সংযোগের পর মোট শক্তি  $E' = \frac{1}{2} QV = \frac{1}{2} \times 2 \times 1.7 \times 10^{-8} \times 2040 = 3.468 \times 10^{-5} \text{ J}$

সুতরাং শক্তি ক্ষয় =  $E - E' = 3.9 \times 10^{-5} - 3.468 \times 10^{-5}$   
 $= 4.32 \times 10^{-6} \text{ J Ans.}$  শক্তি ক্ষয়  $4.32 \times 10^{-6} \text{ J}$

**For practice**

01. 0.02 ব্যাসার্ধ বিশিষ্ট ৬টি গোলাকার ফেঁটাকে একত্রিত করে একটি বড় ফেঁটায় পরিণত করা হয়। যদি প্রতি ফেঁটায় ১ কুলম্ব চার্জ বিদ্যমান থাকে তবে বড় ফেঁটায় বিভব ও ধারকত্ব নির্ণয় কর। Ans.  $V = 7.19 \times 10^3 \text{ V}$ ,  $C = 8.9 \times 10^{-12} \text{ F}$



## Type-08

টান সংক্রান্ত সমস্যা।

**Ex-01** 0.6gm ভরের একটি ক্ষুদ্র বল  $8 \times 10^{-5} \text{C}$  চার্জ বহন করে বলটিকে একটি সুতার সাহায্যে নিম্নমুখী তড়িৎ ক্ষেত্রে ঝুলিয়ে দেয়া হলো। তড়িৎক্ষেত্রের প্রাবল্য  $300 \text{N/C}$  হলে সুতার টান নির্ণয় কর।

$$\text{Sol}^n: T = W + F = mg + qE \\ = 0.6 \times 10^{-3} \times 9.8 + 8 \times 10^{-5} \times 300 = 8.28 \times 10^{-3} \text{N Ans.}$$

**Ex-02** সমান্তরাল দুটি ধাতব পাতের মধ্যকার দূরত্ব  $10 \text{cm}$  এবং বিত্তব পার্যক্য  $28 \mu\text{V}$ ,  $6 \times 10^{-4} \text{kg}$  ভরের একটি ক্ষুদ্র বল উপরের পাত হতে একটি তারের সাহায্যে ঝুলানো আছে। বলটিতে যদি  $20 \mu\text{C}$  চার্জ থাকে তবে তারের টান কত?

$$\text{Sol}^n: \text{তারের টান, } T = F + mg$$

$$\text{তড়িৎ বল, } F = qE = q \cdot \frac{V}{r} = \frac{qV}{r}$$

$$\therefore T = \frac{qV}{r} + mg = \frac{20 \times 10^{-6} \times 28}{0.1} + 6 \times 10^{-4} \times 9.8 = 11.48 \times 10^{-3} \text{N Ans.}$$

## For practice

01. 0.5gm ভরের কোন ক্ষুদ্র বল  $10^{-5} \text{C}$  চার্জ বহন করে। বলটিকে একটি সুতার সাহায্যে উর্ধ্বমুখী তড়িৎ ক্ষেত্রে ঝুলিয়ে দেওয়া হলো। তড়িৎক্ষেত্রের প্রাবল্য  $250 \text{N/C}$  হলে সুতার টান নির্ণয় কর। **Ans.  $7.4 \times 10^{-3} \text{N}$**

## Type-09

V = Ed সংক্রান্ত সমস্যা।

**Ex-01** একটি সুমম তড়িৎ ক্ষেত্রে  $50 \text{cm}$  ব্যবধানে অবস্থিত দুটি  $200 \text{V}$ । তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য নির্ণয় কর।

$$\text{Sol}^n: \text{প্রাবল্য } E = \frac{V}{d} = \frac{200 \text{V}}{50 \times 10^{-2} \text{m}} \therefore E = 400 \text{Vm}^{-1} \text{ (Ans.)}$$

## For practice

01. প্রাবল্য প্রাথমিক প্রাবল্যের 25% বৃদ্ধি করলে দূরত্ব কি হারে হ্রাস করতে হবে?

$$\text{Hints } \left( \frac{d_2}{d_1} \right)^2 = \frac{E_1}{E_2} \quad \text{Ans. } 4/5$$

02. দূরত্ব দ্বিগুণ করা হলে প্রাবল্যে কত গুণ হবে? **Ans.  $1/4$**

## Type-10

পর্যবেদ্যাত্মিক গ্রন্থক সংক্রান্ত সমস্যা।

**Ex-01** পানি ও অ্যাকুয়ামের পারমিটিভিটি যথাক্রমে  $7.17 \times 10^{-10} \text{C}^2 \text{N}^{-1} \text{m}^{-2}$  ও  $8.854 \times 10^{-12} \text{C}^2 \text{N}^{-1} \text{m}^{-2}$  হলে পানির ডাই ইলেকট্রিক গ্রন্থক নির্ণয় কর।

$$\text{Sol}^n: K = \frac{\epsilon}{\epsilon_0} = \frac{7.17 \times 10^{-10}}{8.85 \times 10^{-12}} = 80.99 = 81$$

## For practice

01. একটি তরলের পারমিটিভিটি  $1.4 \times 10^{-10} \text{C}^2 \text{N}^{-1} \text{m}^{-2}$  হলে ঐ তরলের ডাই-ইলেকট্রিক গ্রন্থক নির্ণয় কর। **Ans. 15.8**

02. পানি ও অন্য কোন তরলের পারমিটিভিটি যথাক্রমে  $7.17 \times 10^{-10} \text{C}^2 \text{N}^{-1} \text{m}^{-2}$  ও  $9.17 \times 10^{-10} \text{C}^2 \text{N}^{-1} \text{m}^{-2}$ । পানির ডাইইলেকট্রিক গ্রন্থক 81 হলে তরলের ডাই ইলেকট্রিক গ্রন্থক কত?

$$\text{Hints } \frac{E_2}{E_1} = \frac{\epsilon_2}{\epsilon_1} \quad \text{Ans. 103.6}$$

## Type-11

তড়িৎ ফ্লাক্স এবং গাউসের সূত্র সংক্রান্ত:

**Ex-01**  $1 \text{m}$  বাহুবিশিষ্ট কোন ঘনকের কেন্দ্রে  $q \text{C}$  চার্জ থাকলে ঘনকটির প্রতি তলের মধ্যদিয়ে অতিক্রান্ত তড়িৎ ফ্লাক্স কত হবে?

$$\text{Sol}^n: \text{ঘনকের 6টি তলের মোট ক্ষেত্রফল} = 6 \times 1^2 = 6 \text{m}^2$$

$$\text{আমরা জানি, } \epsilon \phi = q$$

$$\Rightarrow \phi = \frac{q}{\epsilon}$$

$$\text{অর্থাৎ, } 6 \text{m}^2 \text{ তলের মধ্যদিয়ে অতিক্রান্ত ফ্লাক্স} = \frac{q}{\epsilon}$$

$$\therefore \text{প্রতি তলের মধ্যদিয়ে অতিক্রান্ত ফ্লাক্স} = \frac{q}{6\epsilon} \text{ Ans.}$$

## For practice

01.  $1 \times 10^{-4} \text{C}$  মানের একটি বিন্দু চার্জ  $0.5 \text{m}$  দূরবিশিষ্ট গাউসিয়ান ঘনকীয় বস্তুর কেন্দ্রে অবস্থিত। পৃষ্ঠের তড়িৎ ফ্লাক্স নির্ণয় কর। **Ans.  $1,129 \times 10^7 \text{NC}^{-1} \text{m}^2$**

02. R ব্যাসার্ধের একটি কাঙ্ক্ষনিক সিলিন্ডার E প্রাবল্যের তড়িৎ ক্ষেত্রে নিমজ্জিত অবস্থায় আছে। সিলিন্ডারের অক্ষটি তড়িৎক্ষেত্রের সমান্তরালে আছে। সিলিন্ডারটিকে একটি অবক্ষ পৃষ্ঠ বিবেচনা করে এর জন্য তড়িৎ ফ্লাক্স  $\phi_E$  নির্ণয় কর। **Ans.  $\phi_E = 0$**   
Hints: সিলিন্ডারের তলের লম্বের সাথে সিলিন্ডারের অক্ষ তথা তড়িৎক্ষেত্র সমকোণে।  $\therefore \int \vec{E} \cdot d\vec{s} = 0$

03. কোনো ফাঁপা গোলকের কেন্দ্রে অবস্থিত চার্জের জন্য গোলকের সমগ্র তলের মধ্যদিয়ে অতিক্রান্ত তড়িৎ ফ্লাক্স  $6.5 \times 10^3 \text{NC}^{-1} \text{m}^2$ । গোলকের কেন্দ্রে চার্জের পরিমাণ কত? **Ans.  $5.75 \times 10^{-6} \text{C}$**

## Type-12

তড়িৎ দ্বিমেরু সংক্রান্ত:

**Ex-01** একটি দ্বিমেরুর আধান দুটির মাঝের দূরত্ব  $4 \times 10^{-10} \text{cm}$  দ্বিমেরুর লম্ব সমবিশ্বককের উপর দ্বিমেরু হতে  $4 \text{cm}$  দূরে তড়িৎ প্রাবল্য  $3.2 \times 10^{-11} \text{NC}^{-1}$  হলে দ্বিমেরুর আধানের পরিমাণ নির্ণয় করো।

$$\text{Sol}^n: \text{আমরা জানি, } E = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{p}{r^2}$$

$$\text{এখানে, } p = 2aq = 4 \times 10^{-21} \times q$$

$$\therefore E = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{2aq}{r^2}$$

$$\Rightarrow q = \frac{3.2 \times 10^{-11} \times (0.04)^2}{9 \times 10^9 \times 4 \times 10^{-21}} = 5.69 \times 10^{-9} \text{C (Ans.)}$$

**Ex-02** একটি দ্বিমেরুর আধান দুটির মাঝের দূরত্ব  $2 \times 10^{-12} \text{cm}$  এবং আধানের মান  $3 \times 10^{-8} \text{C}$ । দ্বিমেরুর কেন্দ্রে হতে অক্ষের সাথে  $60^\circ$  কোণে  $4 \text{cm}$  দূরে কোনো বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় করো।

$$\text{Sol}^n: \text{দেওয়া আছে, আধানের মান, } q = 3 \times 10^{-8} \text{C}$$

$$\text{দূরত্ব } 2a = 2 \times 10^{-12} \text{cm} = 2 \times 10^{-20} \text{m}$$

$$\text{বিন্দুর দূরত্ব } r = 4 \text{cm} = 4 \times 10^{-2} \text{m}$$

$$\text{দ্বিমেরু অক্ষ এবং } r \text{ এর মধ্যবর্তী কোণ } \theta = 60^\circ$$

$$\text{তড়িৎ বিভব } V = ?$$

$$\frac{1}{4\pi\epsilon_0} = 9 \times 10^9 \text{Nm}^2 \text{C}^{-2}$$

$$\text{আমরা জানি, } V = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{p \cos \theta}{r^2} = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{2aq \cos \theta}{r^2}$$

$$= \frac{9 \times 10^9 \text{Nm}^2 \text{C}^{-2} \times 2 \times 10^{-20} \text{m} \times 3 \times 10^{-8} \text{C} \times \cos 60^\circ}{(4 \times 10^{-2} \text{m})^2}$$

$$= 1.69 \times 10^{-13} \text{ volt}$$



**Ex-43** একটি তড়িৎ দ্বিমেরক  $1 \times 10^{-4}$  কুলম্ব মানের দুইটি বিপরীত চার্জ ধরা গঠিত এক জালের মধ্যবর্তী দূরত্ব 2 সে.মি.। দ্বিমেরকটি  $1 \times 10^3 \text{ NC}^{-1}$  তড়িৎক্ষেত্রে স্থাপিত। দ্বিমেরকটিকে ঘুরিয়ে বিপরীত অভিমুখে স্থাপন করতে কী পরিমাণ কাজ করতে হবে?

**Sol<sup>n</sup>:** দ্বিমেরকটিকে ঘুরিয়ে বিপরীত অভিমুখে স্থাপন করার অর্থ  
 $\theta = 180^\circ$        $E = 1 \times 10^3 \text{ NC}^{-1}$   
 $\theta_0 = 0^\circ$   
 $\therefore$  কাজ,  $W = -PE(\cos\theta - \cos\theta_0) = -PE(\cos 180^\circ - \cos 0^\circ)$   
 $= -PE(-1 - 1) = 2PE = 2q \times 2l \times E$  [ $\therefore p = q \times 2l$ ]  
 $= 2 \times 1 \times 10^{-4} \times 2 \times 10^{-2} \times 1 \times 10^3 = 0.4 \text{ J}$  Ans.

**For practice**

81. একটি তড়িৎ দ্বিমেরকের মধ্যে দূরত্ব  $3 \times 10^{-10} \text{ cm}$  এবং দ্বিমেরকের লম্বাধিকতকের উপর দ্বিমেরক হতে  $3.3 \times 10^{-19}$  নূরে তড়িৎক্ষেত্রে  $3.2 \times 10^{13} \text{ NC}^{-1}$  হলে, দ্বিমেরক আধানের পরিমাণ কত?      **Ans.**  $3.2 \times 10^{-9} \text{ C}$
82.  $1 \mu\text{C}$  এর দুটি বিপরীতধর্মী চার্জ পরস্পর 1 cm দূরত্বে অবস্থান করে একটি তড়িৎ দ্বিমেরক গঠন করেছে। দ্বিমেরকটির মধ্যবিন্দু থেকে 10 cm দূরে এর অক্ষের উপর কোনো বিন্দুতে তড়িৎ প্রাবল্য নির্ণয় কর। **Ans.**  $18 \times 10^4 \text{ NC}^{-1}$
83. একটি তড়িৎ দ্বিমেরকের দুটি চার্জ  $\pm 20 \mu\text{C}$  পরস্পর থেকে 1 cm দূরে অবস্থিত। দ্বিমেরকটির মধ্যবিন্দু থেকে 50 cm দূরে লম্ব দিকতকের উপর অবস্থিত কোনো বিন্দুতে তড়িৎ প্রাবল্য নির্ণয় কর। **Ans.**  $1.44 \times 10^4 \text{ NC}^{-1}$

**Extra Type**

**Ex-01** এক পেয়ালার পানির মধ্যে কী পরিমাণ ধনাত্মক ও ঋণাত্মক আধান আছে? [পেয়ালার পানির ভর 250gm]

**Sol<sup>n</sup>:** ধরা যাক, এক পেয়ালার পানির ভর = 250 gm  
 পানির আণবিক ভর = 18 gm  
 $\therefore$  1 মোল (=  $6.02 \times 10^{23}$  অণু) পানির ভর 18 gm  
 এক পেয়ালার পানিতে অণুর সংখ্যা =  $\frac{250}{18} \times 6.023 \times 10^{23} = 83.65 \times 10^{23}$   
 এখ এক অণু পানিতে দুটি হাইড্রোজেন পরমাণু এবং একটি অক্সিজেন পরমাণু বিদ্যমান। অর্থাৎ 10টি ইলেকট্রন এবং 10টি প্রোটন। সুতরাং ধনাত্মক আধান এবং ঋণাত্মক আধানের পরিমাণ সমান হবে।  
 $\therefore$  ধনাত্মক বা ঋণাত্মক আধানের পরিমাণ =  $83.61 \times 10^{23} \times 10 \times 1.602 \times 10^{-19} \text{ C} = 1.34 \times 10^7 \text{ C}$  Ans.

**Ex-02** একটি কাচ নলকে সিল্কের কাপড় দ্বারা ঘর্ষণের ফলে সিল্কে  $3.2 \times 10^{-7} \text{ C}$  ঋণাত্মক চার্জ উৎপন্ন হলো-


- কতটি ইলেকট্রন কাচ থেকে সিল্কে গেল?
- ইলেকট্রন স্থানান্তরের ফলে বস্তুর ভরের পরিবর্তন হবে কী? গাণিতিক ভাবে দেখাও?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $q = ne \Rightarrow n = \frac{q}{e} = \frac{3.2 \times 10^{-7}}{1.6 \times 10^{-19}} \therefore n = 2 \times 10^{12}$  Ans.  
 (ii) হ্যা, ভরের পরিবর্তন ঘটবে।  
 নিল্পে ভরের পরিবর্তন দেখানো হলো-  
 স্থানান্তরিত ইলেকট্রনের সংখ্যা, এখানে,  
 $n = 2 \times 10^{12}$  টি      ইলেকট্রনের চার্জ,  $e = 1.6 \times 10^{-19} \text{ C}$   
 $\therefore$  সিল্কের ভর বৃদ্ধি বা কাচের ভর হ্রাস      উৎপন্ন চার্জের পরিমাণ,  $q = 3.2 \times 10^{-7} \text{ C}$   
 $= mn$       ইলেকট্রনের সংখ্যা,  $n = ?$   
 $= 9.1 \times 10^{-31} \times 2 \times 10^{12}$       ইলেকট্রনের ভর,  $m = 9.1 \times 10^{-31} \text{ kg}$   
 $= 1.82 \times 10^{-18} \text{ kg}$

**Joykoly Special**

**Ex-01** m ভরের দুটি পিথবলকে / দৈর্ঘ্যের দুটি সূতার সাহায্যে কোন বিন্দু থেকে ঝুলিয়ে দেয়া হলো। অতঃপর প্রত্যেকটি পিথবলকে সমপরিমাণ সমজাতীয় আধান চর্জিত করা হলে এরা পরস্পরের সাথে  $\theta$  কোণে আনত অবস্থায় পরস্পর থেকে x দূরত্বে সাম্যাবস্থায় থাকে। এখানে  $\theta$  এর মান অতি ক্ষুদ্র

দেখাও যে,  $x = \left( \frac{q^2 \ell}{2\pi \epsilon_0 mg} \right)^{\frac{1}{3}}$



**Sol<sup>n</sup>:** ধরি, সূতার টান T  
 সূতার টানের উল্লম্ব উপাংশ এবং পিথবলের ওজন সমান।  
 সূতার টানের আনুভূমিক উপাংশ এবং পিথবলদ্বয়ের বিকর্ষণ বল সমান।  
 $\therefore T \cos\theta = mg$  ----- (1),       $T \sin\theta = F$  ----- (2)  
 সমী: (1) নং ও (2) নং থেকে  $F = mg \tan\theta$

$\therefore \theta$  ক্ষুদ্র  $\therefore \tan\theta = \sin\theta = \frac{x}{\ell} = \frac{x}{2\ell}$  আবার,  $F = \frac{q^2}{4\pi \epsilon_0 x^2}$   
 $\therefore \frac{q^2}{4\pi \epsilon_0 x^2} = mg \frac{x}{2\ell} \therefore x = \left( \frac{q^2 \ell}{2\pi \epsilon_0 mg} \right)^{\frac{1}{3}}$  [Showed]

**For practice**

01. একটি ইলেকট্রন এবং প্রোটনের মধ্যবর্তী আকর্ষণ বল পানিতে কত? মধ্যবর্তী দূরত্ব  $2 \times 10^{-10} \text{ m}$  এবং পানির তড়িৎ মাধ্যমাক 80.      **Ans.**  $7.2 \times 10^{-10} \text{ N}$

**BUET, KUET, CUET & RUET**  
**[বিগত প্রশ্ন ও সমাধান]**

**Written Part**

**BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. একটি সমান্তরাল পাত ধারকের প্রতিটি পাতের ক্ষেত্রফল  $200 \text{ cm}^2$  এবং বায়ুতে পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.4 cm হলে এর-  
 i. ধারকত্ব নির্ণয় কর।  
 ii. যদি ধারকটি 500V বৈদ্যুতিক উৎসের সাথে সংযোগ করা হয়, তবে ধারকে কত শক্তি সঞ্চিত হবে? [17-18]

**Sol<sup>n</sup>**  
 (i)  $C = \frac{\epsilon_0 A}{d} = \frac{8.854 \times 10^{-12} \times 200 \times 10^{-4}}{0.4 \times 10^{-2}} = 4.427 \times 10^{-11} \text{ C}$   
 (ii) সঞ্চিত শক্তি,  $U = \frac{1}{2} CV^2 = \frac{1}{2} \times 4.427 \times 10^{-11} \times (500)^2 = 5.53 \times 10^{-6} \text{ J}$       **Ans.**

02. একটি গোলকের মোট চার্জ = 9C, ব্যাসার্ধ = 30cm হলে চার্জ ঘনত্ব কত? [15-16]

**Solve**  $\sigma = \frac{Q}{A} = \frac{Q}{4\pi R^2} = \frac{9}{4\pi (0.3)^2} = 7.96 \text{ Cm}^{-2}$



03. প্রতিটি 220 V এ চার্জিত সম আকারের আটটি ছোট গোলাকার ফেটাকে মিশিত করে একটি বড় ফেটায় পরিণত করা হল। বড় ফেটায় বিভব কত হবে? [14-15]


**Solve**  $R = \sqrt[3]{8} r = 2r$

$\therefore Q = 8 \times q$

$v \times 4\pi R \epsilon_0 = 8 \times 220 \times 4\pi r \epsilon_0$

$\Rightarrow v = \frac{8 \times 220 \times 4\pi r \epsilon_0}{4\pi 2r \epsilon_0} = 880 \text{ volt Ans.}$

04.  $4.0 \times 10^{-8} \text{C}$  মানের দুইটি ক্ষুদ্র সমান ও বিপরীত জাতীয় আধান 6.0cm ব্যবধান A ও B বিন্দুতে অবস্থিত। আধানদ্বয়ের সংযোগ সরল রেখা AB এর লম্ব সমকোণস্থলের উপর 4.0cm দূরে P বিন্দুতে স্থাপিত  $1.0 \times 10^{-8} \text{C}$  আধানের উপর ক্রিয়াশীল বল নির্ণয় কর।  $\left[ \frac{1}{4\pi\epsilon_0} = 9 \times 10^9 \text{Nm}^2\text{C}^{-2} \right]$  [13-14]



$q_1 = +1 \times 10^{-8} \text{C}$        $q_2 = -4 \times 10^{-8} \text{C}$

$\therefore F_1 = 9 \times 10^9 \times \frac{4 \times 10^{-8} \times 1 \times 10^{-8}}{(0.05)^2} = 1.44 \times 10^{-3} \text{N}$

এখানে,  $q_1$  ও  $q_2$  আধানদ্বয় সমান।

AC = BC = 5cm অর্থাৎ,  $q_1$  কর্তৃক  $q_2$  এর প্রতি বিকর্ষণ ও  $q_2$  কর্তৃক  $q_1$  এর প্রতি আকর্ষণ বলদ্বয় সমান, যারা যথাক্রমে AC ও CB বরাবর ক্রিয়াশীল।

$\therefore F_1 = F_2 = 1.44 \times 10^{-3} \text{N}$

$\therefore \theta_1 = \theta_2 = \theta$  [কারণ,  $F_1 = F_2$ ]

$F = F_1 \cos\theta + F_2 \cos\theta$

$= 2F_1 \cos\theta = 2 \times 1.44 \times 10^{-3} \times \frac{3}{5} \left[ \cos\theta = \frac{3}{5} \right]$   
 $= 1.728 \times 10^{-3} \text{N Ans.}$

05. 200 V এ কার্যকর 100 W এর একটি বাতির ফিলামেন্টের যথা দিয়ে প্রতি সেকেন্ডে প্রবাহিত ইলেকট্রনের সংখ্যা নির্ণয় কর। দেওয়া আছে, ইলেকট্রনের চার্জ  $e = 1.6 \times 10^{-19} \text{C}$ . [14-15]

**Solve**  $I = \frac{P}{V} = \frac{5}{11} \text{A}$

আবার,  $I = \frac{Q}{t} = \frac{nc}{t} = \frac{5}{11} = \frac{n \times 1.6 \times 10^{-19}}{1}$

$\therefore n = 2.84 \times 10^{18} \text{ Ans.}$

06. 2 μF ধারকত্ব বিশিষ্ট একটি ধারককে চার্জিত করার পর একটি পরিবাহী তার দ্বারা এটিকে চার্জ মুক্ত করা হল। ধারকে সঞ্চিত সমস্ত শক্তিই তারটিকে উত্তপ্ত করতে খরচ হল। এই শক্তির পরিমাণ 214.3 ক্যালরি হলে, কত ভোল্টে ধারকটিকে চার্জিত করা হয়েছিল? [13-14]

**Solve** ধারকের সঞ্চিত শক্তি,

$W = \frac{1}{2} CV^2 \Rightarrow V = \sqrt{\frac{2W}{C}}$

$= \sqrt{\frac{2 \times 900.06}{2 \times 10^{-6}}} = 3 \times 10^4 \text{V Ans.}$

$W = 214.3 \text{ cal}$   
 $= (214.3 \times 4.2) \text{ J}$   
 $= 900.06 \text{ J}$   
 $C = 2 \mu\text{F}$   
 $= 2 \times 10^{-6} \text{ F}$

07. একই মাপের 27টি বৃষ্টির ফেটায় প্রত্যেকটিকে 220 V দ্বারা চার্জিত করা হল। বৃষ্টির ফেটাসমূহ একত্রিত হয়ে একটি বড় ফেটায় পরিণত হলে, বৃহদাকার ফেটায় বিভব নির্ণয় কর। [11-12]

**Solve** ছোট ও বড় ফেটায় ব্যাসার্ধ যথাক্রমে r ও R হলে,

$\frac{4}{3} \pi R^3 = 27 \times \frac{4}{3} \pi r^3 \therefore R = 3r$

এখন প্রতি ফেটায় চার্জ = q ও বিভব  $V = 220 \text{V}$ , ধারকত্ব =  $C_s$  হলে,

$C_s = \frac{q}{V} \Rightarrow V = \frac{q}{C_s} = \frac{q}{4\pi \epsilon_0 r}$

এখন, বড় ফেটায় চার্জ হবে 27q  $\therefore$  ধারকত্ব =  $C_p$ , বিভব =  $V'$

হলে,  $C_p = \frac{27q}{V'} \Rightarrow V' = \frac{27q}{4\pi \epsilon_0 R} = \frac{27q}{4\pi \epsilon_0 3r} = \frac{27}{3} \times \frac{q}{4\pi \epsilon_0 r}$

$\Rightarrow V' = 9 \times V = 9 \times 220 = 1980 \text{V Ans.}$

08. বায়ু মাধ্যমে  $5000 \text{ V m}^{-1}$  সুষম বৈদ্যুতিক ক্ষেত্রে দুটি বৃত্তাকার পাত 0.002 m দূরত্বে সমান্তরাল অবস্থায় আছে। প্রতিটি পাতের ব্যাসার্ধ 0.08 m. গতিত ধারকটিতে মোট সঞ্চিত শক্তি নির্ণয় কর। [10-11]

**Solve**  $U = \frac{1}{2} CV^2 = \frac{1}{2} \times \frac{\epsilon_0 A}{d} \times (Ed)^2$

$= \frac{1}{2} \times \frac{8.854 \times 10^{-12} \times \pi \times (0.08)^2}{0.002} \times (5000 \times 0.002)^2$   
 $= 4.45 \times 10^{-9} \text{ J Ans.}$

09.  $3 \times 10^{-10} \text{C}$  আধানযুক্ত একটি গোলাকার তেলের ফেটায় তেলের বিভব 500 V. যদি এরকম দুটি ফেটা মিলে একটি গোলাকার ফেটায় সৃষ্টি হয়, তাহলে উক্ত ফেটায় তেলের বিভব কত হবে? [08-09]

$[\epsilon_0 = 8.85 \times 10^{-12} \text{ C}^2/\text{N-m}^2]$

**Solve** ১ম ফেটায় ধারকত্ব  $C_1 = \frac{Q}{V_1} = \frac{3 \times 10^{-10}}{500} = 6 \times 10^{-13} \text{ F}$

ফেটা দুটি মিলিত হলে, আধান, = 2V

$\Rightarrow \frac{4}{3} \pi R^3 = 2 \times \frac{4}{3} \pi r^3 \therefore R = \sqrt[3]{2} r$

এখন ২য় ফেটায় ধারকত্ব  $C_2$  হলে,  $\frac{C_2}{C_1} = \frac{4\pi \epsilon_0 R}{4\pi \epsilon_0 r} = \frac{R}{r}$

$\therefore C_2 = C_1 \times \frac{\sqrt[3]{2} r}{r} = 6 \times 10^{-13} \times \sqrt[3]{2} = 7.5595 \times 10^{-13} \text{ F}$

আবার, ২য় ফেটায় চার্জ = 2Q =  $2 \times 3 \times 10^{-10} = 6 \times 10^{-10}$

$\therefore$  ২য় ফেটায় বিভব,  $V = \frac{6 \times 10^{-10}}{7.5595 \times 10^{-13}} = 793.7 \text{ V Ans.}$

10. 20 μC বিশিষ্ট একটি চার্জ বৈদ্যুতিক ক্ষেত্র তৈরি করে। চার্জটি থেকে 10 cm এবং 5 cm দূরত্বে দুটি বিন্দুর অবস্থান। একটি বিন্দু হতে অপর বিন্দুতে একটি ইলেকট্রন নিতে কাজের পরিমাণ বের কর। [06-07]

**Solve** We know,  $W = q(V_2 - V_1) \Rightarrow W = q \frac{Q}{4\pi \epsilon_0} \left( \frac{1}{r_2} - \frac{1}{r_1} \right)$

$\Rightarrow W = 20 \times 10^{-6} \times 1.6 \times 10^{-19} \times 9 \times 10^9 \times \left( \frac{1}{0.05} - \frac{1}{0.1} \right)$

$\Rightarrow W = 2.88 \times 10^{-13} \text{ J Ans.}$

11. তিনটি ধারকের ধারকত্ব যথাক্রমে 5 μF, 10 μF এবং 1 μF. এদের প্রথম ও তৃতীয়টিকে শ্রেণীতে সংযুক্ত করে দ্বিতীয়টির সাথে সমান্তরালে সংযুক্ত করা হলে, তুল্য ধারকত্ব নির্ণয় কর। [04-05]

**Solve**  $C_1^{-1} = 5^{-1} + 1^{-1} = \frac{6}{5} \therefore C_1 = \frac{5}{6} \mu\text{F}$

$\therefore C = \frac{5}{6} + 10 = \frac{65}{6} = 10.83 \mu\text{F Ans.}$



একটি ধারক, যার প্রত্যেকটির ধারকত্ব  $20\mu\text{F}$  সমান্তরাল সমন্বয়ে রাখা হয়েছে।  $2\text{V}$  ব্যাটারীর সঙ্গে একে সংযুক্ত করে সংযোগ বিচ্ছিন্ন করা হল। কত চার্জ এই ধারকগুলোতে জমা হবে? [01-02]

**Solve** সমন্বয়ের ধারকত্ব,  
 $C = (20+20+20+20)\mu\text{F} = 80\mu\text{F} = 80 \times 10^{-6}\text{F}$   
 We know,  $Q = VC = 2 \times 80 \times 10^{-6} = 1.6 \times 10^{-4}\text{C}$   
 সমান্তরালে আছে বলে প্রত্যেক ধারকে একই পরিমাণ চার্জ জমা হবে।  
 প্রত্যেকটি ধারকে চার্জ জমা হবে =  $\frac{1.6 \times 10^{-4}}{4} C = 4 \times 10^{-5}\text{C}$  Ans.

$3\mu\text{F}$  এবং  $6\mu\text{F}$  ধারকত্বের দুটি ধারককে শ্রেণী সমন্বয় যুক্ত করে বর্তনীর দুই প্রান্তে 12 ভোল্ট এর একটি ব্যাটারী সংযোগ দেয়া হলো- (i) বর্তনীর মোট ধারকত্ব কত? (ii) প্রত্যেকটি ধারকের বিভব পার্থক্য কত? (iii) প্রত্যেক ধারকে সঞ্চিত শক্তির পরিমাণ কত? [00-01]

**Solve** (i)  $\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} = \left(\frac{1}{3 \times 10^{-6}} + \frac{1}{6 \times 10^{-6}}\right)$   
 $\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} = \left(\frac{1}{3 \times 10^{-6}} + \frac{1}{6 \times 10^{-6}}\right)$   
 $C_s = 2 \times 10^{-6}\text{F}$  Ans.  
 $Q = VC_s = 12 \times 2 \times 10^{-6} = 2.4 \times 10^{-5}\text{C}$   
 $V_1 = \frac{Q}{C_1} = \frac{2.4 \times 10^{-5}}{3 \times 10^{-6}} = 8\text{ volt}$  Ans.  
 $V_2 = \frac{2.4 \times 10^{-5}}{6 \times 10^{-6}} = 4\text{ volt}$  Ans.

(ii) 1নং ধারকের সঞ্চিত শক্তি,  $E_1 = \frac{1}{2} C_1 V_1^2 = \frac{1}{2} \times 3 \times 10^{-6} \times 8^2$   
 $= 9.6 \times 10^{-5}\text{J}$  Ans.

2নং ধারকের সঞ্চিত শক্তি,  $E_2 = \frac{1}{2} C_2 V_2^2 = \frac{1}{2} \times 6 \times 10^{-6} \times 4^2$   
 $= 4.8 \times 10^{-5}\text{J}$  Ans.

একটি গোলক ধারকের দুটি গোলকের মধ্যকার বাতাসের স্তরের পুরুত্ব  $0.02\text{m}$ । ধারকটির ধারণ ক্ষমতা  $1.2\text{m}$  ব্যাস বিশিষ্ট গোলকের ধারণ ক্ষমতার সমান। গোলক দুটির ব্যাসার্ধ নির্ণয় কর। [99-00]

**Solve**  $C = \frac{4\pi\epsilon_0 \cdot 1.2}{2} = 2.4\pi\epsilon_0$   
 $C = \frac{\epsilon_0 A}{d} = \frac{\epsilon_0 \cdot \pi r^2}{0.02}$   $\therefore r = 21.90\text{cm}$  Ans.

একটি  $(-20)$  একক চার্জে চার্জিত দুটি সমান আকারের ধাতব গোলক কক্ষতে পরস্পরের হতে  $5\text{cm}$  দূরে রয়েছে। তাদেরকে পরস্পর সংস্পর্শে এনে পুনরায় একই দূরত্বে রাখা হল। স্পর্শের আগে ও পরে তাদের মধ্যকার বল নির্ণয় কর। [99-00]

**Solve** স্পর্শকরার পরে চার্জ (উভয়ের)  
 $= [50 + (-20)] \div 2 = 15$  একক।  
 $\therefore$  স্পর্শ করার আগে বল,  $F_1 = 9 \times 10^9 \times \frac{50 \times (-20)}{(0.05)^2} \text{N} = -3.6 \times 10^{15}\text{N}$   
 স্পর্শ করার পরে বল,  $F_2 = 9 \times 10^9 \times \frac{15 \times 15}{(0.05)^2} = 8.1 \times 10^{14}\text{N}$  Ans.

একটি অন্তরক  $10\text{cm}$  ব্যাসার্ধের পরিবাহী গোলকের উপরে  $25\text{e.s.u.}$  চার্জ আছে। এতে অভিরিক্ত  $25\text{e.s.u.}$  চার্জ দিতে গেলে কি পরিমাণ অভিরিক্ত শক্তি ব্যয় হবে? [97-98]

**Solve**  $E_1 = \frac{1}{2} \frac{Q^2}{C} = \frac{1}{2} \times \frac{(25)^2}{10} = 31.25\text{ erg}$   
 $E_2 = \frac{1}{2} \times \frac{(50)^2}{10} = 125\text{ erg}$   
 $\therefore$  অভিরিক্ত শক্তি ব্যয় হয়  $= (125 - 31.25)\text{ erg} = 93.75\text{ erg}$  Ans.

17. সমত্বাকারের আটটি গোলাকার পানির ফোঁটা একত্র হয়ে একটি বৃহত্তর গোলাকার ফোঁটায় পরিণত হলো। যদি কোন চার্জ বিনষ্ট না হয়ে থাকে তাহলে বৃহত্তর ফোঁটার ধারকত্ব ও বিভব কত হবে? [97-98]

**Solve**  $R^3 = Nr^3 \Rightarrow R = \sqrt[3]{Nr^3} = 2 \times r$   
 $\therefore$  বৃহৎ ফোঁটার ধারকত্ব  $= 2 \times$  ছোট ফোঁটার ধারকত্ব  
 $\therefore$  বৃহৎ ফোঁটার বিভব  $= \frac{Q}{C} = \frac{8Q}{2C} = 4 \times$  ছোট ফোঁটার বিভব Ans.

18.  $4\text{cm}$  বাহুবিশিষ্ট একটি বর্গক্ষেত্রের প্রত্যেকটি কৌণিক বিন্দুতে  $10\text{ coulomb}$  চার্জ আছে। ক্ষেত্রটির কর্ণদ্বয়ের ছেদবিন্দুতে বিভব কত? [1 coulomb =  $3 \times 10^9\text{ e.s.u.}$  charge] [95-96]

**Solve**  $V_0 = \frac{1}{4\pi\epsilon_0} \left(\frac{4Q}{r}\right) = 9 \times 10^9 \times \frac{40 \times 10 \times 3 \times 10^9}{2\sqrt{2}}$   
 $= 3.818 \times 10^{21}\text{ esu}$  Ans.

19. ক)  $0.2\mu\text{F}$  একটি ক্যাপাসিটরকে এমনভাবে চার্জ দেওয়া হইল যেন প্রুটের মধ্যে বিদ্যুৎ বিভব  $100\text{V}$  হয়। এই সঞ্চিত চার্জের শক্তি কত? [95-96]

**Solve**  $U = \frac{1}{2} CV^2 = \frac{1}{2} \times 0.2 \times 10^{-6} \times (100)^2 = 0.001\text{J}$  Ans.

খ) একটি ক্যাপাসিটরকে  $E_1$  শক্তিতে চার্জ করা হইল। অতঃপর ইহাকে সদৃশ আরেকটি ক্যাপাসিটরের সাথে সমান্তরালে সংযুক্ত করা হইল। যাহাতে চার্জ ভাগভাগি করিয়া নেয়। সর্বশেষ মোট শক্তি কত? [95-96]

**Solve**  $E_f = \frac{1}{2} \frac{Q^2}{C_p} = \frac{1}{2} \frac{Q^2}{(C+C)}$   
 $= \frac{1}{2} \times \frac{1}{2} \frac{Q^2}{C} = \frac{1}{2} E_1$  Ans.

**KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**


01.  $12\mu\text{F}$  এবং  $24\mu\text{F}$  ধারকত্বের দুইটি ধারক শ্রেণীবদ্ধভাবে সংযুক্ত করলে ধারকত্ব কত হবে? এদের দুই প্রান্তে  $40\text{V}$  এর একটি ব্যাটারীর সাথে সংযুক্ত করলে এটি কত চার্জ গ্রহণ করবে? একটি  $100\Omega$  রোধক উক্ত ধারক দুইটির সাথে শ্রেণী সংযোগ করলে পৃথক চার্জের কি পরিবর্তন হবে? [03-04]

**Solve**  $\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} \Rightarrow C_s = \frac{C_1 C_2}{C_1 + C_2} = \frac{12 \times 24}{12 + 24} = 8\mu\text{F}$   
 $C = \frac{Q}{V} \Rightarrow Q = CV = 3.2 \times 10^{-4}\text{C}$  Ans.  
 এদের সাথে শ্রেণীতে রোধ যুক্ত থাকায় চার্জের কোন পরিবর্তন হবে না।

**CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01.  $\gamma$  নং চিত্রে  $V_1, V_2, V_3$  ভোল্টেজের মান নির্ণয় কর এবং সংশ্লিষ্ট ক্যাপাসিটরের চার্জ নির্ণয় কর। [07-08]

**Solve** চিত্র হতে,  $V_1 = 10\text{V}$   
 $Q = C_1 V_1$   
 $= 10 \times 6 \times 10^{-6}\text{C}$   
 $= 6 \times 10^{-5}\text{C}$  Ans.



$C_2$  ও  $C_3$  এর তুল্য ধারকত্ব  $= \frac{6 \times 12}{6 + 12} = 4\mu\text{F}$   
 $C_2$  ও  $C_3$  তে চার্জ  $= 4 \times 10^{-6} \times 10 = 4 \times 10^{-5}\text{C}$  Ans.  
 $V_2 = \frac{4 \times 10^{-5}}{6 \times 10^{-6}} = 6.667\text{V}$  Ans.  
 $V_3 = \frac{4 \times 10^{-5}}{12 \times 10^{-6}} = 3.337\text{V}$  Ans.



02.  $12 \mu\text{C}$  এবং  $8 \mu\text{C}$  দুটি বিন্দু চার্জ পরস্পর থেকে  $10$  সে.মি দূরে অবস্থিত। চার্জ দুটিকে  $6$  সে.মি ব্যবধানে নিয়ে আসতে কতটুকু কাজ করতে হবে। চার্জ দুটি শূন্যে অবস্থিত। [05-06]

**Solve**  $W = q_2(v_2 - v_1)$

$= 80 \times 10^{-6} \times 12 \times 10^{-6} \times 9 \times 10^9 \left( \frac{1}{0.06} - \frac{1}{0.1} \right) = 57.6 \text{ J}$  Ans.

### RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01.  $1.0 \text{ m}$  বাহু বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের প্রতিটি কোণায়  $5 \times 10^{-9} \text{ C}$  চার্জ স্থাপন করা হলো। বর্গক্ষেত্রের কেন্দ্রে বিভব নির্ণয় কর। [07-08]

**Solve** কেন্দ্র হতে বর্গক্ষেত্রের প্রতিটি কোণার দূরত্ব,

$r = \frac{\sqrt{l^2 + l^2}}{2} = \frac{\sqrt{2}}{2} = \frac{1}{\sqrt{2}} \text{ m}$

We know,  $V = \frac{1}{4\pi\epsilon_0} \left( \frac{q}{r} + \frac{q}{r} + \frac{q}{r} + \frac{q}{r} \right) = \frac{1}{4\pi\epsilon_0} \frac{4q}{r}$

$= 9 \times 10^9 \times \frac{4 \times 5 \times 10^{-9}}{\frac{1}{\sqrt{2}}} = 254.56 \text{ V}$  Ans.

02. চারটি  $4 \mu\text{F}$  এর ধারককে  $100 \text{ V}$  ব্যাটারির সহিত (ক) সমান্তরাল সংযোগ দিলে কি পরিমাণ বৈদ্যুতিক শক্তি সঞ্চিত হবে? (খ) সিরিজ সংযোগ দিলে কি পরিমাণ বৈদ্যুতিক শক্তি সঞ্চিত হবে? [03-04]

**Solve** (ক)  $C_p = (4+4+4+4) = 16\mu\text{F} = 16 \times 10^{-6} \text{ F}$

$\therefore U = \frac{1}{2} \times 16 \times 10^{-6} \times (100)^2 = 8 \times 10^{-2} \text{ J}$  Ans.

(খ)  $\frac{1}{C_s} = \frac{1}{4} + \frac{1}{4} + \frac{1}{4} + \frac{1}{4} = \frac{4}{4} = 1\mu\text{F} \therefore C_s = 1 \times 10^{-6} \text{ F}$

$\therefore U = \frac{1}{2} \times 1 \times 10^{-6} \times (100)^2 = 5 \times 10^{-3} \text{ J}$  Ans.

### MCQ Part

### BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01.  $a$  বাহু বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের কোণিক বিন্দু A, B, C ও D তে যথাক্রমে চারটি চার্জ  $+q$ ,  $+q$ ,  $-q$  ও  $-q$  স্থাপন করা হল। উহার কেন্দ্র O বিন্দুতে বৈদ্যুতিক বিভবের মান হবে- [13-14]

A.  $\frac{1}{4\pi\epsilon_0} \frac{q}{a}$  B.  $\frac{1}{4\pi\epsilon_0} \frac{2q}{a}$  C.  $\frac{1}{4\pi\epsilon_0} \frac{4q}{a}$  D. 0 (zero)

**Ans D Solve** বর্গক্ষেত্রের কেন্দ্রে বিভব  $V = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q+q-q-q}{\frac{a}{\sqrt{2}}}$

$\therefore V = 0 \text{ V}$

02. সমান্তরাল পাত ধারকের দুই পাতের মধ্যে ডাইইলেকট্রিক দ্বারা পূর্ণ করার ধারকত্ব  $5 \mu\text{F}$  থেকে বেড়ে  $60 \mu\text{F}$  হয়। ডাইইলেকট্রিকের ডাইইলেকট্রিক (পর্যবেদ্যুতিক) ধ্রুবকের মান হবে- [13-14]

A. 65 B. 55 C. 12 D. 10

**Ans C Solve**  $K = \frac{C}{C_0} = \frac{60\mu\text{F}}{5\mu\text{F}} = 12$

03. ধনাত্মক চার্জে চার্জিত ধাতব গোলক M কে অচার্জিত গোলক N এর সংস্পর্শে আনা হল। তার ফলে- [12-13]

- A. উভয় গোলক ধনাত্মক চার্জে চার্জিত  
B. গোলক M ধনাত্মক চার্জে চার্জিত এবং গোলক N ঋণাত্মক চার্জে চার্জিত  
C. গোলক M ধনাত্মক চার্জে চার্জিত এবং গোলক N চার্জ নিরপেক্ষ  
D. গোলক M চার্জ নিরপেক্ষ এবং গোলক N ধনাত্মক চার্জে চার্জিত

**Ans A Solve** উভয় গোলক ধনাত্মক চার্জে চার্জিত।

04. বজ্রপাতের সময়  $30 \text{ C}$  চার্জ  $1.0 \times 10^8 \text{ V}$  বিভব পার্থক্যের মধ্যে  $2.0 \times 10^{-2}$  সময়ে নিঃসারিত হয়। এই বজ্রনির্গমনের সাথে অবশুণ্ড শক্তির পরিমাণ হল- [12-13]

A.  $1.5 \times 10^{11} \text{ J}$  B.  $3.0 \times 10^9 \text{ J}$  C.  $6.0 \times 10^7 \text{ J}$  D.  $3.3 \times 10^6 \text{ J}$

**Ans B Solve** শক্তি E হলে,  $E = VQ = 30 \times 1 \times 10^8 = 3 \times 10^9 \text{ J}$

05. বায়ুপূর্ণ সমান্তরাল পাত ধারকের ধারকত্ব  $1 \text{ pF}$ । পাতের মধ্যবর্তী দূরত্ব দ্বিগুণ করে পাত দুটির মধ্যবর্তী স্থান সম্পূর্ণরূপে মোম পরামাখ্যম দিয়ে পূর্ণ করা হল। ফলে ধারকত্ব  $2 \text{ pF}$  হয়। মোমের ডাইইলেকট্রিক ধ্রুবক হল- [12-13]

A. 0.25 B. 0.50 C. 2.0 D. 4.0

**Ans D Solve**  $C = \frac{K\epsilon_0 A}{d}$

বায়ু মাধ্যমে  $K = 1$  এবং  $C = 1$

মোম মাধ্যমে ধারকত্ব  $C'$  হলে,  $C' = \frac{K'\epsilon_0 A}{2d} \Rightarrow 2 = \frac{K'}{2} \times \frac{\epsilon_0 A}{d}$

$\Rightarrow 2 = \frac{K'}{2} \times C \Rightarrow K' = 2 \times 2 = 4 \therefore K' = 4$

06. একটি বজ্রমেঘের দুটি অংশের বিভব পার্থক্য যদি  $10^8 \text{ V}$  হয়, তবে  $2$  কুলম্ব চার্জ অতিক্রমণের ফলে কি পরিমাণ শক্তি পরিভ্রান্ত হবে? [11-12]

A.  $1.25 \times 10^{28} \text{ J}$  B.  $3.2 \times 10^{10} \text{ J}$  C.  $2 \times 10^9 \text{ J}$  D.  $3.2 \times 10^{10} \text{ J}$

**Ans C Solve**  $W = VQ = 10^8 \times 2 = 2 \times 10^9 \text{ J}$

07. একটি চার্জিত বস্তুর উপর অগ্নি-শিখার উপর ধরে রাখলে তা অচার্জিত হয় কারণ- [11-12]

- A. অগ্নি-শিখার উত্তপ্ত গ্যাস আয়নিত হয়, বলে  
B. উত্তপ্ত করা হলে, বস্তুটি পরিবাহীতে রূপান্তরিত হয়, বলে।  
C. উত্তপ্ত গ্যাস বস্তুটিকে আঘাত করে এবং এর চার্জ অপসারণ করে বলে  
D. বস্তুটি অগ্নি-শিখার বিপরীত চার্জে চার্জিত হয়, বলে।

**Ans B**

08.  $1 \mu\text{C}$  চার্জকে অপর একটি  $-10 \mu\text{C}$  চার্জের চারিপাশে  $\frac{20}{\pi} \text{ m}$  ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তাকার পথে ঘোরানো হল।  $+10 \mu\text{C}$  চার্জটি বৃত্তের কেন্দ্রে অবস্থান করলে কাজের পরিমাণ হবে- [10-11]

A. 0 B.  $4 \times 10^{-9} \text{ J}$  C.  $4 \times 10^{-7} \text{ J}$  D.  $4 \times 10^{-3} \text{ J}$

**Ans A Solve** যেহেতু বল ও সরণ লম্ব

$\therefore$  কাজের পরিমাণ = 0

$\therefore W = F \times s \times \cos \theta$  যেখানে  $\theta = 90^\circ$  Ans. 0

09. একটি তড়িৎ ক্ষেত্রের দুইটি বিন্দু A এবং B এর মধ্যে  $10 \text{ V}$  বিভব পার্থক্য বিদ্যমান। কি পরিমাণ চার্জকে A থেকে B বিন্দুতে সরতে  $2.0 \times 10^{-2}$  কাজ করতে হবে? [10-11]

A.  $5.0 \times 10^2 \text{ C}$  B.  $5.0 \times 10^{-2} \text{ C}$  C.  $2.0 \times 10^{-1} \text{ C}$  D.  $2.0 \times 10^{-3} \text{ C}$

**Ans D Solve**  $W = VQ \therefore Q = \frac{W}{V} = \frac{2 \times 10^{-2} \text{ J}}{10} = 2 \times 10^{-3} \text{ C}$

10. একটি সমান্তরাল পাত ধারকের মধ্যে একটি ডাইইলেকট্রিক পদার্থ স্থাপন করার ধারকের সঞ্চিত শক্তি পাঁচ গুণ বৃদ্ধি পায়। পদার্থটির ডাইইলেকট্রিক ধ্রুবক হবে- [10-11]

A. 5 B. 25 C.  $\frac{1}{5}$  D.  $\frac{1}{25}$

**Ans C Solve**  $E_1 = \frac{1}{2} CV^2$  এখানে,  $Q = CV$

$\Rightarrow V = \frac{Q}{C}$  ও  $C' = KC$

$\therefore V' = \frac{Q}{C'} = \frac{Q}{KC} = \frac{V}{K}$

$\therefore E_2 = \frac{1}{2} C'V'^2 = \frac{1}{2} \times KC \times \frac{V^2}{K^2}$

$\therefore E_2 = 5 \times E_1$

$\Rightarrow 5 \times \frac{1}{2} CV^2 = \frac{1}{2} C \times \frac{V^2}{K} \therefore K = \frac{1}{5}$



4.  $4 \mu\text{F}$  একটি ধারককে 9 volts ব্যাটারী দ্বারা আর্ধিত করলে এতে কি পরিমাণ শক্তি সঞ্চিত হবে? [08-09]

- A.  $1.62 \times 10^{-4}$  Joule      B.  $1.8 \times 10^{-5}$  Joule  
C.  $36 \times 10^{-4}$  Joule      D.  $8.1 \times 10^{-5}$  Joule

**Ans A Solve**  $U = \frac{1}{2} CV^2 = \frac{1}{2} \times 4 \times 10^{-6} \times 9^2 = 1.62 \times 10^{-4} \text{ J}$

2, 3, ও 6  $\mu\text{C}$  এর তিনটি ধারক শ্রেণীসম্বন্ধে 10V উৎসের সাথে সংযুক্ত।  $3 \mu\text{F}$  ধারকটিতে আধানের পরিমাণ: [08-09]

- A.  $5 \mu\text{C}$       B.  $10 \mu\text{C}$       C.  $12 \mu\text{C}$       D.  $15 \mu\text{C}$

**Ans B Solve**  $\frac{1}{C_s} = \left(\frac{1}{2} + \frac{1}{3} + \frac{1}{6}\right) \therefore C_s = 1 \mu\text{F}$

$Q = C_s V = 1 \times 10 = 10 \mu\text{C}$  যেহেতু শ্রেণিতে সবার চার্জ সমান তাই  $3 \mu\text{F}$  ধারকটির চার্জ  $10 \mu\text{C}$

এক ফেঁটা তেলকে 400 V বিভব পার্থক্য দ্বারা স্থির রাখা হয়। একই পরিমাণ আধানযুক্ত বিগুণ ব্যাসার্ধ বিশিষ্ট আরেকটি ফেঁটাকে স্থিরাবস্থায় রাখতে বিভব পার্থক্যের ধরোজন হবে- [07-08]

- A. 800 V      B. 1600 V      C. 3200 V      D. 400 V

**Ans C Solve** স্থিরাবস্থায় রাখতে হলে,  $qE = mg$

১ম ফেঁটার ক্ষেত্রে,  $E_1 = \frac{mg}{q}$

২য় ফেঁটার ক্ষেত্রে,  $m = \frac{4}{3} \pi r^3 \rho$  [২য় ফেঁটার ভর,  $m' = \frac{4}{3} \pi (2r)^3 \times \rho$ ]

$m' = 2^3 \times \frac{4}{3} \pi r^3 \rho = 8m$

২য় ফেঁটার ক্ষেত্রে,  $E_2 = \frac{m'g}{q}$  [charge একই] =  $8E_1$

এখন,  $\frac{E_1}{E_2} = \frac{r}{V_2} = \frac{V_1}{V_2} = \frac{1}{8} \therefore V_2 = 8V_1 \therefore V_2 = 8 \times 400 = 3200 \text{ V}$

দুটি +2C এবং +6 C বিন্দু চার্জ 12 N. বলে বিকর্ষণ করে। যদি -4 C চার্জ প্রতিটি চার্জকে প্রদান করা হয়, তখন বল হবে- [05-06]

- A. 4 N repulsive      B. 4 N attractive      C. 8 N repulsive      D. 8 N attractive

**Ans A Solve**  $F = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1 q_2}{r^2} \Rightarrow 12 = 9 \times 10^9 \times \frac{2 \times 6}{r^2}$

$r^2 = 9 \times 10^9 \text{ m}^2$


অতএব,  $F' = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1 q_2}{r^2} = 9 \times 10^9 \times \frac{(2-4)(6-4)}{9 \times 10^9} = -4 \text{ N}$

**KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

দুটি শোলা বলের প্রত্যেকটির ওজন  $10^{-3} \text{ kg}$  এবং 0.8m দৈর্ঘ্যের সিনের সূত্র মাধ্যমে একই বিন্দু থেকে ঝুলানো হয়েছে। এরা সমভাবে চার্জিত এবং একে অন্যকে 0.04m দূরে বিকর্ষণ করে। প্রতি বলে চার্জের পরিমাণ নির্ণয় কর। [17-18]

- A.  $6 \times 10^{-9} \text{ C}$       B.  $6.53 \times 10^{-9} \text{ C}$       C.  $6.6 \times 10^{-9} \text{ C}$   
D.  $3.14 \times 10^{-9} \text{ C}$       E.  $8 \times 10^{-9} \text{ C}$

**Ans C Solve**



$F = T \cos \theta$

$mg = T \sin \theta$

$\therefore \frac{mg}{F} = \tan \theta = 39.99$

$\Rightarrow F = \frac{mg}{\tan \theta} = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{q^2}{d^2} \Rightarrow q^2 = \frac{mg d^2 4\pi\epsilon_0}{\tan \theta} \Rightarrow q = 6.6 \times 10^{-9} \text{ C}$


02. 0.15 gm ভরের একটি শোলার বলে  $-6.68 \times 10^{-9} \text{ C}$  আধান দেওয়া আছে।  $+6.54 \times 10^{-9} \text{ C}$  আধান যুক্ত একটি বস্তুর কত উপরে থেকে শোলার বলকে শূন্যে স্থির অবস্থায় রাখতে পারবে? [16-17]

- A. 2.0 cm      B. 1.64 cm      C. 1.58 cm  
D. 1.5 cm      E. 1.48 cm

**Ans B Solve**  $mg = F = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1 q_2}{r^2}$

$\Rightarrow r^2 = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1 q_2}{mg}$

$\Rightarrow r = 1.64 \text{ cm}$



$\Rightarrow r^2 = 9 \times 10^9 \times \frac{6.54 \times 10^{-9} \times 6.68 \times 10^{-9}}{0.15 \times 10^{-3} \times 9.8} \Rightarrow r = 1.64 \text{ cm}$

03. একটি সমান্তরাল পাত ধারকের প্রত্যেক পাতের ক্ষেত্রফল  $1.56 \times 10^5 \text{ mm}^2$  এবং পাতদ্বয় পরস্পর হতে 2 cm দূরে অবস্থিত। যদি পাতদ্বয়ের বিভব পার্থক্য 66V হয়, তবে প্রত্যেকটি পাতে চার্জের পরিমাণ কত? [15-16]

- A.  $3.98 \times 10^{-8} \text{ C}$       B.  $4.56 \times 10^{-8} \text{ C}$       C.  $6.906 \times 10^{-10} \text{ F}$   
D.  $6.64 \times 10^{-10} \text{ F}$       E.  $4.7 \times 10^{-8} \text{ C}$

**Ans B Solve**  $C = \frac{\epsilon_0 A}{d}$

$\Rightarrow C = \frac{8.854 \times 10^{-12} \times 1.56 \times 10^6 \times 10^{-6}}{0.02} \Rightarrow C = 6.906 \times 10^{-10} \text{ F}$

$\therefore Q = CV = (6.906 \times 10^{-10} \times 66) \text{ C} = 4.56 \times 10^{-8} \text{ C}$

04. 0.02m ব্যাসার্ধ বিশিষ্ট 64টি পোলাকার ফেঁটাকে একত্রিত করে একটি বড় ফেঁটায় পরিণত করা হল। যদি প্রতি ফেঁটার 1C চার্জ বিদ্যমান থাকে, তবে বড় ফেঁটার বিভব কত হবে? [14-15]

- A.  $7.2 \times 10^8 \text{ V}$       B.  $8.4 \times 10^9 \text{ V}$       C.  $7.19 \times 10^{12} \text{ V}$   
D.  $7.08 \times 10^{11} \text{ V}$       E.  $8.19 \times 10^{10} \text{ V}$

**Ans C Solve** প্রথমতে,  $\frac{4}{3} \pi R^3 = 64 \times \frac{4}{3} \pi r^3$

$\Rightarrow R = 4r$

$\therefore$  বড় ফেঁটার ধারকত্ব,  $C = 4\pi\epsilon_0 R$

$= 4 \times 3.1416 \times 8.854 \times 10^{-12} \times 4 \times 0.02$

$= 8.9 \times 10^{-12} \text{ F}$

$\therefore$  বড় ফেঁটার বিভব =  $\frac{Q}{C} = \frac{64 \times 1}{8.9 \times 10^{-12}} = 7.19 \times 10^{12} \text{ V}$

Shortcut:

বিভব বাড়বে =  $(\sqrt[3]{64})^2$  গুণ = 16 গুণ

$\therefore$  বড় ফেঁটার বিভব =  $16 \text{ v} = 16 \times k \frac{q}{r}$

$= 16 \times 9 \times 10^9 \times \frac{1}{0.02}$

$= 7.2 \times 10^{12} \text{ V}$

05. একটি সমান্তরাল পাত ধারকের প্রতিটি পাতের পৃষ্ঠক্ষেত্রফল  $1.4 \text{ m}^2$  এবং বায়ু মাধ্যমে পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 3cm ইহার ধারকত্ব নির্ণয় কর। [13-14]

- A.  $4.1 \times 10^{-6} \mu\text{F}$       B.  $4.132 \times 10^{-4} \mu\text{F}$       C.  $4 \times 10^{-4} \mu\text{F}$   
D.  $6.42 \times 10^{-5} \mu\text{F}$       E.  $4.4 \times 10^{-6} \mu\text{F}$

**Ans B Solve**  $C = \frac{\epsilon_0 A}{d} = \frac{8.854 \times 10^{-12} \times 1.4}{0.03} = 4.13 \times 10^{-4} \mu\text{F}$



06. তিনটি ধারকের শ্রেণীবদ্ধ বিন্যাসের মোট ধারকত্ব  $1 \mu\text{F}$ । দুই ধারকের মান যথাক্রমে  $2$  ও  $3 \mu\text{F}$  হলে তৃতীয়টির মান কত? [11-12]

- A.  $7 \mu\text{F}$  B.  $6 \mu\text{F}$  C.  $8 \mu\text{F}$   
D.  $4 \mu\text{F}$  E.  $5 \mu\text{F}$

**Ans B Solve**  $\frac{1}{C_1} + \frac{1}{C_2} + \frac{1}{C_3} = \frac{1}{C_3} \Rightarrow \frac{1}{2} + \frac{1}{3} + \frac{1}{C_3} = \frac{1}{1}$   
 $\therefore C_3 = 6 \mu\text{F}$

07. একটি সমান্তরাল পাত ধারকের পাত দুটি বৃত্তাকার। পাত দুটির প্রত্যেকটির ব্যাসার্ধ  $8 \times 10^{-2} \text{ m}$  এবং তাদের মধ্যবর্তী দূরত্ব  $2 \times 10^{-3} \text{ m}$ । ধারকটিতে  $100$  ভোল্ট বিভব প্রয়োগ করলে পাত দুইটিতে কি পরিমাণ চার্জ জমা হবে নির্ণয় কর। [10-11]

- A.  $8.9 \times 10^{-3} \text{ C}$  B.  $8.9 \times 10^{-9} \text{ C}$  C.  $6.9 \times 10^{-3} \text{ C}$   
D.  $9.8 \times 10^{-9} \text{ C}$  E.  $9.8 \times 10^{-6} \text{ C}$

**Ans B Solve**  $Q = CV = \frac{\Lambda \epsilon_0}{d} \times V = \frac{\pi r^2 \epsilon_0}{d} \times V$   
 $= \frac{\pi \times (8 \times 10^{-2})^2 \times \epsilon_0}{2 \times 10^{-3}} \times 100 = 8.9 \times 10^{-9} \text{ C}$

### CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. নিচের কোনটি ধারকের শক্তির সমীকরণ নয়? [12-13]

- A.  $\frac{1}{2} QV$  B.  $\frac{1}{2} CV^2$  C.  $\frac{1}{2} \frac{Q^2}{C}$  D. None

**Ans. A**

02. একটি গ্লাস রড সিলিন্ডার কাপড় দ্বারা ঘর্ষণ করা হলে গ্লাস রডে যে ধরনের বিদ্যুৎ উৎপন্ন হবে তা হল- [09-10]

- A. ঋণাত্মক B. ধনাত্মক  
C. ঋণাত্মক এবং ধনাত্মক উভয়ই D. None of them

**Ans. B**

### RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. তিনটি ধারকের ধারকত্ব যথাক্রমে  $2 \mu\text{F}$ ,  $3 \mu\text{F}$  ও  $6 \mu\text{F}$ । এদেরকে শ্রেণিতে সংযুক্ত তুল্য ধারকত্ব কত হবে? [14-15]

- A.  $0.5 \mu\text{F}$  B.  $2 \mu\text{F}$  C.  $3 \mu\text{F}$   
D.  $1 \mu\text{F}$  E. None

**Ans D Solve**  $\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} + \frac{1}{C_3} = 2^{-1} + 3^{-1} + 6^{-1}$   
 $\therefore C_s = 1^{-1} = 1 \mu\text{F}$

02.  $4 \mu\text{F}$  এর 4টি ধারক সিরিজে সংযোগ করা হলো। তাদের সমতুল্য ধারকত্ব কত? [13-14]

- A.  $1 \mu\text{F}$  B.  $2 \mu\text{F}$  C.  $4 \mu\text{F}$   
D.  $16 \mu\text{F}$  E. None

**Ans A Solve**  $C_s = \left( \frac{1}{C_1} + \frac{1}{C_2} + \frac{1}{C_3} + \frac{1}{C_4} \right)^{-1} = 1 \mu\text{F}$

03. বায়ুতে  $1 \text{ C}$  এর দুইটি আধান পরস্পর থেকে  $1 \text{ km}$  ব্যবধানে অবস্থিত হলে এদের মধ্যে বল কত হবে? [10-11]

- A.  $9 \times 10^3 \text{ Nm}^2 \text{ C}^{-2}$  B.  $9 \times 10^3 \text{ N}$  C.  $9 \times 10^4 \text{ N}$   
D.  $9 \times 10^9 \text{ N}$  E.  $9 \times 10^{-9} \text{ N}$

**Ans B Solve**  $F_1 = 9 \times 10^9 \frac{1 \times 1}{(10^3)^2} \text{ N} = 9 \times 10^3 \text{ N}$

04.  $0.2 \mu\text{F}$  একটি ক্যাপাসিটরকে এমনভাবে চার্জ করা হল যেন প্রোটের বিদ্যুৎ বিভব  $100 \text{ V}$  হয়। এই সঞ্চিত চার্জের শক্তি কত? [09-10]

- A.  $0.001 \text{ Joule}$  B.  $100 \text{ Joule}$  C.  $10 \text{ Joule}$   
D.  $1000 \text{ Joule}$  E.  $0.0001 \text{ Joule}$

**Ans A Solve**

সঞ্চিত শক্তি,  $E = \frac{1}{2} CV^2 = \frac{1}{2} \times 0.2 \times 10^{-6} \times (100)^2 = 0.001 \text{ J}$

### SELF TEST [WRITTEN]

01. লোহার নিউক্লিয়াসে অবস্থানরত দুটি প্রোটনের মধ্যে পারস্পরিক ক্রিয়াশীল বল কত যদি তাদের মধ্যে দূরত্ব  $4 \times 10^{-15} \text{ m}$  হয়?

[Sol. Type-01 Ans.  $14.4 \text{ N}$ ]

02. সমভাবে আহিত দুটি পিথবল বায়ুতে  $2.0 \text{ mm}$  ব্যবধানে রাখলে পরস্পরকে  $4 \times 10^{-5} \text{ N}$  বলে বিকর্ষণ করে। প্রত্যেক পিথবলের আধান নির্ণয় কর।

[Sol. Type-01 Ans.  $1.33 \times 10^{-15} \text{ C}$ ]

03.  $0.002 \text{ kg}$  ভরের একটি শোলা বল  $10^{-6} \text{ C}$  চার্জে চার্জিত। শোলা বলটিকে অভিকর্ষীয় ক্ষেত্রে স্থির রাখতে কি পরিমাণ তড়িৎ ক্ষেত্রের প্রয়োজন?

[Sol. Type-01 Ans.  $196 \text{ NC}^{-1}$ ]

04. সমভাবে আহিত দুটি শোলা বল বায়ুতে  $3.0 \text{ cm}$  ব্যবধানে রাখলে পরস্পরকে  $4 \times 10^{-5} \text{ N}$  বলে বিকর্ষণ করে। প্রত্যেক শোলা বলের আধান নির্ণয় কর।

[Sol. Type-01 Ans.  $\pm 2 \times 10^{-9} \text{ C}$ ]

05.  $8.4 \times 10^{-16} \text{ kg}$  ভরের একটি চার্জিত প্রাণিক বল  $2.6 \times 10^6 \text{ V/m}$  মানের সুস্থম বৈদ্যুতিক ক্ষেত্রে তুলন্য অবস্থায় আছে। বলটির চার্জ পরিমাপ কর। [ $g = 10 \text{ ms}^{-2}$ ]

[Sol. Type-01 Ans.  $3.23 \times 10^{-19} \text{ C}$ ] Hints:  $E = \frac{F}{Q}$  ও  $F = mg$

06. একটি গোলকীয় তলের ক্ষেত্রফল  $100 \text{ m}^2$  উক্ত তলে  $500 \text{ C}$  চার্জ প্রদান করা হলে চার্জের তলখনত্ব নির্ণয় কর।

পেন্সের প্রতিবিম্বের অবস্থান ও প্রকৃতি:

a) উত্তল লেন্স:

বস্তুর অবস্থান	বিম্বের অবস্থান	বিম্বের প্রকৃতি, আকার, বিবর্তন
i. অসীম দূরত্বে ( $u = \infty$ )	অপর পাশে প্রধান ফোকাস তলে	বাস্তব, উল্টা ও অত্যন্ত ছোট
ii. $2f$ চেয়ে বেশি দূরে ( $u > 2f$ )	অপরদিকে $f$ ও $2f$ এর মাঝে	বাস্তব, উল্টা ও ছোট
iii. $2f$ দূরত্বে ( $u = 2f$ )	অপর পাশে $2f$ দূরত্বে	বাস্তব, উল্টা ও বস্তুর সমান।
iv. $f$ ও $2f$ এর মাঝে ( $f < u < 2f$ )	অপর পাশে $>2f$ দূরত্বে	বাস্তব, উল্টা ও আকারে বড়
v. $f$ দূরত্বে ( $u = f$ )	অসীম দূরত্বে ( $\infty$ )	বাস্তব / অবাস্তব, উল্টা/ সোজা ও অত্যন্ত বিবর্তিত
vi. আলোক কেন্দ্র ও প্রধান ফোকাসের মাঝে ( $u < f$ )	একই পাশে $2f$ এর বাইরে	অবাস্তব, সোজা ও বড়।

b. অবতল লেন্স: লক্ষ্যবস্তুর আলোক কেন্দ্রের সাপেক্ষে যে দূরত্বই অবস্থান করুক না কেন, বিম্ব ও বস্তু থেকে কম দূরত্বে একই পাশে তৈরী হবে এবং তা অবাস্তব, সোজা ও ছোট হবে।


ক্রান্তি কোণ: আলোক রশ্মি ঘন মাধ্যমে হতে হালকা মাধ্যমে প্রতিসৃত হওয়ার সময় যে আপতন কোণের জন্য প্রতিসরণ কোণ  $90^\circ$  হয় অর্থাৎ প্রতিসৃত রশ্মি বিভেদতল থেকে চলে যায়, সে আপতন কোণকে হালকা মাধ্যমে সাপেক্ষে ঘন মাধ্যমের সংকট কোণ ( $\theta_c$  বা  $i_c$ ) বলে। একে সন্ধি বা ক্রান্তি কোণও বলা হয়।

পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের শর্ত:

- আলোক রশ্মিকে অবশ্যই স্বচ্ছ ঘন মাধ্যমে হতে স্বচ্ছ হালকা মাধ্যমের বিভেদ তলে তির্যকভাবে আপতিত হতে হবে।
- আপতন কোণ সংকট কোণ অপেক্ষা বড় হতে হবে।

প্রিজমঃ দুটি আনত সমতল পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ স্বচ্ছ সমসত্ত্ব প্রতিসারক মাধ্যমেই প্রিজম।

প্রিজম কোণঃ প্রিজম সৃষ্টিকারী আনত সমতল পৃষ্ঠ দুটির মধ্যবর্তী কোণকে বলা হয় প্রিজম কোণ বা প্রতিসারক কোণ। চিত্রে  $A$  প্রিজম কোণ।



চিত্র- প্রিজম

প্রতিসারক পৃষ্ঠ: প্রিজমের যে আনত সমতল পৃষ্ঠের মধ্য দিয়ে আলোক রশ্মি প্রিজমে প্রবেশ করে বা প্রিজম থেকে নির্গত হয়, তাই প্রিজমের প্রতিসারক পৃষ্ঠ। চিত্রে পৃষ্ঠ AB ও AC প্রতিসারক পৃষ্ঠ।

প্রধান ছেদ: প্রিজমের মধ্য দিয়ে প্রতিসারক পৃষ্ঠ দুটির উপর উলম্ব যেকোন বিন্দিত সমতলই প্রিজমের প্রধান ছেদ।

প্রিজমের ভূমি: প্রিজম কোণের বিপরীত তলই প্রিজমের ভূমি। চিত্রে  $BC$  প্রিজমের ভূমি।

বিচ্যুতি কোণ (Angle of deviation): আলোকরশ্মি প্রিজমে আপতিত হলে প্রতিসরণের পর যখন নির্গত হয়, তখন আপতিত রশ্মি ও নির্গত রশ্মি পরস্পর সমান্তরাল হয় না। নির্গত রশ্মি আপতিত রশ্মি থেকে যে কোণে বিচ্যুত হয় অর্থাৎ আপতিত রশ্মি ও নির্গত রশ্মির অন্তর্ভুক্ত কোণকে বিচ্যুতি কোণ বলে।

ন্যূনতম বিচ্যুতি কোণ (Angle of minimum deviation): আলোক রশ্মি কোন প্রিজমে আপতিত হলে, আপতন কোণের একটি নির্দিষ্ট মানের জন্য বিচ্যুতি কোণের মান সর্বনিম্ন হয়। বিচ্যুতি কোণের এই সর্বনিম্ন মানকে ন্যূনতম বিচ্যুতি কোণ বলে।

ন্যূনতম বিচ্যুতির শর্ত (Condition of minimum deviation):

- $i_1 = i_2$  অর্থাৎ ১ম পৃষ্ঠে আপতন কোণ = ২য় পৃষ্ঠে নির্গত কোণ
- $r_1 = r_2$  অর্থাৎ ১ম পৃষ্ঠে প্রতিসরণ কোণ = ২য় পৃষ্ঠে আপতন কোণ।
- প্রিজমের ভিতর প্রতিসরিত রশ্মি প্রিজমের ভূমির সমান্তরাল।

সক প্রিজম (Narrow prism):  $6^\circ$  অপেক্ষা কম কোন বিশিষ্ট প্রিজমকে সোজা বা পাঁচলা প্রিজম বলে।

আলোর বিচ্ছুরণ: সাদা আলো প্রিজমের মধ্য দিয়ে প্রতিসরণের ফলে সর্বাঙ্গ মৌলিক বর্ণে বিভক্ত হয়ে যায়। এ বিভাজনকে আলোর বিচ্ছুরণ বলে। এ মাধ্যম আলোর বিচ্ছুরণ ঘটায় তাকে বিচ্ছুরক মাধ্যম (Dispersive medium) বলে। আমাদের আলোচনার প্রিজম মাধ্যম হলো বিচ্ছুরক মাধ্যম।

বর্ণালী: সাদা আলোক রশ্মি বিচ্ছুরণের ফলে পর্দার উপর বিভিন্ন বর্ণের যে সর্বাঙ্গ (Band) পাওয়া যায়, তাকে বর্ণালী বলে। বিভিন্ন বর্ণের আলোর জন্য মাধ্যমের প্রতিসরণাঙ্কের বিভিন্নতার জন্য বর্ণালী উৎপন্ন হয়।

- V – Violet – বেগুনি এর তরঙ্গদৈর্ঘ্য মোটামুটি  $4000 \text{ \AA} = 4 \times 10^{-7} \text{ m}$
- I – Indigo – নীল এর তরঙ্গদৈর্ঘ্য মোটামুটি  $4500 \text{ \AA} = 4.5 \times 10^{-7} \text{ m}$
- B – Blue – আসমানি এর তরঙ্গদৈর্ঘ্য মোটামুটি  $5000 \text{ \AA} = 5 \times 10^{-7} \text{ m}$
- G – Green – সবুজ এর তরঙ্গদৈর্ঘ্য মোটামুটি  $5500 \text{ \AA} = 5.5 \times 10^{-7} \text{ m}$
- Y – Yellow – হলুদ এর তরঙ্গদৈর্ঘ্য মোটামুটি  $6000 \text{ \AA} = 6 \times 10^{-7} \text{ m}$
- O – Orange – কমলা এর তরঙ্গদৈর্ঘ্য মোটামুটি  $6500 \text{ \AA} = 6.5 \times 10^{-7} \text{ m}$
- R – Red – লাল এর তরঙ্গদৈর্ঘ্য মোটামুটি  $7000 \text{ \AA} = 7 \times 10^{-7} \text{ m}$

ক্রমহ্রস্বের রেখাঃ সূর্যরশ্মির বিচ্ছুরণের ফলে সূর্য বর্ণালীকে সৌর বর্ণালী বলে। এই বিপ্রেখন ক্ষমতা সম্পন্ন বর্ণালীসীক্ষন যন্ত্রের সাহায্যে পরীক্ষা করলে দেখা যায় সৌর বর্ণালীতে বেশ কিছু কালো রেখা বিন্যাস। এগুলোকে ক্রমহ্রস্বের রেখা বলা হয়। উচ্চতাপমাত্রায় অবস্থিত সূর্যের অভ্যন্তর ভাগকে আলোকমন্ডল বলে। এটি সূর্যের কঠিন পদার্থের তৈরি। এর তাপমাত্রা কয়েক হাজার ডিগ্রি সেলসিয়াস। আলোকমন্ডল ঘিরে থাকে অপেক্ষকৃত শীতল বর্ণমন্ডল ( $6000^\circ\text{C}$ )। আলোকমন্ডল থেকে সাদা আলো যখন বর্ণমন্ডলে প্রবেশ করে তখন সেই স্থানের পরমাণু সূর্যের ধর্মাসূত্রে বিশেষ বর্ণের আলো শোষণ করে ফলে বর্ণালীতে শোষিত অংশগুলো কালো রেখা দেখা যায়। এগুলোই ক্রমহ্রস্বের রেখা।

কৌণিক বিচ্ছুরণ (Angular dispersion): কোন প্রিজম দ্বারা সাদা আলো বিচ্ছুরিত হলে দুশামান আলোর মধ্যে অবস্থিত প্রান্তস্থ লাল রশ্মি ও বেগুনি রশ্মির কৌণিক বিচ্যুতির পার্থক্যকে কৌণিক বিচ্ছুরণ বলে।

বিচ্ছুরণ ক্ষমতা: কোন প্রিজমের পদার্থের বিচ্ছুরণ ক্ষমতা বলতে দুটি নির্দিষ্ট বর্ণের আলোর সাপেক্ষে কৌণিক বিচ্ছুরণ ও তাদের মধ্যবর্তী বর্ণের আলোর বিচ্যুতির অনুপাতকে বোঝায়।

$$\text{বিচ্ছুরণ ক্ষমতা, } \omega = \frac{\text{দুটি বর্ণের আলোর কৌণিক বিচ্ছুরণ}}{\text{এদের মধ্যবর্তী বর্ণের আলোর বিচ্যুতি}}$$

$$\therefore \theta = \omega \delta$$

$$\text{কৌণিক বিচ্ছুরণ} = \text{বিচ্ছুরণ ক্ষমতা} \times \text{মধ্যবর্তী বিচ্যুতি}$$







**Ex-02** 0.3m ফোকাস দূরত্বের একটি অবতল দর্পন হতে 0.2m পদার্থে কোন বিন্দু অভিমুখী করতগুলো আলোক রশ্মি দর্পনে প্রতিফলিত হল। ঐ বিন্দুর প্রতিবিম্ব কোথায় গঠিত হবে?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f}$  এখানে,  
 $\Rightarrow \frac{1}{v} + \frac{(-1)}{(0.2)} = \frac{1}{0.3}$   
 $\therefore v = 0.12m$  (Ans.)

**Ex-03** 30 cm ব্যক্তার ব্যাসার্ধ বিশিষ্ট একটি অবতল দর্পনের ফোকাস ও মেনের মধ্যস্থলে 3cm একটি বস্তু রাখা হলে বস্তুটির বিম্বের অবস্থান, প্রকৃতি ও আকার নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\frac{1}{v} + \frac{1}{7.5} = \frac{1}{15}$  এখানে,  $f = \frac{r}{2} = \frac{30}{2} = 15cm$   
 $\Rightarrow \frac{1}{v} = \frac{1}{15} - \frac{1}{7.5}$   
 $\therefore v = -15 cm$ .  $\therefore$  যেহেতু v ঋণাত্মক সেহেতু বিম্ব অবাস্তব।

আবার,  $|m| = \frac{f'}{f} = |m| \times f$

কিন্তু  $m = -\frac{v}{u} \Rightarrow m = -\frac{15}{7.5} = -2$

$\therefore |m| = 2$ .  $\therefore f' = 2 \times 3 = 6 cm$  (Ans.)

**Ex-04** 10 cm দীর্ঘ একটি দণ্ডকে 80 cm ব্যক্তার ব্যাসার্ধ বিশিষ্ট একটি অবতল দর্পনের অক্ষ বরাবর রাখা আছে। দণ্ডের নিকটতম প্রান্ত দর্পন থেকে 50 cm দূরে অবস্থিত। দণ্ডটির বিম্বের দৈর্ঘ্য বের কর।

**Sol<sup>n</sup>:** এখানে, অবতল দর্পনের ফোকাস দূরত্ব  $f = \frac{80}{2} = 40 cm$ .  
 দণ্ডের প্রথম প্রান্তের অবস্থানের দূরত্ব  $u_1 = 50 cm$ .  
 দণ্ডের দ্বিতীয় প্রান্তের অবস্থানের দূরত্ব  $u_2 = (50+10)cm = 60 cm$ .  
 এখন,  $\frac{1}{v_1} + \frac{1}{u_1} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{v_1} = \frac{1}{40} - \frac{1}{50} \Rightarrow \frac{1}{v_1} = \frac{5-4}{200}$   
 $\therefore v_1 = 200 cm$ .  
 আবার,  $\frac{1}{v_2} + \frac{1}{u_2} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{v_2} + \frac{1}{60} = \frac{1}{40}$   
 $\therefore v_2 = \frac{240}{6-4} = 120 cm$ .  
 $\therefore$  বিম্বের দৈর্ঘ্য  $l' = v_1 - v_2 = (200 - 120) cm = 80cm$ .  
**Ans.** 80 cm

**For practice**

- একটি ঘরের দুই বিপরীত দেয়ালের দূরত্ব 30m দেয়াল দুটির একটিতে কত ফোকাস দূরত্বের একটি অবতল দর্পন রেখে দর্পন থেকে 6m সামনে একটি বাতি রাখলে বিপরীত দেয়ালে বিম্ব গঠিত হবে? **Ans.** 5m
- 15 cm ফোকাস দূরত্ব বিশিষ্ট অবতল দর্পন থেকে 27cm দূরে বস্তু রাখা হলো। বস্তুটি যদি 8cm লম্বা ও 6cm চওড়া হয় তবে বিম্বের ক্ষেত্রফল কত? **Ans:** 75 cm<sup>2</sup>
- 60 cm ব্যক্তার ব্যাসার্ধ বিশিষ্ট একটি উত্তল দর্পন থেকে 20 cm পেছনে কোন বিন্দু অভিমুখী করতগুলো অভিসারী আলোকরশ্মি দর্পনে প্রতিফলিত হল। বিম্ব কোথায় গঠিত হবে? **Ans.** 60 cm সামনে।
- x মিটার দীর্ঘ একটি বস্তুকে F মিটার ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি অবতল দর্পনের মেরু বিন্দু থেকে u মিটার দূরে প্রধান অক্ষের উপর লম্বভাবে স্থাপন করা হল। দেখাও যে, প্রতিবিম্বের আকার =  $\frac{uf}{u-f}$
- একটি উত্তল দর্পনের দ্বারা গঠিত বিম্ব বস্তুর আকারের  $\frac{1}{n}$  অংশ। দর্পনের ফোকাস দূরত্ব f হলে প্রমাণ কর যে বস্তুটি দর্পন থেকে (n-1) f দূরে অবস্থিত।

**Type-02**  
বিবর্ধন সংক্রান্ত সমস্যা

**Ex-01** 15 cm ফোকাস দূরত্বের একটি অবতল দর্পনের সামনে কোন বস্তু ঐ তিনগুণ বিবর্ধিত অবাস্তব বিম্ব উৎপন্ন হয়। দর্পন থেকে বস্তুটির দূরত্ব নির্ণয় কর।  
**Sol<sup>n</sup>:** এখানে,  $m = 3$

$\Rightarrow -\frac{v}{u} = 3 \therefore v = -3u$  [যেহেতু বিম্ব অবাস্তব]

আমরা জানি,  $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f}$

$\Rightarrow \frac{1}{-3u} + \frac{1}{u} = \frac{1}{15} \Rightarrow u = 10 cm$  Ans.

**Ex-02** 12 cm ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি অবতল দর্পনের প্রধান অক্ষের উপর দুটি বিন্দুতে বস্তু স্থাপন করলে বিম্বের আকার বস্তুর আকারের তিনগুণ তাদের মধ্যকার দূরত্ব নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** প্রথম ক্ষেত্রে, ধরি, বিম্ব বাস্তব।

$\therefore m = 3 \Rightarrow \frac{v_1}{u_1} = 3 \therefore v_1 = 3u_1$

আমরা জানি,  $\frac{1}{v_1} + \frac{1}{u_1} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{3u_1} + \frac{1}{u_1} = \frac{1}{12}$

$\therefore u_1 = 16 cm$

দ্বিতীয় ক্ষেত্রে ধরি, বিম্ব অবাস্তব,

$\therefore m = 3 \Rightarrow -\frac{v_2}{u_2} = 3 \therefore v_2 = -3u_2$

আবার,  $\frac{1}{v_2} + \frac{1}{u_2} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{-3u_2} + \frac{1}{u_2} = \frac{1}{12} \Rightarrow u_2 = 8 cm$ .

$\therefore$  নির্ণেয় দূরত্ব = (16-8) cm = 8cm Ans.

**For practice**

- একটি অবতল দর্পনের ফোকাস দূরত্ব 0.2 মিটার। দর্পনটি হতে কতদূরে ও বস্তু স্থাপন করলে বাস্তব প্রতিবিম্বের আকার এক চতুর্থাংশ হবে? **Ans.** 1
- 30cm ফোকাস দূরত্বের একটি অবতল দর্পন হতে কত দূরে একটি বস্তু স্থাপন করলে বস্তুর আকারের তিনগুণ বিবর্ধিত অবাস্তব বিম্ব পাওয়া যায়? **Ans.** 20

**Type-03 : অনুবন্ধী ফোকাসের ব্যবহার সংক্রান্ত**

**Ex-01** একটি অবতল দর্পন হতে 0.15 এবং 0.10 m সামনে অনুবন্ধী ফোকাস দুটি অবস্থিত। দর্পনের ফোকাস দূরত্ব নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f}$  এখানে,  
 $u = .15m$  হলে  
 $v = 0.10 m$   
 অথবা,  $u = .10 m$  হলে  
 $v = .15m$

$\therefore f = 0.06 m$ .

**Ans.** 0.06 m.

**For practice**

01. একটি অবতল দর্পনের ব্যক্তার ব্যাসার্ধ 40cm অনুবন্ধী ফোকাস দুটির একটি দূরত্ব দর্পন হতে 30cm অপরটির দূরত্ব কত? **Ans.** 60 cm

**Hints**  $\frac{1}{u} + \frac{1}{v} = \frac{2}{f}$



**Type-04 : পর্দা স্থানান্তর করে বিবর্ধন পরিবর্তন করে বিভিন্ন রাশিমালা নির্ণয় সংক্রান্ত**

**Ex-01** একটি বাতি পর্দা থেকে 6m দূরে আছে। বাতিটির তিনগুণ বিবর্ধিত বিম্ব পর্দা ফোকে হতে হবে। বাতিটিকে কোথায় রাখতে হবে এবং এর জন্য দর্পনটিকে কোথায় রাখতে হবে এবং এর জন্য কি ধরনের দর্পনের প্রয়োজন হবে?

**Sol:** সোহেতু বিম্ব পর্দায় পড়ে সোহেতু এটি বাস্তব।

$$\therefore m = -3 \Rightarrow -\frac{v}{u} = -3 \therefore v = 3u \dots\dots(i)$$

এর ফলে, দর্পন থেকে বাতির দূরত্ব  $x$ ।

পর্দা থেকে পর্দার দূরত্ব  $x + 6$ ।

সম্মেলনের দূরত্ব  $u = x$  এবং বিম্বের দূরত্ব  $v = (x + 6) = 3u$

(i) নং হতে,  $x + 6 = 3x$

$$\therefore x = 3m$$

$$\therefore u = 3m \text{ এবং } v = 3 + 6 = 9m.$$

$$\text{আমরা জানি, } \frac{1}{3} + \frac{1}{9} = \frac{1}{f}$$

$$\Rightarrow \frac{3+1}{9} = \frac{1}{f} \therefore f = 2.25m.$$

সোহেতু ফোকাস দূরত্ব ধনাত্মক সোহেতু দর্পনটি অবতল।

**Ans.** 2.25 ফোকাস দূরত্বের অবতল দর্পন ব্যতিরেকে 3m দূরে রাখতে হবে।

**Ex-02** একটি অবতল দর্পন একটি পর্দার উপর একটি বস্তুর দ্বিগুণ বিবর্ধিত প্রতিবিম্ব গঠন করে। বস্তু ও পর্দাকে সরিয়ে এমনভাবে রাখা হল যেন পর্দার বাস্তব তিনগুণ বিবর্ধিত প্রতিবিম্ব গঠিত হয়। যদি এর জন্য পর্দাকে 25cm সরতে হয় তাহলে বস্তুটিকে কতটা সরতে হবে। দর্পনটির ফোকাস দূরত্ব কত?

$$\text{প্রথম ক্ষেত্রে বিবর্ধন } m = \frac{v_1}{u_1} = 2 \therefore u_1 = \frac{v_1}{2}$$

$$\text{আমরা জানি, } \frac{1}{v_1} + \frac{1}{u_1} = \frac{1}{f}$$

$$\Rightarrow \frac{1}{v_1} + \frac{2}{v_1} = \frac{1}{f} \therefore v_1 = 3f$$

$$\text{দ্বিতীয় ক্ষেত্রে, } m_2 = \frac{v_2}{u_2} = 3; u_2 = \frac{v_2}{3}$$

$$\text{আমরা পাই, } \frac{1}{v_2} + \frac{3}{v_2} = \frac{1}{f} \therefore v_2 = 4f.$$

$$\text{শর্তানুসারে, } v_2 - v_1 = 4f - 3f = 25 \therefore f = 25 \text{ cm.}$$

$$\text{সুতরাং, } v_1 = 3 \times 25 = 75 \text{ cm; } v_2 = 4 \times 25 = 100 \text{ cm.}$$

$$\text{প্রথম ক্ষেত্রে আমরা পাই, } \frac{1}{75} + \frac{1}{u_1} = \frac{1}{25} \therefore u_1 = \frac{75}{2} \text{ cm.}$$

$$\text{দ্বিতীয় ক্ষেত্রে আমরা পাই, } \frac{1}{100} + \frac{1}{u_2} = \frac{1}{25} \therefore u_2 = \frac{100}{3} \text{ cm.}$$

$$\therefore \text{সুতরাং } u_1 - u_2 = \frac{75}{2} - \frac{100}{3} = \frac{225 - 200}{6} = \frac{25}{6} = 4.166 \text{ cm.}$$

**Ans.** দর্পনের ফোকাস দূরত্ব 25 cm এবং বস্তুটিকে দর্পনের দিকে 4.166 cm সরতে হবে।

**For practice**

একটি অবতল দর্পন পর্দার উপর কোন বস্তুর দ্বিগুণ বাস্তব বিম্ব গঠন করে। এখন পর্দা ও বস্তুকে এমনভাবে সরানো হল যাতে পর্দার উপর বস্তুর চারগুণ বিম্ব গঠিত হয়। এ জন্য পর্দাকে যদি 40cm সরতে হয় তবে বস্তুর সরন ও দর্পনের ফোকাস দূরত্ব নির্ণয় কর। **Ans.** দর্পনের দিকে 5cm; 20 cm

**Type-05 : একাধিক দর্পনের সমন্বয়**

**Ex-01** 20cm ব্যক্ততার বাসার্ধের একটি অবতল দর্পন ও 30 cm ব্যক্ততার বাসার্ধের একটি উত্তল দর্পন একই অক্ষের উপর যথেষ্টদূরত্বে 40 cm দূরে বসানো আছে। অবতল দর্পন থেকে 15cm দূরে ঐ অক্ষের উপর 5cm দীর্ঘ একটি বস্তু আছে। রাশি প্রথমে অবতল দর্পনে হতে পরে উত্তল দর্পনে প্রতিফলিত হলে প্রতিবিম্বের অবস্থান, প্রকৃতি ও দৈর্ঘ্য নির্ণয় কর?

**Sol:**

প্রথম ক্ষেত্রে,  
 $u = 15 \text{ cm}$   
 $r = 20 \text{ cm.}$



$$\text{আমরা জানি, } \frac{1}{v} + \frac{1}{u} = \frac{2}{r} \Rightarrow \frac{1}{v} = \frac{2}{20} - \frac{1}{15}$$

$$\therefore v = 30 \text{ cm. } \therefore \text{বিবর্ধন } m_1 = \frac{30}{15} = 2.$$

অবতল দর্পন দ্বারা সৃষ্ট প্রতিবিম্বটি উত্তল দর্পনের সম্মুখে 40-30=10 cm দূরে অবস্থিত। অতএব উত্তল দর্পনের ক্ষেত্রে বস্তুর দূরত্ব  $u_1 = 10 \text{ cm}$  হবে এবং ব্যক্ততার বাসার্ধ  $r_1 = -30 \text{ cm.}$

$$\text{আমরা পাই, } \frac{1}{v_1} + \frac{1}{u_1} = \frac{2}{r} \Rightarrow \frac{1}{v_1} = \frac{-2}{30} - \frac{1}{10} \Rightarrow \frac{1}{v_1} = \frac{-1}{15} - \frac{1}{10}$$

$$\therefore v_1 = -6 \text{ cm. } \therefore \text{বিবর্ধন } m_2 = \frac{6}{10} = 0.6.$$


$$\therefore \text{মোট বিবর্ধন} = m_1 \times m_2 = 2 \times 0.6 = 1.2.$$

চূড়ান্ত প্রতিবিম্বের আকার = (1.2 × 5) = 6 cm দীর্ঘ।

**Ans.** প্রতিবিম্বটি উত্তল দর্পনের পেছনে 6cm দূরে অবস্থিত। প্রতিবিম্বটি বাস্তব ও প্রথম প্রতিবিম্বের সাথে সমদীর্ঘ। প্রতিবিম্বের আকার 6cm দীর্ঘ।

**Ex-02** একটি উত্তল দর্পনের সম্মুখে 50 cm দূরে একটি বস্তু রাখা হলো; তারপর দর্পনের নিম্নার্ধকে একটি সমতল দর্পন দ্বারা আবৃত করা হলো সে অবস্থায় দেখা গেল যে বস্তু ও সমতল দর্পনের দূরত্ব 30cm হলে দুটি দর্পনের দ্বারা গঠিত প্রতিবিম্ব দুটি মিলে যায়। উত্তল দর্পনটির ব্যক্ততার বাসার্ধ কত?

**Sol:** সমতল দর্পন হতে বস্তু ও বিম্বের দূরত্ব সমান।



$$\therefore \text{উত্তল দর্পন হতে বস্তুর দূরত্ব } u = 50 \text{ cm.}$$

$$\therefore \text{প্রতিবিম্বের দূরত্ব } v = BD - BC = 30 - 20 = 10 \text{ cm}$$

$$\text{আমরা জানি, } \frac{1}{v} + \frac{1}{u} = \frac{2}{r}$$

$$\Rightarrow -\frac{1}{10} + \frac{1}{50} = \frac{2}{r} \text{ [বিম্ব অবস্থার তাই v ঋণাত্মক]}$$

$$\therefore r = -25 \text{ cm}$$

$\therefore$  উত্তল দর্পনের ব্যক্ততার বাসার্ধ = -25cm (Ans)

**For practice**

01. একটি অবতল দর্পনের ফোকাস অভিমুখী এক উচ্চ অভিসারী ঐ অবতল দর্পনের উপর আপতিত হয়। অবতল দর্পনের সম্মুখে 50 cm দূরে 10cm ব্যক্ততার বাসার্ধ বিশিষ্ট উত্তল দর্পন রাখা হলে প্রতিবিম্ব অবতল দর্পন হতে কতদূরে তৈরি হবে? **Ans.** 5.5 cm



**Type-06: প্রতিসরাঙ্ক সংক্রান্ত সমস্যা**

**Ex-01** পানির সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক  $\frac{9}{8}$ ; বায়ুর সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক

$\frac{3}{2}$  হলে বায়ুর সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক কত?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  ${}_a\mu_w = \frac{{}_a\mu_g \times \mu_w}{\mu_g} = \frac{3}{2} \times \frac{8}{9} = \frac{4}{3}$       **Ans.**  $\frac{4}{3}$

**Ex-02** বায়ু সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক  $\frac{4}{3}$ । পানিতে আলোর বেগ  $2.22 \times 10^8$   $ms^{-1}$  হলে বায়ুতে আলোর বেগ নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  ${}_a\mu_w = \frac{C_a}{C_w} \Rightarrow \frac{4}{3} = \frac{C_a}{2.22 \times 10^8}$   
 $\therefore C_a = 2.96 \times 10^8 \text{ ms}^{-1}$  **Ans.**

**For practice**

01. বায়ু সাপেক্ষে পানি ও কাঁচের প্রতিসরাঙ্ক  $\frac{4}{3}$  ও  $\frac{3}{2}$ ।


- a. কাঁচের সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক নির্ণয় কর।
- b. পানির সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক নির্ণয় কর।

**Ans.** 0.888 ; 1.125

**Type-07 : শ্বেলের সূত্র,  $\mu = \frac{\sin i}{\sin r}$ ;  $\mu_1 \sin \theta_1 = \mu_2 \sin \theta_2$**

**Ex-01** কোন আলোকরশ্মি সমতল কাঁচের ত্বকের মধ্য দিয়ে বেয়ে  $60^\circ$  কোণে একটি তলে আপতিত হলো। কিছু আলো প্রতিফলিত ও বাকি প্রতিসৃত হলো প্রতিফলিত ও প্রতিসৃত রশ্মির মধ্যবর্তী কোণ কত?

**Sol<sup>n</sup>:**  $\mu = \frac{\sin i}{\sin r}$   
 $\Rightarrow \sin r = \frac{\sin 30^\circ}{1.5} \therefore r = 19.47^\circ$   
 $\therefore$  নির্ণেয় কোণ =  $60^\circ + (90^\circ - 19.47^\circ) = 130.53^\circ$  (**Ans.**)




**Ex-02** একটি আলোক রশ্মি কাঁচ হতে কোন একটি স্বচ্ছ মাধ্যমে  $45^\circ$  কোণে আপতিত হওয়ার অভিশেষে নিকে রশ্মিটির কৌণিক বিচ্যুতি  $15^\circ$  হল। কাঁচের সাপেক্ষে ঐ স্বচ্ছ মাধ্যমের প্রতিসরাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\mu = \frac{\sin i}{\sin r} \Rightarrow \mu = \frac{\sin 45^\circ}{\sin 30^\circ}$       এখানে,  $i = 45^\circ$   
 $r = 45^\circ - 15^\circ = 30^\circ$   
 $\mu = ?$   
 $\therefore \mu = \sqrt{2}$  (**Ans.**)

**Ex-03** 10cm পুরুত্বের এক টুকরা কাঁচের এক পাশে 5mm পুরু তেলের স্তর পড়েছে। এই কাঁচ খন্ড ব্যবহার করে প্রতিসরাঙ্ক পরিমাপ করা হলো যেন আপাত কোণ  $60^\circ$  নিঃসরণ কোণ কত? [কাঁচের প্রকৃত প্রতিসরাঙ্ক 1.5 ও তেলের প্রতিসরাঙ্ক 1.25]

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\mu_1 \sin i_1 = \mu_2 \sin r_1 \Rightarrow 1 \times \sin 60^\circ = 1.25 \times \sin r_1$   
 $\therefore r_1 = 43.85^\circ = i_2$   
 আবার,  $\mu_1 \sin i_2 = \mu_2 \sin r_2$   
 $\Rightarrow 1.25 \times \sin i_2 = 1.5 \sin r_2 \Rightarrow r_2 = 35.26^\circ = i_3$   
 আবার,  $\mu_1 \sin i_3 = \mu_2 \sin r_3 \Rightarrow 1.5 \sin i_3 = 1 \times \sin r_3$   
 $\therefore r_3 = 60.0^\circ$  **Ans.**

**For practice**




01. একটি আলোক রশ্মি পানি ও কাঁচের উর্ধ্বক বিভিন্ন তলে পতিত হয়ে কোন দিকে বা বেঁকে গমন করে। পানির উপর আপাতন কোণ কত?  
 $[\mu_w = 1.33, \mu_g = 1.50]$       **Ans.**  $41.68^\circ$

**Type-08 :  $\mu = \frac{\tan \theta}{\tan \phi}$  সূত্রের ব্যবহার সংক্রান্ত**

**Ex-01** পানিতে নিমজ্জিত একটি দণ্ডকে খাড়া নিচের দিকে ডাকিয়ে দেখলে পানির উপরিতলের সাথে দণ্ডটির নতি  $52^\circ$  বলে মনে হয়। উল্লম্বের সাথে দণ্ডটির প্রকৃত আনতি কত? [পানির প্রতিসরাঙ্ক 1.33]

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\mu = \frac{\tan \theta}{\tan \phi}$   
 $\Rightarrow \tan \theta = 1.33 \times \tan 52^\circ$   
 $\therefore \theta = 59.6^\circ$   
 এটি পানির তলের সাথে সূত্র কোণ।  
 $\therefore$  উল্লম্বের সাথে সূত্র কোণ =  $(90^\circ - 59.6^\circ) = 30.4^\circ$  (**Ans.**)



**For practice**

01. একটি সোজা দণ্ড পানিতে অংশিক এবং তির্যকভাবে ডুবানো আছে। পানির উপরিতলের সাথে দণ্ডটির ডুবানো অংশের আপাত আনতি  $30^\circ$ । পানির উপরিতলের সাথে দণ্ডটির প্রকৃত আনতি কত?  $[\mu_w = 1.33]$  **Ans.**  $37.5^\circ$   
**Hint:** উল্লম্বের সাথে আনতি বললে  $90^\circ$  থেকে বিয়োগ দিতে হবে।

**Type-09 : প্রিজমের ক্ষেত্রে  $\mu = \frac{\sin\left(\frac{A + \delta_m}{2}\right)}{\sin \frac{A}{2}}$  সূত্রের ব্যবহার**

**Ex-01** একটি প্রিজমে কোন একটি রশ্মির নির্গমন কোণ প্রিজম কোণের সমান কিন্তু ঐ তলের আপাতন কোণের দ্বিগুণ। প্রিজম উপাদানের প্রতিসরাঙ্ক  $\sqrt{3}$  হলে, দেখাও যে, প্রিজম কোণ  $60^\circ$ ।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\mu = \frac{\sin i_2}{\sin r_2} \Rightarrow \mu = \frac{\sin A}{\sin \frac{A}{2}}$       এখানে,  $i_2 = A$   
 $r_2 = \frac{i_2}{2} = \frac{A}{2}$   
 $\Rightarrow \sqrt{3} = \frac{2 \sin \frac{A}{2} \cos \frac{A}{2}}{\sin \frac{A}{2}} \Rightarrow \cos \frac{A}{2} = \frac{\sqrt{3}}{2} \Rightarrow \frac{A}{2} = 30^\circ \therefore A = 60^\circ$  **Ans.**

**Ex-02** একটি প্রিজমকে ন্যূনতম বিচ্যুতি অবস্থানে স্থাপন করে আপাতন কোণের সম  $40^\circ$  পাওয়া যায়। প্রিজমটির উপাদানের প্রতিসরাঙ্ক 1.5 হলে প্রিজম কোণ কত?

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  $\mu = \frac{\sin\left(\frac{A + \delta_m}{2}\right)}{\sin \frac{A}{2}}$       এখানে,  
 $i_2 = \frac{A + \delta_m}{2} = 40^\circ$   
 $A = ?$   
 $\Rightarrow 1.5 = \frac{\sin 40^\circ}{\sin \frac{A}{2}} \Rightarrow \sin \frac{A}{2} = \frac{\sin 40^\circ}{1.5}$   
 $\Rightarrow \sin \frac{A}{2} = 0.4285 \Rightarrow A = 50^\circ 44'$  **Ans.**



কোন প্রিজমের কোণ  $60^\circ$  এবং প্রতিসরাঙ্ক 1.5। ন্যূনতম বিচ্যুতি কোণ নির্ণয় কর। প্রথম তলে সর্বনিম্ন বিচ্যুতির মান কত?

$$\text{সমাধান: আমরা জানি, } \mu = \frac{\sin\left(\frac{A + \delta_m}{2}\right)}{\sin\frac{A}{2}} \Rightarrow 1.5 = \frac{\sin\left(\frac{60^\circ + \delta_m}{2}\right)}{\sin\frac{60^\circ}{2}}$$

$$\Rightarrow \delta_m = 37^\circ 12' \text{ Ans.}$$

$$\Rightarrow \delta_m = (i_1 + i_2) - (r_1 + r_2) = (i_1 - r_1) + (i_2 - r_2)$$

$$= 2(i_1 - r_1) \quad [\because i_1 = i_2, r_1 = r_2]$$

$(i_1 - r_1)$  হল প্রথম তলে বিচ্যুতি।

$$\therefore \text{প্রথম পৃষ্ঠে সর্বনিম্ন বিচ্যুতি} = \frac{\delta_m}{2} = \frac{37^\circ 12'}{2} = 18^\circ 36' \text{ Ans.}$$

**For practice**

একটি সমবাহু প্রিজমের প্রতিসরাঙ্ক  $\sqrt{2}$  এবং প্রথম তলে আপাতন কোণ  $30^\circ$ । দ্বিতীয় তলে আপাতন কোণ ও ন্যূনতম বিচ্যুতি কোণ নির্ণয় কর।

Ans.  $45^\circ$ ;  $30^\circ$ ।

একটি প্রিজমের প্রতিসরাঙ্ক কোণ  $60^\circ$  এবং ন্যূনতম বিচ্যুতি  $45^\circ$  হলে প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক কত?

Ans. 1.5867

**Type-10 : প্রিজম সংক্রান্ত সমস্যা**

1.5 প্রতিসরাঙ্কের কোন কাঁচ প্রিজমের এক পৃষ্ঠের উপর আলোক রশ্মি লম্বভাবে আপতিত হয় এবং প্রিজমের দ্বিতীয় পৃষ্ঠের পা ঘেঁষে নির্গত হয়। প্রিজম কোণ নির্ণয় কর।

সমাধান: আমরা জানি,  $r_1 + r_2 = A$  ----- (i)

$$\text{অবশ্য, } 1.5 = \frac{1}{\sin\theta_c} \Rightarrow \sin\theta_c = \frac{1}{1.5} \Rightarrow \theta_c = 41.8^\circ = r_2$$

$$\text{কেন, } i_1 = 0 \quad r_1 = 0$$

$$\text{সীকরণ (i) নং থেকে পাই, } 0 + 41.81^\circ = A$$

$$\therefore A = 41.8 \text{ Ans.}$$

একটি প্রিজমের কোণ  $45^\circ$  এবং উপাদানের প্রতিসরাঙ্ক  $\sqrt{5}$ । এই প্রিজমের এক প্রতিসরণ পৃষ্ঠে আলোক রশ্মি কত কোণে আপতিত হলে রশ্মিটির দ্বিতীয় প্রতিসরণ পৃষ্ঠ ঘেঁষে নির্গত হবে?

$$\text{সমাধান: আমরা জানি, } \sin i_1 = \sqrt{\mu^2 - 1} \sin A - \cos A$$

$$\Rightarrow \sin i_1 = \sqrt{5 - 1} \sin 45^\circ - \cos 45^\circ$$

$$\Rightarrow \sin i_1 = \frac{2}{\sqrt{2}} - \frac{1}{\sqrt{2}}$$

$$\Rightarrow \sin i_1 = \frac{1}{\sqrt{2}}$$

$$\Rightarrow i_1 = 45^\circ \text{ Ans. } 45^\circ$$

75° কোণবিশিষ্ট একটি প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক 1.5। প্রিজমের

একটি প্রতিসারক পৃষ্ঠে  $\frac{3\sqrt{2}}{4}$  প্রতিসরাঙ্কের কোন তরল দ্বারা আবৃত। প্রিজমটির

অবৃত প্রতিসারক পৃষ্ঠের উপর কত কোণে একটি আলোক রশ্মি আপতিত হলে তা আবৃত প্রতিসারক পৃষ্ঠ ঘেঁষে নির্গত হবে?

$$\text{সমাধান: প্রিজমের ২য় পৃষ্ঠে, } \mu = \frac{\sin i_2}{\sin r_2} = \frac{a\mu_2}{a\mu_1} \Rightarrow \frac{\sin 90^\circ}{\sin r_2} = \frac{1.5}{\frac{3\sqrt{2}}{4}}$$

$$\therefore r_2 = 45^\circ$$

$$\text{অবশ্য, } A = r_1 + r_2 \Rightarrow 75^\circ = 45^\circ + r_1 \therefore r_1 = 30^\circ$$

$$\text{প্রথম পৃষ্ঠে পাই, } \mu_2 \times \sin i_1 = \mu_1 \times \sin r_1$$

$$\Rightarrow 1 \times \sin i_1 = 1.5 \times \sin 30^\circ \therefore i_1 = 48^\circ 35' \text{ Ans.}$$

**Ex-04** একটি সরু প্রিজমের মধ্য দিয়ে যাবার সময় একটি আলোক রশ্মির  $6^\circ$  বিচ্যুতি ঘটে। যদি প্রিজম পদার্থের প্রতিসরাঙ্ক 1.6 হয় তবে প্রিজমের কোণ বের কর।

$$\text{Sol}^n: \text{ আমরা জানি, } \delta = (\mu - 1) A \Rightarrow A = \frac{6}{1.6 - 1} = \frac{6}{0.6}$$

$$\therefore \text{প্রিজম কোণ } A = 10^\circ \text{ Ans.}$$

**For practice**

01. প্রমাণ কর যে, কোন প্রিজমের কোণ যদি এর উপাদানের সংকেট কোণের দ্বিগুণের চেয়ে বড় হয় তাহলে কোন নির্গত রশ্মি থাকবে না।

02. কোন প্রিজমের কোণ  $90^\circ$  এবং পদার্থের প্রতিসরাঙ্ক  $\sqrt{\frac{3}{2}}$ । আপাতন কোণ সর্বনিম্ন কত হলে নির্গমন রশ্মি প্রিজম পৃষ্ঠের পা ঘেঁষে যাবে?

Ans.  $45^\circ$

03. একটি প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক  $\sqrt{2}$  এবং প্রিজম কোণ  $90^\circ$ । প্রিজমটিতে  $\sqrt{3}$  প্রতিসরাঙ্কের একটি তলে নিমজ্জিত করা হল। এর এক পৃষ্ঠে  $45^\circ$  কোণে আলো আপতিত হলে বিচ্যুতি কত হবে?

Ans.  $24.09^\circ$

04. একটি সরু প্রিজমের মধ্য দিয়ে যাবার সময় একটি আলোক রশ্মির  $3^\circ$  বিচ্যুতি ঘটে। যদি প্রিজমের প্রতিসরাঙ্ক 1.5 হয় তবে প্রিজম কোণ কত?

Ans.  $6^\circ$

**Type-11 :  $\frac{\mu_2 + \mu_1}{v} = \frac{\mu_2 - \mu_1}{r}$  সূত্রের ব্যবহার সংক্রান্ত**

**Ex-01** একটি অবতল প্রতিসরণ তলের বক্রতার ব্যাসার্ধ 0.18m। অবতল তলের সম্মুখে বস্তুতে এবং মেরু হতে 0.12m দূরে প্রধান অক্ষের উপর একটি পুত্র বস্তু রাখলে বস্তুটির প্রতিবিম্ব কোথায় গঠিত হবে? [প্রতিসরণ মাধ্যমের প্রতিসরাঙ্ক 1.5]

$$\text{Sol}^n: \text{ আমরা জানি, } \frac{\mu}{v} + \frac{1}{u} = \frac{\mu - 1}{r}$$

$$\Rightarrow \frac{1.5}{v} + \frac{1}{0.12} = \frac{1.5 - 1}{-0.18}$$

$$\therefore v = 0.135\text{m.}$$

$\therefore$  নির্ণেয় প্রতিবিম্বের দূরত্ব 0.135m.

এখানে,

$$u = 0.12\text{m}$$

$$\mu = 1.5$$

$$r = -0.18\text{m}$$

**Ex-02** (a) একটি পানির ট্যাংকে 6 cm বক্রতা ব্যাসার্ধবিশিষ্ট একটি ছোট জানালা আছে। জানালাটির উত্তল পৃষ্ঠ বাইরের দিকে অবস্থিত। একটি বিজলী ব্যতি জানালা হতে 30cm দূরে ট্যাংকের (i) বাইরে (ii) ভিতরে রাখা আছে। প্রত্যেক ক্ষেত্রে প্রতিবিম্বের অবস্থান নির্ণয় কর। [পানির প্রতিসরাঙ্ক 1.33]

(b) একটি অর্ধবৃত্তাকার কাঁচ ফলকের সমতল পৃষ্ঠের ভিতর দিয়ে লম্বভাবে দেখলে মনে হয়, ফলকটি সর্বাধিক 2.4cm পুরু। কিন্তু গোলায় পৃষ্ঠের ভিতর দিয়ে দেখলে মনে হয় 3 cm পুরু। কাঁচ ফলকটির প্রকৃত বেধ 3.5cm। কাঁচের প্রতিসরাঙ্ক এবং গোলায় পৃষ্ঠের বক্রতার ব্যাসার্ধ নির্ণয় কর।

**Sol**<sup>n</sup>: (a) (i)  $u = OP = 30\text{ cm}$

$$OC = 6\text{ cm} = r$$

এক্ষেত্রে, আলোকরশ্মি বায়ু থেকে উত্তল পৃষ্ঠে আপতিত হয়ে তরলে প্রতিসৃত হয়।

$$\frac{\mu_2}{v} + \frac{\mu_1}{u} = \frac{\mu_2 - \mu_1}{r}$$


$$\Rightarrow \frac{1.33}{v} + \frac{1}{30} = \frac{1.33 - 1}{6}$$

$$\therefore v = 61.39\text{cm}; \text{ বাস্তব প্রতিবিম্ব, পানির ভেতর।}$$

(ii)  $OP = u = 30\text{cm}; r = OC = -6\text{ cm}$

$$\frac{\mu_2}{v} + \frac{\mu_1}{u} = \frac{\mu_2 - \mu_1}{r} \Rightarrow \frac{1}{v} + \frac{1.333}{30} = \frac{1 - 1.33}{-6}$$

$$\therefore v = 94.63\text{ cm}; \text{ বাস্তব প্রতিবিম্ব; পানির ভেতর। Ans.}$$





(b) প্রথম ক্ষেত্রে, আলো প্রতিসরণ সমতল পৃষ্ঠে হচ্ছে।

$$\therefore \mu = \frac{u}{v} = \frac{3.5}{2.4} = 1.45$$

দ্বিতীয় ক্ষেত্রে, সমতল পৃষ্ঠ হাতে আলো গোলকীয় পৃষ্ঠে প্রতিসৃত হয়ে বায়ুতে প্রবেশ করছে।

$$\therefore \mu_2 = \frac{1}{1.45} \text{ এবং } v = -3 \text{ cm}$$

$$\frac{\mu_2}{v} + \frac{\mu_1}{u} = \frac{\mu_2 - \mu_1}{r} \Rightarrow \frac{1}{-3} + \frac{1}{3.5} = \frac{1}{r} - 1$$

$$\therefore r = -5.55 \text{ cm (Ans.)}$$

**For practice**

01. একটি কাঁচের গোলকের পৃষ্ঠে একটি চিহ্ন দিয়ে ত্রিক বিপরীত পৃষ্ঠ হাতে গোলকের কেন্দ্র ব্যতিরেকে লোম্বাভাবে কাঁচের ভিতরে দেয়া গেল। গোলকের ব্যাস 10cm এবং কাঁচের প্রতিসরাঙ্ক 1.5 হলে প্রতিবিম্বের অবস্থান কোথায়?

Ans. চিহ্নটি চকু সংলগ্ন পৃষ্ঠ হাতে 20cm দূরে অবাস্তব বিম্ব গঠন করবে।

02. একটি ঘাঁপা কাঁচগোলকের অন্তঃ ও বহিঃ ব্যাসার্ধ যথাক্রমে 8cm ও 9cm। কাঁচের প্রতিসরাঙ্ক 1.5 হলে গোলকের ত্রিক কেন্দ্রস্থলে অবস্থিত একটি ক্ষুদ্র বস্তু প্রতিবিম্ব এর বাইরে হাতে কোথায় দেখা যাবে?

Ans. চূড়ান্ত বিম্ব গোলকের কেন্দ্রে গঠিত হয়।

**Type-12 :**  $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f} = (\mu - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$  সূত্রের ব্যবহার সংক্রান্ত

**Ex-01** একটি উত্তাবতল লেন্সের বক্রতার ব্যাসার্ধ যথাক্রমে 30cm ও 20cm। লেন্সটি 1.5 প্রতিসরাঙ্কবিশিষ্ট কাঁচের তৈরি হলে, লেন্সটির ফোকাস দূরত্ব কত?

Sol<sup>n</sup>:  $\frac{1}{f} = (\mu - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right) \Rightarrow \frac{1}{f} = (1.5 - 1) \left( -\frac{1}{30} - \frac{1}{20} \right)$   $\left. \begin{array}{l} r_1 = -30 \text{ cm} \\ r_2 = 20 \text{ cm} \\ \mu = 1.5 \\ f = ? \end{array} \right\}$

$$\Rightarrow \frac{1}{f} = (0.5) \left( \frac{-2-3}{60} \right) \Rightarrow \frac{1}{f} = (0.5) \left( \frac{-5}{60} \right)$$

$\therefore f = -24 \text{ cm} \therefore$  লেন্সটির ফোকাস দূরত্ব 24cm. Ans.

**Ex-02** বায়ু মাধ্যমে একটি কাঁচের লেন্সের ফোকাস দূরত্ব 25 সেমি। পানি মাধ্যমে এর ফোকাস দূরত্ব বের কর। (পানি ও কাঁচের প্রতিসরাঙ্ক  $\frac{4}{3}$  এবং  $\frac{3}{2}$ )

Sol<sup>n</sup>: আমরা জানি,  $\frac{1}{f} = (\mu - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$

বায়ুতে,  $\frac{1}{f_a} = (\mu_a \mu_g - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$  ----- (i)

পানিতে,  $\frac{1}{f_w} = (\mu_w \mu_g - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$  ----- (ii)

$$(i) \div (ii) \rightarrow \frac{f_w}{25} = \frac{\frac{3}{2} - 1}{\left( \frac{3}{2} \times \frac{3}{2} \right) - 1}$$

$$\Rightarrow f_w = \frac{1}{8} \times 25 \Rightarrow f_w = 100 \text{ cm (Ans.)}$$

**For practice**

01. একটি সরু উত্তাবতল লেন্স থেকে 24cm দূরে একটি বস্তু লেন্সের বিপরীত পক্ষে 30cm দূরে বস্তুর প্রতিবিম্ব গঠনা গেল। লেন্সের প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠের বক্রতার ব্যাসার্ধ যথাক্রমে 16cm ও 20cm হলে তার উপাদানের প্রতিসরাঙ্ক নির্ণয় কর।

Ans. 1.6

**Hints**  $\frac{1}{u} + \frac{1}{v} = (\mu - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$

02. বায়ুতে একটি কাঁচ লেন্সের ফোকাস দূরত্ব 20cm হলে পানিতে এর ফোকাস দূরত্ব কত? [ $\mu_g = \frac{3}{2}$ ;  $\mu_w = \frac{4}{3}$ ]

Ans. 80 cm

**Type-13 :**  $\frac{1}{F} = \frac{1}{f_1} + \frac{1}{f_2}$  ও  $P = P_1 + P_2$  সূত্রের ব্যবহার সংক্রান্ত

**Ex-01** কোন লেন্সের ক্ষমতা +4D। লেন্সটি হাতে কতদূরে বস্তু স্থাপন করলে বস্তুর অর্ধেক আকারের বিম্ব সৃষ্টি হবে?

Sol<sup>n</sup>: আমরা জানি,  $P = \frac{1}{f} \Rightarrow f = \frac{1}{P} = \frac{1}{4} \therefore f = 25 \text{ cm}$

$\therefore$  লেন্সটি উত্তল। উত্তল লেন্সে একমাত্র বাস্তব ও উল্টা প্রতিবিম্বের সৃষ্টি। বিম্বের আকার বস্তুর আকারের তুলনায় ছোট হয়।

$$\therefore m = \frac{v}{u} \Rightarrow \frac{1}{2} = \frac{v}{u} \therefore v = \frac{u}{2} \text{ এবং, } \frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$


$$\Rightarrow \frac{1}{u} + \frac{2}{u} = \frac{1}{25} \therefore u = 75 \text{ cm Ans.}$$

**Ex-02** 20cm ফোকাস দূরত্ববিশিষ্ট দুটি সমউত্তল লেন্সকে স্পর্শ করে লেন্সদ্বয়ের মধ্যবর্তী স্থান পানি দ্বারা পূর্ণ করা হলে লেন্স সমবায়ের তুল্য ক্ষমতা কত? [লেন্সের উপাদানের প্রতিসরাঙ্ক  $\frac{3}{2}$  এবং পানির প্রতিসরাঙ্ক  $\frac{4}{3}$ ]

Sol<sup>n</sup>: লেন্সের ক্ষেত্রে,

$$\frac{1}{f} = (\mu_g - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$$

সমউত্তল লেন্সের ক্ষেত্রে,  $r_2 = r_1$



$$\therefore \frac{1}{f} = (\mu_g - 1) \left( \frac{1}{r_1} + \frac{1}{r_1} \right)$$

$$\Rightarrow \frac{1}{f} = (\mu_g - 1) \frac{2}{r_1} \Rightarrow r_1 = 2 \times 20 \times \left( \frac{3}{2} - 1 \right) \therefore r_1 = 20 \text{ cm.}$$

এখন মধ্যবর্তী পানি উত্তাবতল লেন্স হিসেবে কাজ করবে যাঃ উত্তঃ তল বক্রতার ব্যাসার্ধ 20cm।

$$\therefore \frac{1}{f} = (\mu_w - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right) \Rightarrow \frac{1}{f} = \frac{1}{3} \left( -\frac{1}{20} - \frac{1}{20} \right) \therefore f = -30 \text{ cm}$$

$$\therefore \text{তুল্য লেন্সের ফোকাস দূরত্ব } \frac{1}{F} = \frac{1}{f_1} + \frac{1}{f_2} + \frac{1}{f_3}$$

$$\Rightarrow \frac{1}{F} = \frac{1}{20} + \frac{1}{20} - \frac{1}{30} \Rightarrow F = 15 \text{ cm Ans. 15cm}$$



**For practice**

25cm ফোকাস দূরত্বের একটি উত্তল এবং একটি 15cm ফোকাস দূরত্বের একটি অবতল লেন্স নিয়ে সমবায় গঠন করা হলো। দেখাও যে, সমবায়টি অবতল লেন্সের ন্যায় ক্রিয়া করবে।

উত্তল লেন্সের সামনে কোন বস্তু রাখলে পদার্থ এর  $m_1$  গুণ বিবর্ধিত বিম্ব পাওয়া যায়। এখন পদার্থকে লেন্সের দিকে  $x$  দূরত্বে সরালে বিবর্ধন যদি  $m_2$  হয় তবে

দেখাও যে, লেন্সের ফোকাস দূরত্ব  $f = \frac{x}{m_2 - m_1}$

**Type-14 : সরল অনুবীক্ষণ যন্ত্রে বিবর্ধন নির্ণয় সংক্রান্ত**

একটি সরল অনুবীক্ষণ যন্ত্রে ব্যবহৃত লেন্সের ফোকাস দূরত্ব 0.15 m। স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব 0.25 m হলে ঐ যন্ত্রের বিবর্ধন বের কর?

সমাধান: আমরা জানি,  $m = 1 + \frac{D}{f}$  এখানে,  $f = 0.15$  m  
 $D = 0.25$  m  
 $\Rightarrow m = 1 + \frac{0.25}{0.15} \Rightarrow m = 1 + 1.67 \therefore m = 2.67$  Ans.

**For practice**

একটি সরল অনুবীক্ষণ যন্ত্রের বিবর্ধন 2। স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব 25 cm হলে ঐ যন্ত্রে ব্যবহৃত লেন্সের ফোকাস দূরত্ব কত? Ans. 25 cm.

একটি বিবর্ধক কাঁচকে চোখের সামনে ধরলে স্পষ্ট দর্শনের ন্যূনতম দূরত্বে 5 গুণ বিবর্ধিত প্রতিবিম্ব গঠিত হয়। লেন্সটির ফোকাস দূরত্ব কত? Ans. 6.25 cm.

**Type-15 : যৌগিক অনুবীক্ষণ যন্ত্রের বিবর্ধন নির্ণয় সংক্রান্ত**

একটি অনুবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 2 cm ও 9 cm এবং তাদের মধ্যে দূরত্ব 25 cm। অভিলক্ষ্য থেকে 2.25 cm দূরে বস্তু রাখা হলে চূড়ান্ত প্রতিবিম্বের অবস্থান ও বিবর্ধন নির্ণয় কর?

সমাধান: আমরা জানি,  $\frac{1}{v_o} + \frac{1}{u_o} = \frac{1}{f_o}$  এখানে, অভিলক্ষ্যের ক্ষেত্রে, বস্তুর দূরত্ব  $u_o = 2.25$  cm  
 ফোকাস দূরত্ব  $f_o = 2$  cm  
 অভিনেত্রের ক্ষেত্রে,  $f_e = 9$  cm  
 $\Rightarrow \frac{1}{v_o} = \frac{1}{2} - \frac{1}{2.25}$   
 $\therefore v_o = 18$  cm

আবার দেয়া আছে,  $v_o + u_e = 25 \Rightarrow u_e = 25 - 18 \therefore u_e = 7$  cm

আবার,  $\frac{1}{v_e} = \frac{1}{9} - \frac{1}{7} \therefore v_e = -31.5$  cm

$\therefore v_e$  ঋণাত্মক বলে প্রতিবিম্ব অবাস্তব।

আবার, বিবর্ধন  $M = \left| \frac{v_e}{u_e} \right| \times \left| \frac{v_o}{u_o} \right| = \left| \frac{18}{2.25} \right| \times \left| \frac{31.5}{7} \right| = 36$  Ans.

Ex-02 একটি অনুবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 2cm এবং 5cm। যদি অভিলক্ষ্য ও অভিনেত্রের দূরত্ব 15cm হয় এবং চূড়ান্ত প্রতিবিম্ব অভিনেত্র হতে 25cm দূরে গঠিত হয়, তাহলে (i) লক্ষ্যবস্তুর অবস্থান এবং (ii) বিবর্ধন ক্ষমতা নির্ণয় কর।

সমাধান: (i) অভিনেত্রের প্রতিসরণ বিবেচনা করে, এখানে,  
 $f_o = 2$  cm  
 $f_e = 5$  cm  
 $v_o + u_e = 15$  cm  
 $v_e = D = 25$  cm  
 $\frac{1}{-v_e} + \frac{1}{u_e} = \frac{1}{f_e}$   
 $\Rightarrow \frac{1}{u_e} = \frac{1}{f_e} + \frac{1}{v_e} = \frac{1}{5} + \frac{1}{25} = \frac{6}{25}$   
 $\therefore u_e = 4.166$  cm  
 আবার,  $v_o + u_e = 15$  cm  
 $\Rightarrow v_o = 15 - u_e \Rightarrow v_o = 15 - 4.166 = 10.83$  cm


এখন অভিলক্ষ্যের দিকে প্রতিসরণ বিবেচনা করে,

$\frac{1}{v_o} + \frac{1}{u_o} = \frac{1}{f_o} \Rightarrow \frac{1}{u_o} = \frac{1}{f_o} - \frac{1}{v_o} = \frac{1}{2} - \frac{1}{10.83}$

$\therefore u_o = 245$  cm = 0.0245m

(ii) বিবর্ধন ক্ষমতা

$M = m_o \times m_e = \frac{v_o}{u_o} \times \frac{v_e}{u_e} = \frac{10.83}{2.45} \times \frac{25}{4.166} = 26.5$  Ans.



**For practice**

01. একটি অনুবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 5 mm এবং 2 cm। যন্ত্রটির দৈর্ঘ্য 20 cm হলে এর বিবর্ধন (স্পষ্ট দর্শন ফোকাসিং এর ক্ষেত্রে) নির্ণয় কর। Ans. 476.55

02. কোন ঋতিল অনুবীক্ষণ যন্ত্রে অভিলক্ষ্যের ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 4mm ও 5cm। যদি অভিলক্ষ্য থেকে বাস্তব বিম্বের দূরত্ব 20cm হয় এবং অভিনেত্র থেকে শেষ অবাস্তব বিম্বের দূরত্ব 25cm হয় তবে ঐ অনুবীক্ষণ যন্ত্রের বিবর্ধন কত? Ans. 300

03. একটি ঋতিল অনুবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 2cm ও 5cm এবং এদের মধ্যবর্তী দূরত্ব 20cm। অভিলক্ষ্য থেকে কত দূরে বস্তু স্থাপন করলে অভিনেত্র থেকে 25cm দূরে একটি বিবর্ধিত অবাস্তব বিম্ব গঠিত হয়? Ans. 2.3 cm

**Type-16 : নজোদূরবীক্ষণ যন্ত্রের বিবর্ধন ও যন্ত্রের দৈর্ঘ্য নির্ণয় সূত্রের ব্যবহার সংক্রান্ত**

Ex-01 একটি নজোদূরবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 80 cm ও 5 cm। যখন যন্ত্রটি স্বাভাবিক দর্শনের জন্য ফোকাস করা হয় তখন উহার বিবর্ধন কত? তার দৈর্ঘ্য কত?

Sol<sup>n</sup>: আমরা জানি, এখানে,  $f_o = 80$  cm  
 $f_e = 5$  cm  
 বিবর্ধন,  $m = \frac{f_o}{f_e} \Rightarrow m = \frac{80}{5} = 16$  Ans.  
 $m = ?$   
 $L = ?$

দৈর্ঘ্য  $L = f_o + f_e = (80 + 5) \text{ cm} = 85$  cm Ans.

Ex-02 একটি নজো দূরবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য এবং অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 50 cm এবং 5 cm। নিকট ফোকাসিং এর ক্ষেত্রে যন্ত্রটির দৈর্ঘ্য এবং ঐ যন্ত্রে সৃষ্ট বিবর্ধন নির্ণয় কর?

Sol<sup>n</sup>: নিকট ফোকাসিং এর জন্য আমরা জানি, এখানে,  $f_o = 50$  cm  
 $f_e = 5$  cm  
 $D = 25$  cm  
 বিবর্ধন,  $m = \frac{f_o}{f_e} \left( 1 + \frac{f_e}{D} \right) \Rightarrow m = \frac{50}{5} \left( 1 + \frac{5}{25} \right)$   
 $\therefore M = 12$   
 যন্ত্রটির দৈর্ঘ্য  $= f_o + \frac{D \times f_e}{D + f_e} = 50 + \frac{25 \times 5}{25 + 5} = 54.17$  cm Ans.



**Ex-03** একটি নভো-দূরবীক্ষণ যন্ত্রের অভিলক্ষের ফোকাস দৈর্ঘ্য 200 cm এবং অভিনেত্রের ফোকাস দৈর্ঘ্য 5 cm। দূরবীক্ষণ যন্ত্র দ্বারা সৃষ্ট বিবর্ধন নির্ণয় কর, যখন বস্তুটি (i) অসীমে এবং (ii) 25 cm দূরে রাখা হয়। উভয়ক্ষেত্রেই লেন্স দুটির মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** (i) অসীম দূরত্বে ফোকাসিং এর ক্ষেত্রে বিবর্ধন

সেহা আছে,  $f_0 = 200\text{cm} = 2\text{m}$   
 $f_e = 5\text{cm} = 0.05\text{m}$   
 $D = 25\text{cm} = 0.2\text{m}$

$$M = \frac{f_0}{f_e} = \frac{2}{0.05} = 40$$

লেন্স দুটির দূরত্ব  $L = f_0 + f_e = 2\text{m} + 0.05\text{m} = 2.05\text{m}$   
 (ii)  $D = 0.25\text{m}$  দূরে রাখার বিবর্ধন

$$M = \frac{f_0}{f_e} \left[ 1 + \frac{f_e}{D} \right] = \frac{2}{0.05} \left[ 1 + \frac{0.05}{0.25} \right] = 48$$

$$L = f_0 + \frac{Df_e}{f_e + D} = 2 + \frac{0.25 \times 0.05}{0.05 + 0.25} = 2.166\text{m} = 216\text{cm Ans.}$$

**For practice**

- একটি নভোদূরবীক্ষণের অভিলক্ষ ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 0.5 m ও 0.05 m। স্পষ্ট দর্শনের ন্যূনতম দূরত্ব 0.25 m। স্পষ্ট দর্শনের জন্য অভিলক্ষ থেকে 2m দূরে একটি বস্তুর উপর দূরবীক্ষণকে ফোকাস করা হয়। (a) অভিলক্ষ ও অভিনেত্রের এর মধ্যবর্তী দূরত্ব (b) বিবর্ধন নির্ণয় কর।  
 Ans. 54.5cm, 10
- একটি নভো দূরবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ এবং অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 20cm ও 2cm। অসীম দূরত্বে ফোকাসিং এর জন্য অভিলক্ষ ও অভিনেত্রের মধ্যে দূরত্ব এবং সৃষ্ট বিবর্ধন ক্ষমতা নির্ণয় কর।  
 Ans. 22 cm; 10
- একটি নভো দূরবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 30cm ও 2cm। বিবর্ধন ও দৈর্ঘ্য নির্ণয় কর।  
 Ans. 15; 32 cm

**Type-17**  
বিচ্ছুরণ সংক্রান্ত সমস্যা

**Ex-01** একটি প্রিজমের প্রতিসরাঙ্ক বেগুনি বর্ণের আলোকের জন্য 1.69 এবং লাল বর্ণের আলোকের জন্য 1.65। ঐ প্রিজমের প্রতিসারক কোণ 5° হলে এর কৌণিক বিচ্ছুরণ ও বিচ্ছুরণ ক্ষমতা নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** এখানে,  
 আমরা জানি, প্রতিসরাঙ্ক,  $\mu_v = 1.69$ ,  
 $\delta v - \delta r = A (\mu_v - \mu_r)$   
 $= 5^\circ (1.69 - 1.65)$   
 $= 0.2^\circ$   
 কৌণিক বিচ্ছুরণ 0.2°, ক্ষমতা

$$w = \frac{\mu_v - \mu_r}{\mu - 1} = \frac{1.69 - 1.65}{1.67 - 1}$$

$$= 0.0597$$

বিচ্ছুরণ ক্ষমতা,  $w = ?$

**Ex-02** একটি সরু প্রিজমের ক্ষেত্রে কৌণিক বিচ্ছুরণ ও বিচ্ছুরণ ক্ষমতা যথাক্রমে 0.108° এবং 0.034 হাল ও নীল আলোর প্রতিসরাঙ্ক এবং প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি, সরু প্রিজমের ক্ষেত্রে প্রিজম কোণ 6° এর চেয়ে কম। ধরি, প্রিজম কোণ 5°

কৌণিক বিচ্ছুরণ,  $\theta = (\mu_b - \mu_r) A$   
 $\Rightarrow 0.108^\circ = (\mu_b - \mu_r) 5^\circ \Rightarrow \mu_b - \mu_r = 0.0216 \dots \dots \dots (1)$

বিচ্ছুরণ ক্ষমতা,  $w = \frac{\mu_b - \mu_r}{\mu - 1} \Rightarrow w = \frac{\mu_b - \mu_r}{\frac{\mu_b + \mu_r}{2} - 1}$

$$\Rightarrow w \left( \frac{\mu_b + \mu_r}{2} \right) - w = \mu_b - \mu_r \Rightarrow \mu_b w + \mu_r w - 2w = 2\mu_b - 2\mu_r$$

$$\Rightarrow \mu_b (w - 2) + \mu_r (w + 2) = 2w$$

$$\Rightarrow \mu_b (0.034 - 2) + \mu_r (0.034 + 2) = 2 \times 0.034$$

$$\Rightarrow -1.966 \mu_b + 2.034 \mu_r = 0.068 \dots \dots \dots (2)$$


Solving:  
 eqn (1) (2)  
 $\mu_b = 1.65$   
 $\mu_r = 1.62$

প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক,  $\mu = \frac{\mu_b + \mu_r}{2} = 1.635$

**SPECIAL Type-18**

**Ex-01** একটি 10cm ফোকাস দৈর্ঘ্যের উত্তল লেন্সের অক্ষের উপর ঐ লেন্স থেকে 12cm দূরে একটি বস্তু আছে। ঐ লেন্সের অপর পাশে লেন্স থেকে 10cm দূরে একটি উত্তল দর্পণ আছে। লেন্স ও দর্পণের সমন্বয় দ্বারা গঠিত প্রতিবিম্ব কত সাপে মিলিত হয়েছে। উত্তল দর্পণের ফোকাস দৈর্ঘ্য নির্ণয় কর।

**Sol<sup>n</sup>:** লেন্স থেকে প্রতিসৃত রশ্মি যদি উত্তল দর্পণের লম্বভাবে পড়ে তবে একই পথে প্রতিফলিত হয়ে ফিরে এসে বস্তু O বিন্দুতে প্রতিবিম্বের সৃষ্টি করবে।



যদি দর্পণটি না থাকত তবে লেন্স কর্তৃক বাস্তব প্রতিবিম্ব C বিন্দুতে সৃষ্টি হত। ঐ বিন্দু হল উত্তল দর্পণের বক্রতার কেন্দ্র। লেন্সের ক্ষেত্রে  $OL = u$  এবং  $LC = v$ ।

আমরা পাই,  $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{v} + \frac{1}{12} = \frac{1}{10}$

$$\Rightarrow \frac{1}{v} = \frac{1}{10} - \frac{1}{12} \therefore v = 60\text{ cm} \therefore LC = 60\text{cm}$$

কিন্তু  $LM = 10\text{ cm}$   
 $\therefore MC = 60 - 10 = 50\text{ cm}$ । কিন্তু MC হল দর্পণের বক্রতার ব্যাসার্ধ।  
 অতএব উত্তল দর্পণটির ফোকাস দৈর্ঘ্য  $f = \frac{r}{2} = \frac{50}{2} = 25\text{cm}$  Ans. 25 cm.

**Ex-02** একটি আলোক বিন্দু উৎস হতে 3 cm দূরে একটি পর্দা রাখা আছে। উৎস ও পর্দার মধ্যে 3 mm বেধের একটি কাচপ্লেট রাখা হলো। কাচের প্রতিসরাঙ্ক 1.5 এবং উৎস হতে নির্গত আলোর তরঙ্গদৈর্ঘ্য 6000 Å হলে উৎস ও পর্দার মধ্যকার আলোকীয় পথ ও নির্গত আলোর তরঙ্গসংখ্যা বের কর।

**Sol<sup>n</sup>:** আমরা জানি,  
 আলোকীয় পথ,  $L_0 = (1 - b) + \mu b$   
 $= \{(0.03 - 0.003) + 1.5 \times 0.003\}$   
 $m$   
 $= 3.15 \times 10^{-2} m = 3.15\text{ cm}$

আবার, তরঙ্গ সংখ্যা,  $N = \frac{L_0}{\lambda}$

$$= \frac{3.15 \times 10^{-2} m}{6 \times 10^{-7} m} = 5.25 \times 10^4$$

অতএব, আলোকীয় পথ 3.15 cm এবং তরঙ্গসংখ্যা  $5.25 \times 10^4$  Ans.

এখানে,  
 উৎস ও পর্দার মধ্যবর্তী দূরত্ব,  $l = 3\text{ cm} = 0.03\text{ m}$   
 কাচের বেধ (পুরুত্ব),  $b = 3\text{ mm} = 0.003\text{ m}$   
 কাচের প্রতিসরাঙ্ক,  $\mu = 1.5$   
 আলোর তরঙ্গদৈর্ঘ্য,  $\lambda = 6000\text{ Å} = 6 \times 10^{-7}\text{ m}$   
 $[\because 1\text{ Å} = 10^{-10}\text{ m}]$   
 উৎস ও পর্দার মধ্যবর্তী আলোকীয় পথ,  $L_0 = ?$   
 তরঙ্গ সংখ্যা,  $N = ?$

**For practice**

- একটি উত্তল লেন্সের 10 cm সামনে একটি সমতল দর্পণ আছে। বিন্দু থেকে 10cm দূরে একটি বস্তু রাখলে বস্তুর অবস্থানেই বিম্ব তৈরি হয় লেন্স ফোকাস দূরত্ব কত? Ans. 7.5cm



# BUET, KUET, CUET & RUET

## [বিগত প্রশ্ন ও সমাধান]

### Written Part

#### BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

১. স্বর্ষের আলোতে একটি উত্তল লেন্স থেকে লেন্স থেকে 30 cm দূরে একটি পর্দার সবচেয়ে স্পষ্ট ও উজ্জ্বল আলোর স্পট পাওয়া গেল। লেন্সটির প্রত্যেক পৃষ্ঠের বক্রতার ব্যাসার্ধ 30 cm হলে পানিতে তার ক্ষমতা নির্ণয় কর। [পানির প্রতিসরাঙ্ক 4/3] [17-18]

**Solve** বাতাসের থাকার সময়,

$$\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f} = (\mu - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$$

$$= \frac{1}{+30} + \frac{1}{\infty} = (\mu - 1) \left( \frac{2}{30} \right)$$

$$\Rightarrow \mu - 1 = \frac{1}{2}$$

$$\Rightarrow \mu = 1.5$$

আমরা পানিতে

$$P = \frac{1}{f} = (\mu_w - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$$

$$= P = \left( \frac{1.5}{4/3} - 1 \right) \left( \frac{1}{30} + \frac{1}{30} \right)$$

$$= P = \left( \frac{1.5 \times 3}{4} - 1 \right) \times \left( \frac{2}{0.3} \right)$$

$$= P = 0.83 \text{ ডায়অপ্টার}$$

Ans.

২. একটি উত্তল লেন্স থেকে 90 cm দূরে একটি বস্তুকে রাখা হলে 45 cm দূরে পর্দায় একটি বাস্তব প্রতিচ্ছবি তৈরি করে। এই লেন্সের গা বেঁধে একটি অবতল লেন্স লাগানো হলে আরও 75 cm দূরে একটি বাস্তব প্রতিচ্ছবি সৃষ্টি হয়। অবতল লেন্সের ফোকাস দূরত্ব নির্ণয় কর। [16-17]

**Solve**  $\frac{1}{f_1} = \frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{90} + \frac{1}{45} = \frac{1}{30} \text{ cm}^{-1} \therefore f_1 = 30 \text{ cm}$

$$\frac{1}{f_2} = \frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{90} + \frac{1}{(45 + 75)} = \frac{7}{360} \text{ cm}^{-1}$$

we know,

$$\frac{1}{f_1} + \frac{1}{f_2} \Rightarrow \frac{1}{f_2} = \frac{1}{f_1} - \frac{1}{f_2} = \frac{7}{360} - \frac{1}{30} = -\frac{1}{72}$$

$$\therefore f_2 = -72 \text{ cm} \text{ Ans.}$$

৩. একটি লেন্সের বায়ুতে ফোকাস দূরত্ব 18 cm। পানিতে নিয়ে গেলে এর ফোকাস দূরত্ব কত হবে? [ $\mu_w = 4/3$ ,  $\mu_g = 3/2$ ] [15-16]

**Solve** আমরা জানি,  $\frac{1}{f} = (\mu_{lg} - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$

এর ক্ষেত্রে,  $\frac{1}{f_g} = (\mu_{lg} - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right) \dots \dots \dots (i)$

এর ক্ষেত্রে অর্থাৎ পানিতে,  $\frac{1}{f_w} = (\mu_{lw} - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right) \dots \dots \dots (ii)$

$$\Rightarrow \frac{\mu_{lg}}{\mu_{lw}} = \frac{2}{4} = \frac{3}{2} \times \frac{3}{4} = \frac{9}{8}$$

$$(i) = (ii) \Rightarrow \frac{f_w}{f_g} = \frac{(\mu_{lw} - 1)}{(\mu_{lg} - 1)} \Rightarrow f_w = f_g \left( \frac{\frac{3}{2} - 1}{\frac{9}{8} - 1} \right) \Rightarrow f_w = 72 \text{ cm}$$

04. একটি অভিলক্ষ্য ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 1 cm এবং 4 cm লেন্স দুটির মধ্যবর্তী দূরত্ব 14.5 cm। একটি 1.5 mm দীর্ঘ বস্তু অভিলক্ষ্য থেকে 1.1 cm দূরে স্থাপন করা হলে বস্তুটিকে কত বড় দেখা যাবে? [15-16]

**Solve** অভিলক্ষ্যের ক্ষেত্রে,

$$\frac{1}{v_1} + \frac{1}{u_1} = \frac{1}{f_1} \Rightarrow \frac{1}{v_1} = \frac{1}{f_1} - \frac{1}{u_1} = \frac{1}{1} - \frac{1}{1.1} \Rightarrow v_1 = 11 \text{ cm}$$

লেন্সদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব L হলে,

$$L = v_1 + u_2 \Rightarrow u_2 = L - v_1 = 14.5 - 11 = 3.5$$

অভিনেত্রের ক্ষেত্রে,

$$\frac{1}{v_2} + \frac{1}{u_2} = \frac{1}{f_2} \Rightarrow \frac{1}{v_2} = \frac{1}{f_2} - \frac{1}{u_2} \Rightarrow \frac{1}{v_2} = \frac{1}{4} - \frac{1}{3.5} \Rightarrow v_2 = -28 \text{ cm}$$

$$M = m_1 \times m_2$$

$$= \left( 1 - \frac{v_1}{f_1} \right) \left( 1 - \frac{v_2}{f_2} \right) = \left( 1 - \frac{11}{1} \right) \left( 1 - \frac{-28}{4} \right) = -80$$

$$\therefore M \text{ এর চিহ্ন } -ve, \text{ বিপরীত; } |M| = 80$$

$$I' = |M| I = 80 \times 1.5 \text{ mm} = 120 \text{ mm} = 12 \text{ cm}$$

05. একটি 75 mm ফোকাস দূরত্ব বিশিষ্ট (একক) লেন্সের স্থিতি ক্যামেরার সাহায্যে 27m দূরত্বে দাঁড়ানো এক ব্যক্তির ছবি নেয়া হলো। লোকটি 180 cm লম্বা হলে ফিল্মের মধ্যে প্রতিবিম্বের উচ্চতা কত হবে? [14-15]

**Solve**  $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f}$

এখানে,

$$f = 75 \times 10^{-3} \text{ m}$$

$$u = 27 \text{ m}$$

$$v = ?$$

$$\Rightarrow \frac{1}{v} + \frac{1}{27} = \frac{1}{75 \times 10^{-3}}$$

$$\therefore v = 75.21 \times 10^{-3} \text{ m}$$

$$\therefore \text{ব্যক্তির প্রতিবিম্বের আকার} = 180 \times \frac{75.21 \times 10^{-3}}{27} \text{ cm} = 0.5014 \text{ cm} \text{ Ans.}$$

06. একজন দল চিকিৎসক দাঁড়াকরের বর্ধিত প্রতিবিম্ব দেখার জন্য 12 mm ফোকাস দূরত্ব বিশিষ্ট দর্পণ দাঁড়ের 9 mm দূরে ধরলেন। এর রৈখিক বিবর্ধন নির্ণয় কর। দল চিকিৎসক কি ধরনের দর্পণ ব্যবহার করেন? [04-05]

**Solve** We know,  $\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{9} + \frac{1}{v} = \frac{1}{12}$

$$\therefore v = -36$$

$$\therefore \text{বিবর্ধন} = \left| \frac{v}{u} \right| = \left| \frac{-36}{9} \right| = 4 \text{ Ans.}$$

যেহেতু, প্রতিবিম্বের দূরত্ব ঋণাত্মক সেহেতু অবতল দর্পণ ব্যবহার করতে হবে। Ans.

07. (a) একটি সমতল দর্পণের ফোকাস কত? এর বিবর্ধন কত? [97-98]

**Solve** a. একটি সমতল দর্পণের ফোকাস দূরত্ব অসীম। বিবর্ধন 1। Ans.

08. 4.0 cm ফোকাস দূরত্বের একটি অবতল দর্পণ থেকে কত দূরে 2.5 mm উচ্চতার একটি বস্তু স্থাপন করলে 10 cm উচ্চতাবিশিষ্ট বাস্তব প্রতিবিম্ব পাওয়া যাবে? [01-02]

**Solve** We know,  $m = \frac{v}{u} \Rightarrow \frac{10 \times 10 \text{ mm}}{2.5 \text{ mm}} = \frac{v}{u} \Rightarrow \frac{v}{u} = 40$

$$\therefore v = 40u$$

again,  $\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{u} + \frac{1}{40u} = \frac{1}{4} \Rightarrow \frac{1}{u} \left( 1 + \frac{1}{40} \right) = \frac{1}{4}$

$$\therefore u = 4.1 \text{ cm} \text{ Ans.}$$

09. চিত্রে প্রদর্শিত একটি অবতল দর্পণে K'L' এর উচ্চতা সেন্টিমিটারে কত? [95-96]

**Solve**  $\frac{1}{f} = \frac{1}{v} + \frac{1}{u}$


$$\Rightarrow \frac{1}{20} = \frac{1}{30} + \frac{1}{v}$$

$$\therefore v = 60 \text{ cm}$$

$$\therefore \frac{v}{u} = \frac{y}{x} = m \Rightarrow \frac{60}{30} = \frac{y}{6} \Rightarrow y = 12 \text{ cm}$$

$$\therefore K'L' = 12 \text{ cm} \text{ Ans.}$$

SF=20cm  
SL=30cm  
KL=6cm  
K'L'=?





**KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. একটি পর্দা থেকে 30 cm দূরে একটি মোমবাতি রাখা আছে। পর্দার উপর মোমবাতিটির একটি তিনগুণ বিবর্ধিত বিম্ব পেতে হলে কত ফোকাস দূরত্বের কি ধরনের দর্পণ ব্যবহার করতে হবে? [06-07]

**Solve**  $m = \frac{v}{u} \Rightarrow 3u = v$  আবার,  $v = u + 30 \therefore u = 15$  এবং  $v = 45$

$f = \left(\frac{1}{u} + \frac{1}{v}\right)^{-1} = 11.25 \text{ cm}$  (অবতল দর্পণ) **Ans.**

02. একটি বাতি পর্দা থেকে 6m দূরে আছে। বাতিটির তিনগুণ বিবর্ধিত বিম্ব পর্দায় ফেলাতে হবে। দর্পণটি কোথায় রাখতে হবে এবং এর জন্য কি ধরনের দর্পণ প্রয়োজন হবে? [03-04]

**Solve** বিম্ব পর্দায় পড়বে, সুতরাং দর্পণটি অবতল। দর্পণ হতে বাতির দূরত্ব হলো  $u$ ।  $m$  বিম্বের দূরত্ব  $(u+6)$ m

$m = \frac{v}{u} = \frac{u+6}{u} = 3 \therefore u = 3$  m  $\therefore v = 9$  m

আমরা জানি,  $\frac{1}{f} = \frac{1}{u} + \frac{1}{v} \Rightarrow \frac{1}{f} = \frac{1}{3} + \frac{1}{9} \therefore f = 2.25$  m

$\therefore 2.25$  m ফোকাস দূরত্বের অবতল দর্পণ হতে 3m সামনে লক্ষ্যবস্তু রাখতে হবে।

**CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. এক বাক্যে প্রশ্নের উত্তর দাও: [09-10]

বিবর্ধিত কাঁচ উত্তল লেন্স না কি অবতল লেন্স?

**Solve** উত্তল লেন্স

02. এক বাক্যে প্রশ্নের উত্তর দাও: [09-10]

বাস্তব ও অবাস্তব বিম্বের মধ্যে পার্থক্য কি?

**Solve** বাস্তব বিম্ব দেখা যায় এবং পর্দায় ফেলা যায়, অবাস্তব বিম্ব দেখা যায় কিন্তু পর্দায় ফেলা যায় না।

03. একটি ক্যামেরাতে দূরের জুমির দৃশ্য পরিষ্কারভাবে আসে যখন ক্যামেরার লেন্স 8cm দূরে। 80cm দূরের একটি ম্যাপ পরিষ্কারভাবে ক্যামেরাতে পেতে ক্যামেরার লেন্সের দূরত্ব কি ধরনের পরিবর্তন করতে হবে? [07-08]

**Solve**  $\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{\infty} + \frac{1}{8} = \frac{1}{f} \Rightarrow f = 8 \text{ cm}$

আবার,  $\frac{1}{80} + \frac{1}{v} = \frac{1}{8} \Rightarrow v = 8.889 \text{ cm} \therefore \Delta v = 0.889 \text{ cm}$  **Ans.**

04. 1:2 বিজ্ঞপ্তি ক্ষমতা বিশিষ্ট ক্রাউন কাঁচের একটি উত্তল ও ফ্লিন্ট কাঁচের একটি অবতল লেন্স সংলগ্ন রেখে 30 cm ফোকাস দূরত্বের একটি অবাস্তব বিম্ব লেন্স তৈরী করতে হলে লেন্সদ্বয়ের ফোকাস দূরত্ব কত হবে? [07-08]

**Solve**  $\frac{\omega_1}{\omega_2} = \frac{1}{2}$

অর্থাৎ সমন্বয়ের শর্তানুযায়ী,  $\frac{\omega_1}{\omega_2} = -\frac{f_1}{f_2}$

$\Rightarrow \frac{1}{2} = -\frac{f_1}{f_2} \Rightarrow f_1 = -\frac{1}{2} f_2$

আবার,  $\frac{1}{f_1} + \frac{1}{f_2} = \frac{1}{f} \Rightarrow \frac{-2}{f_2} + \frac{1}{f_2} = \frac{1}{30} \Rightarrow f_2 = -30 \text{ cm}$

$\therefore f_1 = 15 \text{ cm}$  **Ans.**

05. একটি অবতল দর্পণের ফোকাস দূরত্ব 20 cm। দর্পণ হতে কত দূরে বস্তু স্থাপন করলে চারগুণ বিবর্ধিত অবাস্তব প্রতিবিম্ব পাওয়া যাবে? [04-05]

**Solve**  $m = +4 = -\frac{v}{u}$  (অবাস্তব)  $\Rightarrow v = -4u$

We Know,  $\frac{1}{f} = \frac{1}{v} + \frac{1}{u} \Rightarrow \frac{1}{+20} = \frac{1}{-4u} + \frac{1}{u} \Rightarrow u = 15 \text{ cm}$  **Ans.**

06. একটি উত্তল দর্পণের বক্রতার ব্যাসার্ধ 50 cm। 2 cm লম্বা একটি লক্ষ্য দর্পণ থেকে 100 cm দূরে প্রধান অক্ষের উপর লম্বভাবে অবস্থান করে প্রতিবিম্বের প্রকৃতি ও আকার নির্ণয় কর। [03-04]

**Solve**  $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u} = \frac{1}{-25} - \frac{1}{100}$   $\left| \begin{array}{l} r = -50 \text{ cm} \\ f = -25 \text{ cm} \\ r_u = -2 \text{ cm} \end{array} \right.$

$\therefore v = -20 \text{ cm} \therefore m = -\frac{v}{u} = \left(\frac{-20}{100}\right) = \frac{1}{5}$

$l = m \times l_o = \frac{1}{5} \times 2 = \frac{2}{5} \text{ cm}$  **Ans.**

$\therefore m$  ধনাত্মক  $\therefore$  বিম্ব সোজা ও অবাস্তব। **Ans.**

**RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]**

01. 0.25 m ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি অবতল দর্পণ হতে 0.4 m দূরে একটি বস্তু স্থাপন করা হলো। যদি বস্তুটি 0.2 m দীর্ঘ হয়, তবে প্রতিবিম্বের অবস্থান, প্রকৃতি ও আকার নির্ণয় কর। [08-09]

**Solve** We know,  $\frac{1}{f} = \frac{1}{u} + \frac{1}{v} \Rightarrow \frac{1}{0.25} = \frac{1}{0.4} + \frac{1}{v} \therefore v = 0.667 \text{ m}$

